সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

বৈশাখ—চৈত্র : ১৩৫১

লেখকের নামানুসারে : বর্ণানুক্রমিক

২১শ বর্ষ | বৈশাখ, ১৩৫১ সাল | ১ম সংখ্যা

বাংলার সঙ্গীত সম্পদ

রায় বাহাদুর শ্রীখগেন্দ্রনাথ মিত্র এম্. এ.

সঙ্গীত বাংলা দেশের বড় গৌরবের সামগ্রী। বাংলা দেশের নিজস্ব সংস্কৃতি সেই প্রাচীন কাল থেকে সঙ্গীতে আত্মপ্রকাশ করেছে। আমাদের রামায়ণ, মহাভারত, পাঁচালী অর্থাৎ গানের সুরে গাঁথা। আমাদের জাতীয় কবি জয়দেব গানেই তাঁর কাব্য লিখলেন, নাম হলো গীতগোবিন্দ। চণ্ডীদাস, বিদ্যাপতি যে এত বড় কবি, তাঁদের খ্যাতি এই গানের জন্যেই। এই নদীমেখলা কাননকুন্তলা বঙ্গভূমির আকাশে বাতাসে সুরের খেলা চলে। মাঝি নীরব নিথর নিশীথ রাতে নদী বেয়ে যায়। কি কুহক জাগায় আমাদের দাঁড়ের তালে তালে সারি গান গেয়ে। আমাদের চাষা, গোরুর রাখাল বাঁশের বাঁশীতে বাউল, মুর্শিদের গান, জারি, মনসার ভাসান, হাফ-আখড়াই, কবি, ঢপ—এ সবই বাঙালীর সঙ্গীতপ্রিয়তার পরিচয় দেয়। বাঙালীর মতো গানে পাগল জাতি খুব কমই দেখেছি।

আমি বাংলার সেই সঙ্গীত সম্পদের কথা একটু বলি। সঙ্গীতের মূল উদ্দেশ্য নিছক আনন্দ। বাংলার আত্মা সেই আনন্দ আহরণ করবার যত বিচিত্র চেষ্টা করেছে, ততই আমাদের সঙ্গীত সম্পদ গঠন করেছে। তার ইতিহাস সর্বথা আমাদের অনুষ্ঠানের বিষয়। কারণ সে-সব না জানলে বাংলার সংস্কৃতি, বাঙালীর প্রতিভা, মোট কথায় বাংলাকে জানা হবে না। কিন্তু এদিকে আমরা কি যথেষ্ট দৃষ্টি দিয়েছি? আমাদের দেশে সঙ্গীতের চর্চা আশানুরূপ না হলেও এখনও বেশ আছে। কিন্তু

আমাদের বাংলার সঙ্গীত সম্পদকে আমরা ঠিক শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করতে পারি নি। মনে করুন একজন ইংরেজিতে মহা পণ্ডিত হলেন, কিন্তু তিনি বাঙালী হয়ে বাংলা সাহিত্যের এক বর্ণও জানেন না, তা হলে কি তাঁর শিক্ষা অসম্পূর্ণ আমরা বলবো না? আমাদেরই একজন প্রসিদ্ধ দেশনেতা বক্তৃতা করতে উঠে বঙ্কিমচন্দ্রের সুপবিত্র মাতৃমন্ত্র 'বন্দে মাতরম্' বল্‌তে 'বঙ্গে মাতরম্' বলেছিলেন। শ্রোতারা যদি তাতে হেসে উঠে থাকে, তবে তাদের দোষ দেওয়া যায় না। পল্লীর সঙ্গীত অনেক সময় শাস্ত্র হয়ে গড়ে উঠতে পারে নি। কিন্তু প্রচুর আনন্দ দেবার যে শক্তি, তা হয়ত অপর কোনও সঙ্গীতের চেয়ে নানা রকম পল্লীসঙ্গীতের কম নয়। আমাদের বাউল গানে যে রস সঞ্চার হয়, পৃথিবীর কোনও সঙ্গীতে তার তুলনা আছে? অথচ আমাদের মধ্যে যাঁরা সঙ্গীতবেত্তা বলে খ্যাতি লাভ করেছেন, তাঁদের মধ্যে ক'জন সে মাধুর্যের সংবাদ রাখেন এবং কজনই বা সে মাধুর্য লোকসমাজে পরিবেশন করতে পারেন? অথচ বাংলার জাতীয় কবি রবীন্দ্রনাথ, দ্বিজেন্দ্রলাল, অতুলপ্রসাদের কি অসীম শ্রদ্ধা ছিল এই বাউল গানের প্রতি! বাংলার আর একজন প্রাচীন কবি রামপ্রসাদ যে ভজন আবিষ্কার করে' গেছেন, তার মধুরতায় এখনও বাংলা দেশ গীতিমুখর হয়ে' রয়েছে। কি অপূর্ব সরল প্রাণস্পর্শী এই সঙ্গীত! একবার শুনলে প্রাণের সব ক'টি তন্ত্রীতেই যেন ঝঙ্কার দিয়ে উঠে। এই সকল সুরসম্পদ্ জগতের সমস্ত সুররসিক ব্যক্তিরই আদরের বস্তু। দেখুন, আমরা অনেক সময় মনে করি যে, সঙ্গীত সম্বন্ধে যা কিছু আবিষ্কার—সে সব হয়ে চুকে গেছে। কিন্তু এই সকল বিচিত্র সুরসৃষ্টির কথা ভাবলে আমরা অবাক্ হয়ে যাই, বাংলা দেশ কখনও তার মৌলিকতা হারায় নি। স্বদেশে বিদেশে অনেক সঙ্গীত শোনবার সৌভাগ্য আমার হয়েছে, কিন্তু একথা আমি মুক্তকণ্ঠে বলবো যে, সঙ্গীত সম্বন্ধে আমার মাতৃভূমির প্রতিভা কারও কাছে ম্লান হবে না।

অনেকে মনে করেন যে, মার্গ সঙ্গীতই সঙ্গীতপদবাচ্য, অন্য সঙ্গীতে সারবস্তু কিছু নেই। কিন্তু আমার নিবেদন এই যে, আমাদের ভারতীয় সঙ্গীতকলায় পল্লীসঙ্গীত বা Folk music উপেক্ষিত হয় নি। প্রাচীনেরা দেশী সঙ্গীতকেও উচ্চ মর্যাদা দান করেছেন। সঙ্গীতরত্নাকর প্রভৃতি প্রামাণিক গ্রন্থে দেশী সঙ্গীতের মূল্য স্পষ্ট স্বীকৃত হয়েছে। দেশী সঙ্গীত অসংখ্য প্রকারের এবং অত্যন্ত সুমিষ্ট, একথা নিঃশঙ্ক শার্ঙ্গদেব নিঃসংকোচেই বলেছেন।

বাংলা দেশে এই দেশী সঙ্গীতের পরাকাষ্ঠা হয়েছিল কীর্ত্তনে। এই কীর্ত্তন কতদিন থেকে বাংলায় চলে' আসছে, তা' বলা যায় না। ভারতের অন্য অংশে ভজন আছে, কিন্তু বাংলার কীর্ত্তনের ন্যায় গীত নেই। শ্রীচৈতন্যের আবির্ভাব থেকে কীর্ত্তনের উন্নতি। কিন্তু তিনি যখন জন্মগ্রহণ করলেন, তখনও দেশে সংকীর্ত্তন হতো, পদাবলী গান হতো। কিন্তু তথাপি আমরা শুনতে পাই, 'চৈতন্যের সৃষ্টি এই নাম সংকীর্ত্তন।' প্রামাণিক গ্রন্থেই একথা দেখা যায়। তাঁর আগে কীর্ত্তন কি ভাবে গীত হতো এবং তিনিই বা তাকে কতখানি পরিমার্জিত করে' গেলেন এই নিয়ে প্রশ্ন ওঠে। আমরা যতটুকু জানতে পাই, তাতে চৈতন্যদেব যে প্রেরণা দিয়ে গেলেন সেই প্রেরণার ফলে কীর্ত্তনগানে বাংলাদেশে এক অভিনব জাগরণ এসে গেল। তিনি কীর্ত্তনকে আপামর সাধারণের উপযোগী করে' তাতে প্রাণসঞ্চার করে গেলেন। প্রতিমা ছিল, কিন্তু তাতে প্রাণপ্রতিষ্ঠা হয় নি—মহোৎসব হলো, নরোত্তম দাস ঠাকুর গরাণহাটী কীর্ত্তনের এক নতুন পদ্ধতি প্রকাশ করলেন। ঐ সমকালেই গঙ্গার পশ্চিম পারে মনোহরসাই, রেণেটি প্রভৃতি সুরের সৃষ্টি হয়েছিল।

এই সকল অভিনব সৃষ্টির মধ্যে প্রথম লক্ষ্য করবার বিষয় এই যে, এতে যে টেক্‌নিক্ বা সুরবিন্যাস-কৌশল দেখা যায়, বৈঠকী বা হিন্দুস্থানী রীতির সঙ্গীত থেকে সেটা অনেকখানি পৃথক। আলাপ, তান, মূর্চ্ছনা সমস্ত বৈঠকী রীতি বা ষ্টাইল থেকে নিয়ে তাঁরা তাকে এক নতুন রূপ দিলেন। এখন কীর্ত্তনের যে-সকল প্রচলিত ঠাট দেখা যায়, তার সঙ্গে বৈঠকী ঠাটের অনেক পার্থক্য চোখে পড়বে। কিন্তু প্রাচীন গ্রন্থাদিতে আমরা যে রকম দেখ্‌তে পাই, তাতে আমার মনে হয় যে, মার্গসঙ্গীতের আনুগত্য অক্ষুন্ন রাখবার বিশেষ চেষ্টা প্রাচীন কীর্ত্তনে বর্ত্তমান ছিল। পরে হয়ত কতকটা সমাদরের শিথিলতায়, কতকটা গায়কের মৌলিকতা প্রদর্শনের মোহে কীর্ত্তন ও বৈঠকী ঠাটের ব্যবধান বেড়ে গিয়েছে।

সকলেই এ কথা স্বীকার করবেন যে, কীর্ত্তন-সুরে যথেষ্ট নূতনত্ব আছে, এর তালও নূতন। এ সঙ্গীত অভ্যাস করতে সাধনারও প্রয়োজন কম নয়। কিন্তু একটি দিক্ বিশেষ করে' লক্ষ্য করবার মতো—সে হচ্চে এই যে, নামকীর্ত্তনে সকলেই যোগদান করতে পারে। আমাদের দেশে mass singing কীর্ত্তনই বেশী দেখা যায়। অনেক লোক যে সঙ্গীতে এক সময়ে যোগদান করতে পারে, জাতীয় জীবনধারার উৎকর্ষ-সাধনে তার উপকারিতা অস্বীকার করা যায় না।

অনেকে মনে করেন, গতানুগতিকতাই বাঙালী চরিত্রের বৈশিষ্ট্য। কিন্তু সঙ্গীতে অন্ততঃ বাঙালী মৌলিকতা দেখাতে ত্রুটি করেনি। কীর্ত্তনের উৎকর্ষের দিনে নানা ঢঙের সুর সৃষ্টি হয়েছিলই, তা ছাড়া আমাদের দেশে কত মহাজন যে কত রকম বিচিত্র সুরশিল্প সৃষ্টি করেছেন, তার ইয়ত্তা নেই। আপনারা মধুকানের নাম হয়ত শুনেছেন—তিনি এই শ'খানেক বছর আগে যে 'ঢপ' সুর সৃষ্টি করেছিলেন, তা শ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞদেরও বিস্মিত করে। যেমন মিষ্ট, তেমনই তার কারুকার্য। মধুসূদন যে কানবংশসম্ভূত—তাঁরা নিজেদের 'কিন্নর' বলে' পরিচয় দেন। আশ্চর্যের বিষয় এই—এঁদের বংশে সকলেই গীত-বাদ্যে পটু।

'কবি' বা কবির গান আজকাল উঠে গেছে। কিন্তু যাঁরা শুনেছেন, তাঁরা জানেন যে, এই জাতীয় গানে পল্লীকবিরা নিরক্ষর হয়েও অনেক সময়ে আশ্চর্য প্রতিভার পরিচয় দিতেন, আর গায়করাও এমন অশিক্ষিত পটুতা দেখাতেন যে, তার তুলনা হয় না। কি উচ্চ কণ্ঠ! চারিটি মাত্র গায়কের 'চিতেন' শুনে আমার কানে একবার তালা লেগে গিয়েছিল।

পূর্ব বঙ্গের মুর্শিদের গান, মনসার ভাসান ও সারি প্রভৃতি সঙ্গীতের যে সব বিভিন্ন দিক্ আছে, তার উপযুক্ত আলোচনা হওয়া উচিত। কিন্তু আজ আমাদের পেটে নেই অন্ন, আমাদের জননী শ্বেত-শতদলবাসিনীর বীণার তারও আজ শিথিল হয়ে' পড়েছে। বিধাতার বরে বঙ্গের আবার সুদিন আসবে, তখন যেন মনের কোনও সংকীর্ণতা আমাদের সঙ্গীত সাধনায় বিঘ্ন না ঘটায়।

স্বরলিপি

ঠুমুক ঠুমুক পগ কুমুক কুঞ্জ মগ
চপল চরণ হরি আয়ে (হো হো) চপল চরণ হরি আয়ে।
(মেরে) প্রাণ ভুলাবন আয়ে (মেরে) নয়ন লুভাবন আয়ে।
নিমিক ঝিমিক ঝিম নিমিক ঝিমিক ঝিমিক
নর্তন পদব্রজ আয়ে (হো হো) নর্তন পদব্রজ আয়ে।
(মেরে) প্রাণ ভুলাবন······আয়ে ॥
অরুণ করুণ সম ছিন্ন ভিন্ন তম করণ বালবরি আয়ে। (হো হো)
(মেরে) প্রাণ ভুলাবন······আয়ে ॥
অমল কমল কর মুরলি মধুর ধর বন্‌সি বজাবন আয়ে। (হো হো)
(মেরে) প্রাণ ভুলাবন······আয়ে ॥
পুঞ্জ পুঞ্জ হর কুঞ্জ গুঞ্জ ভর ভৃঙ্গ রঙ্গ হরি আয়ে। (হো হো)
(মেরে) প্রাণ ভুলাবন ·· ··আয়ে ॥
ঝুল ঝুল ঢুল ঢুল মন্‌জুল বুলবুল ফুল্ল মুকুল হরি আয়ে। (হো হো)
(মেরে) প্রাণ ভুলাবন······আয়ে ॥

কথা—কাজী অশরফ মহমুদ　　　　　সুর ও স্বরলিপি—শ্রীদিলীপকুমার রায়

II সা মা গা মা রা পা হ্মা পা I মা ণা ধা ণা পা র্সা না র্সা I
ঠু মু ক ঠু মু ক প গ কু মু ক কু জ

না র্রা র্সা ণা ধা পা মা গা । মা ণা ধা পা না -া র্সা -া I
চ প ল চ র ণ হ রি আ ০ য় ০ হো ০ হো ০

না র্সা না র্সা গা মা গা মা I র্রা -া র্সা -া র্সা -া র্সা -া I
চ প ল চ র ণ হ রি আ ০ য় ০ মে ০ রে ০

র্গা -া র্গা র্গা র্মর্গা র্রা র্রা র্রা । র্গর্রা সা র্সা -া র্রর্সা না না -া I
প্রা ০ ণ ভু লা০ ০ ব ন আ০ ০ য় ০ মে০ ০ রে ০

র্সা গা গা গা | মগা রা সা রা I গা -া সা -া | -া -া -া -া I
ন য় ন লু | ভা০ ০ য় ন আ ০ য় ০ | ০ ০ ০ ০

পা সা সা . সা | সা গা গা -া I সা গা গা গা | গা পা পা -া I
নি মি ক ঝি | মি ক ঝি ম নি মি ক ঝি | মি ক ঝি ম

ঋা পা ঋা পা | গা পা গা পা I পা গা গা -া | মা -া মা -া I
ন ব্ ত ন | প দ ব্র জ আ ০ য় ০ | হো ০ হো ০

মা ধা মা ধা | মা ধা ধা না I না র্সা র্সা -া | র্সা -া র্সা -া I
ন ব্ ত ন | প দ ব্র জ আ ০ য় ০ | মে ০ রে ০

র্গা -া র্গা র্গা | | গা সা সা -া I
প্রা ০ ণ ভু | লাবন আয়ে মেরে নয়ন লুভাবন | আ ০ য় ০

না সা রা জ্ঞা | মা জ্ঞা রা সা I রা গা মা পা | ধা পা মা পা I
অ রু ণ ক | রু ণ স ম ছি ন্ ন ভি | ন্ ন ত ম

র্গা র্রা র্সা না | ধা পা ঋা পা I ধা না র্সা -া | না -া না -া I
ক র ণ বা | ০ ল ব রি আ ০ য় ০ | হো ০ হো ০

না র্সা না র্সা | গা মা গা মা I র্রা -া র্সা -া | র্সা -া র্সা -া I
ক র ণ বা | ০ ল ব রি আ ০ য়ে ০ | মে ০ রে ০

প্রাণ ভুলা……লুভাবন আয়ে

সা সা সা সা | পা পা পা পা I পা ধা র্সা র্গা | ধা পা মা গা I
অ ম ল ক | ম ল ক র্ মু র লি ম | ধু র ধ র

মা -া মা মা | মা -া মা পা I গা পা পা মা | মা -া মা পা I
ব ন্ সি ব | আ ০ র ন আ ০ য়ে ০ | হো ০ হো ০

মা -া গা গা | গা মা সা রা I গা -া সা -া | মেরে প্রাণ......আয়ে
ব ন্ সি ব | আ ০ র ন আ ০ য়ে ০ |

না -া না র্সা | না না ধপা ধা I না -া না র্সা | না না না না I
পু ন্ জ পু | ন্ জ হ০ র কু ন্ জ গু | ন্ জ ভ র

পা না র্সা র্রা | র্ঋা র্রা না র্রা I র্সা -া না -া | র্সা -া র্সা -া I
ভৃ ঙ্ গ র | ঙ্ গ হ রি আ ০ য়ে ০ | হো ০ হো ০

র্সা র্গা র্রা না | র্রা র্সা ধা র্সা I না -া ধপা -া | মেরে প্রাণ......আয়ে
ভৃং ০ গ রং | ০ গ হ রি আ ০ য়ে ০ |

র্সা র্সা র্সা র্সা | র্সা র্সা র্সা র্রা I নর্সা -া না র্সা | ধনা -া পধা -া I
ঝু ল ঝু ল | দু ল দু ল ম ন্ জু ল | বু ল বু ল

গপা -া পা পা | পা পা ধা না I র্সনা ধা পা -া | মা -া মা পা I
ফু ল্ ল মু | কু ল হ রি আ০ ০ য়ে ০ | হো ০ হো ০

গমা -া গা গা | গা মা সা রা I গা -া সা -া | মেরে প্রাণ......আয়ে
ফু ল্ ল মু | কু ল হ রি আ ০ য়ে ০ |

স্বরলিপি

মিশ্র—দাদ্‌রা

ভুলিয়া যাবে গো মোরে
স্মরণে রবে না জানি,
মিলনের ফুলে দিলে
বিদায়ের মালাখানি।

প্রথম ফাগুন যবে
চাঁদেরে ধরিল নভে,
সেদিন নিশাসে মম
দিয়েছ সুরভি আনি।

সেদিনের গানে ছিল
পরাণের কত কথা
মিলনের লাগি ছিল
বিরহের ব্যাকুলতা।

আজিকে ফাগুন শেষে
বিদায় দিয়েছ হেসে,
ক্ষণিকের এই গান
ভুলিওনা অভিমানী। *

কথা—শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত সুর—শ্রীবীরেন্দ্রকুমার ভট্টাচার্য্য স্বরলিপি—শ্রীবীণাপাণি মিত্র

II গা মা গরা রসা সরা সণ্া I সগা সগা -া -া I
ভু লি য়া০ যা০ বে০ গো০ মো০ রে০ ০ ০

গা গপা পা পধা পা -মা I পধা -র্সণা ধণা -ধণা -পা -া I
স্ম র০ ণে র০ বে না জা০ ০০ নি০ ০০

ধা -পা -মজ্ঞা -মজ্ঞা জ্ঞা জ্ঞা I জ্ঞমা মপা -া -পমা -জ্ঞা -দা I
মি ল নে০ র্ ফু লে দি০ লে০ ০

পা -মা -জ্ঞরা | -সন্া মা মজ্ঞা I রা জ্ঞা -সা | -া -া -া II
বি দা য়ে০ | ০র্ মা লা০ খা নি ০ | ০ ০ ০

---

* এই গানটি দি ওরিয়েন্টাল মিউজিক্যাল ভ্যারাইটিজের প্রযোজনায় হিন্দুস্থান রেকর্ডে সুগায়ক শ্রীযুক্ত জীবন বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক গীত।
—স্বরলিপিকারিণী

\+ ০ + ০
II পণা ণা -ধপা | -া -া -মা I পণা ণা -পা | মা পা পনা I
প্র০ থ ম০ | ০ ০ ০ প্র০ থ ম | ফা গু ন০

\+ ০ + ০
নর্সা নর্সা -া | -া -া -া I র্সা র্সর্জ্ঞা র্জ্ঞর্রা | র্রর্সা র্সর্রা র্সর্রর্সা I
য০ বে০ ০ | ০ ০ ০ চাঁ দে০ রে০ | ধ০ রি০ ল০০

\+ ০ + ০
নর্সা নর্সা -া | -নর্সা -নর্সা -র্সর্রা I র্সর্রর্সা র্সণা ণা | মা পা পনা I
ন০ ভে০ ০ | ০০ ০০ ০০ প্র০০ থ০ ম | ফা গু ন০

\+ ০ + ০
নর্সা নর্সা -া | -া -া -া I র্সা র্সর্জ্ঞা র্জ্ঞর্রা | র্রর্সা র্সর্রা র্সর্রর্সা I
য০ বে০ ০ | ০ ০ ০ চাঁ দে০ রে০ | ধ০ রি০ ল০০

\+ ০ + ০
নর্সা নর্সা -া | -া -া -া I র্সর্রা র্সর্রা -র্সা | র্সণা ণধা ধপা I
ন০ ভে০ ০ | ০ ০ ০ সে০ দি০ ন্ | নি০ শা০ সে০

\+ ০ + ০
মপা পধা -া | -া -া -া I ধা -পা -মা | গমগা রসা রমা I
ম০ ম০ ০ | ০ ০ ০ দি য়ে ছ | স্থ০০ র০ ভি০

\+ ০ + ০
রা -া মা | -া -া -া I পমা মজ্ঞা জ্ঞমা | মজ্ঞা জ্ঞরা রজ্ঞা I
আ ০ নি | ০ ০ ০ স্ম০ র০ ণে০ | র০ বে০ না০

\+ ০ + ০
রা জ্ঞা -া | -সা -া -া I গা মা গরা | রমা সরা সণা I
জা নি ০ | ০ ০ ০ ভু লি য়া০ | যা০ বে০ গো০

\+ ০
মগা মগা -া | -া -া -া II
মো০ রে০ ০ | ০ ০ ০

\+ ০ + ০
।। {দা . দা দপা | -মা মা মদা I দপা ণদা -া | -া -া -া I
সে দি নে০ | র্ গা নে০ ছি০ ল০ ০ | ০ ০ ০

\+ ০ + ০
পা পদা . পা | -মা জ্ঞা সজ্ঞা I জ্ঞপা মজ্ঞা -া | -া -া -া I
প রা০ ণে | র্ ক ত০ ক০ থা০ ০ | ০ ০ ০

\+ ০ + ০
র্সা র্সনা র্রর্সনর্সা | -ণা ণপা পনা I মপা মপমা -জ্ঞা | -া -া -া I
মি ল০ নে০০০ | র্ লা০ গি০ ছি০ ল০০ ০ | ০ ০ ০

\+ ০ + ০ [-া -া -া]
জ্ঞা রা সণ্ | -সা গা গা I গমা রগা মা | -গমা -গমা -দা} I
বি র হে০ | র্ ব্যা কু ল০ ০০ তা | ০০ ০০ ০

\+ ০ + ০
পণা ণা পা | মা পা পনা I নর্সা নর্সা -া | -া -া -া I
আ০ জি কে | ফা গু ন০ শে০ ষে০ ০ | ০ ০ ০

\+ ০ + ০
র্সা র্সজ্ঞা জ্ঞর্রা | র্রর্সা র্সর্রা র্সর্রর্সা I নর্সা নর্সা -া | -নর্সা -নর্সা -র্সর্রা I
বি দা০ য়০ | দি য়ে ছ০০ হে০ সে০ ০ | ০০ ০০ ০০

\+ ০ + ০
র্সর্রর্সা র্সণা ণা | মা পা পণা I নর্সা নর্সা -া | -া -া -া I
আ০০ জি০ কে | ফা গু ন০ শে০ ষে০ ০ | ০ ০ ০

\+ ০ + ০
র্সা র্সজ্ঞা -জ্ঞর্রা | র্রর্সা র্সর্রা র্সর্রর্সা I নর্সা নর্সা -া | -া -া -া I
বি দা০ য়০ | দি০ য়ে০ ছ০০ হে০ সে০ ০ | ০ ০ ০

+			0			+			0			
র্রা	র্সা	ণধা |	-পা	পধা	পধা I	ণা	-ধা	-র্সা |	-ণা	-র্রা	-া	I
ক	ণি	কে০	র্	এ০	ই০	গা	০	০ |	০	০	ন্	

+			0			+			0			
র্রা	র্সা	ণধা |	-পা	-পধা	-মপা I	ধা	-া	-া |	-া	-া	-া	I
ক্ষ	ণি	কে০	র্	এ০	০ই	গা	০	০ |	০	০	ন্	

+			0			+			0			
ধা	পা	মা |	গরা	সা	রা I	মা	-া	মা |	-া	-া	-া	I
ভু	লি	ও |	না০	অ	ভি	মা	০	নী |	০	০	০	

+			0			+			0			
পমা	মজ্ঞা	জ্ঞমা |	মজ্ঞা	জ্ঞরা	রজ্ঞা I	রা	জ্ঞা	-া |	-সা	-া	-া	I
স্ম০	র০	ণে০ |	র০	বে০	না০	জা	নি	০	০	০	০	

+			0			+			0			
গা	মা	গরা |	রসা	সরা	ণ্সা I	সগা	সগা	-া |	-া	-া	-া	II II
ভু	লি	য়া০ |	যা০	বে০	গো০	মো০	রে০	০ |	০	০	০	

অভিভাষণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

নব নব যুগে সংস্কৃতির নূতন জাগরণ এদেশে পূর্ব্বেও হয়েছে—সেই সকলের ইতিহাস আমাদের স্মরণীয়। সঙ্গীতের ক্ষেত্রে আমরা ঐতিহাসিক যুগে খৃষ্টজন্মের সমসাময়িক সঙ্গীতের এক অভ্যুত্থান দাক্ষিণাত্যে দেখ্‌তে পাই। আর্য্য ও দ্রাবিড় সভ্যতার রূপনির্ণয়ে ও কালনির্ণয়ে ঐতিহাসিকগণ এখনও স্থির হ'তে পারেননি—তবে প্রাচীন হিন্দু প্রাচীন সকল সংস্কৃতির সংস্কৃত ধারা এই উভয়ের যৌগিক সমন্বয়ের ফল—একথা বলা যেতে পারে। মার্গ ও দেশী সঙ্গীতের সমন্বয় হয়তো এই প্রাচীন সমন্বয়েরই ফল ছিল। কোনও সভ্যতাই একান্তরূপে একক হ'য়ে বেশীদিন তার জীবনীশক্তি জাগিয়ে রাখ্‌তে পারে না। বাহিরের কোনও শক্তির সংস্পর্শই তাকে সচেতন করে। যদি কোনও বর্ব্বরশক্তি দুর্ব্বার বেগে দেশের সংস্কৃতিকে আক্রমণ করে—তবে তখন তার সংঘাতে স্বতঃই দেশে আত্মরক্ষার প্রকৃতি সচেতন হয়ে উঠে—দেশের সুপ্ত নিষ্ক্রিয় সব শক্তির উন্মেষ হয় অধোমুখী

—বহির্শক্তি থেকে নিজ সংস্কৃতির বিশুদ্ধিকে বাঁচাতে। ভারতে অনেকবার এই ভাবে নিকৃষ্ট বর্ব্বরশক্তিসকলের অভিযান ব্যর্থ ও ব্যাহত হয়েছে—সাময়িক রাজনৈতিক অধীনতা স্বীকার ক'রেও এদেশ তার সংস্কৃতির বৈশিষ্ট্য বাঁচিয়ে চলেছে—সমাজ ও সংস্কৃতির মধ্যে লক্ষ গণ্ডী সৃষ্টি ক'রে। কিন্তু বর্ব্বর অভিযানের অবসানে যখনই ভারত কোনও বিদেশী সভ্যতার মধ্যে সত্য ও সুন্দরকে দেখেছে, তখনই তাকে আত্মসাৎ ক'রে নিজের উপযোগীরূপে নিজ সংস্কৃতির অঙ্গকে পরিপুষ্ট করেছে। বাহিরের সহিত সংঘাতে এইভাবে কখনও বর্জ্জননীতি আর কখনও বা গ্রহণনীতি অবলম্বনে এই দেশের সংস্কৃতি প্রগতির পথ প্রশস্ত করেছে। আমাদের সংস্কৃত ও হিন্দুস্থানী সঙ্গীতেও এই ইতিহাস দেখ্‌তে পাই। আত্মরক্ষার প্রয়োজনীয়তা শেষ হয়ে যাবার পর আর্য্য দ্রাবিড়ীয় সংস্কৃত সঙ্গীত গ্রীক ও যাবনিক প্রভাবের থেকেও বিদ্যা ও স্বরসম্ভার যথেষ্ট আহরণ করেছে। তুরস্ক, তোড়ি, হিজেজ্ প্রভৃতি বহু যাবনিক রাগের পরিচয় আমরা তাই সঙ্গীতরত্নাকর প্রভৃতি গ্রন্থে দেখ্‌তে পাই। মার্গসঙ্গীত সনাতন আদর্শের উপর প্রতিষ্ঠিত, কিন্তু বিদেশী যাবনিক সঙ্গীত আমাদের পদ্ধতির মধ্যে এসে সম্পূর্ণ রূপান্তর পেয়েছে—এগুলি বাদী, সংবাদী, গ্রহ, ন্যাস প্রভৃতি সহ আমাদের সাংস্কৃতিক গ্রাম ও মূর্চ্ছনাসকলের অঙ্গীভূত হয়ে উঠেছে। বৈদেশিক প্রভাবকে এইভাবেই স্বীকার কর্‌তে হয়—অনুকরণের দ্বারা নয় রূপান্তরের দ্বারা। রক্ষণশীলতার স্থান ও কাল রয়েছে—তাকে অতিমাত্র বাড়িয়ে তুল্‌লে—তা হয়ে ওঠে মৃত্যুরই নামান্তর। আবার প্রগতির পথে যখন বাহিরের সংস্পর্শে জীবনীশক্তি সক্রিয় হয়ে ওঠে, তখনও প্রয়োজন যথার্থ স্বাঙ্গীকরণ বা assimilation ; মার্গসঙ্গীতের রক্ষার ও প্রসারের এই একমাত্র উপায়। পাঠানযুগেও আমরা তাই দেখেছি। বস্তুতঃ, হিন্দুস্থানী সঙ্গীতের গোড়াকার মার্গরূপ পাঠান আক্রমণের পরেই প্রকাশ পায়—বৈজু বাবা, আমীর খস্‌রু প্রভৃতির সময়। পাঠানের বর্ব্বরতার কাছে হিন্দুস্থান মাথা নত করেনি—কিন্তু আমীর খস্‌রু যখন পারস্য থেকে নানা সুর ও সঙ্গীতপদ্ধতি এদেশে আন্‌লেন তখন হিন্দুস্থানী সঙ্গীতপ্রতিভা তাকে স্বীকার ক'রে নিল। পারস্য সঙ্গীতের বাইশ মোকাম বা সুরগঠনপদ্ধতি থেকে হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি গ্রহণোপযোগী নানা উপকরণ সংগ্রহ ক'রে হিন্দুস্থানী সঙ্গীতের মার্গসঙ্গীতে নব রূপ ও নব প্রাণ দিল, এমন কি সংস্কৃত গ্রাম ও মূর্চ্ছনার কাঠামোও পরিবর্ত্তিত ক'রে অন্য ধরণের সপ্তকের সৃষ্টি কর্‌ল। এতে শ্রুতি, জাতি, মূর্চ্ছনা, অলঙ্কার সবই রইল সত্য, কিন্তু এ সবই পেল এক সম্পূর্ণ রূপান্তর। এই সময় থেকে সংস্কৃত প্রাচীন সঙ্গীত-পদ্ধতির ধারা ধরে তামিলসঙ্গীত চল্‌ল এক ধারায় আর হিন্দুস্থানী সঙ্গীত পারস্যপ্রভাবে নিল অন্য রূপ। হিন্দুস্থানী ও কর্ণাটী সঙ্গীতের বিশিষ্ট দুই ধারার ও দুই পদ্ধতির প্রথম সম্ভব এই সময় থেকে। পাঠানরাজত্বকালে ইরাণীয় ও হিন্দু সভ্যতার ধারার যে প্রথম সঙ্গম সূচিত হয় তা ক্রমবর্দ্ধিত সম্মিলনে মোগলযুগীয় সংস্কৃতির সৃষ্টি করে। মোগল আর্ট, মোগল স্থাপত্য ও ভাস্কর্য্য আজও সারা জগতের বিস্ময়ের বস্তু—তেম্‌নি মোগলযুগের হিন্দুস্থানী সঙ্গীতও এমন এক স্তরে উঠেছিল—যা এখনও অনুপম। আপনারা সবাই জানেন যে, মিয়া তানসেনই হিন্দুস্থানী সঙ্গীতের সর্ব্বশ্রেষ্ঠ রত্ন—একথা আজো অবিসংবাদিতরূপে বলা চলে। তাঁর ভিতরেই ইরাণী ও হিন্দুস্থানী ধারার চরম মিলন হয়েছে—কিন্তু এ সংমিশ্রণ একটা জগাখিঁচুড়ী নয়—এ হচ্ছে বিশেষভাবে হিন্দু প্রতিভারই নব সৃষ্টি—হিন্দুস্থানী সঙ্গীতেরই এক নিজস্ব অত্যাশ্চর্য্য বিকাশ। তিনি ছিলেন গৌড়ীয় ব্রাহ্মণ—তাঁর শিক্ষা-দীক্ষার প্রথম ও শেষ হয়েছে ভক্তচূড়ামণি স্বামী হরিদাসজীর কাছ থেকে।

কিন্তু তিনি ফকীর সাধক হজরত মহম্মদ গওসের কাছ থেকে যাবনিক যে প্রভাব পেয়েছিলেন—তা তাঁর গৌড়ীয় সৃষ্টি ও গৌড়ীয় সাধনাকে ব্যাহত করেনি—তা তাকে হিন্দুস্থানী গৌড়ীয় বা গৌরহারী ধ্রুবপদ্ধতির এক শ্রেষ্ঠ বিকাশে সহায়তা করেছে। তাঁর সৃষ্ট ইমন-কল্যাণ, দরবারী-কানাড়া, মিয়াকি-মল্লার, মিয়াকি-তোড়ি, মিয়াকি-সারং এ সব অমর রাগগুলি তার প্রমাণ। তিনি যাবনিক সংস্পর্শ সত্ত্বেও পৌরাণিক হিন্দু ঐতিহ্যকে উপেক্ষা করেন নি—তাঁর রাগরাগিণীপদ্ধতি পৌরাণিক সাধনার প্রতীক্ ছয় রাগ ও ছত্রিশ রাগিণীর উপর প্রতিষ্ঠিত। মিয়া তানসেনের সৃষ্টির উপর অনেক রং ফলিয়েছেন তাঁর বংশজ শাহ্ সদারঙ্গ। তেম্নি পরবর্ত্তী সেনী গুণীরা যন্ত্রসঙ্গীতের এতই সমুন্নতি এনেছেন, যা জগতে দুর্লভ। এক্ষেত্রে জাফর খাঁ, প্যার খাঁ, নির্ম্মল শাহ্, বাহাদুর সেন ও উজীর খাঁর নাম হিন্দুস্থান কখনও ভুল্‌বে না। এর পরে হিন্দুস্থানী সঙ্গীতের ধারায় আবার ভাঁটা এসেছে—তাই এখন প্রয়োজন আবার নূতন প্রবাহের নূতনতর স্রোতের। বলা বাহুল্য, বিলিতি ও য়ুরোপীয় সুর শ্রোতাকে এদেশে বাধা দেবার সামর্থ্য কারও নেই—আর বাধা দেওয়া মানে জাতীয়জীবনে শুষ্ক নদীর ক্ষীণস্রোত শুষ্কতর ক'রে তাকে উষর মরুভূতে পরিণত করা। বিলিতি সঙ্গীতের উন্মাদনা আমাদের প্রাণের বীণায় যদি কোনও নতুন ঝঙ্কার তুলে থাকে তবে সে ঝঙ্কারে আমরা বধির হব না, বা তাকে থামাতে নিষ্ফল চেষ্টা কর্‌ব না। কিন্তু আমাদের রাগরাগিণীর মূল আলাপের মধ্যে বীণার চিকারি-ঝঙ্কারের মতো এই নূতন তানধারার প্রয়োগ ও ব্যবহার শিখ্‌ব। প্রাচ্যসঙ্গীত ও পাশ্চাত্যসঙ্গীতের সংযোগ সমাজের নিম্নস্তরে কখনও সার্থক হবে না—উচ্চসঙ্গীতের ক্ষেত্রে এর সঙ্গতি কোন্ ঐক্যতানে সম্ভব তার পরীক্ষা ও প্রয়োগ উন্নতস্তরের সঙ্গীতশিল্পীদের কাছে প্রত্যাশা করি। এ বিষয়ে অর্কেষ্ট্রাসঙ্গীতে আল্লাউদ্দিনের সব পরীক্ষা আমাদের সাদরে গ্রহণীয়। কণ্ঠসঙ্গীতে এই সংযোগের যথার্থ বিকাশ এখনও আমরা দেখি নাই।

আমাদের হিন্দুস্থানী সঙ্গীতপদ্ধতির বর্ত্তমান বিকাশে, বিশেষ ক'রে বাংলা দেশকে ও বাঙালী সঙ্গীতশিল্পীদিগকে এ বিষয়ে অগ্রণী হতে হবে—কেননা বাহিরের সংস্কৃতি থেকে নিজ আধারের উপযোগী সত্য ও সুন্দর সৃষ্টিকে আত্মসাৎ করার ক্ষমতায় বাঙালীর তুলনা নাই। তা ছাড়া বিদেশী সঙ্গীতের উচ্চ আদর্শের দিকে দৃষ্টি দিয়ে প্রতি সঙ্গীতেরই কতকগুলি মৌলিক গুণের প্রতি আমাদের অবহিত হ'তে হবে। সে সব গুণ পূর্ব্বে আমাদের ছিল, কিন্তু বর্ত্তমানে আমরা তা হারিয়েছি। য়ুরোপীয় সঙ্গীতের উৎকর্ষ সেগুলি নতুন ক'রে আমাদের চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দিচ্ছে।

প্রথমতঃ কণ্ঠস্বরের সমুৎকর্ষ—এ বিষয়ে এক শতাব্দীর পূর্ব্বে হিন্দুস্থানে এতই উৎকর্ষ ছিল যার তুলনা ছিল না; কিন্তু বর্ত্তমানযুগে শতকরা নব্বই জন ওস্তাদই কণ্ঠ-স্বরের বিকৃতি ও কর্কশতার সাক্ষ্য দিচ্ছে। কর্কশকণ্ঠ ওস্তাদ্‌দের হিন্দুস্থানে এক সময় 'কাক' বলে গালি দেওয়া হ'ত, কিন্তু পরবর্ত্তীযুগে শুধু গলার কস্‌রৎ ছাড়া গলার স্বরের মার্জ্জনা ও রঞ্জকতা ঈশ্বরদত্ত গুণ বলেই ছেড়ে দেওয়া হয়েছে, এ বিষয়ে য়ুরোপীয় গুণীদের মত হচ্ছে—যে Voice training বা স্বরসাধনায় সুরের মাধুর্য্য ব্যতীত কোনো গায়কই গুণীসমাজে অপাংক্তেয়। আমাদের দেশেও স্বরসাধনায় শুধু সুরের কস্‌রৎ নয়, সুরের সরসতার দিকে প্রধান লক্ষ্য নিয়োগ করা কর্ত্তব্য। যন্ত্রসঙ্গীতেও সুরের মিষ্টতা ও রসসঞ্চারের দিকে একই ভাবে অবধান দরকার।

দ্বিতীয়তঃ পরিমিতি বোধ বা সংযম। আমাদের ওস্তাদেরা অনেকেই স্বরবিস্তার বা অলঙ্কার প্রয়োগের সময় রাগের রসের দিকে লক্ষ্য হারিয়ে বাহুল্যের দিকে

ঝুঁকে পড়েন। এতে রাগের মূল রস নষ্ট হয়ে যায়। য়ুরোপীয় সঙ্গীতে এমন ধারা কখনও হয় না, সেখানে মূল motive বা স্বরবিন্যাসের নানা সাজসজ্জার জন্য স্বর-বিস্তারে সর্ব্বদা প্রধান motiveই সমুজ্জ্বল হয়ে ওঠে, কখনও তা ঢাকা পড়ে না। আমাদের পুরানো ধ্রুপদ খেয়ালেও এই বিশেষত্ব সদাই রক্ষিত হত—কিন্তু বর্ত্তমানে রাগরস নয় স্বরের ও তানের কসরৎ ও সংখ্যাবাহুল্যের অলঙ্কারের আভিধানিক প্রয়োগকেই ওস্তাদী বলে অনেক ভুল করেন। তাই রাগের মূল স্বরূপ তানবাজির সাজসজ্জার মাঝে ঢাকা পড়ে যায়।

তৃতীয়তঃ সঙ্গীতের প্রয়োগে নিখুঁৎ সম্পূর্ণতা। Perfection বা সম্পূর্ণতা স্বরের প্রতি খুঁটিনাটি প্রয়োগে লক্ষ্য রাখা পাশ্চাত্য আদর্শের প্রধান লক্ষণ। কোনও রাগের রূপ ফোটাতে হ'লে আমাদের দেখ্‌তে হবে যাতে রাগের সব অঙ্গ নিখুঁৎভাবে ফুটে ওঠে ও প্রকাশের মধ্যে স্বরে, লয়ে, তালে কোথাও কিছুমাত্র বেস্বরো, অসৌন্দর্য্য বা রূঢ়তা না থাকে। এজন্য চাই বহুদিনের ঐকান্তিক স্বর-সাধনা। কি কণ্ঠসঙ্গীতে আর কি যন্ত্রসঙ্গীতে সর্ব্বত্রই পরিপূর্ণতার জন্য আরও সুদীর্ঘ চেষ্টা ও তপস্যা ছাড়া সরস্বতীদেবীর কৃপালাভ সম্ভব নয়। পূর্ব্ববর্ত্তী হিন্দুস্থানী ওস্তাদেরা তাই গোড়াতে দ্বাদশবার্ষিক স্বরসাধনার ব্রত নিতেন—ঐ সময় বাহিরে প্রয়োগ বা লোকসমাজে কৃতিত্ব দেখাবার চেষ্টা ত্যাগ ক'রে কণ্ঠে ও যন্ত্রে পরিপূর্ণাঙ্গ ও নিখুঁৎ সৃষ্টির শিক্ষাতেই তাঁদের সমস্ত লক্ষ্য কেন্দ্রীভূত হত। য়ুরোপীয় গুণীরাও অক্লান্তভাবে তপস্যা ক'রে থাকেন নিখুঁৎ প্রকাশের জন্য। আজকালকার দিনে আমাদের সব সঙ্গীতভক্তদেরই য়ুরোপের কাছ থেকে এই পরিপূর্ণতার আদর্শ নূতন ক'রে শিখ্‌তে হবে। কণ্ঠে ও যন্ত্রে নির্দ্দোষ-ভাবে স্বরকে ফুটিয়ে ফলিয়ে তুল্‌তে হবে।

য়ুরোপীয় বিজ্ঞান সঙ্গীত-বিকাশে যে সাহায্য করেছে—গ্রামোফোন, রেডিও, মাইক্ প্রভৃতির দ্বারা সেগুলিকেও উপেক্ষা করলে চল্‌বে না—যদিও আমাদের নির্দ্দিষ্ট ধারার প্রয়োগ ও প্রকাশেই হবে ঐ সবের সার্থকতা। নতুন যুগের কোনও যথার্থ দানই অবহেলা করলে চল্‌বে না—এবং এ যুগে প্রাচ্যরাগবিদ্যাকে তার যথার্থ সম্পদের সহিতই বিশ্বের স্বরসভায় আসন গ্রহণ করতে হবে। দর্শন ও সাহিত্যের ন্যায় এদেশের সঙ্গীতকেও পাশ্চাত্য গুণীসমাজ তা'হলে সাদরে বরণ ক'রে নেবে।

অতীত ভারত চেয়েছিল বাহুবলে বা অস্ত্রবলে সাম্রাজ্য বিস্তার নয়, সংস্কৃতির উৎকর্ষে বিশ্বের প্রধান স্থান নিতে—বিশ্বকে জয় করতে। বর্ত্তমান ভারতেরও অভ্যুদয় ঐ একই পথে। আমরা ভবিষ্যৎ peace conference বা league of nationsএ রাষ্ট্রীয় সমুন্নতিতে যে স্থানই অধিকার করি না কেন, সংস্কৃতির ক্ষেত্রে আমাদের বিশিষ্ট আসন সকলকেই শ্রদ্ধা আকর্ষণে ও সর্ব্বজাতির মধ্যেই প্রভাব বিস্তারে সমর্থ হবে। স্বামী বিবেকানন্দ ধর্ম্মজগতে, রবীন্দ্রনাথ কাব্যসাহিত্যে ও শ্রীঅরবিন্দ দর্শন ও অধ্যাত্মজগতে যে বাণী দিয়েছেন সারা বিশ্বকে তা মুক্তির পথ দেখাবে।

শিল্পকলার ক্ষেত্রে অবনীন্দ্রনাথ ও নন্দলালের সৃষ্টিও ভারতীয় চিত্রবিদ্যাকে বিশ্বজগতে বরণীয় স্থান দিয়েছে। সঙ্গীতের ক্ষেত্রেও ভারতীয় চিত্রবিদ্যার আদর্শ অনুসরণীয়। ভারতের সংস্কৃতির বিশেষত্ব হচ্ছে এই যে, এ সংস্কৃতির ভিত্তি অধ্যাত্মোপলব্ধির উপর। আত্মাকে চিনে, আত্মার বহুমুখী শক্তিকে প্রকাশ করাই এ সংস্কৃতির বিশেষত্ব ও এইদিক্ দিয়েই ভারত জগদ্গুরু। সঙ্গীতের ক্ষেত্রেও এর ব্যতিক্রম হয়নি। পাশ্চাত্য সঙ্গীতের প্রেরণা আসে বহির্জগতের বাহ্য সব বিকাশ থেকে—বাহিরের প্রকৃতির প্রতিধ্বনি হচ্ছে ওদেশের সঙ্গীত। কিন্তু

আমাদের সঙ্গীত হচ্ছে অন্তরের ভাবের অভিব্যক্তি—এই সঙ্গীতের সঙ্গে সংযোগ প্রকৃতির বাহিরের দিক্ দিয়ে নয়—কিন্তু বাহ্যপ্রকৃতির অন্তরে প্রবাহিত বিশ্বশক্তির সঙ্গে এই সঙ্গীত এক ছন্দে গাঁথা। বিশ্বশক্তির ধ্বনিময়ী মূর্ত্তি হচ্ছে এই সঙ্গীত—তাই একে নাদবিদ্যা বলা হয়। নাদবিদ্যা আত্মারই নিজস্ব স্পন্দনের ধ্বনিকে ধর্‌তে চেয়েছে। তাই অন্তরাত্মার ভাব এর প্রধান আশ্রয়।

আজ বাঙালীকে ভারতের এই আদর্শসঙ্গীতকেই নব ভাবে উদ্বুদ্ধ কর্‌তে হবে—যুগোপযোগী বাহনের মধ্য দিয়ে বিশ্বজগতে এর ধ্বনিবাণীকে প্রকট ক'রে তুল্‌তে হবে—এর চেয়ে ছোট আদর্শে তৃপ্ত হলে চল্‌বে না। উপনিষদ বলেছেন আত্মাই মানুষের ধ্যান, মনন ও নিদিধ্যাসনের বস্তু। তেম্‌নি আত্মার বিকাশই আমাদের সব সংস্কৃতির লক্ষ্য হওয়া উচিত; সাহিত্য, শিল্প ও সঙ্গীত সবেতেই।

আত্মোপলব্ধি ও আত্মিক আস্পৃহা থেকেই আমাদের সব পৌরাণিকী কল্পনা ঋষিকবিদের কাব্যছন্দে রূপ নিয়েছে। রাধাকৃষ্ণ লীলা, নটরাজের নৃত্য এ সবই আত্মোপলব্ধির শিখর থেকে সমুদ্ভুত দিব্যলীলার রূপায়ন। আমাদের রাগরাগিণীও আত্মারই নাদময় রূপ। আত্মাই আমাদের মূল উৎস—ঈশ্বরকে নিয়েই আমাদের সব কাব্য, চিত্র, ভাস্কর্য্য, স্থাপত্য, সঙ্গীত।

সব সংস্কৃতির ক্ষেত্রেই ভারতের নবজন্ম, মানে অধ্যাত্মশক্তিরই এক নব বিকাশ। তাই শ্রীঅরবিন্দ বলেছেন—The renaissance thus determining itself…… a rebirth of the soul of India into a body of energy, a new form of its innate and ancient spirit, প্রজ্ঞাপুরাণী must insist much finally & integrally……on the greater and greater action of rhe spiritual motive in every sphere of our living. অর্থাৎ ভারতের নবজন্মের উদ্‌যাপন মানে হচ্ছে এক নূতন শক্তিমান্ দেহে ভারতের অন্তরাত্মার পুনর্জন্ম—ভারতের স্বভাবজ সনাতন ধর্ম্মের প্রজ্ঞাপুরাণীর নূতন রূপায়ন—তবে তাকে দ্বিধাশূন্য হয়ে আরো স্পষ্টতর, পূর্ণতরভাবে জোর দিতে হবে তার অধ্যাত্মপ্রেরণার উপর। সুকুমার কলা সম্বন্ধেও তাই তিনি বলেছেন—"The primitive aim of art and poetry is to create images of man—nature which shall sense of beauty……but in a spiritual culture they become too in their aim a revelation of greater things concealed in man and Nature of the deepest spiritual and universal beauty, অর্থাৎ শিল্পকলা ও কাব্যের গোড়াকার প্রকৃত লক্ষ্য হচ্ছে মানুষের ও প্রকৃতির প্রতিরূপ সৃষ্টি করা—কিন্তু এগুলি যখন হয় অধ্যাত্মবোধের সৃষ্টি তখন তার লক্ষ্য মানুষের ভিতরকার গুপ্ত মহত্তর সব তত্ত্বকে ব্যক্ত করা, যে অধ্যাত্ম রসায়ন, যে বিশ্ব-সৌন্দর্য্য জগৎকে ঘিরে রয়েছে তাকেই প্রকাশ করা।

বাস্তবিক পক্ষে জগৎ ও মানুষের মধ্যে যে অধ্যাত্ম-সৌন্দর্য্য রয়েছে, অধ্যাত্ম রসের নিগূঢ় অভিব্যক্তি রয়েছে তাকেই ভাবী ভারত-সঙ্গীত নাদময় রূপে প্রকাশ করে ধরবে বিশ্বমানবের মধ্যে। 'নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়।'

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

তারাণা

হামীর-কল্যাণ—ত্রিতাল

রচনা—বাহাদুর সেন

স্থায়ী

	+				৩				০				১				
II													হ্মা	পপা	গা	মা	I
													ও	দের্	তা	না	
	ধা	-া	পা	না	ধধা	র্সা	র্সা	ননা	ধধা	পা	ধা	-া ǁ	রা	গগা	মমা	পা	I
	দি	ম্	তা	না	নানা	তা	না	দের্	দের্	না	তে	০	না	দের্	দের্	তোম্	
	গগা	মমা	রা	সা	গা	মমা	ধা	গা	মমা	ধা	গা	মমা	"হ্মা	পপা	গা	মা"	II
	দের্	দের্	দা	নি	না	দের্	দের্	তোম্	দের্	দের্	না	দের্	ও	দের্	তা	না	

অন্তরা

	+				৩				০				১				
II													হ্মা	পপা	না	ধা	I
													না	দের্	দের্	দের্	
	র্সা	ননা	র্রা	র্সা	র্গা	র্মর্মা	র্রা	র্সা	না	সর্সা	র্রা	র্সা	র্সা	ধা	-া	পা	I
	তোম্	দের্	দের্	দের্	তোম্	দের্	দা	নি	ও	দের্	দা	নি	তা	দি	ই	ম্	
	ধা	পা	হ্মা	পা	গা	মা	পা	গা	মা	রা	সা	-া	"হ্মা	পপা	গা	মা"	II
	তা·	দি	ইম্	তা	না	দে	রে	নাতে	দা	রে	দানি	০	ও	দের্	তা	না	

তারাণা

হামীর-কল্যাণ—ত্রিতাল (দ্রুতলয়)

উজীর খাঁ সাহেব

স্থায়ী

+	৩	০	১
II	ধধা ননা ধধা র্সর্সা	না ধা হ্মা পা	হ্মা পপা গা মা I
	দের্ দের্ না০ দের্	দা রে দা নি	দের্ দের্ না দের্

+	৩	০	১
র্সনা -া -ধা -া	রা গা মা পা	গা ঋা রা সা	র্সা ননা ধা পা I
দিই ই ম্ ০	না দি ইম্ তা	দি ইম্ তা না	দের্ দের্ না তে

+	৩	০	১
র্সনা -া -ধা -া	পা ধধা হ্মা পা	ধা -া -া -া	হ্মা পপা গা মা I
দিই ই ম্ ০	দের্ দের্ না তে	দি ই ই ম্	দের্ দের্ না তে

+	৩	০	১
র্সনা -া -ধা -া	"ধধা ননা ধধা র্সর্সা	না ধা হ্মা পা	হ্মা পপা গা মা" II
দিই ই ম্ ০	দের্ দের্ না০ দের্	দা রে দা নি	দের্ দের্ না দের্

অন্তরা

+	৩	০	১
II	পা ধধা পা র্সা	-া র্সা র্রা র্সা	র্গা র্মর্মা র্রা র্সা I
	না দের্ দের্ তো	ওম্ তা না না	না দের্ দের্ দের্

+	৩	০	১
না র্সর্সা র্রা র্সা	র্সা ধধা পা পপা	গা মমা রা সা	হ্মা পপা গা মা I
তোম্ দের্ দের্ দের্	ও দের্ তা না০	তোম্ দের্ দা নি	দের্ দের্ না দের্

+	৩	০	১
র্সনা -া -ধা -া	"ধধা ননা ধধা র্সর্সা	না ধা হ্মা পা	হ্মা পপা গা মা" II
দিই ই ম্ ০	দের দের্ না০ দের্	দা রে দা নি	দের্ দের্ না দের্

খেয়াল

হামীর-কল্যাণ—ত্রিতাল

এতেনি মোরি বিনতি মান লে
চিস্‌তি চেরাগ পীর আজ মেরি।
দাস সদারঙ্গ কি রক্ষা কিজে
পাঁইয়া লাগুঁ ম্যয়্ তোরি।

রচনা—শাহ্ সদারঙ্গ

স্থায়ী

\+ ৩ ০ ১
II ক্ষা ধপক্ষাপা পগা -মা I
এ তে০০০ নি০ ০

\+ ৩
না -ধা ধা -া | ধনা ধা র্সনর্রর্সা -নর্সা নধা -না ধক্ষাধা পা | পরা -রা গা মা I
মো ০ রি ০ | বি০ ন তি০০০ ০০ মা০ ০ ন০০ লে | চি০ স্ তি চে

\+ ৩ ০
মধা -া পা -া | ক্ষা প। গমা রা সন্া -রা সা -া "ক্ষা ধপক্ষাপা পগা -মা" II
রা০ ০ গ ০ | পী র আ০ জ মে০ ০ রি ০ এ তে০০০ নি০ ০

অন্তরা

\+ ৩ ০ ১
II পক্ষা -পা র্সা র্সা I
দা০ ০ স স

: ৩ ০ ১
সর্না -র্রা র্সা র্সা | র্সর্গা -র্রা র্রা র্সা সর্না -র্রা র্সা -া | ক্ষা পা ধপা -ক্ষপা I
দা০ ০ র ঙ্গ | কি০ ০ র ক্ষা কি ০ জে ০ | পাঁ ই য়া০ ০০

৩
র্সা -ধা পা -ক্ষপা গা -মা পা -গা মা -রা সা -া "ক্ষা ধপক্ষাপা পগা মা" II
লা ০ গুঁ ০০ ম্য ০ য়্ ০ তো ০ রি ০ এ তে০০০ নি০ ০

খেয়াল

হামীর-কল্যাণ—ঢিমা-ত্রিতাল

দাতা মোপে আপনে করম নজর রাখো
ম্যয় তো তোরে চরণনে কি আশ লাগায়ে হুঁ।
তুতো জগতপালন হারে দাস সদারঙ্গ কি
তোরি শরণ আয়ে হুঁ।

রচনা—শাহ্ সদারঙ্গ

স্থায়ী

+	৩	০	১
।।			ক্ষাপা ধপধপা ক্ষাপা গমা
			দা০ তা০০০ মো০ পে০

+	৩	০	১
র্সধা ধপা ক্ষাপা মগ	গমা রসা রা সা	সধ্ ধ্প্ সধ্ -সা	রগা মপা ক্ষাপা -ক্ষাপা
আ০ পনো ক০ রম	নজ র রা খো ম্যয়	তো০ তো০ রে০ ০	চর ণনে কি০ ০০

+	৩	০	১
গমা র্সধা নধা নপা	ক্ষাপ ধনা -পপা ক্ষাপা	রগা -মপা -গমা -রসা	"ক্ষাপ ধপনপা ক্ষাপা গমা"
আ০ শ০ লা০০০	গা০০০ ০০ য়ে০	হুঁ০ ০০ ০০ ০০	দা০ তা০০০ মো০ পে০

অন্তরা

+	৩	০	১
।।		ক্ষা পা ধপনপা -ক্ষাপা	র্সা র্সা র্রা র্সা
		তু ০ তো০০০ ০০	জ গ ত কা

+	৩	০	১
র্রর্গা র্মর্গা -র্রর্গা র্রর্সা	র্সা ধা র্সনা পা	পা পা র্সা র্সা	র্রর্রা -র্সর্সা র্সধা র্সনা
পা০ ০ল ০০ ন০	হা রে দা০ স	স দা রং গ	কি তো০ রি শ০ র০

+	৩	০	১
পপা গমা ধা ধা	পা গা মা রসা	"ক্ষা -পা ধপধপা -ক্ষাপা	ক্ষাপা ধপধপা ক্ষাপা গমা"
ণ০ আ০ য়ে ০	হুঁ ০ ০ ০০	তু ০ তো০০০ ০০	দা০ তা০০০ মো০ পে০

স্বরলিপি

মিশ্র—দাদ্‌রা*

তুমি কি বুঝেছিলে কি কথা ছিল মনে
নয়ন আশা-পথে জাগিত বাতায়নে।
পূজার ফুল হ'তে যে মালা গেঁথেছিনু,
তোমারে দেব বলে যতনে রেখে দিনু;
হেরিনু শেষে সবি ঝরিল নিরজনে।

সুদূর চাঁদ তুমি রহিলে দূরে দূরে,
দিলে না সাড়া কভু আমার বীণা-সুরে;
দেবতা জেনে যারে পূজেছি সারা বেলা,
আশীষ পেনু শুধু নিঠুর অবহেলা;
শুধাবে কেবা আজি কি ব্যথা এ জীবনে!

কথা—শ্রীরণজিৎকুমার সেন

সুর—শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়

স্বরলিপি—শ্রীদীনেন্দ্রনাথ মুখোপাধ্যায়

	+				o				+				o			
II	সা	ন্‌া	ধ্‌া		ন্‌া	সা	-মজ্ঞা	I	রা	-া	-া	|	-া	-া	-া	I
	তু	মি	কি		বু	ঝে	০ছি		লে	০	০		০	০	০	

+				o				+				o			
সরা	-পা	পা	|	জ্ঞা	রসা	রা	I	সা	-া	-া	|	-া	-া	-া	I
কি০	ক	থা		ছি	লো০	ম		নে	০	০		০	০	০	

+				o				+				o			
সা	রা	মা	|	-া	পা	ণা	I	ণধা	-পধা	পা	|	া	-া	-া	I
ন	য়	ন		০	আ	শা		প০	০০	থে		০	০	০	

+				o				+				o			
রা	জ্ঞা	পমা	|	জ্ঞা	রসা	ন্‌রা	I	সা	-া	-া	|	-া	-া	-া	II
জা	গি	ত		বা	তা০	য়০		নে	০	০		০	০	০	

* গানটি মধ্যলয়ে গাহিলে শ্রুতিমধুর হইবে।

```
    +                    o                      +                  o
II {সা   সরা   পমা  |  গা   পা   হ্মা   I  পা   -া   -া  |  -হ্মপা  -গা  -া  I
    পূ   জা০   র০   |  ফু   ল    হো        তে   ০    ০   |   ০০     ০    ০

    +                    o                      +[গা  -া   -া      ০-া   -া   -া]
    গা   পা   নধনা  |  -ধপা  হ্মা  -গমা  I  গমা  -রগা  -া  |  -রা   -সা   -া}  I
    যে   মা   লা০০  |  ০গেঁ  থে   ০ছি      সু০   ০০   ০   |   ০     ০     ০

    +                    o                      +                  o
    গা   হ্মা   ধা   |  হ্মা   ধা   র্সা   I  না   -া   -া  |  -া   -া   -া  I
    তো   মা   রে   |  দে   ব    ব        লে   ০    ০   |   ০    ০    ০

    +                    o                      +                  o
    পা   না   র্রা   |  র্সা   র্সনা  ধনা   I  র্সা   -া   -া  |  -া   -া   -া  I
    য    ত    নে   |  রে   খে০  দি০      সু   ০    ০   |   ০    ০    ০

    +                    o                      +                  o
    ধা   ধা   ণপা   |  -ধণা  ধা   পা   I  মধা  পা   -া  |  -া   -া   -া
    হে   রি   সু০   |  ০০   শে   যে       স০   বি   ০   |   ০    ০    ০

    +                    o                      +                  o
    জ্ঞা   -পা   মা   |  সরা  -সণ্া  রা   I  সা   -া   -া  |  -া   -া   -া
    ঝ    রি   ল    |  নি০  ০র   জ        নে   ০    ০   |   ০    ০    ০

    +                    o                      +                  o
II  পা   পা   পা   |  পহ্মা -গরা  রগা  I  সা   -া   -া  |  -জ্ঞা  -া   -া
    সু   দূ   র    |  চাঁ০  ০দ   তু০      মি   ০    ০   |   ০    ০    ০

    +                    o                      +                  o
    জ্ঞা   রা   সা   |  ধ্া   ণ্া   জ্ঞা   I  রা   -সগা  -া  |  -া   -া   -া
    র    হি   লে   |  দূ   রে   দূ       রে   ০    ০   |   ০    ০    ০
```

+			০				+			০			
গা	পা	র্সা	র্সা	র্সনধা	ধনা	I	র্সা	-া	-া	-া	-া	-া	I
দি	লে	না	সা	ড়া০০	ক০		ভু	০	০	০	০	০	
না	ধা	না	ধা	পা	জ্ঞা	I	ধপা	-া	-া	-া	-া	-া	I
আ	মা	র	বী	ণা	সু		রে০	০	০	০	০	০	
পা	ধা	র্সা	ধা	র্সা	র্জ্ঞা	I	র্রা	-া	-া	-া	-া	-া	I
দে	ব	তা	জে	নে	যা		রে	০	০	০	০	০	
র্সা	র্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞর্রর্সা	র্সর্রা	I	র্জ্ঞা	-া	-া	-া	-া	-র্রর্সা	I
পূ	জে	ছি	সা	রা০০	বে০		লা	০	০	০	০	০০	
র্সা	র্রা	র্সা	ধা	ণা	র্রা	I	র্সা	-া	-া	-া	-া	-ণধা	I
আ	শী	ষ	পে	নু	শু		ধু	০	০	০	০	০০	
ধা	ধা	ণপা	-ধণা	ধা	পা	I	মধা	পা	-া	-া	-া	-া	I
নি	ঠু	র	০০	অ	ব		হে০	লা	০	০	০	০	
পা	পা	পা	মা	জ্ঞা	পা	I	মা	-া	সরা	ণ্‌া	রসা	-া	I
শু	ধা	বে	কে	বা	আ		জি	০	কি০	ব্য	থা	০	
র্সা	র্সা	র্সা	ণা	ধা	পা	I	পধা	-ণা	-া	-া	-া	-া	I
কি	ব্য	থা	এ	জী	ব		নে০	০	০	০	০	০	
জ্ঞা	রা	সা	ণ্‌া	সা	জ্ঞা	I	রা	-া	-া	-া	-া	-া	II
তু	মি	কি	বু	ঝে	ছি		লে	০	০	০	০	০	

সেতারের গৎ

কাফি—ত্রিতাল

শিক্ষক—স্বর্গগত ওস্তাদ মহম্মদ আলী খাঁ (রবাবী)

স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী এম. এল. সি.

স্থায়ী

	+	৩	০	১	
II			সা ররা রা মজ্ঞা	-া মা ঃমঃ মা	I
			ডা ডের ডা ডা	আর্ ডা আর্ ডা	
	পা -া পা ধা	ণা র্সর্সা না র্সা	-া ধা ঃধঃ ণা	ধা -ধপা ঃপঃ মা	I
	ডা আ ডা রা	ডা ডেরে ডা রা	আ ডা আর্ ডা	ডা র্ডা আর্ ডা	
	পা -া -া ধধা	পা মমা গা মা	-া গা ঃগঃ পা	মা -া -া সসা	I
	ডা ০ আ ডেরে	ডা ডের্ ডা রা	আ ডা আর্ ডা	ডা আ আ ডের্	
	রা ঃরঃ জ্ঞা ঃজ্ঞঃ	রা সসা রা ণ্া	"সা ররা রা মজ্ঞা	-া মা ঃমঃ মা"	II
	ডা আর্ ডা আর্	ডা ডেরে ডা রা	ডা ডের ডা ডা	আর্ ডা আর্ ডা	

অন্তরা

	+	৩	০	১	
II	মা পপা ধা ণা	ণা র্সা না র্সা	র্সা না র্সর্সা র্রর্রা	ণর্সা -র্সণা ঃণঃ ধা	I
	ডা ডেরে ডা ডা	আর্ ডা ডা রা	ডা রা ডের্ ডের্	ডা০ র্ডা আর্ ডা	
	মা ধধা ধা ণধা	ণণা ধা পা পা	মা গগা মমা পপা	জ্ঞমা -মজ্ঞা ঃজ্ঞঃ রা	I
	ডা ডের্ ডা ডা০	আর্ ডা ডা রা	ডা ডের্ ডের্ ডের্	ডা০ র্ডা আর্ ডা	
	মা ঃজ্ঞঃ মা পা	জ্ঞমা জ্ঞা রা ণ্া	"সা ররা রা মজ্ঞা	-া মা ঃমঃ মা"	II
	ডা আর্ ডা ডা	রা০ ডা ডা রা	ডা ডের্ ডা ডা	আর্ ডা আর্ ডা	

আগামী সংখ্যায় এই গৎএর তান প্রভৃতি প্রকাশিত হইবে।

চিত্রকথা

পি. আর. বি. জি.

শুভেচ্ছা—স্বরমুখর ছায়াচিত্র আজ বাংলার শুধু নগর শহর নয় বাজার বন্দর গ্রাম পল্লীকেও আনন্দ বিতরণ করিতেছে, আর ইহার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জনশিক্ষার বিস্তৃতিও ঘটিতেছে। সঙ্গীতের দিক ছাড়িয়া দিলেও, ইহার প্রভাব যেন আমাদের সর্ব্বতোমুখী কল্যাণ-বিধান করিতে পারে, তজ্জন্য সদাই আমাদিগকে সচেতন থাকিতে হইবে। সুশিক্ষার সুযোগ না ঘটিলে অশিক্ষাও বরং বাঞ্ছনীয় কিন্তু কুশিক্ষাকে সর্ব্বদাই সমাজ হইতে সুদূরে রাখিতে হইবে। এক্ষেত্রে সঙ্গীতের দিক্‌টাও মোটেই উপেক্ষণীয় নয়, সঙ্গীতের যেরূপ প্রভূত প্রচারণা ইহার সঙ্গে অঙ্গাঙ্গী-ভাবে চলিতেছে, তাহাতে সুপরিচালিত না হইলে, সঙ্গীতের উৎকর্ষ সাধনের পক্ষে ইহা সহায়ক না হইয়া বরং পরিপন্থী হইয়া যে দাঁড়াইবে, তাহাতে বিন্দুমাত্রও সন্দেহ নাই। এরূপ সমস্যামূলক অবস্থায় 'সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা' যে ছায়াচিত্রের নিরপেক্ষ ও যথাযথ সমালোচনা করিতে উদ্যোক্ত হইয়াছেন, ইহা অত্যন্ত সাধুসঙ্কল্প বলিয়াই বিবেচনা করিতে হইবে। আমরা সর্ব্বান্তঃকরণে কামনা করি, 'সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা' এই নূতন কর্ম্মপথেও স্বীয় মর্য্যাদার গৌরব অক্ষুণ্ণ রাখিয়া যেন অগ্রসর হইতে সমর্থ হন।

—শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

নিউ সেঞ্চুরী প্রোডাক্‌শানের নির্ম্মীয়মান চিত্র প্রতিকার-এর একটি দৃশ্যে ছবি বিশ্বাস, রেণুকা রায় ও বরুণা রায়। ছবিখানা ছবি বিশ্বাসের পরিচালনাধীনে শ্রীভারতলক্ষ্মী ষ্টুডিওতে গৃহীত হইতেছে।

নিবেদন—চিত্র-কথা বিভাগে কিছু লিপিবদ্ধ করবার পূর্ব্বে ভারতীয় বাণীমুখর ছায়াচিত্রনির্ম্মাতা, পরিচালক, পরিবেশক ও অনুরাগীদের প্রীতিপূর্ণ অভিবাদন

জ্ঞাপন করছি। আজকের দিনে ভারতীয় চলচ্চিত্র যে উৎকর্ষের পথে অগ্রসর হয়ে সঙ্গীতকলাকে নানাদিকে বহুল প্রচার করছে, সে বিষয়ে আর সন্দেহের অবকাশ নেই। ভারতীয় সঙ্গীতশাস্ত্রে অভিনয়কলা শ্রেষ্ঠ স্থান পেয়েছে; কারণ সঙ্গীতের তিনটি মূল অঙ্গ গীত, বাদ্য ও নৃত্য এতে বিদ্যমান বলেই। তাই একটি সঙ্গীতপত্রিকা থেকে এর নিরপেক্ষ আলোচনা হওয়া একান্ত পক্ষে প্রয়োজন অনুভব করেই আমরা এপথে অগ্রসর হ'লাম। যতদূর সম্ভব আমরা সঙ্গীতের দিক্‌টাই লক্ষ্য রেখে চিত্রনাট্যের সমালোচনা করবো। সম্প্রতি যে-ক'টি চিত্রনাট্য মুক্তিলাভ করেছে, আগামীবারে তার কিছু কিছু আলোচনার ইচ্ছা আছে। আশা করি, আমাদের এ নবোদ্যমে নাট্যকলারসিকদের পূর্ণ সহানুভূতি ও শুভেচ্ছা অকুণ্ঠভাবেই পাবো।

শ্রীভারতলক্ষ্মী পিক্‌চার্সের 'মাটির ঘর' চিত্রে ছবি বিশ্বাস, মলিনা ও রতীন বন্দ্যোপাধ্যায়। ছবিটি সগৌরবে 'উত্তরা'য় চলিতেছে।

সবাক-চিত্রে ছোটদের-নাটক—ভারতীয় সবাক্ চিত্রে আমরা একটা বিশেষ অভাব অনুভব করছি। এদেশে ছোট ছোট ছেলেমেয়েদের কোনও চিত্রকাহিনী বড় একটা গৃহীত হয়নি। আজকের দিনে যে-সমস্ত কাহিনী রূপালী পর্দায় প্রদর্শিত হচ্ছে তার অধিকাংশই প্রণয়মূলক ব্যাপার নিয়েই গঠিত। এ সব কাহিনী দেখে বালক বালিকার মনের প্রসার ও আদর্শমূলক শিক্ষার পরিবর্তে তাদের মন যে এক লঘুপথে অগ্রসর হচ্ছে, তাতে আর সন্দেহ নেই। এরূপ চিত্রনাট্য যে জাতীয় কল্যাণের পরিপন্থী তা সকলেই স্বীকার করবেন। আমাদের মনে হয়, ছোটদের জন্য স্বতন্ত্র নাটক, প্রেক্ষাগৃহ ও দিন ধার্য্য হওয়া একান্তই প্রয়োজন। নাটকের পটভূমিকায় থাকা দরকার শিশু শিক্ষার বিশেষ কাহিনী। পাশ্চাত্যে এ প্রচেষ্টা অনেক ক্ষেত্রে দেখা যায়। আমরা চিত্র-নির্ম্মাতাদের এ বিষয় সহৃদয় দৃষ্টি আকর্ষণ করি।

নৃত্যবিদ্ উদয়শঙ্কর ও 'কল্পনা'—শ্রীযুক্ত উদয়শঙ্কর তাঁর নৃত্যনাট্য সম্পর্কে এক সিদ্ধান্তে উপনীত হয়েছেন। 'কল্পনা' নামক একটী গভীর মনস্তত্ত্ব ও আদর্শমূলক নৃত্যনাট্য তাঁরই পরিকল্পনায় বোম্বাইএর কোনও চিত্রপ্রতিষ্ঠানে গৃহীত হবে। এই নৃত্যমূলক চিত্রনাট্যটি শ্রীযুক্ত শঙ্কর স্বয়ং রচনা করেছেন। এক নৃত্যকারের বিচিত্র জীবন-কাহিনীই এই নাটকের উপাদান ও পটভূমিকা। তাঁর নৃত্য-পরিকল্পনার সঙ্গে আমরা বিশেষ পরিচিত আছি।

কিছুকাল পূর্ব্বে কলিকাতার মঞ্চে তাঁর 'Labour & Machinery' ও 'Rhythm of Life' যে দুটি নৃত্যাভিনয় দেখবার সুযোগ ঘটেছিল, আজও তা আমাদের স্মৃতিপটে বিশেষ স্মরণীয় হয়ে আছে। শ্রীযুক্ত শঙ্করের উদ্যম সাফল্যমণ্ডিত হোক, এই কামনাই নিরন্তর করছি।

শেষরক্ষা—রবীন্দ্রনাথের প্রসিদ্ধ নাটক শেষরক্ষা চিত্ররূপে গৃহীত হয়েছে। এর সংলাপ রচনা ও পরিচালনা করেছেন শ্রীযুত পশুপতি চট্টোপাধ্যায়। কণ্ঠসঙ্গীত ও আবহ সঙ্গীত পরিচালনা করেছেন যথাক্রমে শ্রীযুত অনাদিকুমার দস্তিদার ও শ্রীযুত দক্ষিণামোহন ঠাকুর। ব্যবস্থাপনা করেছেন শ্রীযুক্ত রাজু বন্দ্যোপাধ্যায়। ছবির পরিবেশনার ভার নিয়েছেন "কোয়ালিটী ফিল্মস্" এবং প্রযোজনা করেছেন শ্রীমতী প্রতিভা শাসমল। এই চিত্র-নাটকের বিশেষ ভূমিকায় দু'জন নবাগত শিল্পীর সাক্ষাৎ ঘটবে—একজন শ্রীযুত বিপিন মুখোপাধ্যায় ও অপর জন শ্রীমতী বিজয়া দাশ বি. এ। ছবিটী কালী ফিল্মস্ ষ্টুডিওতে গৃহীত হয়েছে।

'শেষ-রক্ষা' চিত্রে নায়িকার ভূমিকায় শ্রীমতী বিজয়া দাশ, বি-এ

বিদেশিনী—এম. পি. প্রডাক্‌সনের প্রযোজনায় কালী ফিল্মস্ ষ্টুডিওতে গৃহীত হয়েছে বিদেশিনী। কাহিনী ও পরিচালনায় শ্রীপ্রেমেন্দ্র মিত্র বিশেষ কৃতিত্বের পরিচয় দেবেন আশা করি। সঙ্গীতপরিচালনার ভার নিয়েছেন শ্রীযুক্ত কমল দাশগুপ্ত। তাঁর সঙ্গীত-পরিচালনা পূর্ব্ব পূর্ব্ব চিত্রনাট্যের ন্যায় সাফল্যমণ্ডিত হবে এ ভরসা আমরা নিয়তই তাঁর কাছে দাবী করি। বিশেষ ভূমিকায় রূপ দান করেছেন কানন দেবী ও ধীরাজ ভট্টাচার্য্য।

কলঙ্কিনী—ইন্দ্রপুরী ষ্টুডিওতে গৃহীত হচ্ছে কলঙ্কিনী। এর কাহিনী ও পরিচালনা করছেন শ্রীযুত জ্যোতিষ বন্দ্যোপাধ্যায়। সঙ্গীত পরিচালনা—শ্রীযুত শচীন দেববর্ম্মা। বিভিন্ন ভূমিকায় অবতীর্ণ হয়েছেন শ্রীযুত জহর গাঙ্গুলী, পূর্ণিমা ও রেণুকা রায়।

দুই পুরুষ—কাহিনী শ্রীযুত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। পরিচালনা শ্রীযুত সুবোধ মিত্র। সঙ্গীত পরিচালনা শ্রীযুত পঙ্কজকুমার মল্লিক। শ্রেষ্ঠাংশে অভিনয় করছেন শ্রীমতী চন্দ্রাবতী, সুনন্দা দেবী, লতিকা বন্দ্যোপাধ্যায়, শ্রীযুত অহীন্দ্র চৌধুরী, ছবি বিশ্বাস, জহর গাঙ্গুলী প্রভৃতি। এই নাটকটি নাট্যমঞ্চে যে প্রতিষ্ঠা অর্জ্জন করেছে, আশা করি রূপালী পর্দ্দায়ও ততোধিক প্রশংসা লাভে সমর্থ হবে।

অভিনয় নয়—কালী ফিল্মসের নিজস্ব ছবি। কাহিনী ও পরিচালনা শ্রীযুত শৈলজানন্দ মুখোপাধ্যায়। সঙ্গীত-পরিচালনা শ্রীযুত গিরীন চক্রবর্ত্তী। পরিবেশক ইষ্টার্ণ টকীজ। শ্রেষ্ঠাংশে—শ্রীযুত শৈলেন চৌধুরী, কানু বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী রেণুকা রায়, রাজলক্ষ্মী (বড়) কুমারী শেফালী ও মাষ্টার শম্ভু।

সন্ধি—পরিচালক শ্রীযুত দেবকী বসুর প্রযোজনায় ইন্দ্রপুরী ষ্টুডিওতে গৃহীত হচ্ছে। কাহিনী শ্রীযুত শৈলজানন্দ মুখোপাধ্যায়। পরিচালনা অপূর্ব্ব মিত্র, সঙ্গীত পরিচালনা শ্রীযুত অনিল বাগচী। শ্রেষ্ঠাংশে অভিনয় করছেন শ্রীযুত অহীন্দ্র চৌধুরী, শরৎ চট্টোপাধ্যায়, বিমান বন্দ্যোপাধ্যায়, সুমিত্রা দেবী প্রভৃতি।

দোভাষী চিত্র 'সন্ধি'র প্রধান ভূমিকায় শ্রীযুক্ত অহীন্দ্র চৌধুরী

সম্পাদকীয়—

—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

বিগত কয়েক বৎসর যাবত কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ সঙ্গীত বিষয়টি প্রবেশিকা-পরীক্ষার্থিনীদের জন্য নির্ব্বাচন করে বিশেষ ধন্যবাদার্হ হয়েছেন। এই নির্ব্বাচনের ফলে মহিলাদের পাঠাভ্যাসের সঙ্গে সঙ্গে সঙ্গীতবিদ্যা শিক্ষার পথও যে উন্মুক্ত হ'য়েছে তাতে আর সন্দেহ নেই। কিন্তু ক্ষোভের বিষয়, সঙ্গীত-পরীক্ষাগ্রহণের প্রবর্ত্তন কাল থেকে আমরা যে পরিমাণে পরীক্ষার্থিনীর সংখ্যা পরীক্ষামঞ্চে দেখে আসছি, তা বিশেষ আশাপ্রদ নয়। আজ বাংলা দেশে সঙ্গীতবিদ্যার যেরূপ ব্যাপক প্রচলন হয়েছে তাতে মাত্র গুটিকয় পরীক্ষার্থিনীই এর পক্ষে যথেষ্ট বলে মনে হয় না। এই সংখ্যালঘুতার পশ্চাতে কয়েকটি কারণ বিদ্যমান—তা হচ্ছে বাংলা দেশের বড় বড় উচ্চ ইংরাজী বালিকা বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষের অক্ষমতা ও ঔদাসীন্য। এ ছাড়া বঙ্গীয় সরকার বাহাদুরের সাহায্য ও পৃষ্ঠপোষকতা এদিকে বিশেষ নেই বলেই মনে হয়। অধুনা শিক্ষা-বিভাগে নব নব নানা বিষয় শিক্ষার পথ উন্মুক্ত হচ্ছে, কিন্তু সেগুলি সুপরিচালিত হচ্ছে কিনা জানি না, আমাদের বক্তব্য সঙ্গীত বিষয়টিকে নিয়ে। বর্ত্তমানে সরকার বাহাদুর যদি সঙ্গীতকলাকে যথেষ্ট পরিমাণে সাহায্য করেন, তবে এর পথ আরও প্রশস্ত হয়। সঙ্গীতকলা যেমন মনোরঞ্জনের বিষয় অপরদিকে তেমনি সঙ্গীতকলাবিদ্‌দের জীবিকার্জ্জনেরও পরম সহায়। এর ক্ষেত্র আজ আর ধনীবিলাসীর বিলাসকক্ষে সীমাবদ্ধ নয়—সিনেমা, রেডিও, নাট্যমঞ্চ, প্রচার বিভাগ প্রভৃতি ক্ষেত্রে সঙ্গীতের আজ সুপ্রয়োগ হচ্ছে।

বাংলা দেশের তুলনায় ইউ. পি. গবর্ণমেণ্ট সঙ্গীতকে যথেষ্ট পরিমাণ পৃষ্ঠপোষণ করছেন; লক্ষ্ণৌর বিখ্যাত ম্যারিস্ কলেজই তার প্রকৃষ্ট প্রমাণ। প্রতি বৎসর এই উচ্চ সঙ্গীত-শিক্ষায়তনটি যথেষ্ট পরিমাণে সরকারী সাহায্য পেয়ে আসছে। সম্প্রতি কলিকাতার অন্যতম শ্রেষ্ঠ উচ্চ সঙ্গীত বিদ্যালয় সঙ্গীত সম্মিলনী উচ্চপদস্থ রাজকর্ম্মচারীদের পৃষ্ঠপোষকতায় কিঞ্চিৎ পরিমাণে সরকারী সাহায্য লাভে সমর্থ হয়েছে, এজন্য তাঁরা ধন্যবাদার্হ। আশা করি সরকার বাহাদুরের এই সৌজন্য বিদ্যালয়টিকে অধিকতর সাফল্যের পথে নিয়ে যাবে। কিন্তু বক্তব্য বিষয় এই যে, সমগ্র বাংলা দেশের পক্ষে দু'একটি বিদ্যালয়ে যৎকিঞ্চিৎ সরকারী সাহায্য বিশাল বারিধি বক্ষে বিন্দুবৎ বারি বিশেষ বলেই মনে হয়। বাংলা দেশের বড় বড় সহর ছাড়াও নিভৃত পল্লীগ্রামের বালিকা-বিদ্যালয়গুলিতেও এর শ্রেণী খোলা প্রয়োজন। উপযুক্ত শিক্ষক ও আবশ্যকীয় বাদ্যযন্ত্রাদি রেখে শাস্ত্রসম্মত সঙ্গীতের প্রসার বৃদ্ধি করা জাতীয় কল্যাণের অন্যতম পন্থা বলে আমরা মনে করি।

এ-ছাড়া আর একটি বিষয়ের প্রতি আমরা দৃষ্টি আকর্ষণ করছি যে, প্রবেশিকা পরীক্ষায় একমাত্র মহিলারাই স্থান পাচ্ছেন, পুরুষের কোনও ব্যবস্থা নেই। কিন্তু পুরুষদেরও এ-বিষয় দ্বার উন্মুক্ত হলে সঙ্গীতের পথ যে অধিকতর সুপ্রশস্ত হয়, তাতে আর সন্দেহ নেই। বিজ্ঞানসম্মত সঙ্গীতের আজ বিশেষ প্রয়োজন, আর নানা ক্ষেত্রে আমরা তার অভাব একান্ত ভাবেই অনুভব করছি। আশা করি বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ এদিকে অবহিত হয়ে ভারতীয় উচ্চ সঙ্গীতকলার আদর্শ অক্ষুণ্ণ রাখবেন আমরা সেই কামনাই নিরন্তর জানাচ্ছি তাঁদের গোচরে।

সঙ্গীত সম্মিলনী

গত ৮ই এপ্রিল বৈকালে সঙ্গীত সম্মিলনীর নব-পরিচালিত বিদ্যালয়ের ছাত্রীগণ কর্তৃক সম্মিলনীর অধিনায়িকা মাননীয়া মিসেস্ কে. সি. দে মহোদয়ার গোখেল রোডস্থ সুবৃহৎ ভবনে এক বিচিত্র সঙ্গীতানুষ্ঠানের অধিবেশন হয়। অধিবেশনের প্রারম্ভে বাণীকণ্ঠ নির্ম্মলচন্দ্র বড়াল মহোদয়ের পরিচালনায় সম্মিলনীর ছাত্রীগণ সমবেত কণ্ঠে 'এস এস হে বৈশাখ' গানটির দ্বারা উদ্বোধন করেন। তৎপরে সঙ্গীতবিশারদ শ্রীযুক্ত গিরিজাশঙ্কর চক্রবর্ত্তী মহাশয়ের ছাত্রীগণ উচ্চাঙ্গের খেয়াল, ঠুংরী ও আধুনিক গানে সকলকে পরিতৃপ্ত করিয়াছিলেন। ইহা ছাড়া কলিকাতার প্রখ্যাতনামা সেতারী শ্রীযুক্ত জিতেন্দ্র-মোহন সেনগুপ্তের কুশলা ছাত্রী শ্রীযুক্তা শান্তি রায় যে সেতার বাদ্য করেন তাহা অতিশয় উপভোগ্য হইয়াছিল। মিঃ বার্ক্‌লে নামক জনৈক ইউরোপীয়ান ভদ্রলোক একটি হরি-কীর্ত্তন ও পাঞ্জাবী গান দ্বারা তাঁহার ভারতীয় সঙ্গীতপ্রীতির পরিচয় দেন। সর্ব্বশেষে কুমারী সুজাতা ঘোষের মণিপুরী নৃত্য বিশেষ প্রশংসনীয় হয়। সভান্তে সম্মিলনীর অন্যতম সম্পাদিকা শ্রীযুক্তা ইলা মিত্র সকলকে জলযোগে আপ্যায়িত করেন। অধিবেশনে কলিকাতার বহু খ্যাতনামা ভদ্রমহোদয় ও মহিলাগণ যোগ দেন। অত্যন্ত সাফল্যের সহিত সন্ধ্যা সাড়ে সাত ঘটিকায় এই অনুষ্ঠানের সমাধা হয়।

শ্রীঅরবিন্দ পাঠমন্দির

বিগত ২৪শে এপ্রিল বৈকাল পাঁচ ঘটিকায় কলিকাতা কলেজ স্কোয়ারস্থিত শ্রীঅরবিন্দ পাঠ-মন্দিরে পরমারাধ্যা শ্রীমায়ের আগমনী-উৎসব উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানের প্রারম্ভে শ্রীযুক্ত চারুচন্দ্র দত্ত মহাশয় শ্রীঅরবিন্দ ও শ্রীমার প্রেরিত আশীর্ব্বাণীর টেলিগ্রামটি পাঠ করিয়া শুনান। অতঃপর শ্রীযুক্ত বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী মহোদয় তাঁহার সুরশৃঙ্গার যন্ত্রে জয়জয়ন্তী রাগের একটি আলাপ ও গৎ বাজাইয়া এক শান্ত ও সমাহিত ভাবের আবহ সৃষ্টি করেন। শ্রদ্ধেয় চারুচন্দ্র দত্ত মহাশয় শ্রীমার ফরাসী ভাষায় লিখিত উপদেশাবলী হইতে একটি উপদেশ-বাণী অতি প্রাঞ্জল বঙ্গানুবাদ শ্রবণ করাইয়া প্রতি ভক্তজনকেই ভক্তিরসাপ্লুত করিয়াছিলেন। অধ্যাপক শ্রীযুক্ত সোমনাথ মৈত্র মহোদয় পণ্ডিচেরী হইতে প্রেরিত সুবিখ্যাত সাহিত্যিক ও সাধক শ্রীযুক্ত নলিনীকান্ত গুপ্ত মহোদয়ের 'মানুষী তনু' শীর্ষক লিখিত একটি প্রবন্ধ পাঠ করেন। বলা বাহুল্য প্রবন্ধটি অতিশয় অনুধাবনযোগ্য হইয়াছিল। পরিশেষে শ্রীযুক্ত অরিন্দম বসু কর্তৃক কবি নিশিকান্ত রচিত একটি কবিতা আবৃত্তি করিবার পর অনুষ্ঠানের সমাপ্তি হয়।

ভবানীপুর সঙ্গীত সম্মেলন

গত ১৯শে মার্চ্চ রবিবার সন্ধ্যায় রমেশ মিত্র রোডস্থিত ভবানীপুর সঙ্গীত সম্মিলন হলে একটি বিশেষ সঙ্গীতের অধিবেশন হয়। বাঙ্গলার সুপ্রসিদ্ধ গীতশিল্পী শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের আলাপ, খেয়াল ও ঠুংরী গান এবং প্রসিদ্ধ তবলা বাদক শ্রীযুক্ত অনন্ত ঘোষের তবলা শ্রোতৃবর্গকে তিন ঘণ্টা যাবৎ মন্ত্রবৎ মুগ্ধ করিয়াছিল।

সান্‌কিভাঙ্গা শ্যামা-সঙ্গীতসঙ্ঘ

বিগত ১২ই বৈশাখ শুভ অক্ষয় তৃতীয়া তিথিতে কবিরাজ শ্রীযুক্ত সত্যব্রত সেন কাউন্সিলার মহোদয়ের

পৌরোহিত্যে সান্বিভাঙ্গ। শ্যামা-সঙ্গীত সঙ্ঘের প্রতিষ্ঠা-তিথি উৎসব অতি সমারোহের সহিত সম্পন্ন হয়। অনুষ্ঠানের প্রারম্ভে সভাপতি মহোদয় সঙ্ঘের অন্যতম সহকারী সভাপতি ৺গোপাললাল চক্রবর্ত্তী মহোদয়ের চিত্রোম্মোচন করেন। অতঃপর অনুষ্ঠানে বাংলার স্বনামধন্য সঙ্গীতরত্নাকর শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত জীবন বন্দ্যোপাধ্যায় (বীরেন), শ্রীযুক্ত বীরেশ্বর চক্রবর্ত্তী, শ্রীযুক্ত ক্ষিতীশ দাশগুপ্ত, শ্রীযুক্ত পাঁচুগোপাল মুখোপাধ্যায় প্রভৃতি সঙ্গীতকুশলীগণ যে উচ্চাঙ্গ খেয়াল, ঠুংরী, আধুনিক ও শ্যামা-সঙ্গীত করেন তাহা অত্যন্ত উপভোগ্য হয়। শ্রীযুক্ত বীরেশ্বরবাবুর একাধিক শ্যামা-সঙ্গীতে প্রতি শ্রোতার চিত্তই বিশেষ ভক্তিরসাপ্লুত হইয়াছিল। এই সমস্ত সঙ্গীতকুশলীর সহিত তবলা সঙ্গত করিয়াছিলেন শ্রীযুক্ত কানাইগোপাল চন্দ্র। শ্রীযুক্ত গোপালবাবু, ইঁহাদের সঙ্গত বিশেষ উল্লেখযোগ্য হয়। শ্যামা-সঙ্গীত সঙ্ঘের সম্পাদক শ্রীযুক্ত রমেশচন্দ্র ঘোষ মহোদয় সাদর অভ্যর্থনায় সকলকে আপ্যায়িত করেন। রাত্রি ১ ঘটিকায় প্রচুর জলযোগান্তে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

রবীন্দ্র জন্মোৎসব

বিগত পঁচিশে বৈশাখ সোমবার সন্ধ্যা সাড়ে ছয় ঘটিকায় তীর্থসাথী পরিষদ কর্ত্তৃক দৈনিক কৃষক অফিসে বিশ্বকবি রবীন্দ্রনাথের ৮৪তম জন্মোৎসব উপলক্ষে একটি সভার অধিবেশন হইয়া গিয়াছে। সুপ্রসিদ্ধ কথা-সাহিত্যিক শ্রীযুক্ত প্রেমেন্দ্র মিত্র এই সভায় পৌরোহিত্য করিয়াছিলেন। সভায় সমাগত সাহিত্যিক ও সাংবাদিকগণ রবীন্দ্র-প্রতিভার নানা দিক্ আলোচনা দ্বারা কবিগুরুর প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেন। রাত্রি ৯ ঘটিকায় অনুষ্ঠানের সমাপ্তি হয়।

গীত-বিতান

সম্প্রতি কলিকাতার রবীন্দ্র সঙ্গীতের অন্যতম শ্রেষ্ঠ বিদ্যালয় গীত-বিতান কর্ত্তৃক ভবানীপুর আশুতোষ কলেজ ভবনে কবিগুরু রবীন্দ্রনাথের ৮৪তম জন্মোৎসব পালিত হয়। গীত-বিতানের ছাত্রী ও অধ্যাপকগণ একাধিক রবীন্দ্র সঙ্গীত ও নৃত্যাদি দ্বারা কবিগুরুর প্রতি শ্রদ্ধাঞ্জলি দেন। শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেন মহাশয় রবীন্দ্র সঙ্গীতের উপর একটি মনোজ্ঞ বক্তৃতা করেন। অনুষ্ঠানে বহু সম্ভ্রান্ত ভদ্রমহোদয় ও মহিলা যোগদান করিয়াছিলেন। রাত্রি দশ ঘটিকায় সভাভঙ্গ হয়।

দি ওরিয়েণ্টাল মিউজিক্যাল ভ্যারাইটিজ

সম্প্রতি কলিকাতার কতিপয় বিশিষ্ট নৃত্য ও গীতশিল্পী লইয়া দি ওরিয়েণ্টাল মিউজিক্যাল ভ্যারাটিজের কর্ত্তৃপক্ষ বিভিন্ন স্থানে ভারতীয় নৃত্যগীতের এক বিচিত্র প্রদর্শনী করিতেছেন। এই সম্প্রদায়ে যাঁহারা অংশ গ্রহণ করিয়াছেন, তাঁহারা সকলেই বঙ্গীয় সঙ্গীতক্ষেত্রে বিশেষ সুপরিচিত। ইঁহাদের উদ্দেশ্য ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীত কলার সহিত দেশবাসীর পরিচয় স্থাপন করা। আমরা এই কুশলী সম্প্রদায়ের প্রচেষ্টার প্রতি প্রশংসা জ্ঞাপন করিতেছি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও
শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি।
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ

২১শ বর্ষ } জ্যৈষ্ঠ, ১৩৫১ সাল { ২য় সংখ্যা

সঙ্গীতের লক্ষ্য

স্বামী প্রজ্ঞানানন্দ

সঙ্গীতের অনুশীলন বর্ত্তমানে যে যথেষ্টই বেড়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই, কিন্তু সঙ্গীতের ওপর সাধারণ্যের সশ্রদ্ধ মনোভাব এখনো যে ফিরে আসে নি একথা অস্বীকার করবার উপায় নাই। অবশ্য এজন্য কেবল তাঁদেরই উপর দোষ চাপান ঠিক হবে না, আমাদের সঙ্গীতশিল্পীরাও তার জন্য অনেকটা দায়ী। পূর্ব্বের চেয়ে বিশুদ্ধ সঙ্গীতের শিক্ষা ও আলোচনা, বাংলার সম্পদ লোকসঙ্গীতের সংগ্রহ ও প্রচার প্রভৃতিতে ত্রুটী নাই সত্য, কিন্তু সঙ্গীতের আসল যা প্রাণ, প্রকৃত যা উদ্দেশ্য তা থেকে যেন আমরা এখনো অনেক দূরে আছি বলেই অন্তত আমাদের বিশ্বাস।

আমরা সঙ্গীত শিক্ষা করি এবং অপরকে শিক্ষা দিই। কণ্ঠসাধন, স্বরগ্রাম, রাগরূপ, আলাপ, বিস্তার, বাদী-সম্বাদী বিচার সকল কিছুর পরিচয় আমরা পাই এবং দিতে চেষ্টা করি। সঙ্গীতশাস্ত্র অনুশীলনের ইচ্ছাও আজকাল আমাদের বেড়েছে। কিন্তু সঙ্গীত আমরা কেন শিখি, 'সঙ্গীত সকল বিদ্যার শিরোমণি' আমরা কেন বলি, সঙ্গীতে সাধনা, সঙ্গীতে মনুষ্য-জীবনের চরম পরিণতির কোন সন্ধান মেলে কি-না, একথা কিন্তু আমরা সত্যই প্রাণে প্রাণে এবং গভীরভাবে ভেবে দেখি কি? সঙ্গীতে পবিত্র ভাবের উদয় হয়, ভক্তির আবেশ আসে, আত্মহারা করে, সংসারের দুঃখ শোক ভুলিয়ে

দেয়—এ সকল কথাই আমরা স্বীকার কর্‌ছি, কিন্তু এ সকলই তো আর চরম পরিণতির একমাত্র পাথেয় নয়? এগুলি চলার পথে সঙ্গী হতে পারে, এগুলিকে আনুসঙ্গিক বলা যায়, কিন্তু লক্ষ্য বল্‌লে ভুলই করা হবে। অবশ্য আমরা প্রবন্ধ লিখি, সভা-সমিতিতে আলোচনা করি, লেখায়, বক্তৃতায় চরম উদ্দেশ্যের সন্ধান জানাতে পশ্চাৎপদ হই নি। কিন্তু নিজেদের প্রাণে তার সত্যকার চাহিদা কতটুকু অনুভব করি তা বলা দুরূহ।

আমরা বলি শান্তি, মুক্তি ভগবান লাভ বা আত্ম-সাক্ষাৎকার কর্‌বার যেমন অসংখ্য উপায় আছে, সঙ্গীতও তেমন একটী পবিত্র উপায়। সঙ্গীতশাস্ত্রকারেরা একথা মোটেই মিথ্যা বলেন নি। তাঁদের আকুলতাও দেখা যায় এই ভাবের ওপরই: যেমন সঙ্গীতশাস্ত্র আরম্ভ কর্‌তে গিয়েই প্রথমেই বলেছেন স্বরের জন্ম সম্বন্ধে, নাদতত্ত্ব, ষট্‌চক্র প্রভৃতি সম্বন্ধে। তারপর স্বরের বংশ, দেবতা, ঋষি, ছন্দ, বর্ণ, ভাব, রূপ, ধ্যান সকল কিছুরই পরিচয় দেন; উদ্দেশ্য আসল রহস্যের ইঙ্গিত দান করা। ঈশ্বর যে নাদতনু, ভাবই যে তার প্রাণ, অনুভূতি না হলে যে সমস্তই বৃথা একথার পরিচয় দিতেও তাঁরা কুণ্ঠিত হন নি। সংসারে শান্তিও আছে, আবার দুঃখ-যন্ত্রণাও আছে। কিন্তু যে শান্তির পরিচয় আমরা দৈনন্দিন জীবনের প্রতি পলকে লাভ করি, তা কিন্তু মোটেই নিত্য নয়, কারণ নিত্য হলে সত্যই তা চিরদিন অটুটই থাক্‌ত, কিন্তু তা থাকে না, বরং সেই শান্তির তুলনায় পরক্ষণে অশান্তির পরিমাণই বেশী হয়ে জীবনকে বিপর্য্যস্ত করে তোলে। কাজেই আপাত শান্তি ঠিক পরমা শান্তি নয়, প্রকৃত শান্তির ছায়া হতে পারে, কিন্তু তাতে সত্যকার দুঃখের অন্ত হয় না।

অবশ্য কথায় কথায় আমরা খাঁটি দর্শনের ভূমিকায়ই এসে পড়েছি। কিন্তু সত্য কথা বল্‌তে কি, সঙ্গীতে জীবনের শান্তি না পেলে তা কেবল মনেরই আনন্দ যোগাবে একথা কখনো সঠিক হতে পারে না। সাময়িক ভাবের উচ্ছ্বাস, উত্তেজনা, অন্তর্মুখীতা বা ধ্যানাতুর ভাব জীবনের পক্ষে মঙ্গল ও কল্যাণপ্রদ হতে পারে, কিন্তু তা স্থায়ী হয় না বা তাতে সত্যকার জীবন গড়ে ওঠে না। অবশ্য সাময়িককে অবলম্বন করেই অনন্ত স্থায়ীত্বের গাঁথুনি গড়ে ওঠে, কিন্তু তা হলেও উদ্দেশ্য বা লক্ষ্যের ধ্রুবতারাকে সেখানে ঠিক রাখ্‌তে হবে। লক্ষ্য সর্ব্বদাই থাক্‌বে সঙ্গীতে জীবন-রহস্যের সমাধান আত্মদৃষ্টি লাভ করা—সঙ্গীত উপায়, উপেয় বা লক্ষ্য একমাত্র ভগবান। সঙ্গীতে শিল্পীদের জীবনের দৃষ্টান্তও তাই। নচেৎ সাময়িক শান্তি বা আনন্দ লাভ করা এত বড় অখণ্ড সঙ্গীতের উদ্দেশ্য বা সার্থকতা কখনই হতে পারে না।

সঙ্গীত-সাধনাকে এজন্য প্রত্যেক শিল্পীরই পবিত্র বলে মনে করা উচিত। একজন ধর্ম্ম ও যোগপথের পথচারীর মত তাঁরও ঠিক জীবন-চালনার দায়িত্ব সমান পার্থিবকে অবলম্বন করে অপার্থিবে উপস্থিত হওয়া তারও সাধনার চরম উৎকর্ষ। জীবনে শৃঙ্খলা, জীবনের প্রতিচ্ছন্দে বাক্যে, ব্যবহারে, চলনে ও দৈনন্দিন সকল কিছু বিষয়ে এজন্য সংযম ও সমতাই তা'র স্বভাবের ভূষণ হওয়া উচিত, সংসারে—সকল কর্ত্তব্য ও কর্ম্মের সাগরে থেকেও তাঁকে স্বরের সাধনায় মুক্তি ভিক্ষা কর্‌তে হবে। এই হোল সঙ্গীতের একমাত্র উদ্দেশ্য ও লক্ষ্য। জীবনের সকল স্বচ্ছলতা ও চাঞ্চল্যের ভিতর অচঞ্চল স্বরূপ আত্ম-প্রতিষ্ঠা লাভই সঙ্গীতের একমাত্র আদর্শ। এ লাভকে বাদ দিলে বুদ্ধি, বিদ্যা ও মনের চাতুর্য্য হতে পারে, প্রাণের সত্যকার পিপাসার শান্তি কখনই হতে পারে না।

স্বরলিপি

বসন্ত সে যায় তো হেসে যাবার কালে
শেষ-কুসুমের পরশ রাখে বনের ভালে।
তেম্‌নি তুমি যাবে জানি
সঙ্গে যাবে হাসিখানি,
অলক হতে পড়বে অশোক বিদায় থালে।

রইব একা ভাসান খেলার নদীর তটে
বেদনাহীন মুখের ছবি স্মৃতির পটে।
অবসানের অস্ত আলো
তোমার সাথী সেই তো ভালো
ছায়া সে থাক্‌ মিলন শেষের অন্তরালে।

কথা ও সুর—রবীন্দ্রনাথ ঠাকুর

স্বরলিপি—শ্রীশৈলজারঞ্জন মজুমদার, এম. এস্‌সি.

II সা -ণ্‌া সা -দা দা -পা পা -দা I মা -পা -জ্ঞা জ্ঞা জ্ঞা -রা জ্ঞা -া I
ব ০ স ন্‌ ত ০ সে ০ যা ০ য়্‌ তো হে ০ সে ০

মা -া মপা পমা জ্ঞা -রা মজ্ঞা -ঋসা I সা -ঋা -জ্ঞা -া | -া -া -ঋা -সা I
যা ০ বা০ র কা ০ লে ০০ যা ০ ০ ০ ০ ০ ০ য়্‌

সা -া -দা দা দা -পা পা -দা I পা -র্সা ণা দপা মা -পা মজ্ঞা -া I
শে ০ ষ্‌ কু সু ০ মে র্‌ প ০ র শ০ রা ০ খে০ ০

মা -া মপা পমা জ্ঞা -রা মজ্ঞা -ঋসা I সা -ঋা -জ্ঞা -া -া -া -া -া II
ব ০ নে০ র ভা ০ লে ০০ যা ০ ০ ০ ০ ০ ০ য়্‌

[র্সা -জ্ঞা -া জ্ঞর্ঋা]
-া -া I I {র্সঋা -াঃ -র্সঃ র্সা | ঋাঃ -র্সঃ র্সা -া I ঋাঃ -র্সঃ র্সা -া | না -া র্সা (-দণা)} I -ণা I
০ য়্ তে০ ০ ম্ নি | তু ০ মি ০ যা ০ বে ০ | জা ০ নি ০০ ০

ণা -া -দা দপা পা -া -মা -পা I পা -ণা -দা -া -া -া -া -পা I
স ০ ঙ্ গে০ | যা ০ ০ ০ বে ০ ০ ০ | ০ ০ ০

মা -পা জ্ঞা -মা | জ্ঞা -রা জ্ঞা -া I মা -া মা মণা দা -া পা -দা I
হা ০ সি ০ খা ০ নি ০ অ ০ ল ক হ ০ তে ০

মা -পা -জ্ঞা জ্ঞা জ্ঞা -রা জ্ঞা -া I মা -া মপা পমা জ্ঞা -রা মজ্ঞা -ঋসা I
প ০ ড়্ বে অ ০ শো ক্ বি ০ দা০ য় থা ০ লে ০০

সা -ঋা -জ্ঞা -া -া -া -া -া II
যা ০ ০ ০ ০ ০ ০ য়্

-া -া I I {সা -া -া সা সা -মা মা -া I সমা -া মা মা | মা -া মা -পা I
০ য়্ র ০ ই ব এ ০ কা ০ ভা ০ সা ন | খে ০ লা র্

মা -পা মা -দা দপা -া মা -া I -া -া -া -া | -া -া -া -া I
ন ০ দী র্ ত ০ টে ০ ০ ০ ০ ০ | ০ ০ ০ ০

র্সঋাঃ -র্সঃ র্সা -া র্সঋাঃ -র্সঃ র্সা -া I ণা -র্সা র্সণা -া দা -পা পদা -পা I
বে০ ০ দ ০ না০ ০ হী ন্ মু ০ খে র্ ছ ০ বি ০

মা -পা জ্ঞা -মা জ্ঞা -রা (মজ্ঞা -ঋসা)} I জ্ঞা -া I {দা -া দা -া | ণা -া র্সা -া I
স্ব ০ তি র্ প ০ টে ০০ টে ০ অ ০ ব ০ | সা ০ নে র্

র্সা -া -া র্সা ¦ র্সা -ণা র্সা -ণা I র্সা -ঋা -া -া -া -া -া -জ্ঞা I
অ ০ স্ ত আ ০ ০ ০ লো ০ ০ ০ ০ ০ ০

র্সা -া র্সা -জ্ঞা ¦ জ্ঞা -ঋা -জ্ঞঋা -জ্ঞঋা I র্সা -া -া -া -া -া -া -া I
তো ০ মা র্ সা ০ ০০ ০০ থী ০ ০ ০ ০ ০ ০ ০

র্সা -ণা -র্জ্ঞা জ্ঞঋা ¦ া -র্সা র্সা -ণা I ণা -পা -ণা ণদা ণদাঃ -পঃ পা -া} I
সে ০ ই তো০ ভা ০ লো ০ সে ০ ই তো০ ভা ০ লো ০

সা -া ঋা -া গা -া মা -া I মা -া মা মা ¦ মা -া মা -পা I
ছা ০ য়া ০ সে ০ থা ক্ মি ০ ল ন ¦ শে ০ ষে র্

জ্ঞা -মাঃ -জ্ঞঃ জ্ঞা জ্ঞা -রা মজ্ঞা -ঋসা I সা -ঋা -জ্ঞা -া ¦ -া -া -া -া I I II
অ ০ ন্ ত রা ০ লে ০০ যা ০ ০ ০ ¦ ০ ০ ০ য়্

গান

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

যে কথা কহিতে এসেছিনু তব দ্বারে
বিরহী মনের বেদনে হারানু তারে।
যত ব্যথা লয়ে এসেছিনু
যাহা লয়ে ভালবেসেছিনু
রাখিনু তাহারে নন্দন ফুলহারে।

যা' কিছু সঁপিনু চরণ-তীর্থে তব
তারি মাঝে আমি হৃদয়ে তোমারে লব
অবহেলে তারে ফিরিয়ো না
কূল ভেঙে তরী ভিড়িও না—
না-বলা বেদনা বাজুক বীণার তারে।

স্বরলিপি

(ধ্রুপদ)

মালকৌশ—চৌতাল

*রাজনকো রাজা মহারাজাধিরাজ,
চতুর্দ্দশ বিদ্যা-নিধান রাজারাম।
জোই জোই ধ্যারত, সোই সোই ফল পারত,
সাঁচো বিধাতা করণকে জো জঁহা কাম।

লজকী জহাজ শির তাজ গরীব নিবাজ,
গরীবনকী মন ইপ্তাপুরী হোত য়হ ধাম।
অসুর দল সংহারণ শিষ্ট সম্পালন,
তানসেন গারত তিহারী নাম।

কথা—তানসেন

স্বরলিপি—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়

১´		০		২		০		৩		৪	
সসা	-মা	-া	মমা	মা	-া	মা	জ্ঞা	মা	মা	জ্ঞা	জ্ঞা
রা ০	০	০	জন	কো	০	রা	০	০	জা	০	০

১´		০		২		০		৩		৪	
মদা	-া	-া	মা	দা	ণা	র্সাঃ	র্সঃ	ণা	দা	মা	মা
মহা	০	০	রা	০	জা	০	ধি	রা	০	০	জা

১´		০		২		০		৩		৪	
জ্ঞা	মজ্ঞা	মজ্ঞা	মা	দাঃ	দণঃ	দণা	দা	মমা	মজ্ঞা	মা	সসা
০	•চ	তু	র্দ্দ	শ	বি ০	০ ০	দ্যা	০ নি	ধা ০	০	০ ন

১´		০		২		০		৩		৪	
সা	সা	ণ্া	দ্া	সা	সা	মা	মজ্ঞা	মা	জ্ঞা	সা	সা ‖
রা	০	০	০	০	০	০	জা ০	০	রা	০	ম

* এই গানটি রাজারামের গুণ-বর্ণন। তানসেন কিছুদিন বাঘেলখণ্ডের রাজারাম নিরঞ্জন সিংহের নিকট ছিলেন, তখন উক্ত রাজার বিষয় বহু গান রচনা করিয়াছিলেন।

১´ ০ ২ ০ ৩ ৪
দঃ দা মঃ | দা ণা | র্সা র্সা | র্সা -া | -া র্সা | -া র্সা |
জো ই ০ | ০ জো | ০ ই | ধ্যা ০ | ০ ব | ০ ত |

১´ ০ ২ ০ ৩ ৪
র্সা ণা | দা ণা | র্সা র্সা | -া র্সণর্সা | ণদা ণা | দমা মজ্ঞা |
সো ই | ০ সো | ০ ই | ০ ফল | পা০ ০ | ব০ ত০ |

১´ ০ ২ ০ ৩ ৪
মা -া | জ্ঞজ্ঞা সা | দাঃ র্সঃ | ণা দা | মা মা | জ্ঞা -া |
সাঁ ০ | ০০ চো | ০ বি | ধা ০ | ০ তা | ০ ০ |

১´ ০ ২ ০ ৩ ৪
-া মজ্ঞা | মজ্ঞা মা | দা দা | র্সা র্সা | র্সা র্সা | র্সা র্সা |
০ ক | র ণ | কে ০ | ০ ০ | ০ ০ | ০ ০ |

১´ ০ ২ ০ ৩ ৪
ণা দা | ণা দা | মা জ্ঞা | মা মদা | জ্ঞমা জ্ঞা | সা সা ||
০ ০ | ০ ০ | ০ ০ | জো জ্যোঁহা | ০০ কা | ০ ম ||

১´ ০ ২ ০ ৩ ৪
সা -া | সা মা | -া মা | মা -া | মা মমা | মা মা |
ল ০ | জ কী | ০ জ | হা ০ | জ শির | তা জ |

১´ ০ ২ ০ ৩ ৪
জ্ঞা মদা | -া ণা | র্সা র্সা | ণা দা | ণা দা | মা -া |
০ গরী | ০ ব | ০ নি | বা ০ | ০ জ | ০ ০ |

১´ ০ ২ ০ ৩ ৪
মজ্ঞা মজ্ঞা | মা দা | দণা দণা | দা মা | জ্ঞমা জ্ঞা | সা সা |
গ রী | ব ন | কী০ ০০ | ম ন | ০০ ই | ০ স্থা |

১´ ০ ২ ০ ৩ ৪
সা ণ্দ্া | ণ্া সা | মা মা | মা মা | দজ্ঞা মা | মা জ্ঞজ্ঞা ||
পু ০০ | রী হো | ০ ত | য় হ | ধা০ ০ | ম ০০ ||

১´		০		২		০		৩		৪	
{মজ্ঞমা	দা	ণদা	র্সা	র্সা	র্সা	র্সা	-া	র্সা	-া;	র্সা	র্সা
অসু	র	}০০	০	দ	ল	সং	০	হা	০	র	ণ

১´		০		২		০		৩		৪	
র্সা	ণা	দা	ণা	র্সা	র্সা	ণা	দা	ণা	দা	মা	মা}
শি	০	০	ষ্ট	০	স	ম্পা	০	০	ল	০	ন

১´		০		২		০		৩		৪	
মা	-া	মা	মা	জ্ঞা	জ্ঞা	মা	দা	ণা	র্সা	-া	র্সা
ভা	০	ন	সে	০	ন	গা	০	ব	ত	০	তি

১´		০		২		০		৩		৪	
ণা	দা	ণা	দা	মা	জ্ঞা	মা	দজ্ঞা	মা	জ্ঞা	সা	মা
হা	০	০	০	০	০	০	রী০	০	না	০	ম

উত্তর ভারতীয় সঙ্গীতকলা

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

ভারতীয় মার্গ-সঙ্গীতের উদ্ভব ও ধারা নিয়ে যত মতভেদই থাকুক্ না কেন, ভারতীয় সকল সংস্কৃতির ন্যায় সঙ্গীতেরও উৎসস্থানে পৌছতে হ'লে, বেদবিদ্যাকে উপেক্ষা করা চলে না। রাগাধ্যায় আলোচনাকালে আমরা মার্গ-সঙ্গীতের স্বরূপ বুঝ্‌তে চেষ্টা কর্‌ব; কিন্তু স্বরাধ্যায়েও 'বেদ'-এর যে দান তাকে আজো স্বীকার না ক'রে পারা যায় না। আদি বেদ ঋগ্বেদ পাঠকালে বৈদিক ঋষিরা তিন স্বরেরই ব্যবহার সাধারণতঃ কর্‌তেন, পরে সামবেদ রীতিমত পূর্ণ সপ্তকে গাওয়া হ'ত। সংস্কৃত গান্ধর্ব্বযুগের স্বরগঠনেও বৈদিক প্রভাব সুনিশ্চিতরূপেই পাওয়া যায়। পূর্ব্বেই বলেছি যে, আর্য্য ও দ্রাবীড়িয় এই দ্বিবিধ সংস্কৃতির দুই ধারা ভারতে কোনো সুদূর অতীতে থাকুক্ আর না থাকুক্ সংস্কৃতযুগে হিন্দু সংস্কৃতির যে পরিচয় পাওয়া যায়—তাতে এক পূর্ণতর সম্মিলনে উভয়ই সম্মিলিত হ'য়ে বেদমূলক হিন্দুসভ্যতার ক্রমবিকাশ সাধন করেছে। সুতরাং বৈদিকের সঙ্গে সঙ্গে অবৈদিক সংস্কৃতি ব'লে কিছু ছিল কিনা বা তাতে কোনো প্রাণবন্ত সভ্যতা গড়ে উঠেছিল কিনা তার পরিচয় ভালো ক'রে পাওয়া আজকের দিনে অসম্ভব। বৈদিক সভ্যতাও সংস্কৃতি ভারতের সব কিছুকেই একসময়ে আত্মসাৎ ও রূপান্তরিত ক'রে এই সভ্যতার প্রাচীনতম রূপ দিয়েছে।

শ্রীঅরবিন্দ তাঁর "The secret of the Vedas" নামক মহামূল্য গ্রন্থে লিখেছেন, "In sober truth, the Vedanta, Purana, Tantra, the philosophical schools and the great Indian religions do go back in their source to Vedic origins" অর্থাৎ যথার্থ সত্যের দিক্ দিয়ে বল্‌তে গেলে, বেদান্ত, পুরাণ, তন্ত্র, ষড়দর্শনও ভারতীয় সুবৃহৎ সব ধর্ম্মেরই উৎস হচ্ছে বেদ। ভারতীয় অন্যান্য সংস্কৃতির ক্ষেত্রেও এই একই সত্যের অনুসরণ আমরা কর্‌তে পারি। বস্তুতঃ সঙ্গীতের ক্ষেত্রেও বেদমূলক স্বরগঠন আমরা পরবর্ত্তী সব শাস্ত্রেই পেয়ে এসেছি।

ঋগ্বেদে 'উদাত্ত', 'অনুদাত্ত' ও 'স্বরিত' এই ত্রিবিধ স্বরের প্রয়োগ ছিল। ঋক্‌প্রতিসাখ্য গ্রন্থে, 'প্রচয়' নামক এক স্বরের উল্লেখ দেখ্‌তে পাওয়া যায়। তবে ঋগ্বেদে ও তৈত্তিরীয় শাখায় যে 'প্রচয়' স্বরের পরিচয় পাওয়া যায় তার সঙ্গে 'উদাত্ত' স্বরের কোনো প্রভেদ নেই। ঋগ্বেদে যে তিনটি স্বরের বহুল প্রয়োগের কথা, 'ঋক্-প্রতিসাখ্য' গ্রন্থে ও সায়নাচার্য্যের টীকায় উল্লিখিত আছে, তার বাহ্যরূপ সম্বন্ধে বিশেষ সন্দেহের কোনো কারণ নেই। বৈদিকযুগের পরবর্ত্তী নানাযুগের নানা বিপ্লবের মধ্য দিয়েও বৈদিক সম্প্রদায় বেদের শ্লোকগুলি পুরুষানুক্রমে অবিকৃতরূপেই কণ্ঠস্থ রেখে এসেছিলেন। অবশ্য বেদের বহু অংশ লোপ পেয়েছে; কিন্তু যে সব অংশ লোপ পায় নাই—তাতে শব্দের ওলোট-পালট্ বা শব্দাশুদ্ধি দেখা যায় না—তেমনি বৈদিক যুগের পরবর্ত্তী, "ব্রাহ্মণ" শাস্ত্রের প্রবর্ত্তিত, যাগযজ্ঞাদিতে আনুষ্ঠানিক অঙ্গহানির পরিচয় আমরা বিশেষ পাই না। তাই শ্লোকের উচ্চারণগত স্বরের বিকৃতি বা বিচ্যুতির সম্ভাবনা বৈদিক সম্প্রদায়ের মধ্যে অধিক পরিমাণে না থাকাই স্বাভাবিক। বিশেষতঃ বেদ শ্লোকের উচ্চারণ ও গান এতই সরল ও প্রাঞ্জল যে, সে সবে স্বররূপের বিকৃতি সম্ভাবনা খুবই কম। যদিও বৈদিক সম্প্রদায় সহস্র সহস্র বৎসর ধ'রে বেদের প্রকৃত অর্থ লোপ পাওয়ার পর শুধু বেদের বাহ্যরূপেরই রক্ষা করেছেন—তথাপি বেদরক্ষা বিষয়ে তাঁদের পুরুষানুক্রমিক প্রযত্ন প্রশংসনীয়। তাই শ্রীঅরবিন্দ তাঁর "The sceret of the Vedas"-এ লিখেছেন—"It is to the scrupulous diligence and conservative tradition of the Pandits, we owe the preservation of Veda at all after its secret had been lost."

বস্তুতঃ বেদশাস্ত্র এক বিরাট তত্ত্বগ্রন্থ। উপনিষদ্‌কে আমরা জ্ঞানের চরম গ্রন্থ ব'লে থাকি—কিন্তু বেদ শুধু কর্ম্মকাণ্ডের গ্রন্থ নয়—কর্ম্মকাণ্ডের পিছনে বেদের মধ্যে রয়েছে বিশাল তত্ত্বসমুদ্র। সে রহস্য ভুলে গেলেও, বেদের বাহ্যরূপ আমরা যা পাই—তার আবৃত্তি ও যথার্থ স্বরের সহিত তার উচ্চারণের ফলেও চিত্তে এক উত্তম একতান প্রবাহ উৎপন্ন হয়।

ঋগ্বেদের প্রথম শ্লোকে অগ্নিদেবকে আবাহন করা হয়েছে। যজ্ঞে অগ্নিকেই প্রথম জ্বালাতে হয় আবার তত্ত্বের দিক্ দিয়ে, এই অগ্নি চৈত্যকুণ্ডেরও তপোরূপী অগ্নি। ঋগ্বেদ প্রথমেই তাই অগ্নিকে আহ্বান কর্‌ছেন—অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারং রত্ন ধাতমম্" এর আবৃত্তির সুর আমরা পাই :—

অ গ্নি মী লে পু রো হি তম্
ণ্‌া -া সা সা ঋা সা -া ণ্‌া সা -া ঋা সা -া

য জ্ঞ স্য দে ব মৃ ত্বি জম্
ণ্‌া -া সা -া ঋা ণ্‌া -া সা ণ্‌া -া সা সা ঋা

হো তা রং র ত্ন ধা ত মম্
ণ্‌া -া সা ঋা সা -া সা -া ণ্‌া সা -া ঋা সা -া

এক্ষেত্রে সা স্বরকে 'উদাত্ত' ণ্া স্বরটিকে 'অনুদাত্ত' ও ঋা স্বরটিকে 'স্বরিত' বলা হয়েছে। ঋগ্বেদে অনেক সময় ণ্া স্বরেরও খাদের, অপর কোনো স্বরও অনুদাত্ত রূপে প্রযুক্ত হয়েছে। যেমন:—

চো দ য়ি ত্রী স্ন নৃ তা নাম্

প্া -া প্া ণ্া -া সা -া ণ্া সা -া সা ঋা সা -া

এক্ষেত্রে প্া ও ণ্া এই দুইটি অনুদাত্ত স্বরের প্রয়োগ হয়েছে। এইভাবে 'সা' স্বরকে কেন্দ্র ক'রে 'সা'এর খাদের সব স্বরের নাম সে যুগে রাখা হয়েছে "অনুদাত্ত" ও 'সা'এর পরবর্ত্তী 'ঋা' স্বরকে স্বরিত বলা হয়েছে। এই নি, সা ও রে এই তিন স্বরের শ্রুতিগত ব্যবধান নিয়ে সামান্য সামান্য মতভেদ দেখা দিলেও মোটামুটি দুই ভাবে নিখাদের ও রেখাবের প্রয়োগ দেখা যায়। নিখাদের কোমল প্রয়োগ ও রেখাবের তীব্র ঘেঁষা কোমল প্রয়োগ প্রায়ই প্রচলিত। আমরা সঙ্গীতরত্নাকর ও কর্ণাটী সঙ্গীতের স্বরগ্রামেও এইরূপই নিখাদের ও রেখাবের প্রয়োগ পাই—এ দুটিই "করহারপ্রিয়া" ঠাটের অন্তর্গত। কখনও কখনও ভৈরোঁ ঠাটের মতো তীব্র নিখাদ ও কোমল রেখাবেরও প্রয়োগ দেখা যায়—কিন্তু ঐরূপ আবৃত্তি অধিকাংশসম্মত নয়। এ থেকে ধারণা করতে পারা যায় যে, ভারতে আদিতে যে ঠাটের প্রয়োগ ছিল, তার সঙ্গে সঙ্গীতরত্নাকরের স্বরগ্রামের ধারা ও পারম্পর্য্য অবিচ্ছিন্নই থেকে গেছে। বৈদিক সঙ্গীতের ঐতিহ্যই সমৃদ্ধতর রূপ নিয়েছে—পৌরাণিক ও গান্ধর্ব্ব সঙ্গীতবিদ্যার মধ্যে; এই কল্পনা ভিত্তিহীন তাই মনে হয় না। সামবেদের স্বরগ্রামের পরিণতরূপ থেকেও আমরা এই অনুমানের দৃঢ়তর ভিত্তি খুঁজে পাই। (ক্রমশঃ)

গান

শ্রীপ্রভাতকুমার দত্ত

খেলা ঘর ভেঙ্গে গেল
হ'ল খেলা অবসান
একা বসে তাই আজি
দিন শেষে গাহি গান।
যদি ভালবেসে থাকো
স্মৃতি তবে বুকে রাখো
বিদায়ের বেলা সে যে
জীবনের শেষ দান।

তব কথা স্মরি যবে
অশ্রু মানে না বাধা
সেই সুরে শুনি গান
যে সুর হয়নি সাধা।
যদি কভু কাছে এসে
যাও পুনঃ ভালবেসে
মালাখানি রবে তব
সয়ে শুধু অভিমান।

স্বরলিপি

মিশ্র ভৈরবী—দাদ্‌রা

তোমার কাছে মিনতি আমার,—
আনন্দে এই জীবন কাটুক
স্মরণে তোমার।
দুঃখ যদি আসে ত আসুক
নামটী তোমার ঢেকে না রাখুক ;
পরাণ-বীণায় রাত্রিদিন বাজুক
মধুর ওঙ্কার।

লাভ ও ক্ষতি নিন্দা অবমান
নামের গুণে সবই হোক্ সমান।
গেয়ে চলি তোমার নামের জয়
এড়াই সুখে সকল ভাবনা ভয় ;
আনন্দেতে ফিরি অসংশয়
সংসারে এই নামটী জেনে সার।

কথা ও সুর—শ্রীনির্ম্মলচন্দ্র বড়াল, বি. এল্. বাণীকণ্ঠ

স্বরলিপি—শ্রীগীতা ঘোষ, বি. এ.

	+			০				+			০			
II	পা	প	-া	পা	পা	-া	I	পা	পা	-দা	পদা	-ণা	দা	I
	তো	মা	র্	কা	ছে	০		মি	ন	০	তি০	০	আ	
	+			০				+			০			
	পা	-া	-া	-া	-া	-া	I	মা	মা	-পা	পমা	মা	-া	I
	মা	০	০	০	০	র্		আ	ন	ন্	দে০	এ	ই	
	+			০				+			০			
	জ্ঞঋা	জ্ঞা	-া	রা	মজ্ঞা	-ঋা	I	সা	সা	-ঋা	সঋা	-জ্ঞা	ঋা	I
	জী০	ব	ন্	কা	টু০	ক্		স্ম			ণে০	০	তো	
	+			০				+			০			
	মা	-া	-া	-া	-দা	-া	I	পা	পা	-পা	পা	পা	-া	
	মা	০	০	০	র্	০		তো	মা	র্	কা	ছে	০	
	+			০				+			০			
	পা	পা	-দা	র্সণা	-দণা	দা	I	পা	-া	-া	-া	-া	-া	II
	মি	ন	০	তি০	০০	আ		মা	০	০	০	০	র্	

+ 0 + 0
II {মা -দা দা | দা দ -ণা I ণা র্সা -া | র্ঋা র্সর্ঋা ণা I
দু ০ খ্ | য দি ০ আ সে ০ | তো ০ আ

+ 0 + 0
র্সা -া -া | -া -া -র্জ্ঞা I র্জ্ঞা -া র্ঋা- | র্জ্ঞা র্জ্ঞা -র্মা I
সু ০ ০ | ০ ০ ক্ না ম্ টী | তো মা র্

+ 0 + 0 [-া -া]
র্জ্ঞা র্জ্ঞা -র্ঋা | র্সর্ঋা -র্জ্ঞা র্ঋা I র্সা -া -া | া (-ণা -দা)} I
ঢে কে ০ | না ০ ০ রা খু ০ ০ | ০ ০ ক

+ 0 + 0
{র্সা র্সা র্সা | র্ঋা র্সা -ণা I ণা -া ণা | পদা -ণ' দা I
প রা ণ্ | বী ণা য় রা ০ ত্রি | দি ০ ন্ বা

+ 0 [-া] + 0
পা -া -া | -া -া -দা} I মা মা -জ্ঞা | ঋজ্ঞা ঋা -া I
জু ০ ০ | ০ ০ ক্ ম ধু ০ | র ০ ও ঙ্

+ 0 + 0
সা -া -া | দা -দা -া I পা পা -া | পা পা -া I
কা ০ ০ | ০ র্ ০ তো মা র্ | কা ছে ০

+ 0 + 0
পা পা দা | র্সণা -ধণা দা I পা -া -া | -া -া -া II
মি ন ০ | তি ০ ০ ০ আ মা ০ ০ | ০ ০ র্

+ 0 + 0
II {সা -া সা | সা সা -ঋা I জ্ঞা -া জ্ঞা | জ্ঞা জ্ঞা -মা I
লা ভ্ ও | ক্ষ তি ০ নি ন্ দা | অ ব ০

+ 0 + 0
মা -া -া | -া -া -া I পা মা -া | জ্ঞঋা জ্ঞা -া I
মা ০ ০ | ০ ০ ন্ না মে র্ | গু ০ ণে ০

+ 0 + 0
রজ্ঞা -মা জ্ঞা | ঋা -জ্ঞা ঋা I সা -া -া | -া -া -া} II
স ০ ব্ ই | হো ক্ স মা ০ ০ | ০ ন্ ০

\+ ০ + ০
{সা -ণদা -া | দা দা -ণা I ণা র্সা -া | র্ঋা র্সর্ঋা -ণা I
গে য়ে০ ০ | চ লি ০ তো মা র্ | না মে০ র্

\+ ০ + ০
র্সা -া -া | -া -া -র্জ্ঞা I র্জ্ঞা র্জ্ঞা র্ঋা | র্জ্ঞা র্ঋর্জ্ঞা -র্মা I
জ ০ ০ | ০ ০ র্ এ ড়া ই | সু খে ০

\+ ০ + ০
র্জ্ঞা র্জ্ঞা -র্সা | র্সর্ঋা -র্জ্ঞা র্ঋা I র্সা -া -া | -া -ণা [-া] দা} I
স ক ল্ | ভা০ ব্ না ভ ০ ০ | ০ ০ র্

\+ ০ + ০
{র্সা র্সা -া | র্ঋা র্সা -ণা I ণা ণা -দপা | ণা ণদা -া I
আ ন ন্ | দে তে ০ ফি রি ০০ | অ স ঃ

\+ ০ + ০
পা -া -া | -া -া [-া] দা} I জ্ঞা -া জ্ঞা | মা মা -া I
শ ০ ০ | ০ ০ য় স ঃ সা | রে এ ই

\+ ০ + ০
জ্ঞা -জ্ঞা জ্ঞঋা | জ্ঞা ঋা -া I সা -া -া | -া -দা -া I
না ম্ টী | জে নে ০ সা ০ ০ | ০ র্ ০

\+ ০ + ০
পা পা -পা | পা পা -া I পা পা -দা | র্সণা -ধণা দা I
তো মা র্ | কা ছে ০ মি ন ০ | তি০ ০০ আ

\+ ০
পা -া -া | -া -া -া II II
মা ০ ০ | ০ ০ র্

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

কামোদ-কল্যাণ

আমরা ইতঃপূর্ব্বে হামীর-কল্যাণ রাগ সম্বন্ধে আলোচনা-কালে উল্লেখ করিয়াছি যে, শাস্ত্রানুসারে কামোদ ও বিলাবল মেল বা থাটের অন্তর্গত রাগ, কিন্তু সাধারণতঃ এদেশে এই রাগটীও যে ভাবে গাহিবার রীতি দেখিতে পাওয়া যায় তাহাতে ইহাকে কল্যাণ থাটের অন্তর্গত রাগ বলিবার যথেষ্ট কারণ বিদ্যমান রহিয়াছে। স্বর্গীয় পণ্ডিত ভাতখণ্ডেজীও এই মতানুসারে হামীর, কামোদ প্রভৃতি কয়েকটি রাগকে কল্যাণ থাটেরই অন্তর্ভূক্ত করিয়াছেন। তাঁহার এইরূপ ব্যবহার আমরা যদিও অশুদ্ধ বলিতে চাহি না, তথাপি শুদ্ধ কামোদ রাগটি যে অদ্যাপি শ্রেষ্ঠ গুণীগণ বিলাবল মেলের রাগ বলিয়া অভিমত প্রদান করেন এবং তাহার বিলাবল মেলানুযায়ী রূপ বৈশিষ্ট্য প্রদর্শন করেন ইহা আমরা বিশেষরূপেই জানি সুতরাং আমরা কল্যাণের ছায়াযুক্ত কামোদকে কামোদ-কল্যাণ নামেই অভিহিত করা সঙ্গত মনে করি এবং তদনুসারেই কল্যাণ ছায়াযুক্ত কামোদের স্বরূপ বর্ণনা করিতেই এস্থলে চেষ্টা করিব এবং বিলাবল মেল আলোচনাকালে উক্ত মেলের অন্তর্গত কামোদের বিষয় আলোচনা করিব।

কল্যাণের ছায়াযুক্ত কামোদের রূপ সম্বন্ধে শ্রেষ্ঠ গুণীগণের সহিত আলোচনায় যে সিদ্ধান্তে আমরা উপস্থিত হইতে পারিয়াছি তাহা নিম্নে লিপিবদ্ধ করিতেছি।

কল্যাণাশ্রিত কামোদ সম্পূর্ণ-সম্পূর্ণ রাগ। আরোহ ও অবরোহ বক্রগতি। সরলভাবে চলিলে রাগভ্রষ্ট হয়। বাদী পঞ্চম, সম্বাদী রেখাব, গ্রহ ধৈবত; ন্যাস রেখাব ও খরজ। দুই মধ্যমযুক্ত শুদ্ধ মধ্যম দুর্ব্বল, কড়ি মধ্যম প্রবল। মধ্য ও তার স্থানে রাগ প্রকাশ, সুতরাং উত্তরাঙ্গ।

আরোহী

স র প, গ ম ধ প, হ্ম প, ন ধ র্স।

অবরোহী

র্স ন ধ প, হ্ম প, গ ম র স।

পকড়

রর পপ, হ্ম প ধ প, গ ম র স।

আচার বা সংক্ষিপ্ত বিস্তার

১। স, রস, ন্‌ধ্‌, ন্‌ধ্‌, প্‌, হ্ম্‌, প, ন্‌ধ্‌স, রস, রপ, হ্মপ, ধপ, গমরস।

২। স, রস, মরস, ধ্‌, প্‌, ন্‌ধ্‌, স, ধ্‌, প্‌, হ্ম্‌প্‌, স, রস, মরস, গমপ, গমরস রস।

৩। স, ধ্‌স, ন্‌ধ্‌স, রস, প্‌ধ্‌স, হ্ম্‌প্‌ধ্‌হ্ম্‌প্‌, স, রস, মরস,, গমপ, ধপ, গমরস।

৪। স, ন্‌ধ্‌, ন্‌ধ্‌, প্‌, ধ্‌ধ্‌প্‌, হ্ম্‌প্‌ধ্‌প্‌, ন্‌ধ্‌প্‌, সরসন্‌, ধ্‌প্‌, ন্‌ধ্‌স, রপ, রপ, ধপহ্মপ, গমপ, গমরস, রস।

৫। হ্মপধপ, নধপ, নধর্স, ধর্স, র্র্স, নধপ, ধপহ্মপ, গমপ, রপ, হ্মপ, গমরস।

৬। প, প, নধপ, হ্মপ, নধপ, ধস´, র´র´স´, গ´গ´, ম´র´র´স´, নধ, পপ, হ্মপ, গমপ, গমরস।

৭। স´, ধস´, পধস´, হ্মপধপ, স´, নধস´, র´স´নধ, পধ, হ্মপ, গমপ, নধপ, স´নধপ, হ্মপ রপ, গমরস।

কামোদ-কল্যাণের স্বরান্তর

আরোহী স্বর — দৃষ্টান্ত

স+র—সা রা -া সা | রা পা ধা পা |

স+গ—একপদে ব্যবহার দেখা যায় না। ভিন্নপদে দেখা যায়, যথা—রা রা সা সা | গা মা পা -া |

স+ম—সা সা মা মগা | পা পা ধা পা |

স+প—সা পা গা গা | মা রা সা সা |

স+ধ—সা ধা পা ধা | হ্মা পা গমা গা |

স+স´—ছুট্‌রূপে ব্যবহৃত হয়।

র+গ—রা গা মা পা | গা মা রা সা |

র+ম—রা মা রা পা | গা মা রা সা |

র+প—রা রা পা পা | হ্মা পা ধা পা |

গ+ম=গা মা পা গা | মা রা সা -া |

ম+প—গা মা পা মা | গা মা রা সা |

ম+ধ—গা মা ধা পা | মা সা রা সা |

হ্ম+প—হ্মা পা ধা পা | গা মা রা সা |

হ্ম+ধ—হ্মা ধা হ্মা পা | গা মা রা সা |

প+ধ—হ্মা পা ধা পা | গা মা রা সা |

আরোহী স্বর — দৃষ্টান্ত

প+ন—রা পা হ্মা পা | না ধা স´া -া |

প+স´—পা পা স´া স´া | স´া র´া স´া -া |

প+র´=পা র´া স´া র´া | স´া না ধা পা |

ধ+ন—পা পা স´া স´া | ধা না পহ্মপা -া |

ধ+স´—পা পা স´া স´া | স´া ধা -া স´া |

ধ+র´—স´া ধা স´া র´া | ধা র´া স´া -া |

ন+স´—কণ্‌রূপে ব্যবহৃত হয়, যথা—

নস´া ধা ধা পা | গা মা রা সা |

অবরোহী স্বর — দৃষ্টান্ত

স´+ন—স´া র´া স´া না | ধা ধা পা পা |

স´+ধ—স´া ধা স´া র´া | স´া স´া ধা পা |

স´+প—ধা পা সা র´া | স´া পা ধা পা |

স´+স—ছুট্‌রূপে ব্যবহৃত হয়।

ন+ধ—পা র´া স´া র´া | স´া না ধা পা |

ন+প—না পা ধা পা | গা মা ধা পা |

ধ+প—ধা ধা পা পা | গা মা রা সা |

ধ+ম—হ্মা পা ধা হ্মপা | ধা মা রা সা |

ধ+হ্ম—হ্মপধা হ্মা পহ্মপা গা | মা রা সা -া |

প+ম—গা মা পা মা | রা সা রা সা |

প+হ্ম—পা হ্মা ধা পা | গা মা পা -া |

প+গ—গা মা পা গা | মা রা সা সা |

প+র—(ভিন্ন পদে) -া ধা না পা | রা গমা ধা পা |

অবরোহী দৃষ্টান্ত

ম+গ—গা মা পা মগা | মা সা রা সা |

র+স—সা রা সা -া | রা পা হ্মা পা |

স+ন্—রা রা সা ন্া | ধ্া ধ্া প্া প্া |

স+ধ্—সা ধ্া সা রা | সা ন্া ধ্া প্া |

নিম্নলিখিত রূপ স্বরান্তরের ব্যবহার দেখা যায় না।

স+ন, র+ধ, র+ন, র+র্স, গ+প, গ+ধ, গ+ন, গ+র্স ম+হ্ম, ম+ন, ম+র্স, র্স+ম/ ন+হ্ম, ন+ম, ন+গ, ন+র, ন+স, ধ+গ, ধ+র, ধ+স, প+স, হ্ম+ম, হ্ম+গ, গ+র, গ+স ইত্যাদি।

সরগম

কামোদ-কল্যাণ—ত্রিতাল

রচয়িতা—স্বর্গীয় পিয়ার খাঁ প্রাপ্ত—বীণ্‌কার মহম্মদ দবীর খাঁ

স্থায়ী

\+ ৩ ০ ১
II রা পা -া পা | রা পা -া পা | হ্মা পা ধা পা | রা -া সা -া I

\+ ৩ ০ ১
হ্মা পা ধা পা | না ধা পা হ্মা | পা ধা হ্মা পা | রা -া সা -া I

\+ ৩ ০ ১
না না ধা পা | ধা ধা হ্মা পা | গা মা পা গা | মা রা সা -া II

মাঞ্জা

\+ ৩ ০ ১
II সা সা ধ্া প্া | ধ্া ধ্া হ্ম্া প্া | প্া সা -া সা | রা রা সা -া I

\+ ৩ ০ ১
রা গা মা পা | হ্মা পা ধা পা | গা মা পা গা | মা রা সা -া II

অন্তরা

\+ ৩ ০ ১
II হ্মা পা ধা পা | হ্মা পা র্সা র্সা | র্রা র্রা র্সা -া | র্গা র্রা র্সা -া I

\+ ৩ ০ ১
গা রা সা -া | রা পা হ্মা পা | ধা পা হ্মা পা | র্সা র্সা র্রা র্সা I

\+ ৩ ০ ১
র্গা র্রা র্সা না | ধা পা হ্মা পা | ধা ধা হ্মা পা | গা মা রা সা II

সরগম

কামোদ-কল্যাণ—ত্রিতাল

স্থায়ী

```
        +                      ৩                   0                    ১
সা II  রা  রা  পা  পা  |  হ্মা  পা  ধা  পা  |  মা  গমা  রা  সা  |  ন্া  সা  রা  সা  I

        +                      ৩                   0                    ১
       ন্া  ধ্া  প্া  -া  |  হ্মা্  প্া  ধ্া  হ্মা্  |  প্া  সা  -া  সা  |  রা  রা  সা  -া  I

        +                      ৩                   0                    ১
       রা´  রা´  সা´  না  |  ধা  পা  হ্মা  পা  |  ধা  হ্মা  পা  হ্মা  |  গা  মা  রা  "সা"  II
```

অন্তরা

```
        +                      ৩                   0                    ১
II  পা  পা  পা  সা´  |  -া  সা´  রা´  সা´  |  গা´  রা´  সা´  -া  |  পা´  মা´  গা´  রা´  I

        +                      ৩                   0                    ১
    সা´  না  ধা  পা  |  হ্মা  পা  ধা  হ্মা  |  পা  -া  হ্মা  পা  |  ধা  হ্মা  পা  সা´  I

        +                      ৩                   0
    -া  রা´  -া  রা´  |  সা´  না  ধা  পা  |  মা  গমা  রা  "সা"  I।
```

গান

শ্রীযতীশচন্দ্র দাশগুপ্ত

আজি বাদল রাতে
যেন তাহারি স্মৃতি,
কাঁপে ব্যাকুল বায়ে
ফুল চামেলি সাথে।
যত না বলা কথা,
আজি কহে সে যেন,
বারি উছলে তারি,
দু'টী নয়ন পাতে।

ভাঙ্গা কুটীরে মম
সে কি আসিবে একা,
হেন বরষা রাতে—
পাবো তারি কি দেখা!
তারে কহিব শুধু
"আজো ভুলিনি বঁধু,
ছিল সঁপিতে বাকি
মোরে তোমারি হাতে"।

রাগালাপন

৪

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী ও শ্রীজিতেন্দ্রমোহন সেনগুপ্ত

হিন্দুস্থানী সঙ্গীতে বিভিন্ন বাণী ব্যবহৃত হয় ধ্রুপদে যেমন গোবরহার বা গৌড়ীয়, নওহাড়, ডাগর ও খাণ্ডার এই চারি প্রকার বাণী দ্বারা গঠিত হয় আলাপও তদ্রূপ উপরোক্ত চারিটী বাণীর যে কোন এক প্রকার বা একাধিক বাণীর সমষ্টি বা প্রয়োগ হইতে গঠিত হইতে পারে। আলাপের প্রত্যেকটী স্বরবিস্তার ও জোর এই সমস্ত বাণীর প্রয়োগ দ্বারাই বৈচিত্র ও বিভিন্ন রসসৃষ্টি করে। প্রত্যেক স্বরবিস্তার বা আলাপের তান শুদ্ধ এক বা বিভিন্ন বাণীর সমষ্টিগত হইতে পারে। বাণীগুলির যথাযথ প্রয়োগ সুরশিল্পীর সাধনা ও সৃষ্টিকুশলতার উপর নির্ভর করে।

বর্ণিত প্রত্যেকটী বাণী একটী বা দুইটী অলঙ্কারের সাহায্যে উৎপন্ন হয়। স্ফুরিত গমক, মীড়, আশ, সুত, স্পর্শ, কৃন্তন, জম্‌জমা, বিক্ষেপ, প্রক্ষেপ বা ছুট্‌ ইত্যাদি বিবিধ অলঙ্কারের সংক্ষিপ্ত ব্যাখ্যা সপ্তরঞ্জনী নামক পুস্তকে বর্ণিত হইয়াছে। সুতরাং এ স্থলে বর্ণনা নিষ্প্রয়োজন মনে করি।

বাণীর উৎপত্তি বিবরণ—

প্রবাদ আছে গৌড়ীয় বাণী গৌড় দেশ হইতে, খাণ্ডার বাণী কান্দাহার হইতে, ডাগরবাণী ডাগর নামক এক গ্রাম হইতে ও নওহার সিংহের গতি হইতে প্রচলিত হইয়াছে।

শাস্ত্রীয় মত—

সঙ্গীত রত্নাকরে—শুদ্ধা, গৌড়ী, ভিন্না ও বেসরা এই চারিটি বাণীর উল্লেখ রহিয়াছে।

শাস্ত্রে গৌড়ীয় বাণীর যে প্রকার বর্ণনা আছে—তাহার সঙ্গে প্রচলিত গৌড় বা গোবরহার বাণীর মিল রহিয়াছে। শাস্ত্রীয় শুদ্ধা বাণীর সহিত প্রচলিত ডাগর বাণীর সামঞ্জস্য দৃষ্ট হয় এবং ভিন্না অর্থে ভেদ করা বুঝায়। বস্তুতঃ খাণ্ডার বাণীও সুরকে খণ্ড খণ্ড করিয়া নির্গত হয়।

সুতরাং শাস্ত্রীয় ভিন্নার সহিত খাণ্ডার বাণীর মিল আছে। এবং বেসরার সহিত প্রচলিত নওহার বাণীর অনেকাংশে মিল্‌ আছে।

১। গৌড় বা গোবরহাড় বাণী—ইহা সকল প্রকার বাণীর শ্রেষ্ঠ। ইহাকে রাজা বাণী বলে। এই বাণী সরল মীড়বহুল ও সুতপ্রধান।

বিলম্পদ ও মদ্‌ আলাপের এই দুই স্তরেই ব্যবহার অধিক। দ্রুত তানগুলি আঘাতের সঙ্গে সঙ্গে কাটা কাটা ভাবে প্রকাশিত হইবে। এ বাণী শান্ত, করুণ ও ভক্তি রস সৃষ্টি করে।

রবাব, সুরশৃঙ্গার, স্বরোদ, প্রভৃতি যন্ত্রে এই প্রকার বাণী বিশেষ ব্যবহৃত হয়।

উদাহরণ :—ইমন-কল্যাণ রাগের স্বরবিস্তার সাহায্যে :—

যথা ঃ—

সন্‌া ধ্‌ন্‌রসা -া সন্‌-রগা -া রগরা -া -সা

২। **ডাগর বাণী**—এই বাণীর বিশেষত্ব বক্র বা বঙ্কিম গতির—মীড় ও জমৃজমা বহুল। ইহাতে দুই দুইটী স্বর নিয়া মীড় হয়। বিলম্পদ ও মদ্ এই দুই স্তরে অধিক ব্যবহৃত হয়। বীণ্‌কারগণ বিলম্বিত লয়ে এই বাণীর কাজই বেশী করিয়া থাকেন। শান্ত ও বীর-রসাত্মক।

বীণ, সুরবাহার, সেতার প্রভৃতি যন্ত্রে এই বাণীর প্রয়োগ অধিক দৃষ্ট হয়।

উদাহরণ—

-ন্‌সন্‌সা -া -ধ্‌ন্‌ধ্‌সন্‌রা -া -ধ্‌ন্‌ধ্‌ন্‌া -সা

৩। **নওহার**—এই বাণী—ছুট্ প্রধান। আশ, বিক্ষেপ, প্রক্ষেপ ইত্যাদি অলঙ্কারের প্রয়োগ এই বাণীর বিশেষত্ব।

বিলম্পদ, মদ্ ও দুন্,—আলাপের এই তিন স্তরেই—এই বাণীর ব্যবহার দৃষ্ট হয়। বীণ্ রবাব, সুরশৃঙ্গার, সুরবাহার ইত্যাদি আলাপের যাবতীয় বাদ্যযন্ত্রেই ছুট্ অলঙ্কার দ্রষ্টব্য। "এই বাণী" অদ্ভুত রস সৃষ্টি করে।

উদাহরণ—

সা- । -সর্সা -নধপক্ষাগা -গনা -া -ধপক্ষাগা -গর্রর্সনা -ন্‌রগক্ষাপা ·রগমগা -া রগরসা

৪। **খাণ্ডার বাণী**—স্ফুরিত গমক অলঙ্কারই এই বাণীর বিশেষত্ব। প্রত্যেক সুর এক দুই বা ততোধিক বার গমকের সাহায্যে প্রকাশ করিলে এই বাণী নিষ্পন্ন হইবে। মদ, ও দ্রুত লয়ে দুই বাণী অধিক ব্যবহৃত হয় ও বীররস সৃষ্টি করে।

সকল প্রকার বীণায় এই বাণীর প্রয়োগ দৃষ্ট হয়।

উদাহরণ—

গরসন্‌া -া ধ্‌ন্‌রসা -া

গগা	ররা	সসা	ন্‌ন্‌া	ধ্‌ধ্‌া	ন্‌ন্‌া	ররা	সসা	-া
ডাডা	ডাডা	ডাডা	ডাডা	ডাডা	ডাডা	ডাডা	ডাডা	

গগগা	রররা	সসসা	ন্‌ন্‌ন্‌া	ধ্‌ধ্‌ধ্‌া	ন্‌ন্‌ন্‌া	রররা	সা
ডাডাডা	ডাডাডা	ডাডাডা	ডাডাডা	ডাডাডা	ডাডাডা	ডাডাডা	ডা

বাহাত্তর ঠাট

২৭

শ্রীবিমল রায়

১৪। খামাচ্

খামাচ নাম পুরাতন গ্রন্থে কোথাও নেই। শুধু তরঙ্গিণীতে প্রথম আমরা এই নাম দেখি "খাম্বাইচী"রূপে। এই ছাড়া অর্ব্বাচীন কর্ণাটিকে আমরা পাই খাম্বাচী বা কামাচী। অন্যান্য স্থানে আমরা পাই কাম্বোজী নামে একটি রাগ। আগে দেখিয়েছি কাম্বোধী, কাম্বোজী একই রাগ। কাম্বোজীর রূপ পাচ্ছি সরগপধর্সণধপমগরসা, অথবা সরগপধর্সণধপমগরসা বা সরগমপধণর্সণধপমগরসা, অথবা সরগপধর্সধপগরসা। এই সব রূপের সঙ্গে বর্ত্তমান খামাচের কোনও মিল নেই। তবে নামটা এত কাছাকাছি যে, উদ্ভবটা একই স্থান হ'তে বলেই সন্দেহ হয়। হয় তো খাম্বাজ তা'র পূর্ব্ব রূপ বদলিয়ে ফেলে, যার জন্য পরে পাহাড়ী নব কলেবরে কাম্বোজীর রূপ দখল করবার প্রয়াস পায়। এই পাহাড়ী পাহাড়ী-গৌরী নয়, অর্ব্বাচীনকালের কোনও ওস্তাদের সৃষ্ট রাগের পুরাতন রাগনাম। অবশ্য কেউ কেউ ঝিঁঝোটিকে এই রূপ দিয়ে থাকেন। রাগতরঙ্গিণীতে খাম্বাইচি পাচ্ছি আবার কাম্বোজীও পাচ্ছি, কাজেই এই সময় থেকে খাম্বাজ নাম পৃথকভাবে প্রচলনের প্রয়াস সুস্পষ্ট, কারণ আগেই দেখিয়েছি যে, কামোজী—কাম্বোধী—কাম্বোজী। এই সময়টি নিশ্চয়ই প্রাচীন নয়, কারণ তা হ'লে অন্যান্য কোনও না কোনও গ্রন্থে একটু এ বিষয়ে উল্লেখ পাওয়া যেতো। এই কারণে এবং অন্যান্য রাগের বিচার দ্বারা আমাদের মনে হয় যে, তরঙ্গিণী অর্ব্বাচীন পুস্তক, নাম নেবার জন্য পুরাতন তারিখ গ্রন্থকার চালিয়েছেন, পারিজাতের থেকেও একে নূতন বলে সন্দেহ হয়, অন্য হৃদয়ের কিছু বছর আগেকার ব'লে ধারণা হয়। যাক্, অবান্তর কথা! এই খাম্বাইচির পূর্ণ পরিণতি পাই কর্ণাটিকে—খাবাচী, কামাচী, শিবকাম্বোজী ইত্যাদিতে। কর্ণাটিক এই রাগগুলি ণ, আমাদের খামাচ ঝিঝোটি ঠাট, দুই প্রকার রূপ; (ক) ণ ন; (খ) ণ খামাচ উচ্চারিত হয় খামাচ, খাম্মাচ, খামাজ, খাম্মাজ, খাম্বাজ রূপে। হিন্দুস্থানে উচ্চারণটি সামান্য ম্ম এর মতো চ আর জ-এর মাঝামাঝি, তবে চ-এর দিকে ঝোঁক একটু বেশী; অতএব আমরা খাম্মাচ ব'লতে পারি—ঠিক খামাচ টেনে বল্লে ভুল হবে। এখন থেকে খাম্মাচই বল্‌বো প্রথম ম-কে খুব ছোট করে।

ক। মাঝে মাঝে ণ রূপের প্রচলন দেখা গেলেও ণ ন রূপের প্রাধান্যই বেশী, সেইজন্য খাম্মাচ ণ ন উপঠাট ব'লে গণ্য হ'য়েছে। জাতি সম্পূরণ, উপজাতি খাড়ব-সম্পূরণ, আরোহীতে রেখাব বর্জ্জিত। আরোহে এবং অবরোহে পঞ্চম বক্র হ'তে পারে অথবা কখনও উল্লঙ্ঘনযোগ্য হ'তে পারে। অবরোহে ধৈবতের বক্র ভাব সাধারণ চলন। বাদী গান্ধার, যদিও গ, ম, ধ সবই এ রাগে সমানভাবে প্রবল। ধম সঙ্গৎ চ'লবে। মূর্চ্ছনা :—সগমপধনর্সণধপধমগরসা। রেখাব কমজোরি, পঞ্চম উল্লঙ্ঘন চ'ল্‌লেও প্রবল, কারণ না হ'লে অনেক রাগের সঙ্গে মিলে যাবে। শুদ্ধ নিখাদ অল্প ব্যবহার হ'লেই ভাল, এক ঠুংরীতে ছাড়া। বিস্তার :—সগমপমণধনর্সণধপমগরসা। সগমণধর্সনসণধপধর্সর্সনর্সণধপমগরসা। গমপমগরসা, পধণধপধমগমণধপমগরসা। মধণধর্সণধমপধণধপমগমপধনর্সণধপমগ, পমগরসা। গমপধনর্সণধপমগ,

সগমপমগ, সমগমপণধপমণধনর্সর্র্সর্ণধণধপমগমণধপধম-গরসা।

খ। ঠাট ঝিঁঝোটি, সবই প্রথম খাম্বাচের মতো, কেবল শুদ্ধ নিখাদ ছাড়া। তবে একটু নূতনত্ব দেখা যায় আরোহে কখনও কখনও, গমণধর্স কিংবা গমপধর্স ইত্যাদিতে। পুরাতন গানে এই রকম রূপ মাঝে মাঝে দেখা যায়। তবে ঠুংরীর আধিপত্য হ'বার পর থেকে শুদ্ধ নিখাদের গতি হ'য়েছে সর্ব্বত্র। মূর্চ্ছনা:— সগমপধণর্সর্ণধপমগরসা।

বিস্তার:—সগমপধণধপমগসমগমপধণর্সর্ণধপধমগরসা। মপধণর্সর্র্সর্ণধর্সর্ণধপমগসমগমণধণধপমগমপমগরসা। ণধপধর্সর্গর্র্সর্ণধপমগমধপমগরসমগমপধণর্র্সর্ণধপম-গরসা।

এখনকার প্রচলিত মতকে মান্য ক'রে ণ ন যুক্ত 'ক' কে-ই খাম্বাচ ব'লতে হবে। খ-কে (ণ) কোমল খাম্বাচ ব'লে চালাতে হবে। খাম্বাচের এই দ্বিমূর্ত্তির জন্য উপঠাট নাম পাওয়া উচিত না হ'লেও, এর প্রসিদ্ধি সামান্য দোষ ঢেকে দিয়েছে; দ্বিতীয়তঃ এমন অন্য কোনও প্রসিদ্ধ এবং প্রচলিত রাগ নেই যে, এর স্থান দখল করে। ঠিক এই কারণেই ঝিঁঝোটিকে রাখ্‌তে হয়েছে, না হ'লে কেদারী, চম্পক, কুড়াই, রক্তহংস প্রভৃতি নাম তো পাওয়া যায়, কিন্তু তাদের চেনে ক'জন? পণ্ডিত ভাত-খণ্ডেজী বড় বিব্রত হ'য়েই মাত্র দশটাই তৈরী করেছিলেন। আর দশটি প্রচলিত নাম দিয়েছিলেন, ঠিক ভাবে ঠাটের সঙ্গে না মিললেও।

খাম্বাচের কতকগুলো প্রকার ও মিশ্রণ আছে:—

১। কল্যাণ খাম্বাচ ২। কোমল খাম্বাচ ৩। খাম্বাচ
৪। খাম্বাচী ৫। খাম্বাবতী ৬। জংলা-খাম্বাচ
৭। বেহাগ-খাম্বাচ ৮। সুরতী খাম্বাচ।

১, ৬, ৭, ৮ নং হ'লো মিশ্রণ, এদের রূপগুলি আপনাদের জানাচ্ছি।

১। কল্যাণ-খাম্বাচ:—সগমপক্ষ পধনধপমণধ-পমমগরসা, গমপধনর্সর্ণধপক্ষপধপমগরসা। ক্ষপধনধপধর্সন ধপক্ষপমগরসা, মণধনর্সর্র্সর্ণধপক্ষপধমগরসা। অর্থাৎ মাঝে মাঝে কেবল মাত্র শুদ্ধ নিখাদের ব্যবহারও চ'ল্‌তে পারে।

৬। জংলা-খাম্বাচ:—সগমপধণধপমগরগমগরসা, গমগরগমধনর্সর্র্সর্ণধপধমগমধপমগরসা, সরগমণধনর্সর্ণধম-গরগমপমধপমগরসা, মণধপমগসরগপমধনর্সর্র্সর্ণধপধম-গরসা। অর্থাৎ খাম্বাচে আরোহে রেখাব দেওয়া। কেউ কেউ একে জিলা বা জিলফ্‌ ব'ল্‌তে চান।

৭। বেহাগ-খাম্বাচ:—সগমপক্ষপধপমগমপনর্স ণধপক্ষপমগরসা, গমপনর্সর্র্সর্ধণধপমণধপক্ষপমগরসা, গমপনধপক্ষপনর্সর্ধণর্র্সর্ণধপমধপমগরসা, গমপনর্সর্র্সর্নধপ মণধপক্ষপমগধপমগরসা। পনর্স হ'লো বিশেষত্ব।

৮। সুরতী-খাম্বাচ:—সগমপধনর্সর্ণধপমগমরসা, গমণধনর্সর্ধপমপধমগমরসা, পধনর্সর্ণপমণধপমগমপধমগমরসা, মপধনর্সর্র্সর্নধনর্সর্ধণর্র্সর্ণধণপধমগমরসা। অর্থাৎ সামান্য সুরটের সংমিশ্রণ। গারার মধনর্স এতে বেশী চ'ল্‌বে না, মপধনর্সই চ'লবে, আর পঞ্চম কখনও গৌণ হবে না। গারায় পঞ্চম গৌণ।

১৫। গান্ধারী

গান্ধারীর পুরাতন নজীর খুঁজে আমাদের খুব বেশী উপকার হ'বেনা। হিন্দুস্থানী বা কর্ণাটিক কোনও মতেই এর একরূপ নেই। শুধু তাই নয় নামেরও অনেক ভেদ আছে, যথা,—গান্ধার, গান্ধারী, গন্ধর্ব।

রাগবিবোধে	দেবগান্ধার	ঋদ
চন্দ্রোদয়ে	দেবগান্ধার	ঋদ

স্বরমেলে	দেবগান্ধারী	জ্ঞণ
সারামৃতে	দেবগান্ধার	জ্ঞণ
	নাগগান্ধারী	জ্ঞদণ
তরঙ্গিণীতে	দেবগান্ধার	ঋদ
হৃদয়ে	গান্ধার	ঋদ

অর্থাৎ এক 'হৃদয়' ছাড়া কোনও গ্রন্থে গান্ধার. বা গান্ধারী নেই দর্পণে গান্ধার, গান্ধারী দুইই আছে কিন্তু রূপ নেই।

আমি দেবগান্ধার, আর নাগগান্ধার উল্লেখ ক'রেছি শুধু দেখাবার জন্য যে, পুরাতন দেবগান্ধার আর "হৃদয়ের" গান্ধার একই বস্তু। সমপদস´নদপম গঋসা। এই দেব-গান্ধার পরে জ্ঞ ণ হ'য়ে দাঁড়ায় (সারামৃত) অর্থাৎ গান্ধার থেকে আস্তে আস্তে পৃথক হ'য়ে আসে—সজ্ঞমপণস´ণধপম জ্ঞরসা। এই পরিবর্ত্তন আরও একটু বাড়িয়ে তৈরী হ'লো নাগগান্ধারী (সারামৃত)—সরজ্ঞমপদণস´ণদমজ্ঞরসা, যাকে পরে :পাই সজ্ঞমদণস´ণদমজ্ঞরসা। অর্ব্বাচীন কালে তৈরী হ'লো এর থেকে ভুবনগান্ধারী—সরমপদপণস´ণদপমজ্ঞরসা এই তো গেল একদিক। অন্যদিকে কর্ণাটিকে,—

রুদ্রগান্ধারী	সঋগঙ্কনস´নপঙ্কঋসা
গন্ধর্ব´	সঋরঙ্কপণনস´নপঙ্কঋরঋসা
দেবগান্ধারী	সরগমপধনস´নধপমগরসা
শুধগন্ধর্বী	সঋগমপধনস´ধপমঋসা
রুদ্রগন্ধর্ব´	সরজ্ঞরমপমদণপস´ণদমজ্ঞসা

অর্থাৎ গন্ধর্ব, গন্ধর্বী, গান্ধারী নাম প্রচলিত দেখছি, এবং এই নাম-বিভিন্নতায় বিভিন্ন রূপও পাচ্ছি। সুখের বিষয় এই যে, পুরাতন গান্ধারের ঋদ শুধ গন্ধর্বীতে প্রায় বজায় আছে, আর নাগগান্ধারী প্রায় রুদ্রগন্ধর্বতে পরিণত হ'য়েছে। তবে এদের কাছ থেকে আমাদের গান্ধারীর কোনও উপকারই হ'লো না, একমাত্র বলা ছাড়া যে, ভুবনগান্ধারী বা রুদ্রগন্ধর্ব আমাদের গান্ধারীর পূর্বপুরুষ হ'লেও হ'তে পারে। কিন্তু আমাদের গান্ধারী আগে হ'য়েছে, কি, কর্ণাটিক রুদ্রগন্ধর্ব আগে হ'য়েছে সেইটাই সমস্যাজনক প্রশ্ন। তবে, হিন্দুস্থানে যখন কোনও খোঁজ পাওয়া গেল না!, তখন কর্ণাটিক থেকে এই অর্ব্বাচীন রূপের উৎপত্তি এ কথায় হয়তো কেউ আপত্তি করবে না। আধুনিক গান্ধারীর চার রকম রূপ আমরা পাই।

১ম—জ্ঞদণ। ২য়—ঋরজ্ঞদণ।
৩য়—ঋজ্ঞদণ। ৪র্থ—জ্ঞদধণ॥

গান্ধারীর প্রকৃত রূপ হারিয়ে যাওয়ার জন্যই যে তা'র এই দুর্দ্দশা তা' বোঝা শক্ত নয়। একই ঠাটে, একই ধরণের রাগে একটু এধার ওধার খোঁচ দিয়ে তফাৎ রাখার বিপদ অনেক (বাহাদুরীও আছে)—কিন্তু এই বিপদ মাথায় নিতে পূর্ব্বেকার গুণীরা রাজী ছিলেন। নূতন কিছু করার চেয়ে এই ভাবে ঠোকাঠুকি ক'রে চ'লতে তাঁরা কেন চাইতেন তা' অবশ্য আমি জানিনা। আসাওরি, জৌনপুরি ইত্যাদির বিচার করলে দেখবেন যে, টোকাটুকির প্রবৃত্তি আমাদের মধ্যে অত্যন্ত প্রবল। ধরণের রাগ শুনে আমরা তা'কেই সামান্য বদলে অন্য নাম দিয়ে উল্লাস বোধ ক'রে থাকি। অথচ সেই সাত স্বরের মধ্যেই সামান্য উলট্ পলট্ করলে একেবারে নূতন রাগ তৈরী হ'য়ে যায়—উদাহরণ দেখুন :—

ক। সরমপমদণস´ণদমজ্ঞরসা
খ। সরজ্ঞপণস´ণদমজ্ঞরসা
গ। সরজ্ঞমদণস´ণপমজ্ঞরসা

সেতারের গৎ

(পূর্ব্বানুবৃত্তি)

কাফি—ত্রিতাল

শিক্ষক—স্বর্গগত ওস্তাদ মহম্মদ আলী খাঁ (রবাবী)

স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী এম. এল. সি.

তান

+
১। পা র্সর্সা না র্সা ঃনঃ র্সা ণা ধা ণা ধা ণণা ণণা ধা পদা ঃদঃ পা I
ডা ডেরে ডা ডা আর্ ডা ডা রা ডা রা ডেরে ডেরে ডা র্ডা আর্ ডা

মা পা মা জ্ঞা মা জ্ঞা রা ণ্ া
ডা আর্ ডা ডা আর্ ডা ডা রা

+ ৩ ০
২। র্সর্সা ণণা র্সা র্সা ণণা ধধা ণা ণা | ধা পা -া মা গা মা -া পা I
ডের ডের ডা রা ডের্ ডের্ ডা রা | ডা ডরা আর্ ডা রা ডা আর্ ডা

+ ৩
জ্ঞা ঃমঃ জ্ঞা রা জ্ঞা সা রা ণ্ া
ডা র্ডা ডা ডা রা ডা ডা রা

\+ ৩
৩। মা ননা ধা ণা পা ধ গা মা গা গগা মমা পপা জ্ঞমা মজ্ঞা ঃজ্ঞঃ রা I
ডা ড্রে০ ডা রা ডা রা ডা রা ডা ড্রে০ ডেব্ ডেব্ ডা০ বৃডা আব্ ডা

\+
রা ঃজ্ঞঃ মা পা জ্ঞমা গা রা ণ্‌া
ডা আব্ ডা ডা রা০ ডা ডা রা

\+ ০ ১
৪। ণণা ণণা ধা র্সর্সা ণণা ধা মা মা পা র্সা ণা ধা ঃণঃ পা মা গা I
ডের ডের ডা ডের ডেব্ ডা ডা রা ডা রা আ ডা আব্ ডা ডা রা

\+ ৩
মা গা মমা পপা জ্ঞমা জ্ঞরা রা ণ্‌া
ডা রা ডেব্ ডেব্ ডা০ ড্রা০ আব্ ডা

\+
৫। মা পপা না র্সা র্রা র্সা ণা ধা ণা পপা ধধা মমা পা জ্ঞমা ঃমঃ জ্ঞা I
ডা ডের ডা রা রা রা ডা রা ডা ডের ডের ডের ডা বৃডা আব্ ডা

\+ ৩
মা পপা মা জ্ঞা রা সা রা ণ্‌া
ডা ডের ডা রা ডা রা ডা রা

\+
৬। মা ধধা ধা ধা ঃধঃ ণা পা ধা ণা ধা র্সর্সা ণণা ধা পদা ঃদঃ পা I
ডা ডেব্ ডা ডা আব্ ডা ডা রা ডা রা ডেব্ ডেব্ ডা বৃডা আব্ ডা

\+ ৩ ০ ১
মা -া পা জ্ঞা -া মা জ্ঞা রা সা ররা মা পা ধা ণা র্সা র্রা I
ডা আব্ ডা ডা আব্ ডা ডা রা ডা ডেব্ ডা ডা রা রা ডা রা

\+ ৩ ০ ১
র্রা র্সর্সা ননা র্সর্সা ণা ণধা ঃধঃ মা ণণা ণণা ধা র্সর্সা ণণা ধা পা পা I
ডা ডেব্ ডেব্ ডেব্ বৃডা আব্ ডা ডেব্ ডেব্ ডা ডেব্ ডেব্ ডা ডা রা

\+ ৩
মমা গগা মমা পপা মা জ্ঞরা ঃরঃ ণ্‌া
ডেব্ ডেব্ ডেব্ ডেব্ ডা বৃডা আব্ ডা

চিত্রকথা

পি. বি. বি.

বিদেশিনী—এম,·পি, প্রডাক্সনের নবতম অবদান। কাহিনী, চিত্রনাট্য, সংলাপ ও পরিচালনা করেছেন সুসাহিত্যিক শ্রীযুত প্রেমেন মিত্র। সংগীত-পরিচালনা করেছেন শ্রীযুত কমল দাশগুপ্ত। প্রধান চরিত্রগুলিকে রূপদান করেছেন যথাক্রমে শ্রীমতী কানন দেবী (নায়িকা), ধীরাজ ভট্টাচার্য্য (নায়ক)। রবি রায়, শৈলেন চৌধুরী প্রভৃতি।

এই ছবিখানাকে "প্রচার-চিত্র" বললেও অত্যুক্তি হয় না। ছবির গল্পাংশও তেমন জমাট হয় নি। বাংলা সিনেমা-ষ্টুডিওর আভ্যন্তরিক ব্যাপারও খানিকটা এতে টেনে আনা হয়েছে। সব মিলিয়ে একটা নতুন কিছু দেবার চেষ্টা এবং ইচ্ছাই হয়ত প্রেমেনবাবুর ছিল, কিন্তু বিধি বাম হওয়ায় বাংলার দর্শক-সমাজ সেদিক্ দিয়ে নিরাশ হয়েছে।

প্রেমেনবাবুর পরিচালনায় যে বৈশিষ্ট্য সাধারণতঃ দেখা যায় বিদেশিনীতে তা পূর্ণত্ব লাভ করেনি। আমরা তাঁর ন্যায় সুসাহিত্যিক ও পরিচালকের নিকট ইহাপেক্ষা উন্নত ধরণের প্রচেষ্টার আশা রাখি। ছবির সম্বন্ধে সংক্ষিপ্তভাবে এই কথা বলে এর সঙ্গীত-পরিচালনা সম্বন্ধে কিছু বলা প্রয়োজন মনে করি। সঙ্গীত-পরিচালনায় শ্রীযুত কমল দাশগুপ্ত বিশেষ কৃতিত্বের পরিচয় দেননি। একটী গানের সুর ভিন্ন অন্য আর কোনটাই মনে রেখাপাত করে না; নতুনত্বের অভাব বলে। "শেষ উত্তর", "দম্পতি" ও "বিদেশিনী" এই তিনটী মিলিয়ে কমলবাবুর দু'টী রূপ আমাদের চোখে পড়ে। "শেষ উত্তরে" তিনি সুন্দর, অপরূপ ও মনোহর সুর-শিল্পী। "দম্পতি" ও "বিদেশিনী" ছবিতে তিনি গতানুগতিকপন্থী। তাঁর নিকট আমরা যথেষ্ট আশা করেছিলাম, কিন্তু তা পাইনি এই ছবিতে। আশা করি আমাদের এই অনুযোগ তিনি পূরণ করবেন ভবিষ্যতে

শ্রীমতী রমলা চলচ্চিত্র সাংবাদিক-সঙ্ঘের বিচারে ১৯৪৩ খৃষ্টাব্দের হিন্দী ছবির শ্রেষ্ঠ অভিনেত্রী বলিয়া নির্ব্বাচিতা হইয়াছেন।

আজকাল প্রায় বাংলা ছবিতেই নিছক হাল্কা সুরের মারপ্যাচ বাঙ্গালী-সঙ্গীতপিপাসুদের সত্যিই বড় পীড়া দেয়।

সত্যিকারের ভাল সুর ও গান (ক্লাসিকই হউক আর আধুনিকই হউক) বাঙ্গালী নিতে জানে না অথবা বুঝতে অক্ষম বল্‌লে অন্যায় বলা হবে। বোম্বাই, লাহোর এবং অন্যান্য দেশীয় ছবির মিউজিক ও গানই তার প্রমাণ। অবশ্য এ কথাও বলি না যে, তাঁদেরও সব কিছুই ভাল এবং অতুলনীয়। হাল্কা সুরের মারপ্যাঁচ তাঁরাও দেখান, কিন্তু একটু উন্নতভাবে। তাতে একটু ক্লাসিকের আমেজ পাই বলেই বোধ হয় বাংলা ছবির হাল্কা গানের চেয়ে ঐ দেশীয় ছবির হাল্কা গান আমাদের অনেক সময় আনন্দ দেয় প্রচুর! বাংলার বর্ত্তমান সুরশিল্পীদের এ বিষয়ে আর উদাসীন থাকলে চল্‌বে না। তাঁদের দৃষ্টি এদিকে পড়লে বাংলা ছবির সংগীত বিভাগ বিশেষ সমৃদ্ধিশালী ও নূতনত্ব নিয়ে গড়ে উঠবে বলেই আমাদের বিশ্বাস।

ছবির নায়িকার ভূমিকায় কানন দেবী চরিত্রোপযোগী সু-অভিনয় করেছেন। কিন্তু একটী কথা, ভবিষ্যতে তাঁকে দিয়ে আর নায়িকার ভূমিকা চলবে কিনা, সে বিষয়ে প্রযোজক এবং ডাইরেক্টর মহোদয়গণকেই বিচার করে দেখতে অনুরোধ জানাচ্ছি। ধীরাজবাবুর অভিনয় চলনসই। শৈলেন চৌধুরী ও রবি রায় সু-অভিনয় করেছেন। চিত্রগ্রহণ ও শব্দানুলেখন ভাল। অল্প দোষত্রুটী থাক্‌লেও ছবিখানা আরও কিছুদিন দর্শকদের আনন্দ দিতে পারবে বলেই মনে হয়।

প্রতিকার—শ্রীভারতলক্ষ্মী পিক্‌চাসের নবতম অবদান 'প্রতিকার' শ্রীযুক্ত ছবি বিশ্বাসের সুযোগ্য এবং সাহসী পরিচালনায় প্রায় সমাপ্তির পথে এসে দাঁড়িয়েছে। এতে ইনি প্রধান ভূমিকায় অবতীর্ণ হ'য়েছেন। এর কাহিনী লিখেছেন বাংলার অন্যতম শ্রেষ্ঠ গল্প-লেখক এবং পরিচালক শ্রীযুক্ত প্রেমেন্দ্র মিত্র। ধনী এবং দরিদ্রের সংগ্রামকেই এই কাহিনীতে রূপায়িত করা হ'য়েছে।

গত দু'তিন সপ্তাহ ধ'রে প্রধান অভিনেতা এবং অভিনেত্রীবর্গ অক্লান্ত পরিশ্রমে কাহিনীর অন্যতম ঘোরালো চরিত্র—স্যার বি. পি'র একটি হলের দৃশ্যের কাজ করছেন। আর্ট ডিরেক্টার শ্রীযুক্ত সত্যেন চৌধুরীর অপূর্ব্ব কলানৈপুণ্য এই দৃশ্যকে উজ্জ্বল ক'রে তুলেছে। পটভূমিতে পিরামিড-গুলি দিয়ে স্যার বি. পি'র জীবনের কঠিন ধৈর্য্যের সঙ্গে অর্পিত সৌভাগ্যের অপূর্ব্ব একটী রূপক চমৎকার ভাবে ফুটিয়ে তোলা হ'য়েছে। শ্রীযুক্ত শৈলেন চৌধুরী এই চরিত্রে অভূতপূর্ব্ব ক্ষমতার পরিচয় দিয়েছেন এবং তাঁর পুত্রের ভূমিকায় শ্রীযুক্ত ছবি বিশ্বাস অত্যন্ত জটিল এবং দ্বিমুখী মনের একটী রূপকে কৃতিত্বের সঙ্গে ফুটিয়ে তুল্‌ছেন।

স্ত্রী চরিত্রের ভূমিকায় সুপরিচিতা অভিনেত্রী শ্রীযুক্তা রেণুকা রায় নায়িকার অংশে অভিনয় করছেন।

তা ছাড়া বন্দনা দেবী, রেখা দেবী এবং নূতন আবিষ্কৃতা সুগায়িকা বরুণা রায়ও এতে আছেন। তাঁর কণ্ঠস্বর যে চিত্রজগতে একটা সাড়া জাগাতে পারবে তাতে কোনও সন্দেহ নেই।

কুমার শচীন দেববর্ম্মা সঙ্গীত-পরিচালনা করছেন।

চলচ্চিত্রে কবি হারীন্দ্রনাথ

ভারতের বিদগ্ধজন সমাজে কবি শ্রীযুক্ত হারীন্দ্রনাথ চট্টোপাধ্যায় সুপরিচিত। তাঁর ইংরাজী কবিতা ও সঙ্গীতপ্রতিভা ভারতের বিদগ্ধজনকে বিশেষ মুগ্ধ করেছে। সংপ্রতি একটি সংবাদে আমরা বিশেষ আনন্দিত হ'লাম যে, কবি হারীন্দ্রনাথ বোম্বাইয়ের বিখ্যাত চিত্রপ্রযোজক জে, বি, এইচ্ ওয়াদিয়া কর্ত্তৃক একটি চুক্তিতে আবদ্ধ হয়েছেন। চিত্রামোদী সুধীজনের নিকট এ সংবাদ শুভ সন্দেহ নেই। আমরা আশা করি, শ্রীযুক্ত ওয়াদিয়া কবি হারীন্দ্রনাথের ন্যায় মনীষা-দীপ্ত প্রতিভাশালী ব্যক্তির দ্বারা

ভারতীয় চলচ্চিত্রশিল্পকে অধিকতর উৎকর্ষ দান করতে সমর্থ হবেন।

বর্ত্তমানে শ্রীযুক্ত হারীন্দ্রনাথ ওয়াদিয়ার "ইণ্ডিয়া কলিং" নামক ছবির কাজ করছেন। ইতিপূর্ব্বে শ্রীযুক্ত ওয়াদিয়া এই ছবিটি আন্তর্জাতিকভাবে প্রযোজনার পরিকল্পনা করেছিলেন, কিন্তু জানা গেল যে, লাইসেন্স ও পরিবেশনায় বিশেষ বাধা থাকায় তিনি সে কল্পনা ত্যাগ করেছেন। ছবিটি হিন্দী ভাষাতেই গৃহীত হবে। এর গল্প, চিত্রনাট্য, সংলাপ ও সঙ্গীত-রচনা কবি হারীন্দ্রনাথই করবেন। এ ছাড়া এর সুর-সংযোজনার ভারও তাঁর ওপর অর্পিত হয়েছে এবং তিনি একটি প্রধান চরিত্রে অবতীর্ণ হয়ে তাঁর অভিনয়-কলানৈপুণ্যেও চিত্রা-মোদীকে মুগ্ধ করবেন।

বঙ্গীয় চলচ্চিত্র দর্শক সমিতি—বঙ্গীয় চলচ্চিত্র দর্শক সমিতি কর্তৃক ১৯৪৩ খৃষ্টাব্দের সর্ব্বশ্রেষ্ঠ চিত্র, পরিচালক, সঙ্গীত-পরিচালক, কাহিনীকার অভিনেত্রী ও অভিনেতা নির্ব্বাচন করেছেন। সমিতির বিচারে 'কাশীনাথ' শ্রেষ্ঠ চিত্র, নীতিন বসু শ্রেষ্ঠ পরিচালক, কমল দাশগুপ্ত শ্রেষ্ঠ সুরকার, প্রেমেন্দ্র মিত্র শ্রেষ্ঠ কাহিনী লেখক, ৺দুর্গাদাস শ্রেষ্ঠ অভিনেতা ও চন্দ্রাবতী শ্রেষ্ঠ অভিনেত্রী নির্ব্বাচিত হয়েছেন। বঙ্গীয় চলচ্চিত্র দর্শক সমিতির এই নির্ব্বাচন যে যথাযোগ্য রূপেই হয়েছে, তাতে সন্দেহের অবকাশ নেই। আমরাও তাঁদের সঙ্গে একমত হয়ে এঁদের অভিনন্দিত করছি।

শ্রীভারতলক্ষ্মীর "মাটির ঘর" চিত্রের একটি দৃশ্যে জহর ও পদ্মা দেবী। ছবিটি সগৌরবে উত্তরায় চলছে।

সঙ্গীত মজ্‌লিস

বিগত ৭ই মে সাহিত্যিক ও তবলা বাদক শ্রীযুক্ত রবীন্দ্রকুমার বসুর কলেজ ষ্ট্রীটস্থ ভবনে এক সঙ্গীতানুষ্ঠানের আয়োজন হয়। এই অনুষ্ঠানে প্রসিদ্ধ প্রবীণ গায়ক শ্রীযুক্ত সাতকড়ি মালাকার, শ্রীযুক্ত বিপ্রদাস নন্দী, শ্রীযুক্ত পবিত্র দাশগুপ্ত প্রভৃতি উচ্চাঙ্গের খেয়াল গান করেন। সুপ্রসিদ্ধ হারমোনিয়ম বাদক শ্রীযুক্ত সিদ্ধেশ্বর দাস (সিধুবাবু) মহাশয়ের হারমোনিয়ম বাদ্য অতিশয় মনোমুগ্ধকর হইয়াছিল। ইঁহাদের সহিত তবলা সঙ্গত করিয়াছিলেন রবীন্দ্রবাবু স্বয়ং। সেদিনের এই অনুষ্ঠানটি এক সুমধুর সঙ্গীতরস পরিবেশনের মধ্য দিয়া সমাধা হয়।

আর্য্য-সঙ্গীত বিদ্যাপীঠ

গত ১২ই মে শুক্রবার সন্ধ্যায় আর্য্য সঙ্গীত বিদ্যাপীঠের গ্রীষ্মাবকাশ উপলক্ষে এক উৎসব উক্ত বিদ্যাপীঠের বীণাপাণি হলে ছাত্রসঙ্ঘের উদ্যোগে সুসম্পন্ন হইয়াছে। উৎসবে বিখ্যাত গায়ক অধ্যাপক শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় সঙ্গীতরত্নাকর মহাশয় খেয়াল সঙ্গীতে সকলকেই চমৎকৃত ও বিমোহিত করিয়াছেন। শ্রীযুক্ত ধীরেন সেন ও বিনয় রায়চৌধুরী তাঁহার সহিত সঙ্গত করেন। উৎসবে যাঁহারা যোগদান করিয়াছেন ছাত্রসঙ্ঘ হইতে তাঁহাদিগকে ধন্যবাদ দেওয়া হয়। পরিশেষে জলযোগের দ্বারা সকলকে আপ্যায়িত করা হয়। বিদ্যাপীঠ ১৫ই মে হইতে আগামী ২রা জুলাই পর্য্যন্ত বন্ধ থাকিবে।

রিষিড়া বয়েজ লাইব্রেরী

রিষিড়া বয়েজ লাইব্রেরীর উদ্যোগে বিগত ৩১শে বৈশাখ অপরাহ্নে 'শহীদ-আশ্রমস্থিত' আম্রকুঞ্জে বিশ্বকবি রবীন্দ্রনাথের. ৮৪তম জন্মোৎসব প্রবর্ত্তক-সম্পাদক শ্রীরাধারমণ চৌধুরীর পৌরোহিত্যে অনুষ্ঠিত হয়। বিশ্বকবির প্রতিকৃতিতে উপস্থিত সকলের পক্ষে সভাপতি মাল্য দান করেন। ব্যায়াম সমিতির সভ্যাবৃন্দ কর্ত্তৃক কবির 'জনগণ-মন অধিনায়ক' সঙ্গীতটি গীত হইবার পর, কবি বিনয়ভূষণ দাশগুপ্ত একটি সময়োপযোগী কবিতা পাঠ করেন এবং বাসন্তী চক্রবর্ত্তী, গৌরী কাঞ্জিলাল, কমলা শ্রীবাস্তব, বীণা চক্রবর্ত্তী গীত ও আবৃত্তির দ্বারা উপস্থিত সকলকেই পরিতৃপ্ত করেন। অধ্যাপক ত্রিগুণানাথ বন্দ্যোপাধ্যায়, আকুলি মিশ্র, কৃষ্ণগোপাল পাকড়াশী, ললিতচন্দ্র চড় প্রমুখ বক্তাগণ এবং অবশেষে সভাপতি মহাশয় রবীন্দ্র-জীবনীর বিভিন্ন দিগ্‌দর্শন করাইয়া কবীন্দ্রের পুণ্য স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেন। শহীদ আশ্রমের মনোরম প্রাকৃতিক পরিবেশ এবং ইহার গঠনমূলক ভাব ও আদর্শ বিশ্বকবির স্মৃতিপূজার পক্ষে খুবই উপযোগী হইয়াছিল।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি।
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ

২১শ বর্ষ } আষাঢ়, ১৩৫১ সাল { ৩য় সংখ্যা

উত্তর ভারতীয় সঙ্গীতকলা

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

ঋক, যজু ও সাম এই বেদত্রয়ীর মধ্য দিয়ে মার্গ-সঙ্গীতের স্বরগ্রামের আদিম কাঠামো উদ্ভূত হয়েছে। অপৌরুষেয় সত্যও সৃষ্টির মধ্যে এসে ক্রমবিকাশের পথকে অস্বীকার করতে পারে না—কেননা মানব-মনের ক্রমবিকাশের মধ্য দিয়েই তার প্রকাশ। আমরা প্রথমে ঋগ্বেদে ন্‌া সা ও রা বা ঋা এই তিন স্বরের মধ্যেই মন্ত্রসকলকে পরিক্রমা করতে দেখি—কখনও কখনও প্‌া-এর প্রয়োগ সে যুগেও হয়েছে। এই সকল সুর বা প্‌া ণ্‌া সা ঋা-কে অনুদাত্ত, উদাত্ত ও স্বরিত এই তিন ভাগে ভাগ করা হয়েছে। সা-কে মেরু ক'রে সা-এর নীচু সব সুর অনুদাত্ত, সা উদাত্ত ও ঋ স্বরিত। যজুর্ব্বেদে একদিকে ধ্‌া ও অপরদিকে জ্ঞা সুরের বিকাশ দেখা যায়। Fox Strangways সাহেব কোনো কোনো যজুর্ব্বেদীর কণ্ঠে মা সুরের প্রয়োগও দেখেছেন।

ঋক্‌প্রতিসাখ্য, নারদ শিক্ষা ও সায়নাচার্য্যের বেদ ব্যাখ্যায় সামগানের মধ্যে সপ্তকের পূর্ণ বিকাশ, এমন কি শুদ্ধ ও বিকৃত ভেদে দ্বাদশ স্বরের প্রয়োগ উল্লিখিত হয়েছে। বলা বাহুল্য, ঋগ্বেদ হচ্ছে স্তোত্রমন্ত্র, যজুর্ব্বেদ যজ্ঞীয় কৃত্যের পদাবলী আর সামবেদই প্রকৃত গান বা গীতিপদবাচ্য। তাই সামবেদের সঙ্গে সঙ্গে সপ্তকের পূর্ণ অভিব্যক্তিই স্বাভাবিক। ঋক্‌প্রতিসাখ্য গ্রন্থে সামগান বিষয়ে মন্দ্র, মধ্য ও তার এই ত্রিস্থান, সপ্তপ্রকার যাম বা

স্বর ও সেগুলির শুদ্ধ ও বিকৃতাদি ভেদ প্রদর্শিত হয়েছে। সামগান অনুসরণ ক'রেই মহাভারতাদি পৌরাণিক মহাগ্রন্থে গ্রাম, মূর্চ্ছনা প্রভৃতির ক্রমবিকাশ পরিদৃষ্ট হয়।

সামগানে প্রযুক্ত প্, ধ্, ও ণ্, পূর্ব্ববৎ অনুদাত্ত স্বরনিচয়ের অন্তর্গত; সা এ ক্ষেত্রেও উদাত্ত, ঋ স্বরিত এবং জ্ঞা ও মা যথাক্রমে ক্রুষ্ট ও অতিস্বর্য্য নামে প্রখ্যাত। ঐকালের লৌকিক সঙ্গীতের সুরের সহিত সামীয় মার্গ-সঙ্গীতের এক অবিচ্ছিন্ন সম্বন্ধ ছিল—একথা অস্বীকার করা যায় না; কেননা মানব-মনের ও কণ্ঠের স্বভাবজ বিকাশের অনুসরণ ক'রেই অপৌরুষেয় সত্য স্বর-সকল ঋষিচিত্তে প্রতিফলিত হয়েছে ও আর্য কণ্ঠে ধ্বনি পেয়েছে।

সামগানের আবৃত্তিতে সাম্প্রদায়িক ভেদের পরিচয় পাওয়া যায়—কিন্তু তাতে কিছু আসে যায় না। কেননা গীতমন্ত্রের সুরসকলের শ্রুতিগত ব্যবধান বিভিন্ন আবৃত্তিতে পরিবর্ত্তিত হয় নি—শুধু স্বরকেন্দ্রের পরিবর্ত্তন হয়েছে। বিচিত্রতা, ব্যক্তিস্বাতন্ত্র্য ও প্রেরণার স্বাধীনতা, পরবর্ত্তী যুগের মতো বৈদিক যুগে অচল কাঠামোর মধ্যে বিনষ্ট ক'রে দেওয়া হয়নি। সম্প্রদায়ভেদে গানের আবৃত্তি ভেদে কোনো পাপাশঙ্কা সে যুগে ছিল না—অথচ বৈচিত্র্যের মধ্যেও এক সামঞ্জস্য ফুটে উঠেছে—পরিষ্কার ভাষায় বল্‌তে গেলে, বিভিন্ন সামগা সম্প্রদায় একই ধরণের সপ্তক অনুসরণ করেছেন, কিন্তু প্রেরণা অনুযায়ী সেই সপ্তকের মধ্যেই নানা স্বরবৈচিত্র্যে কুণ্ঠিত হননি।

উদাহরণস্বরূপ আমরা সায়নাচার্য্য-সম্প্রদায় কৃত স্বরলিপি ও কৃষ্ণস্বামী শ্রৌতির সম্প্রদায়ানুসৃত স্বরলিপির প্রভেদ একই সামমন্ত্রে পাই—কিন্তু এতদুভয়ের মধ্যে সুরের ঠাটের কোনো তফাৎ হয়নি—সংস্কৃত সঙ্গীতের শুদ্ধ ঠাট এই দুইয়েই রক্ষিত হয়েছে।

	অ	গ্ন	আ	য়া	হি	বী	ত	য়ে
সায়নকৃত	ণ্ । ধ্ ।	সা	সা -া	সা ঋা	সা	সা জ্ঞা	ঋা	ঋা জ্ঞা ঋা সা -া
কৃষ্ণস্বামীকৃত	জ্ঞা -া	জ্ঞা	পা -া	পা -া	মা	পা ধা	পা	পা -া ধা পা -া
	গৃ	ণা	নো	হ	ব্য	দা	ত	য়ে
সায়নকৃত	সা	সা জ্ঞা	ঋা -া	ঋা -া	জ্ঞা	ঋা -া	জ্ঞা	ঋা -া সা -া
কৃষ্ণস্বামীকৃত	পা	পা ধা	পা -া	পা -া	ধা	পা -া	ধা	পা -া মা -া
	নি	হো	তা	সৎ	সি	ব	র্হি	ষি
সায়নকৃত	জ্ঞা	ঋা জ্ঞা	জ্ঞা ঋা	সা -া	ণ্ ।	ধ্ । সা	ণ্ ।	সা -া ণ্ । ধ্ । -া
কৃষ্ণস্বামীকৃত	পা	পা ধা	পা মা	মা -া	জ্ঞা	জ্ঞপা -া	মা	পা -া মা জ্ঞা -া

এই উভয়ই একই ঠাট্ বা হিন্দুস্থানী কাফি-ভৈরবী, মিশ্র ঠাট্ যাকে সংস্কৃতে শুদ্ধ সপ্তক বলে তাই অনুসরণ করেছে—কিন্তু সুরের বৈচিত্র্য, সাম্প্রদায়িক বৈচিত্র্যের মধ্য দিয়ে স্বাধীন বিকাশও পেয়েছে। বর্ত্তমানে সায়ন সম্প্রদায় দাক্ষিণাত্যের তাঞ্জোর ও তিন্নাভেলি জেলায় ও কৃষ্ণস্বামী শ্রৌতী সম্প্রদায় বরাহুর অঞ্চলে প্রতিষ্ঠিত। বেদমন্ত্র পাঠে গুর্জ্জরদেশস্থ-পণ্ডিতগণও অনেকটা সংস্কৃত ঠাটেরই অনুসরণ করেন।

সায়ন সম্প্রদায়ের এক অত্যুজ্জ্বল রত্ন প্রখ্যাতনামা পণ্ডিত কপালী শাস্ত্রী বিগত ৬।৭ বৎসর যাবৎ পণ্ডিচেরীতে শ্রীঅরবিন্দাশ্রমে সাধন করেন। তাঁর বেদত্রয়ীর উপর অসামান্য অধিকার শুধু জ্ঞানে নয়, গানেও সুপরিস্ফুট। তাঁর শ্রুতিস্বরমণ্ডিত সুকণ্ঠে সামগান শ্রবণের সৌভাগ্য আমার হয়েছিল, তাতেও দেখেছি যে, সামগানের ঠাট্ সংস্কৃত ভরত ও সঙ্গীতরত্নাকরের মার্গেরই জনক। সামগানের ঠাট হ'তেই পরবর্ত্তী শুদ্ধ ষড়্‌জগ্রামের ঠাট উদ্ভূত হ'য়েছে।

ক্রমশঃ

স্বরলিপি

সাহানা—ঝাঁপতাল

জয়তি শতদল-কমল-বাসিনি সুহাসিকে,
বদন-শশি কর প্রকাশি জড়তা-তম-নাশিকে।
বর-বিমল-চারু-কর কলিত-সুর-যন্ত্রিকে,
মাধবী-মুকুলপর বদ্ধ-কুচাঞ্জলিকে।
ভ্রমতি-চরণাব্জে তব সুধী-মধুপ-মণ্ডলী,
গ্রাহ্য কুরু মূঢ়-কৃত কবিতা-কুসুমাঞ্জলি।
রাগ-স্বর-তাল-লয় ছন্দহীন বালকে,
ক্ষমহ সুরবন্দিনি সর্ব্বগুণদায়িকে।

কথা ও সুর—সঙ্গীতকেশরী স্বর্গত অনন্তলাল বন্দ্যোপাধ্যায়

স্বরলিপি—সঙ্গীতরত্নাকর শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

২´		৩			০		১		
{মা	মা	মা	মা	মা	পা	পা	পা	মা	পা
জ	য়	তি	শ	ত	দ	ল	ক	ম	ল
২´		৩			০		১		
র্সা	-া	ণা	পা	পা	মা	পধা	পধপা	মজ্ঞা	-া}
বা	০	সি	নি	সু	হা	০০	সি০	কে০	০
২´		৩			০		১		
জ্ঞা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	মা	রা	রা	জ্ঞা	সা	সা
ব	দ	ন	শ	শি	ক	র	প্র	কা	শি
২´		৩			০		১		
রা	মা	মা	পা	পা	মা	পধা	মপা	মজ্ঞা	-া
জ	ড়	তা	ত	ম	না	০০	সি	কে০	০

২´	৩	০	১
॥{মা পা	ণা ধা ণা	র্সা -া	র্সা র্সা র্সা
স্ব র	বি ম ল	চা ০	রু ক র

২´	৩	০	১
র্সণা র্রা	র্রা র্রা র্সা	ণা র্সর্রা	ণর্সা ণা ধা}
ক লি	ত সু র	ষ ০০	ত্রি কে ০

২´	৩	০	১
ণা -া	পা মা পা	মা জ্ঞা	মা রা সা
মা ০	ধ বী মু	কু ল	প র ০

২´	৩	০	২
রা -া	মা মা পা	মা পধা	মপা মজ্ঞা -া ॥
ব ০	ঙ্ক কু চ	জা ০০	লি কে০ ০ ॥

২´	৩	০	১
মা মা	মা মা মা	পা -া	পা মা পা
ভ্র ম	তি চ র	ণা ০	জে ত ব

২´	৩	০	২
ণা ধা	ণা ধা পা	মা পধা	মপা মজ্ঞা -া
সু ধী	ম ধু প	ম ০০	গু০ লী০ ০

২´	৩	০	১
জ্ঞা -া	জ্ঞা জ্ঞা মা	রা -া	রা সা সা
গ্রা ০	হু কু রু	মূ ০	ঢ় কু ত

২´	৩	০	১
রা মা	মা পা পা	মা পধা	মপা মজ্ঞা -া ॥
ক বি	তা কু সু	মা ০০	ঞ্জ লি০ ০ ॥

২´		৩			০		১		
{মা	পা	ণধা	ণা	ণা	র্সা	-া	র্সা	র্সা	র্সা
রা	০	গ০	স্ব	র	তা	০	ল	ল	য়
র্সণা	-া	র্সা	র্রা	র্সা	ণা	র্সর্রা	ণর্সা	ণা	ধা}
ছ	০	ন্দ	হী	ন	বা	০০	ল	কে	০
ণা	ণা	ধা	পা	মা	পা	ধপা	ধা	ণা	র্রা
ক্ষ	ম	হ	সু	র	ব	০০	ন্দি	নী	০
র্সা	-া	ণা	ধা	পা	মা	পধা	মপা	মজ্ঞা	-া
স	০	র্ব্ব	গু	ণ	দা	০০	য়ি	কে০	০

গান

শ্রীদক্ষিণারঞ্জন কর চৌধুরী এম. এ.

কেতকী আবার জাগিল—
দীর্ঘদিনের কোন্ রুদ্ধ নিশাস
বাদলের সুরে সুরে লাগিল।

অপার গগনতলে উতল পবন,
দূরের মায়ায় আজি হৃদয় মগন,
কদম্ববনে কার নিভৃত স্বপন
সুন্দর বেদনায় রাঙিল।

সে যে কাঁটার বাঁধন নাহি মানে গো—
স্মরণের পারে কোন্ করুণ আঁখি
অশ্রু ঢালিল তার প্রাণে গো!

যে ব্যথা সুরভি হয়ে ছিল গোপনে
মরমে লুকানো, আজি বাদল ক্ষণে
বিরাম বিহীন মৃদু মিনতি সুরে
হারানো সে মরমীরে মাগিল॥

স্বরলিপি

জানি জানি
এ বিরহ মোর আজিকার নয়
শত জনমের খেলা ভাঙ্গা
এই খেলাখানি।

তুমি চিরসীতা অশোক কাননে
মিলিবে না কভু এ বিরহী সনে,
সেদিনের ব্যথা আজো শুনি
করে কানাকানি।

মেঘদূত সেকি অতীত কখন
রামগিরি আর অলকায়
প্রথম আষাঢ়ে আজো আঁখিজল
নব মেঘদূত রচে হায়।

লয়লা কাঁদিছে তব হিয়াতলে
মজনুর ব্যথা মোর প্রাণে জ্বলে,
যুগে যুগে মোরা ক্ষণিক মিলনে
চির বিরহের সুর টানি। *

কথা—৺অজয় ভট্টাচার্য্য   সুর—শ্রীশৈলেশ দত্তগুপ্ত   স্বরলিপি—শ্রীধনঞ্জয় ভট্টাচার্য্য

```
          +                 ২                  +                  ২
সা ণ্ । I] সা -পা পা -া | -া  -া  -া  -া I পা  ধা  ণা  র্সা | র্সা -ণর্রর্সা -ণা -া I
জা নি     জা  ০  নি  ০ |  ০   ০   ০   ০   এ   বি   র   হ  | মো   ০০০    ০  র্

+                      ২                         +                  ২
ণা ণা ণধপা -ধপা | -পজ্ঞা -া -া -া I জ্ঞা দা দা দা | দা -া -া -া I
আ  জি কা০  র০       ন   য়্  ০  ০   শ   ত  জ  ন  | মে  ০  ০  র্

+                      ২                    +                       ২
পা পণা ণা ণা | পাঃ দঃ মা মা I জ্ঞা -জ্ঞপা পা -মা | -মা -া মসা ণ্া II
খে লা০ ভা ঙা | এ   ই  খে লা   খা   ০   নি  ০  |  ০   ০ "জা  নি"
```

---

* "পাইওনিয়ার রেকর্ডে" শ্রীযুক্ত সত্যগোপাল দেব কর্ত্তৃক গীত।

	+				২				+				২				
II {-া	র্সা	র্সা	র্সা	ণদা	-া	দা	দা I	পা	দা	পা	মা	জ্ঞা	-দা	পা	-া I
	০	তু	মি	চি	র	০	সী	তা	অ	শো	ক	বা	ন	০	নে	০

+				২				+				২				
-া	পা	দা	র্সা	দা	-র্সা	র্সা	র্সা I	ণা	র্সা	র্রা	জ্ঞা	জ্ঞর্রা	-র্সরা	র্সা	-া} I
০	মি	লি	বে	না	০	ক	ভু	এ	বি	র	হী	স০	০০	নে	০

+				২				+				২				
সা	র্রা	র্সণা	-া	ণা	-া	র্সর্রা	জ্ঞা I	র্রা	-র্সা	জ্ঞা	র্রা	র্সা	-া	সসা	সা I
সে	দি	নে	র্	ব্য	০	থা০	০	আ	০	জো	ও	নি	০	ক	রে

+				২				+				২				
রা	র	রা	-পা	মজ্ঞা	-া	রা	সা I	রা	-ণ্	সা	-া	-া	-া	সা	ণ্ II
কা	না	কা	০	নি	০	জা	নি	জা	০	নি	০	০	০	"জা	নি"

	+				২				+				২				
II	সা	-মা	মা	-া	-া	-া	মা	মা I	জ্ঞা	মা	জ্ঞা	সা	সা	-রসা	-ণ্	-া I
	মে	ঘ্	দূ	০	০	ত	সে	কি	অ	তী	ত	ক	থ	০০	০	ন্

+				২				+				২				
ণ্	সা	গা	গা	গা	মা	পা	গা I	মা	-া	-া	-া	-া	-া	-া	-া I
রা	ম	গি	রি	আ	র	অ	ল	কা	য়্	০	০	০	০	০	০

+				২				+				২				
মা	দা	দা	মা	দা	-া	দা	-মা I	মা	দা	ণা	র্সা	ণা	-র্সা	-া	ণা I
প্র	থ	ম	আ	ষা	০	ঢ়ে	০	আ	জো	আঁ	খি	জ	০	০	ল

+				২				+				২				
ণা	র্সণা	দা	-া	পা	মা	পা	গা I	মা	-া	-া	-া	সা	-দা	-া	-া I
ন	ব০	মে	ঘ্	দূ	ত	র	চে	হা	০	০	য়	হা	য়	০	০

\+ ২ + ২
দা দা দা -া | পা পমা পা গা I মা -া -া -া | -া -া -া -া I
ন ব মে ঘ্‌ | দূ ত র চে হা য় ০ ০ | ০ ০ ০ ০

এ

\+ ২ + ২
{র্সা -া র্সা র্সা | ণর্সা -ণা দা -দা I মা দা র্সা র্না | র্সা -া র্সা -া I
ল য় লা কাঁ দি০ ০ ছে ০ ত ব হি য়া | ত ০ লে ০

তুমি যে

\+ ২ + ২
র্সা র্রা র্সণা -া ণা -া র্সর্রা -র্জ্ঞা I র্রা -া র্জ্ঞা র্মা | র্জ্ঞর্রা -র্সর্রা র্সা -া} I
ম ন ব্য ০ থা০ ০ মো র্‌ প্রা ণে | জ০ ০০লে ০

\+ ২ + ২
র্সা র্সর্রা র্সা র্সা | ণা -া ণা -া I ধা ণা ধা পা | মা -দা পা -া I
যু গে যু গে | মো ০ রা ০ ক্ষ ণি ক মি | ল ০ নে ০

ক

২ +
সা রা মা -মা পা -া পা মা I পর্সা -ণর্সা ণদা -া -া -া সা ণ্‌া II
চি র বি র হে র সু র টা০ ০০ নি ০ ০ ০ "জা নি"

তাল

শ্রীপিণাকপাণি পাঠক

তাল বিষয় বিশেষ রূপ বর্ণন করিতে হইলে এই বলা আবশ্যক হইতেছে যে, মাত্রানুযায়ী শব্দের দ্বারা অনন্ত কালকে ছন্দ করিয়া বিভাগ করাই তাল। অমরসিংহ বলিয়াছেন "তাল, কাল, ক্রিয়া, মানং" অর্থাৎ এক দুই তিন ইত্যাদি মাত্রা নিয়মিত কাল এবং আঘাত উভয়ের মিলনে একটী তাল হয়। সঙ্গীতবিশারদ মহা-মহোপাধ্যায় মধু বলিয়া গিয়াছেন—"কালস্য একাদ্বিত্রি-মাত্রা নিয়মিতস্য ক্রিয়ায়াঃ পরিস্পনাত্মিকায় ইতি।" ইহার অর্থ পূর্ব্বেই বলিলাম। তাল শব্দের যৌগিক অর্থ বিষয়ে অনেক মতামত আছে। কেহ বলেন তাল শব্দের উত্তর "অস" প্রত্যয় করিয়া তাল শব্দের ব্যুৎপত্তি হইয়াছে। কারণ দুই করতালের আঘাতে যে ধ্বনি উৎপন্ন হয় তাহা দ্বারাই সচরাচর জ্ঞান হয়। কেহ বলেন, প্রতিষ্ঠাবাচক "তাল" ধাতুর উত্তর যঞ প্রত্যয় করিয়া তাল শব্দ হইয়াছে। কারণ, গীত, বাদ্য, নৃত্য, তিনই তাহাতে প্রতিষ্ঠিত। কেহ বলেন "তা" অর্থ মহাদেব, "ল" অর্থ পার্ব্বতী তাণ্ডব অর্থ পুং নৃত্য ও লাস্য অর্থাৎ স্ত্রীনৃত্য। ইহাদের আদি অক্ষর "তা" ও "ল" লইয়াই তাল শব্দের সৃষ্টি হইয়াছে।

"হস্তদ্বয়স্য সংযোগে বিয়োগে চাপি বর্ত্ততে, ব্যাপ্তি মান যো দশপ্রাণঃ স কাল স্তাল সংজ্ঞক" ইতি রাগার্ণবে তাল-স্থল প্রতিষ্ঠায়ামিতি ধাত্তের্থশ্চ স্মৃতঃ। গীত বাদ্যং তথা নৃত্যং মতস্তালে প্রতিষ্ঠিতং" ইতি বিজ্ঞনেশ্বর।

তকারে শঙ্কর প্রক্তো · লকারে পার্ব্বতি স্মৃতা শিবশক্তি গমা যোগা তাল ইত্যভিধিয়তে। ইতি সঙ্গীতদর্পণে।

তাণ্ডব স্যাদ্য বর্ণেন লকারো লাস্য শব্দভাবং।
সদা সঙ্গ ভূতে লোকে তদা তাল প্রকীর্ত্তিতঃ॥

ইতি সঙ্গীতার্ণবে

এতদ্ভিন্ন তাল শব্দের অন্যান্য ব্যুৎপত্তি আছে। গ্রন্থ বাহুল্যভয়ে সে সমস্ত প্রদত্ত হইল না। ফলকথা এই যে, সময়কে ছন্দ অনুসারে সমভাগে বিভাগ করাকেই তাল বলিতে হইবে। সেই ছন্দসকল মাত্রা গতিভেদ অনুযায়ী ভিন্ন তাল বলিয়া প্রসিদ্ধ হইয়াছে, যথা—সুরফাঁকতাল ও ঝাঁপতাল উভয়ই পাঁচ মাত্রার তাল। তবে সুরফাঁকতালে পাঁচটী পূর্ণ মাত্রা আছে এবং ঝাঁপ-তালে চারিটী পূর্ণ মাত্রা ও দুইটী অর্দ্ধ মাত্রা আছে। যদিও পাঁচটী মাত্রা আছে বটে কিন্তু অর্দ্ধ মাত্রা দ্বারা গতিভেদ হওয়াতে পৃথক পৃথক মূর্ত্তিলাভ করিয়াছে, সুতরাং পৃথক পৃথক তাল বলিয়া পরিগণিত হইয়াছে। যত প্রকার তাল আছে সকলই লয়ভুক্ত। যে লয়ে গায়ক গান করিবেন, সেই লয়েই তাল দিতে হইবে। তবে লয়কে দ্বিগুণ, চৌগুণ, অষ্টগুণ, দেড় গুণ এবং নানারূপ ভাগ করা যাইতে পারে, সকলই সময় বিভাগ ও হরণ পূরণ মাত্র। লয়ের কিঞ্চিৎ বিকৃতি করিলে তাহাকে বেলয় ও বেতাল বলা যায়। লয়কে নানারূপে ভাগ করিলে সমভাগেই হউক কিম্বা সওয়াই, দেড়াই বা আড়াই ইত্যাদি ভাগেই হউক বিবিধ ছন্দের উৎপত্তি হয়। লয় দ্রুত অথবা বিলম্বিত হইবার বিশেষ কোন পরিমাণ নাই। কারণ একজন যে লয়কে বিলম্বিত বলিয়া স্বীকার করে আর একজন তাহাকে দুন অর্থাৎ দ্রুত বলিতে পারে, তবে সাধারণতঃ লোকে যাহা প্রচলিত আছে তাহা দ্রুত, বিলম্বিত ইত্যাদি বলিয়া স্বীকার করে। তবে ইহা স্থির যে, দ্রুত যে পরিমাণ হইবে, তাহার মধ্যে দ্বিগুণ এবং বিলম্বিত (মধ্যের) দ্বিগুণ দীর্ঘ হইবে, যথা—

"দ্রুতো মধ্যে বিলম্বশ্চ দ্রুতঃ শীঘ্র তমো মতঃ।
দ্বিগুণ দ্বিগুণৌ জ্ঞেয়ৌ তস্মান্মধ্য বিলম্বতোঃ॥

ইতি সঙ্গীত দর্পণে।

অনেকেরই এক প্রকার স্বাভাবিক লয় বোধ থাকে, সেই লয় ক্রমশঃ আলোচনা করিতে করিতে সূক্ষ্ম লয় দাঁড়ায়। কিন্তু এমন লোকও অনেকে আছেন যে, তাঁহাদের কিছুতেই সূক্ষ্ম লয়বোধ হয় না। এজন্য সকলে সঙ্গীতবিদ্যা সুচারুরূপে আদায় করিতে সক্ষম হয় না। কেন না ইহা সাক্ষাৎ সম্বন্ধ দেখাইয়া দিবার নয়—আর নানারূপ কৌশলে বুঝাইয়া দিলেও সূক্ষ্ম বিষয়ে দাঁড়ান বড় কঠিন। কথিত আছে লয়ে মুগ্ধ হইয়া মনুষ্য যদি ঈশ্বর উপাসনা করে, তাহা হইলে পরিণামে প্রকৃত লয় প্রাপ্ত হয়, অর্থাৎ সূক্ষ্মরূপে নির্ব্বিকারে লীন হইয়া যায়। গায়ক বাদকের মধ্যেও এইরূপ সম্বন্ধ, কারণ উভয় লয় যদি এক ভাবে মিলিত না হয় তবে সঙ্গীতের তালবৈষম্য উপস্থিত হয় এবং পরস্পর পরস্পরকে বেতালা বলিয়া বাদানুবাদ করে। সঙ্গীতের প্রধান উদ্দেশ্য শ্রোতৃগণের চিত্তরঞ্জন কার্য্যকে উৎসাদিত করেন। প্রায় মনুষ্য মাঝে এমনি একটী অদ্ভুত সংস্কার বর্ত্তমান আছে যে, তাহা মনে করিলেও ঘৃণার উদ্রেক হয়। সকলেই প্রায় মনে করে যে আমার মত লয় বোধ আর কাহারও নাই। আমি যাহা বুঝি তাহাই ঠিক আর সকলের ভুল।

সঙ্গীতবিদ্যাকে কখনও কখনও লয় বিদ্যা বলা হয়; কারণ ঐ লয় বাদ্য, নৃত্য ও গীতের জীবন স্বরূপ। উহার ব্যতিক্রম হইলে সমুদয় উচ্ছেদ প্রাপ্ত হয়। তালের

উচ্চশ্রেণীর বোলের মধ্যে এমন সকল কঠিন শব্দ আছে যে, তাহা বারংবার বলিয়া দিলেও মস্তিষ্কে ধারণ করা কঠিন হয়। লয় যেমন কঠিন, সুর বোধ হওয়ায় তেমনি। ইহা দেখাইয়া দিবার নহে, তবে যাঁহার স্বাভাবিক লয় বোধ থাকে তিনি যত্নে ও পরিশ্রমে কিছু কিছু শিক্ষা প্রাপ্ত হইতে পারেন। তানসেন নিজে তানপুরা বাঁধিয়া বলিয়াছিলেন যে, আমার বাঁধা জুড়ির সুর ঠিক হইয়াছে কিনা সন্দেহ। তবে সেটা মোটামুটীরূপে অনেকেই সুর বাঁধিতে পারেন। যাঁহাদের স্বাভাবিক এমন সুর বোধ আছে যে, তদ্দ্বারা কোনটা নরম ও কোনটা কড়া তাহা কতক পরিমাণে স্থির করিতে পারেন, কিন্তু ঐ সুরের ঈষৎ তারতম্য প্রণিধান করা ও সূক্ষ্মরূপে মিল করা অনেক চেষ্টা ও বহুদর্শিতার কার্য্য। নচেৎ এক এক জন ইহাতে চিরকাল লিপ্ত থাকিয়াও কৃতকার্য্য হইতে পারেন না। কোন কোন সঙ্গীতবেত্তারা পুরাকালে সুরকে ব্রহ্ম বলিয়া ব্যাখ্যা করিয়া গিয়াছেন। পাশ্চাত্য পণ্ডিতেরা বলিয়াছেন যে, ঈশ্বর সাত দিবসে এই অনন্ত জগৎকে সৃষ্টি করিয়াছেন। তদনুসারে সঙ্গীতের মাঝে সপ্তসুর আছে। যে যে ব্যবসা করে সে সেই বিষয়ের উপমা উদাহরণ প্রদর্শন করিয়া থাকে।

আমাদিগের যন্ত্রে সুরকে ব্রহ্ম বলিয়া উল্লেখ করা হইয়াছে।

যথা :—ব্রহ্মরূপং সুরবাদিনঃ প্রতিবাদকঃ নানাবিধ তাল চক্র বৃষকুম্ভকঃ। দেবাদেব ধ্যান করত ধায় ধায় হরকিসনজি ছন্দবন্ধ তুরিতে ধায় ধা—ইহার অর্থ সুরকে ব্রহ্ম রূপ বলা যায়। ইহার প্রধান দুইটী অংশ বাদী ও প্রতিবাদী এবং ইহাতে তালচক্র অলঙ্কৃত আছে। মহাদেবের নাভিস্থলে যে কুম্ভক যন্ত্র আছে, সেই যন্ত্রের দর্শনে এবং তাহার ধ্যান অনুসারে অর্থাৎ তিনি যাহা ধ্যান করেন, তাহাই সম্মুখে আসিয়া উপস্থিত হয়। ফলে সকল রাগ রাগিণী এবং বাদ্যের বোল সম্বন্ধে নানাবিধ ছন্দ ইচ্ছানুযায়ী সম্মুখে আসিয়া ধাবমান হয়। সুতরাং দেবাদিদেব মহাদেবকে সঙ্গীতশাস্ত্রের আদিগুরু বলা হয়। সুরের এমনি একটী মোহিনী শক্তি আছে যে, তাহা শ্রবণ করিলে মনুষ্যের কথা দূরে থাক, পশু, পক্ষী, সর্প প্রভৃতি জন্তুসকলও মুগ্ধ হইয়া থাকে। আরও সঙ্গীত বিষয় যাঁহাদের ব্যুৎপত্তি জন্মিয়াছে তাঁহারা এককালে সঙ্গীত-রসে আর্দ্র হইয়া যান। সুরকে মাত্রানুযায়ী ছন্দে বিভক্ত করিলে শুনিতে অতিশয় মনোহর হয়। গানের কলি-সকল স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ রচিত থাকে, তাহার প্রত্যেক অন্তরগুটী সমান মাত্রায় না চলিলে সুরের বিকৃতি ও লয়ের খর মাট হইয়া থাকে। কারণ মাত্রা অনুসারেই সকল রকম লয় ও ছন্দ বিভাগ করা হইয়াছে। তাল ও কাল মিলিত হইয়া একটী মাত্রা উপস্থিত হয়, অর্থাৎ কোন বস্তুর উপর যদি কোন আঘাত করা যায় সেই আঘাত করিবার অব্যবহিত পূর্ব্বে যে সময়টুকু লাগে এবং আঘাতের সময় এই দুই একত্রিত হইয়া মাত্রা হয়।

করালমঞ্চ

ইহা পাঁচ মাত্রার তাল (৫ মাত্রা)

তিন তালি দুই খালি—তিনটী আঘাত দুইটী ফাঁক

১।
+ ২ ০ ৩ ০
ধা কেটে থুন্না কেটে তাগ গদিঘেনে নাগ দেৎ

+ ২ ০ ৩
ধেৎ ধেৎ ধেরেকেটে কড়ান কেটে তাগ

০ + ২ ০
দেত্রেৎ দ্রেঘেন্নে থুন থুন নাগ তেরেকেটে তাগ

৩ ০
গদিঘেনে ধা তেটে ধা

২।
+ ২ ০ ৩ ০
কতাক্তা ঘেগেতেটে তাগদিগ তাগদিগ কত্তা

+ ২ ০ ৩
ঘেগে তেটেকত্তা ঘেগেতেটে ঘেগেতেটে কড়ান

০ +
তাক কড়ান তাক কড়ান ধা

৩।
+ ২ ০ ৩
ঘেগেদিন তাদেৎ থুন্না তেরেকেটে নাগ দেৎ

০ + ২ ০
ঘড়ান ঘড়ান ধেটেতেটে তাগেতেটে ধেরেকেটে

০ ০ +
তাগ তাগ তেরেকেটে তাগ তেরেকেটে দেৎ ধা

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

তারাণা

কামোদ-কল্যাণ—ত্রিতাল

৺বাহাদুর সেন রচিত

স্থায়ী (মাল্লাদার)

	+				৩				০				১				
II													রা	মমা	সা	রা	I
													ও	দের	তা	না	
	+								ˇ				১				
	পা	-া	পা	পা	ক্ষা	পপা	ধা	ক্ষপা	গা	মা	রা	সা	সা	ধ্া	-া	প্া	I
	দি	ইম্‌	তা	না	দের	দের	না	দের	দা	রে	দা	নি	ও	দি	ইম্‌	তা	
					৩				০				১				
	সা	-া	রা	সা	রা	গগা	মা	পা |	গা	মমা	রা	সা	"রা	মমা	সা	রা"	I
	দি	ইম্‌	তা	না	দের	দের	না	দের |	দা	দের	দা	নি	ও	দের	তা	না	

অন্তরা

	+				৩												
II	ক্ষা	পপা	ধা	পা	র্সা	-া	র্সা	র্সা	র্রা	-া	র্সা	র্সা	র্গা	র্মর্মা	র্রা	র্সা	I
	ও	দের	তা	না	দি	ইম্‌	তা	না	দি	ইম্‌	তা	না	দা	দের	দা	নি	
	+				৩				০				১				
	ক্ষা	পপা	র্সা	ক্ষা	পপা	র্সা	ক্ষা	পপা	র্সা	-া	ক্ষা	পপা	র্সা	ক্ষা	পপা	র্সা	I
	গদি	ঘেনে	ধা	গদি	ঘেনে	ধা	গদি	ঘেনে	ধা	০	গদি	ঘেনে	ধা	গদি	ঘেনে	ধা	
	+				৩				০				১				
	ক্ষা	পপা	র্সা	-া |	ক্ষা	পপা	র্সা	ক্ষা	পপা	র্সা	ক্ষা	পপা	"রা	মমা	সা	রা"	II
	গদি	ঘেনে	ধা	০	গদি	ঘেনে	ধা	গদি	ঘেনে	ধা	গদি	ঘেনে	ও	দের	তা	না	

তারাণা

কামোদ-কল্যাণ—ত্রিতাল

বড় রহিম খাঁ রচিত

\+ ৩ ০ ১

II র্স্না পা ধা পা র্স্না পা ধা পা | গা মা রা সা | ন্‌া সা রা সা I

ও দের তা না দে রে তা না | দে রে না তে | তা না দি ইম্

\+ ৩ ০ ১

সা ধ্‌া -া প্‌া | সা -া রা সা | রা রা পা পা | র্স্না পা ধা পা I

তা দি ইম্ তা | দি ইম্ তা না | ও দের তা না | দি ইম্ তা না

\+ ৩ ০ ১

রা রা পা পা | রা রা পা পা | গা মা পা গা | মা ররা সা -া II

দের দের তা না | দের দের তা না | দি ইম্ তা না | ও দেরে না ০

অন্তরা

\+ ৩ ০ ১

II পা ধধা পা র্সা | -া র্সা র্রা র্সা | সা -া রা সা | র্গা র্মর্মা র্রা র্সা I

না দের দের দি | ইম্ তা দি ইম্ | দি ইম্ তা দিম্ | ও দের তা না

\+ ৩ ০ ১

র্সা র্সর্সা ধা পা | রা -া পা রা | -া পা রা সা | র্সা র্সর্সা ধা পা I

দের দের তা না | দি ইম্ তা দি | ইম্ তা না না | তাক্ ধুম্ কেটে তাক্

র্স্না পা ধা ধ্‌া ধধা পা ধা র্স্না পা গা গা মগা রা সা রা পা II

ধা ধা ধা তাক্ ধুম্ কেটে তাক্ ধা ধা ধা তাক্ ধুম্ কেটে তাক্ ধা ধা

কামোদ-কল্যাণাঙ্গ

গোয়ালিয়র শঙ্কর গন্ধর্ব্ব বিদ্যালয়ের প্রিন্সিপাল্ গায়ন-বিশারদ শ্রীকৃষ্ণ রাও শঙ্কর পণ্ডিত (দেশ প্রসিদ্ধ গায়নাচার্য্য স্বর্গীয় শঙ্কর রাও পণ্ডিতজীর পুত্র) কথিত।

"য়মন মেল কামোদ কো,
বাদী পঞ্চম জান।
সম্বাদী তহঁ রিষভ অরু,
গমন বক্র পহিচান।"

আরোহাবরোহ—স র প ন ধ র্স, র্স ন ধ প গ ম র স।

খেয়াল

কামোদ-কল্যাণ—জলদ-ত্রিতাল

\+ ৩ ০ ১

II মরা পা পা পা । ম্মা পা ধা পা । মা -া পা ধপা । পা গা মা রা I

ছঁ ০ তো ০ । জ ন ম ন । ছা ০ ড়োঁ গী । মী ০ ০ তো

\+ ৩ ০ ১

সা -ধ্া সরা -সসা | -ধ্া -া প্া -া | সা রসা সা -ধ্া | প্া -া সা সা I

য়া ০ বো০ ০০ লে ন ০ প্রে ম

\+

সা্ -া রা -া সা -া রা -া -পা -া -গা -া -মা -রা -া সা II

পি ০ য়া ০ কো ০ সা ০

অন্তরা

\+ ৩ ০ ১

II পা পা র্সা -ধর্সা | র্রা র্সা নধা নধা | র্সা র্সা র্সা র্সর্া I

বে দ না ০০ মো রি তু ম্ স ন লা গি০

\+ ৩ ০ ১

র্সর্সা র্সা -ধা -পা । -র্সর্সা র্সা -ধা । পা পা পা ধা । পা পা গমা রা I

র০ হে ত০ ০০ হে ০ ০ কো উ নে কাঁ হু০ ন

৩ ০

সা র্সা র্রা -র্পা -র্গা -র্মা র্রা র্সা র্সা র্রর্সা -র্সা -ধপা মা পমা -সরা সা II

কো স দা ০ ০০ স্ব দ ০০ শা

আলাপ (তাল সহ ; তানের ন্যায়)

	+	৩	০	১	
১।	সা -রা -সা, রা	পা, -পধা -পপা গা	-মা -রা, রা -পা	গা -মা -রা -সা	II
	আ ০ ০ আ	০ ০০ ০০ আ	০ ০ আ ০	আ ০ ০ ০	
	+	৩	০	১	
২।	রা -সা, -রা -পা	-পা -ধা -পা, পধা	-পপা গা -মা -রা	-পা, -গা -মা -রসা	II
	আ ০ ০ ০	আ ০ ০ আ০	০০ আ ০ ০	০ ০ ০ ০০	
	+	৩	০	১	
৩।		-সা -রা -পা, -পা	-ধা -পা, পা -ধা	-র্সা, র্সা -র্রা -র্সা	I
		আ ০ ০ ০	০ ০ আ ০	০ আ ০ ০	
	+	৩	০	১	
	র্সর্রা -র্সর্সা -ধা -পা	পধা -পপা -গা -মা	-রা, -রা -পা, -গা	-মা -পা -গা -মা	II
	আ০ ০০ ০ ০	আ০ ০০ ০ ০	০ ০ ০ ০	০ ০ ০ ০	
	+	৩	০	১	
৪।			রা -পা -পা -ধা	-পা পা -ধা -র্সা	I
			আ ০ ০ ০	০ আ ০ ০	
	+	৩	০	১	
	র্সা -র্রা -র্সা, র্রা	-র্পা -র্গা -র্মা -র্রা	র্সা র্সর্রা র্সর্সা না	ধা পা, পা র্সা	I
	আ ০ ০ আ	০ ০ ০ ০	০ আ০ ০০ ০	০ ০ আ ০	
	+	৩	০	১	
	-ধা -পা, -পা ধা	-পা পধা -পপা -গা	-মা -রা রা -পা	-গা -মা -রা -সা	II
	০ ০ আ ০	০ আ০ ০০ ০	০ ০ আ ০	০ ০ ০ ০	

তান

	০		১	
১।	সরা পগা মগা সরা	|	পধা ধপা গমা রসা	I
	০		১	
২।	সরা পধা র্সনা ধপা	|	গমা পগা মরা সসা	I

৩। সঁরা পধা র্সর্রা র্সনা | ধপা গমা পগা মরা I

৪। রপা ধর্সা র্গর্মা র্রর্সা | নধা পগা, মরা সসা I

৫। সরা পধা র্সর্রা র্পর্গা | র্মর্র র্সর্সা র্রর্সা নধা | পগা মপ, গমা রসা I

ফিরকত

সরা পধা ধপা, পধা | র্সধা প,পা ধর্সা র্রর্সা | ধপা, পধা র্সর্গা র্মর্রা | র্সনা ধপা গমা রসা I

চতুরতী

সরা ররা পপা পধা | ধধা র্সর্সা র্সর্রা র্সনা | ধপা গমা পগা মরা I

উভরতী

র্রর্সা র্সনা নধা ধপা | গমা পগা মরা সসা I

গান

শ্রীমতী দেবরাণী মুখোপাধ্যায়

আমি অশ্রু দিয়ে রেখেছি গ'ড়ে
অসীম পারাবার
আমার প্রেম চাও গো যদি
হও তবে তা পার।
সেই গহন সাগর তলে
উজ্জল মাণিক, মোতি জ্বলে
পেতে হলেই ডুবতে হবে
অতলে বার বার।

আনন্দ যা ডুবে আছে
দুখের কালো জলে
নিজের বলে আজকে তারে
আন্‌তে হবে তুলে।
লুকিয়ে আছে আমার হাসি
কঠিন যেথা তুষার রাশি
(তোমার) প্রেমের তাপে গলাও যদি
মিলবে দেখা তার।

সেতারের গৎ

পিলু বারোয়াঁ—ত্রিতাল

রচনা—শ্রীসুশীলকুমার ভঞ্জ চৌধুরী বি. এ. স্বরলিপি—শ্রীগুণেন্দ্রনাথ বসু

স্থায়ী

\+

II পা গা মা দা পা গা জ্ঞজ্ঞা ররা জ্ঞা -া সা রা ন্া I

দা দা রা দা রা দা দিরি দিরি দা ০ দা রা দা

\+

সা -া -া "পা" ়I

দা ০ ০ দা

অন্তরা

০

II সা -া র্সা র্সনা -া র্সা র্রা র্জ্ঞা র্রা ঃর্সঃ -া ণা ধা পা দা পা I

দা ০ দা দা ০ রা দা রা দা বৃদা বৃ দা দা রা দা রা

\+ ৩ ০ ১

-া রমরা -া পমপা | -মা পা র্সা -া | -পা দা পা মা রা সা ন্া I

০ দা ০ বৃ দা ০ বৃ দা দা ০ ০ দা দা রা দা রা দা রা

\+

পা -া -া "পা" II

দা ০ ০ দা

সঞ্চারী ও আভোগ

\+ ৩ ০ ১
II ন্‌া -া ন্‌া < ন্‌া -া ন্‌া < সা -া সা ন্‌া সা না সা
দা ০ দা রা দা ০ দা রা দা ০ দা রা দা রা দা

\+ ৩ ০ ১
ন্‌া সা রা জ্ঞা রা জ্ঞজ্ঞা রা জ্ঞা | সা ররা জ্ঞা রজ্ঞরা সা ন্‌া সা -া I
দা রা দা রা দা দিরি দা রা | দা দিরি দা রা দা রা দা ০

\+
না সসা রা জ্ঞা সা রা গা মা -া মগা -া মা গা -া রসা নসা I
দা দিরি দা রা দা রা দা রা ০ দা র দা দা ০ দা ০ ০ ০

সন্‌া রসা মরা মা -া -জ্ঞা জ্ঞা -রা রা সা সা ন্‌া ন্‌া দ্‌া প্‌া -া I
দা দা দা দা ০ রা দা ০ দা রা দা রা দা রা দা

\+ ৩ ০ ১
ম্‌া প্‌া ন্‌া সা রা জ্ঞা ন্‌া -া -া সা -া মা জ্ঞা রা সা
দা রা দা রা দা রা দা ০ দা ০ রা দা রা দা

পা মমা পা গা -া মা পা না র্সা র্রর্রা র্জ্ঞা না র্সা পা ধা I
দা দিরি দা দা ০ রা দা রা দা দিরি দা দা রা দা রা

\+ ৩ ০ ১
ণা র্রর্রা র্সা র্রা < ণা ধা মা < পধা ণা ণা ধা -পা মা গা I
দা দিরি দা রা রা দা রা দা রা দা০ ০ রা দা ০ দা রা

\+ ৩ ০ ১
-া সা -া রা মা < পা পণা | -দা দা পা মা জ্ঞা রা সা ন্‌া I
০ দা ০ রা দা রা দা দা ০ দা রা দা দা রা দা রা

\+
সা -া -া "পা" II
দা ০ ০ দা

তোড়া

১। সা পমা জ্ঞরা সন্ | সা পমা জ্ঞরা সন্ | সা র্সনা র্সা, পা | দমা পা, রা জ্ঞন্ I

\+
সা - - -

\+ ৩ ০ ১
২। সা র্সর্রা জ্ঞ্র্রা র্সণা | ধপা দপা মজ্ঞা রসা | ঃন্ঃ ঃদঃ গমা পা | র্সা পমা জ্ঞরা সন্ I

\+
সা - - -

\+ ৩ ০ ১
৩। সা -া -া সন্ | রসা জ্ঞরা মজ্ঞা রসা | রমা পধা ণধা পমা | পনা র্সর্রা জ্ঞ্র্রা র্সনা I

\+ ৩ ০ ১
র্সা -া পমা গমা | পনা র্সা র্সা, পমা | গমা পনা র্সা র্সা, | পমা জ্ঞরা সন্ সা I

\+
সা - - -

\+ ৩ ০ ১
৪। সা পমা জ্ঞরা মজ্ঞা | রসা জ্ঞরা সন্ সন্ | দ্প্ ম্প্ ন্স রজ্ঞা | সরা পমা জ্ঞরা সরা I

\+ ৩ ০ ১
ন্সা রজ্ঞা সরা গমা | গমা পনা পনা র্সা | র্সনা নদা দপা পমা | মজ্ঞা জ্ঞরা রসা সন্ I

\+
সা - - -

\+ ৩ ০ ১
৫। গমা পমা জ্ঞরা সন্ | পধা ণধা পমা গমা | র্সর্রা জ্ঞ্র্রা র্সণা ধপা | ণধা পমা জ্ঞরা সা I

\+ ৩ ০ ১
র্সর্রা জ্ঞ্র্রা র্সণা ধণা | র্সা -া পধা ণধা | পমা গমা পা -া | গমা পমা জ্ঞরা সন্ I

\+
সা - - -

স্বরলিপি

সোহিনী—ত্রিতাল

নয়ি বসন্ত আয়ি নয়ি ফুলবনমে
বিরছনাকি ছৈল খেলত অরমানে।
শুনওরি মোরি সঙ্গকি সহেলি
কৈসে ঘর যায়ুঁ ন দেখন বেহারি॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীশৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

(ফণীন্দ্র সঙ্গীত আশ্রম)

স্থায়ী

\+ ৩ ০ ১
II | গঋা -ধনা সা́ -া I
| ন০ ০০ য়ি ০

\+ ৩ ০ ১
না ধা -ঋা গা | ধা -ঋা গা -া | গা ঋা ধা -না | সা́ -নসা́ সা́ -া I
ব সন্ ০ ত | আ ০ য়ি ০ | ন ০ য়ি ০ | ফু ০০ ল ০

\+ ৩ ০ ১
না সা́ঋা́ সা́ -া | -না -ধা -গঋা -ধনা | -সা́না -ধঋা -গঋা -সা | ঋা ঋা ঋা ঋা I
ব ন০ মে ০ | ০ ০ ০০ ০০ | ০০ ০০ ০০ ০ | বি র ছ না

\+ ৩ ০ ১
গা -া ঋা গা | ন্সা -গঋা ধা ঋা | গা ঋা সা সা | গঋা "ধনা সা́ -া" I
কি ০ ছৈ ল | খে০ ০০ ল ত | অ র মা নে | ন০ ০০ য়ি ০

অন্তরা

\+ ৩ ০ ১
II | ঋা ঋা গা -া I
| শু ন ও ০

\+ ৩ ০ ১
ঋধা -না সা́ সা́ | ঋা́ সা́ না ধা | ঋধা -নসা́ না -া | গা́ -ঋা́ সা́ -া I
রি০ ০ মো রি | স ঙ্গ কি স | হে০ ০০ লি ০ | কৈ ০ সে ০

\+ ৩ ০ ১
না ধা ঋা গা | গা ঋগা -ঋধা ঋা | গা ঋা ঋা সা | "গঋা -ধনা সা́ -া" II
ঘ র যা য়ুঁ | ন দে০ ০০ খ | ন বে হা রি | ন০ ০০ য়ি ০

পুরাতনী—

সংগ্রাহক—শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি. এ., সঙ্গীতরত্নাকর

স্বর্গত হিতেন্দ্রনাথ ঠাকুর লিখিত প্রসিদ্ধ খেয়াল গায়ক সদারঙ্গের জীবনী "পুণ্য" পত্রিকায় প্রকাশিত হয়। স্বর্গীয়া লেডি প্রতিভা চৌধুরী ও শ্রীযুক্তা ইন্দিরা দেবী চৌধুরাণী কর্তৃক সম্পাদিত "আনন্দ সঙ্গীত পত্রিকার" ১৩২০ সালের আশ্বিন ও কার্ত্তিক সংখ্যায় উক্ত প্রবন্ধ প্রকাশিত হইয়াছিল। উক্ত পত্রিকা হইতে ইহা উদ্ধৃত হইল।

সদারঙ্গ

পূর্ব্বে ভারতে মুসলমানদিগের রাজত্বের সময় যে সকল গুণী গায়ক বর্ত্তমান ছিলেন, তাঁহাদের মধ্যে "রঙ্গ" উপাধিধারী গায়কদিগের নাম যশঃ শুনিতে পাওয়া যায়। ইঁহারা সঙ্গীতসভা অর্থাৎ গানের মজলিস সঙ্গীতের রঙ্গরসে সর্ব্বদা রসান্বিত করিবার একটি বিশেষ ক্ষমতা লাভ করিয়াছিলেন। এই গায়ক গুণীরা সঙ্গীতরসরঙ্গে রসিক ছিলেন। রাজা বাদশাহদিগের দরবার-মজলিসে গানের দ্বারা, বাদ্যের দ্বারা, ছন্দের দ্বারা কতরূপ আমোদ দিতে পারিতেন।

যেমন ধর্ম্মসম্প্রদায়ের মধ্যে গিরি, পুরী প্রভৃতি উপাধিগুলি তাহাদিগের প্রথম প্রবর্ত্তকের পরে বরাবর একইভাবে চলিয়া আসে, সেইরূপ গায়কসমাজেও কোন এক উপাধি শিষ্যানুশিষ্যক্রমে চলিয়া আসিতে দেখা যায়। উপাধি বা নাম অনেক সময়ে একজনের দ্বারা প্রবর্ত্তিত হইয়া পরে তাহার অনুবর্ত্তীজনগণের দ্বারা রক্ষিত হয়। এই প্রকার "রঙ্গ" উপাধিটীও সদারঙ্গের দ্বারা প্রবর্ত্তিত হয়, পরে "রঙ্গ" উপাধির স্রোত বহিল। সারি সারি অনেকগুলি রঙ্গ উপাধিধারী সদারঙ্গের পর দেখা দিয়াছেন—সদারঙ্গ, আধারঙ্গ, প্রেমরঙ্গ প্রভৃতি।

গানের মজলিসে রঙ্গরস করিতে গেলে খেয়ালের আশ্রয় গ্রহণ করিতে হয়; কারণ 'খেয়ালে' নানাবিধ খেয়ালের দ্বারা গানে বিচিত্র প্রকারের রঙ্গরস ফলানো যায়।

সদারঙ্গ একজন প্রসিদ্ধ 'খেয়ালী' শ্রেণীর গায়ক ছিলেন। খেয়ালেই তাঁহার মুখ্যতঃ সিদ্ধিলাভ হয়।

সদারঙ্গকে গায়কেরা 'শা সদারঙ্গ' কহেন, যেন তিনি ওস্তাদ রাজ্যের শা-বাদ্‌শা অধিপতি। সদারঙ্গ এতটা 'খেয়ালে'র অনুরক্ত ছিলেন যে, তাঁহাকে বাদ্‌শাহের সভাতে অপরাপর ওস্তাদেরা একদা উপহাস করিয়া বলিয়াছিল, "শাজি তো খেয়ালমে হ্যায়" 'শাজি তো খেয়ালে আছেন' ইহা শুনিয়া শা সদারঙ্গ একেবারে খাপ্পা হইয়া বলিয়া উঠিলেন, "কেয়া খেয়ালমে?"

"খেয়ালমে হ্যায়" এই কথাটী তাঁহার অন্তর বিচলিত করিয়া তুলিল, ভাবিলেন "কি? আমি শুধু খেয়ালী, খেয়াল জানি, খেয়াল গাই, কলাবৎ নই, কলবাতে গুণী নই? আমাকে শুধু 'খেয়ালী' ভাবিয়া উপহাস করিয়া বলিল 'শা জি তো খেয়ালমে হ্যায়?" উক্ত উপহাস বাক্যটী তাঁহার মনে এমন লাগিয়াছিল যে, তিনি ভাবিলেন যে, ধ্রুপদ ব্যতীত ওস্তাদের সম্মান বৃথা। ওস্তাদের ধ্রুব সম্মান ধ্রুবপদ বজায় রাখিতে হইলে সঙ্গীতের ধ্রুবপদ—ধ্রুপদ রচনা চাই। সেই দিবসেই ওস্তাদী সম্মান বজায় রাখিবার জন্য একটি জমকালো ধ্রুপদ রচনা করিলেন। সদারঙ্গ গীতিকবিতাসমূহ রচনা করিতে আসলে বিশেষ ভালবাসিতেন। যেন দ্বিতীয় বংশীধর সাজিয়া বসিয়া বাদ্‌শার সভার রঙ্গমঞ্চে সদা যেন রঙ্গরূপ হইয়া সদারঙ্গ বিরাজ করিতেন। সদারঙ্গ বড় আমোদপ্রিয় রসের

আধার ছিলেন। ভোরের বেলায় মন্দিরা বাজিতেছে, আর সব সখিদের হাসি, নাচ, গান তাঁহার প্রাণে ধ্বনিত হইয়া উঠিতেছে—তাই ছন্দে উচ্ছ্বসিত হইয়া আর না গাহিয়া থাকিতে পারিলেন না।

"বাজে মঁদিলরা
আবো গাবো নাচো সব সখী
সহেলী সদারঙ্গ গরে লাগ রহীলরা ॥"

সদারঙ্গের এই রসরঙ্গপূর্ণ গান দিল্লীশ্বর মোমদ শার খুব ভাল লাগিত, কারণ মোমদ শাও একজন আমোদপ্রিয় খেয়ালী বাদশা ছিলেন। খেয়ালী বাদশার যে 'খেয়ালী' ওস্তাদকে ভাল লাগিবে তাহার আর আশ্চর্য্য কি? মোমদ শা খেয়ালের বেগে হিমালয় অতিক্রম করিয়া চীন দেশ জয় করিতে সেনা প্রেরণ করিয়াছিলেন।—অসাধ্য সাধন। প্রসিদ্ধ খেয়ালী সদারঙ্গও খেয়ালের বেগে শ্রেষ্ঠ ধ্রুপদ রচনা করিবার জন্য নিজ শক্তি প্রেরণ করিয়াছিলেন।—অসাধ্য সাধন।

শা সদারঙ্গের খেয়াল রচনায় একটি বিশেষত্ব বা মৌলিকতা আছে। খেয়াল সঙ্গীতে সদারঙ্গ যেরূপ সিদ্ধহস্ত, ধ্রুপদ রচনায় কিন্তু সেরূপ নহে।

শা সদারঙ্গের মত অত বড় প্রসিদ্ধ "খেয়ালী" ভারতের গায়কজগতে আর দ্বিতীয় নাই বলিলেই হয়। সদারঙ্গের খেয়াল গানে বৈচিত্র্যইবা কতরূপ। সঙ্গীতে তাঁহার চারচৌকশ মাথা ছিল। যদিচ প্রসঙ্গতঃ তিনি একজন "খেয়ালী" ছিলেন, তবু ধ্রুপদ, টপ্পা প্রভৃতি নানারূপ সঙ্গীতের ছন্দরূপ তাঁহার আয়ত্ত ছিল। তাঁহার কত প্রকারের রচিত তেরেনা, চতুরঙ্গ আছে। যথার্থ 'মজলিস' ছাঁদের গানের রঙ্গ ব্যাপার শা সদারঙ্গ হইতেই জাগিয়াছে। ইনি যেন অনেকটা মহম্মদ শার Poet Laureate মত Musician Laureate অর্থাৎ রাজ-দরবারের প্রধান ওস্তাদ ছিলেন। সকল প্রকারের সঙ্গীত তাঁহার আয়ত্তাধীন ছিল। সঙ্গীতের সকল দিকই তাঁহার প্রতিভারশ্মি আলোকিত করিয়া গিয়াছেন। রাজার আদেশমাত্র রাজসভার আবশ্যকমাত্রেই তিনি নানাবিধ সঙ্গীত রচনা করিয়া লোক মোহিত করিতেন। এইরূপ সঙ্গীতে রচনাকুশল সুপণ্ডিত ছিলেন।

সদারঙ্গ হইতে অনেক রঙ্গীন গানের প্রাদুর্ভাব হয়। সদারঙ্গের গান খুব লোকপ্রিয় (popular) ছিল। তাহার হেতু সদারঙ্গের রসরঙ্গের গান মজলিসের সভায় বেশ জমকিয়া উঠে। বসন্তে সদারঙ্গের প্রাণ মুক্ত বিহঙ্গের ন্যায় বিচরণ করিতে থাকে। বসন্তের রাগে তাঁহার মুক্ত কণ্ঠ কোকিলের ন্যায় পঞ্চমে উঠে। তাঁহার গানে বসন্ত রাগে যে বসন্ত বর্ণন করিয়াছেন সে ঝঙ্কার অতি মধুর, অতি সুন্দর। বসন্ত সৌন্দর্য্যে তাঁহার প্রিয় সখা বাদশাহ মহম্মদ শার মোহন মুরতি বিরাজ করিতেছে। মহম্মদ শা আজ বসন্ত খেলিতেছেন, তাঁহার সঙ্গে সদারঙ্গ সঙ্গীতে, রঙ্গে, প্রমোদে, ঝঙ্কারে দিগ্বিদিক আমোদিত করিয়া তুলিয়াছেন।

ফাগ গীত অর্থাৎ বসন্তোৎসবের অনেক গান সদারঙ্গ মহম্মদ শার নামে রচনা করিয়াছেন। মহম্মদ শা একজন বিলাসপ্রিয় বাদশা ছিলেন, তাঁহার ঐ সকল বসন্তোৎসবের গান প্রাণের প্রিয় ছিল। শা সদারঙ্গ ও মহম্মদ শা উভয়ের মধ্যে যথার্থ প্রীতি বিদ্যমান ছিল। শা সদারঙ্গ মহম্মদ শার গান গাহিতেন; মহম্মদ শা শা সদারঙ্গের গুণের একজন সমঝ্দার ও বিশেষ পোষক ছিলেন। উভয়েরই পরস্পরকে না হইলে চলিত না।

কানাড়ায় চৌতালে সুন্দর ধ্রুপদ রচনা করিলেন। যেমন শুনিতে মিষ্ট তেমনি গম্ভীর। ওস্তাদেরা শুনিয়া অবাক হইয়া গেল, গুম্ভিত হইল, আর কারো মুখে কথা ফুটিল না। গানের প্রথমেই "খরজ রেখাব গান্ধার মধ্যম" প্রভৃতি আরম্ভ করিয়া কানাড়ার গানের কি কি সুর তাহার

সঙ্গীত-বিজ্ঞান প্রবেশিকা
২১শ বর্ষ, ১৩৫১ — আষাঢ়, ৩য় সংখ্যা

সা রে গা মা টী ফুটাইয়া তবে কানাড়া ধ্রুপদটী রচনা করিলেন। শা সদারঙ্গের সমগ্র ভারতের সম্রাট্ দিল্লীপতি মহম্মদ শার সভার প্রধান গায়ক গুণী ছিলেন। তাঁহার অনেক গানে মহম্মদ শার স্তুতি দেখিতে পাওয়া যায়। যেমন আকবর শা ও রাজারামের নাম তানসেনের গানে দেখিতে পাওয়া যায়, সেইরূপ সদারঙ্গের গানে মহম্মদ শা বিরাজ করেন।

দিল্লীতে মোগল সাম্রাজ্যের ধ্বংস হইবার উপক্রমের সময়, যখন শিখেরা রণপ্রিয় জাতি হইয়া উঠে, সেই সময়ে বাহাদুর শা দিল্লীর সিংহাসনে অধিরোহণ করেন। ইহার আসল নাম মহম্মদ অওয়াজিম। নানকের সময় যেমন মোগল বাদশা আকবর শা ছিলেন, সেইরূপ শিখনেতা বান্দার সমসাময়িক দিল্লীপতি বাহাদুর শা। ১১৭৭ খৃষ্টাব্দে বাহাদুর শাহের মৃত্যু হয়। নানারূপ যুদ্ধ-বিগ্রহাদি ও হত্যাকাণ্ডের পরে তাঁহার পুত্র মৈজদ্দিন জাঁহান্দার শা নাম গ্রহণ পূর্ব্বক সিংহাসনে অধিরোহণ করেন। জাঁহাদার ১৭১২ হইতে ১৭১৩ খৃষ্টাব্দ পর্য্যন্ত অর্থাৎ ছয় মাস মাত্র রাজত্ব করেন। তাঁহার ভ্রাতুষ্পুত্র অর্থাৎ বাহাদুর শাহের দ্বিতীয় পুত্র "আজিম ওমানের" পুত্র ফরোকসিয়র বিদ্রোহী হইয়া বাঙ্গলা হইতে উপস্থিত হয়েন এবং জাঁহাদার ও তাঁহার নিযুক্ত মন্ত্রী জলফিকর খাঁকে নিহত করতঃ সিংহাসনে উপবেশন করেন। ফরোকসিয়র শিখদের দ্বারা নিহত হইলে পুনরায় তাঁহার ভ্রাতা রফিউদ্দৌলা রাজা হয়েন। কিছুদিন পরে তাঁহারও মৃত্যু হয়। অবশেষে বাহাদুর শাহের মহম্মদ নামে অপর এক পৌত্র সিংহাসনে প্রতিষ্ঠিত হয়েন। ইনিই সদারঙ্গের মোমদ শা। ভারত সম্রাট্ এই মোমদ শাকে সদারঙ্গ তাঁহার অধিকাংশ গানে ধ্বনিত করিয়াছেন। নিজের রচিত গানে সদারঙ্গ নিজ নামও নানারূপ করিয়া বসিয়াছেন। যেখানে যে রূপটী দিলে শুনিতে সুমিষ্ট হয় সেখানে সে রূপটী বসাইয়াছেন কখনো সদারঙ্গ, কখনো সদারঙ্গিলি প্রভৃতি। ইহার পর হইতেই রঙ্গের দল বাহির হয়, যথা—সদারঙ্গ, রসরঙ্গ, মনরঙ্গ ইত্যাদি। সদারঙ্গ রচিত একটি বসন্তবর্ণন গীত নিম্নে উদ্ধৃত হইল।

এরি গুঞ্জ গুঞ্জ মধুকর মধু মাতিয়া
ফুল্ল আমোয়া মেলন বেলা ঔর গুলনা ॥
বরস রস সুগন্ধ মন্দ পবন চলত এরিয়া
সদারঙ্গ রস উপজত কত খেলত নব রংবাহার ॥

ভ্রম-সংশোধন—বিগত বৈশাখ সংখ্যার ১৫নং পৃষ্ঠায় মুদ্রিত "হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ" শীর্ষক প্রবন্ধের তারাণাটি নিম্নরূপ হইবে :—

	+				৩				০				১				
II													ঋা	পপা	গা	মা	I
													ও	দের্	তা	না	
	ধা	-া	পা	না	ধধা	র্সা	-র্সা	-ননা	-ধধা	-ঋা	-পা	-া ‖	রা	গগা	মমা	পা	I
	দি	ইম্	তা	না	দের্	না	০	০০	০০	০	০	০	না	দের্	দের্	তোম্	
	গগা	মমা	রা	সা	গা	মমা	ধধা	গা	মমা	ধধা	পা	ধধা	"ঋা	পপা	গা	মা"	II
	দের্	দের্	দা	নি	না	দের্	দের্	তোম্	দের্	দের্	না	দের্	ও	দের্	তা	না	

	+				৩				০				১				
II													ঋা	পপা	না	ধা	I
													না	দের্	দের্	দের্	
	র্সা	ননা	র্রা	র্সা	র্গা	র্মর্মা	র্রা	র্সা	না	র্সর্সা	র্রা	র্সা	র্সা	ধা	-া	পা	I
	তোম্	দের্	দের্	দের্	তোম্	দের্	দা	নি	ও	দের্	দা	নি	তা	দি	ইম্	তা	
	ধা	পা	ঋা	পা	গা	মা	পা	গা	মা	রা	ন্া	সা	"ঋা	পপা	গা	মা"	II
	দি	ইম্	তা	না	দে	রে	না	তে	দা	রে	দা	নি	ও	দের্	তা	না	

স্বরলিপি

মিশ্র ভীমপলশ্রী—কাহ্‌র্বা

সরমের মাধুরিমা শেষ নাহি হতে
নিশি আজি হ'ল ভোর।
মোর মধু-বাসর-শয়নে
ঘুমে ভরা আঁখি দেখেছি স্বপনে
ডাকিতে পারিনি তাই কি গো রাণী
অপরাধ নিলে মোর।

কতবার ধরেছিনু তুটী হেম হাত
তবু তুমি দাওনিতো সাড়া
কেটে গেল হায় মধুর বাসর
তু'জনেই ছিনু বাণী হারা—
শুধু আঁখিতে আঁখিতে দিয়েছি হৃদয়
দিয়েছি যা কিছু ছিল মোর।

কথা—শ্রীআভা দেবী সুর—শ্রীশৈলেন গঙ্গোপাধ্যায় স্বরলিপি—কুমারী পারুল দাস

\+ 0 + ‖
II গা মা পণা -পা I মা গা মা পা সজ্ঞা -রা জ্ঞা পদা I
স র মে০ র্ মা ধু রি মা শে০ ষ্ না হি০

\+ 0 + 0
মদা -পমা জ্ঞা -া রা জ্ঞা পা মা I জ্ঞা রা জ্ঞা -সা -া -া গা মা I
হ০ ০০ তে ০ নি শি আ জি হ' ল ভো ০ র্ স র

\+ 0 + 0
পণা -মপা -পা -া পধা -পা ধর্সা র্সরা I ণা ণা পধা মা ধণা -র্সর্রা র্সা -া I
মে০ ০০ ০ র্ মো০ র্ ম০ ধু০ বা স র০ য়০ ০০ নে

\+ 0 + 0
ধা ণা র্রা র্রা ধা -র্সা র্সর্রা -র্জ্ঞা I র্রা র্সা ণা ণা ধর্সা -ণধা পা -া I
ঘু মে ভ রা আঁ ০ খি০ ০ দে খে ছি স্ব প০ ০০ নে

\+ 0 + 0
সা -পা মা ধপা মজ্ঞা -জ্ঞা জ্ঞা -জ্ঞা I জ্ঞা মা পা ণা ণধা -র্সণা পা -া I
ডা কি তে পা০ রি০ ০ নি ০ তা ই কি গো রা০ ০০ ণী ০

\+ 0 + 0
না না নর্সা -ধনা না -া র্সা র্রা I র্সা -া -া -া "গা মা পণা -পা" II
অ প রা০ ০০ ধ্ নি লে মো ০ ০ র্ স র মে০

\+ | o | + | o

II | ন্‌া রা সা -া I প্‌া ন্‌া সা -রা | মা রা পা মা I

| ক ত বা র্ ক ত বা র্ | ধ রে ছি নু

\+ | o | + | o

মধা পা রা -মা | জ্ঞা -া -া -জ্ঞা I জ্ঞা মা পা র্ণা | ণা ণা ণা ণা I

দু০ টী হে ম | হা ০ ০ ত ত বু তু মি | দা ও নি তো

\+ | o | + | o

ণধা পধা পা -া | -া -া -া -া I মা পা না র্সা | নর্সা র্রা -া -া I

সা০ ০০ ড়া ০ | ০ ০ ০ ০ কে টে গে ল | হা০ ০ ০ য়্

\+ | o | + | o

হ্মা পা ধা ণা | ধর্সা -ণধা পা -া I সা মা গা -পা | হ্মা পা ধা র্সা I

ম ধু র বা | স০ ০০ র ০ দু' জ নে ই | ছি নু বা ণী

\+ | o | + | o

ধর্সা ধপা মা -া | -া -া -া -া I মা ধা ধা ধা | ধা -া ণর্রা -র্সর্রা I

হা০ ০০ রা ০ | ০ ০ ০ ০ আঁ খি তে আঁ | খি ০ তে০ ০০

\+ | o | + | o

ণা ধপা মা ণা | ধা -া মা গা I মা ধা ধা ধা | ধা -া ণর্রা -র্সর্রা I

দি য়ে০ ছি নু | দ য়্ ও ধু আঁ খি তে আঁ | খি ০ তে০ ০০

\+ | o | + | o

ণা ধপা মা ণা | ধা -া -া -া I ণা ধা পা মা | সা -পা ধা পা I

দি য়ে০ ছি নু | দ ০ ০ য়্ দি য়ে ছি যা | কি ছু ছি ল

\+ | o

মা -া -া -া | "গা মা পণা পা" II

মো ০ ০ র্ | স র মে০ র্

গীতবিতান*

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

বাংলাদেশ চিরদিনই সৌন্দর্য্যের পূজারী। ঈশ্বরের যে স্বরূপ বাঙালী সাধকের চিত্ত আকর্ষণ করে—তা হচ্ছে সুন্দর স্বরূপ। শ্রেয়কে প্রেয়রূপে দেখা বাঙালীর স্বভাবগত এবং তাই মহাকালের বক্ষে করাল নৃত্যে উন্মত্তা কালীকেও বাঙালী বরাভয়দায়িনী আনন্দময়ী জননীরূপে আবাহন করেছে। শুধু যা সুকুমার তাই নয়, যা ভীষণ—তাকেও বাঙালী মধুর রূপে দেখেছে। আনন্দের ও সৌন্দর্য্যের এই দৃষ্টি ও সাধনা বহু শতাব্দী ধরে বাংলার স্বভাবগত হয়ে এসেছে। সুন্দরের পূজা—বৈষ্ণব সাধনা ও শক্তি-উপাসনার যুগে বাঙালী চিত্তকে সরস ও উর্ব্বর করেছে ও বাঙালীর অন্তরে নব নব রসপূর্ণ কলাসৃষ্টির প্রেরণা জুগিয়েছে।

সারা মুসলমান যুগ ধরে বাংলাদেশ সুন্দরের চর্চ্চায়, কীর্ত্তনে, গানে, কথকতায় ও যাত্রাভিনয়ে মুখরিত ছিল। তারপর ইংরাজ আমলে য়ুরোপীয় সভ্যতার অভিনব সৌন্দর্য্যের উন্মাদনায় বাঙালী চিত্তই প্রথম সাড়া দিয়েছে। সৌন্দর্য্যচর্চ্চার দিক দিয়ে বিলাতী সংস্কৃতি বাঙালীকে প্রথমটা যেভাবে চঞ্চল ক'রে তোলে, তাতে অনেক অনুকরণপ্রিয়তা ও মোহজ অন্ধতা ছিল তাতে সন্দেহ নাই—কিন্তু বিলিতি সভ্যতার সংস্পর্শে সাময়িক তমসাচ্ছন্ন ও মৃতপ্রায় বাংলাদেশে যে প্রাণের এক স্পন্দন জেগেছিল, তাও অস্বীকার করা যায় না। পরে বাঙালী যখন ধাতস্থ ও আত্মস্থ হ'ল, তখন সে অতীতের সংস্কৃতির গৌরবময় প্রতিষ্ঠার উপরেই বিদেশের সময়োপযোগী দান যথাযোগ্যরূপে গ্রহণ করতে শিখল! বাংলার সাহিত্য, কাব্য এই উপায়েই এক শতাব্দীর মধ্যেই বিশ্বসংস্কৃতি সভায় এক মহৎ স্থান অধিকার করতে পেরেছে। বাঙালী তার সাহিত্যে ও কাব্যে এমন সব বিচিত্র, সুন্দর ও মহামূল্য অর্ঘ্য রচনা করেছে—সুন্দরের পূজায় যার দীপ্তি অবিনশ্বর হ'য়ে থাকবে। সুন্দরস্বরূপের এই পূজায় বাংলার প্রথম ও প্রধান পূজারী ছিলেন সাহিত্যসম্রাট্ বঙ্কিমচন্দ্র। তাঁরই সুযোগ্য উত্তরাধিকারীরূপে কবিসম্রাট রবীন্দ্রনাথকে আমরা এ যুগে পেয়েছি।

বঙ্কিমচন্দ্র তাঁর আর্ষ দৃষ্টিতে বঙ্গজননীর যে পরিপূর্ণ সৌন্দর্য্য প্রতিমা দেখেছিলেন, রবীন্দ্রনাথ সেই স্বদেশ-মাতৃকারই বাণী মূর্ত্তি দান করেছেন। রবীন্দ্রনাথ তাঁর কাব্য, গল্প, উপন্যাস, সাহিত্য, গান, নৃত্য ও অভিনয়ের মধ্য দিয়া বঙ্গভারতীরই এক এক অঙ্গের বিকাশ সাধনা করেছেন। তাই রবীন্দ্রনাথের সব সৃষ্টিতেই আমরা বাংলার এক নিজ সত্তা ও বাঙালীর এক বিশিষ্ট ধারা খুঁজে পাই। উপনিষদ, কালিদাস ও পাশ্চাত্য কাব্যরত্নরাজি হ'তে তিনি ভাব ও ভাষার অনেক উপকরণ সংগ্রহ করেছেন এ কথা সত্য, কিন্তু এ কথা তবু বলা চলে যে, তাঁর সব সৃষ্টির প্রাণ বিশেষ ক'রেই গৌড়ীয় ও বৈষ্ণবীয়। বৈষ্ণবকবিদের প্রভাব ও বৈষ্ণবীয় সৌন্দর্য্য-বোধ তাঁর কাব্য ও গীতির অন্তর্নিহিত স্বভাব ও স্বধর্ম্ম। বঙ্গীয় সংস্কৃতিকে তিনি যেভাবে বিকশিত ক'রে তুলেছেন তাতে তাঁর পূর্ব্বজগণেরই সৌন্দর্য্যসাধনার পরাকাষ্ঠা দেখা দিয়েছে। রবীন্দ্রনাথ সৌন্দর্য্য-সৌকুমার্য্য ও মাধুর্য্যেরই প্রতিরূপ। এ ক্ষেত্রে বঙ্কিমচন্দ্রের সহিত তাঁর যে প্রভেদ রয়েছে তা আজকের আলোচ্য নয়; তবে এটা বলতে পারি যে, তাঁর সুকুমার প্রাণ সুরকে আশ্রয় ক'রেই কাব্যের বিকাশ চেয়েছে। পুষ্পের মাঝে সৌরভের মত তাঁর

* গীতবিতান (বার্ষিকী)—সম্পাদক শ্রীপ্রভাতচন্দ্র গুপ্ত।

কাব্য সুরের আমোদন গন্ধ সদাই প্রবাহিত। বঙ্কিমচন্দ্র ছিলেন শক্ত, দৃঢ় ও সজাগ মনের সৌন্দর্য্য সৃষ্টিতে তন্ময়—রবীন্দ্রনাথ ভাবুক, স্বপ্নময় ও আত্মভোলা সৌন্দর্য্যের পূজারী। তাই গান রবীন্দ্রনাথের ও তাঁর কাব্যের স্বাভাবিক ধর্ম্ম। রবীন্দ্রনাথের সব সৃষ্টিই গীতময়, ছন্দোময়, ধ্বনির সৌন্দর্য্যে বিচিত্র ও সমৃদ্ধ। তাঁর কাব্যে, তাঁর গদ্যে, তাঁর নাট্যে সর্ব্বত্রই সঙ্গীতের বা ধ্বনি সুষমার আয়োজন ও প্রয়োজন—। আর এই সঙ্গীত তাঁর সৃষ্টিতে এক ব্যাপক রূপ পেয়েছে। রাগসঙ্গীত, কাব্যসঙ্গীত, নাট্যসঙ্গীত, নৃত্যসঙ্গীত সবেই তাঁর সৃষ্টি অফুরন্ত প্রাচুর্য্যের ও আন্তরিক প্রেরণার পরিচয় দেয়।

আমাদের শাস্ত্রে গীত, নৃত্য ও বাদ্য এই তিনের সমষ্টিকেই পূর্ণাঙ্গ সঙ্গীত বলেছে। রবীন্দ্রনাথ এই পূর্ণাঙ্গ সঙ্গীতের আয়োজন তাঁর কাব্যের ও নাট্যের মধ্যে দিয়ে আনবার চেষ্টা করেছেন। অথচ সঙ্গীতের এই সব অঙ্গেই তাঁর সৃষ্টিতে গৌড়ীয় ছাপ র'য়ে গেছে। তাঁর গান বাংলা গীতিকাব্যেরই সুররূপ, তাঁর নৃত্যও প্রথমতঃ মণিপুরী নৃত্যের ও বাউলের রহস্যময় গতিছন্দের অনুসরণ করেছে। তাঁর প্রতিভার বিশেষত্বই এই যে, তা এই সুজলা সুফলা শস্যশ্যামলা বাংলার আবহাওয়া চারিধারে ছড়িয়ে দেয় অথচ তা সত্ত্বেও একান্ত প্রাদেশিক হয়ে পড়ে না। এক বিশ্বব্যাপী সত্য ও সুন্দরের প্রকাশে রবীন্দ্রসৃষ্টির গৌড়ীয় সৌন্দর্য্য বিশ্বরসিকসমাজে এক সহজ স্থান অধিকার করে।

বাংলার মার্জ্জিত রুচি বিদগ্ধসমাজে সঙ্গীতের রস পরিবেশন রবীন্দ্র-গীতের প্রধান অবদান। রবীন্দ্রনাথ মুখ্যতঃ কবি ব'লেই এটা সম্ভব হয়েছিল, কেননা উনবিংশ শতাব্দীর শিক্ষিত সমাজ সঙ্গীতের নামে নাসিকা সঙ্কুচিতই ক'রে এসেছেন। সাহিত্য সভায় কাব্যের মধ্য দিয়া সঙ্গীতের প্রবর্ত্তনার ফলেই, সুরের সম্বন্ধে শিক্ষিত সমাজের এই সঙ্কীর্ণতা দূরীভূত হয়। "গীতবিতান"-বার্ষিকীতে আমরা কবিবরের নিকটতম আত্মীয় আত্মীয়াদের লেখায় সে যুগের অনেক ইতিহাস পেয়ে থাকি। শিল্পীগুরু অবনীন্দ্রনাথ ঠাকুরবাড়ীর সঙ্গীতচর্চ্চা প্রসঙ্গে লিখেছেন যে, পাথুরিয়াঘাটার রাজদরবারে যখন কালোয়াতি সঙ্গীতের সীমাবদ্ধ সমঝদারের কেন্দ্র ছিল, ঐ সময়ই জোড়াসাঁকোর ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ ও তাঁর অগ্রজ জ্যোতিরিন্দ্রনাথ হিন্দুস্থানী রাগসঙ্গীত ভেঙে, বাংলা কাব্যের মধ্য দিয়ে—বাংলা গানের নব নব রূপ দানে তন্ময় ছিলেন। শ্রদ্ধেয়া শ্রীযুক্তা ইন্দিরা দেবী চৌধুরাণী মহাশয়া ও শ্রদ্ধেয় শ্রীযুক্ত প্রমথ চৌধুরী সে যুগের অনেক প্রয়োজনীয় বার্ত্তা ও আলোচনার উদ্ধারসাধন করেছেন।

বলা বাহুল্য, জোড়াসাঁকোর ঠাকুরবাড়ীর সকল সংস্কৃতি ও রবীন্দ্রনাথের আন্তর বিকাশের মূলে ছিলেন মহর্ষি দেবেন্দ্রনাথ। তবে মহর্ষির প্রেরণা প্রধানতঃ জ্ঞানপ্রধান ও শান্তরসপূর্ণ উপনিষদ্‌কে অবলম্বন করেছে। রবীন্দ্রনাথ ঐ প্রেরণারই বৈষ্ণবীয় রূপ দান করেছেন। মহর্ষির প্রত্যক্ষ প্রেরণায় রবীন্দ্রনাথ প্রথম জীবনে শান্ত-রসাস্পদ ধ্রুপদের অনুসরণে ব্রহ্ম-সঙ্গীত রচনা করেছিলেন। পরিণত-জীবনে রবীন্দ্রনাথের স্বকীয় প্রতিভা ফুটে উঠেছে—সঙ্গীতের ধ্রুব পন্থার ভিত্তির উপরে প্রতিষ্ঠিত অথচ বাংলা বাউল, কীর্ত্তনের ছন্দে দোলায়মান ও সুরের বিচিত্র বিমিশ্রণে সুশোভিত সব কাব্যসঙ্গীত ও নাট্যসঙ্গীতের অজস্র রচনায়। রবীন্দ্রনাথের কাব্যসঙ্গীত তাঁর ব্রহ্ম-সঙ্গীতকে আজ ঢেকে ফেলেছে। অবশ্য শিক্ষার দিক্ দিয়ে একথা আজ বলা চলে যে, 'গীতবিতান' ও অন্যান্য গীতপ্রতিষ্ঠানের পক্ষে রবীন্দ্রনাথের ধ্রুপদ সঙ্গীত ও ব্রহ্ম-সঙ্গীতের পুনরুদ্ধার একান্ত আবশ্যক। কেননা তাঁর পরবর্ত্তী রচনার মধ্যেও যে ধ্রুপদ প্রভাব রয়েছে তার সম্যক্ পরিচিতি ব্রহ্ম-সঙ্গীত হতেই সুলভ।

(আগামী বারে সমাপ্য)

ওল্ড ক্লাবে সঙ্গীত অধিবেশন

গত ৮ই জুন বৃহস্পতিবার বহুবাজার ষ্ট্রীটস্থ ওল্ড ক্লাবে একটি বিশেষ সঙ্গীত অধিবেশন হয়। বাঙ্গালার সুপ্রসিদ্ধ গীতশিল্পী শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতরত্নাকর আলাপ ও ধ্রুপদ গাহিয়া সভাস্থ সকলকে মুগ্ধ করেন। শ্রীযুক্ত সতীশচন্দ্র দত্ত ও শ্রীযুক্ত অরুণপ্রকাশ অধিকারী তাঁহার সহিত মৃদঙ্গ সঙ্গত করেন। রত্রি ১০টায় সভা ভঙ্গ হয়।

গীত-স্বরস্বতী কুমারী মায়া বিশ্বাস

বিষ্ণুপুরের প্রসিদ্ধ ডাক্তার শ্রীযুক্ত মতিলাল বিশ্বাস মহাশয়ের জ্যেষ্ঠা কন্যা কুমারী মায়া বিশ্বাস বহুদিন বিষ্ণুপুর "অনন্ত সঙ্গীত বিদ্যালয়ে" সঙ্গীত শিক্ষা করিয়া বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়াছেন। এই বৎসর তিনি কলেজের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া "গীত-সরস্বতী" উপাধি লাভ করিলেন। কলেজের আরও দুইজন ছাত্রী এই উপাধি লাভ করিয়াছেন, তাঁহাদের নাম কুমারী অঞ্জলি ঘোষ ও কুমারী বঙ্গলতা দত্ত। কলেজের ছাত্র ও ছাত্রীসংখ্যা ক্রমশঃই বৃদ্ধি পাইতেছে। গ্রীষ্মাবকাশের পর আগামী ২০শে জুন কলেজ ও স্কুল খুলিবে।

মেঘদূত উৎসব

১লা আষাঢ় কুমিল্লায় মেঘদূত উৎসবে শ্রীযুত যতীন্দ্র-কুমার চক্রবর্ত্তী এম. এ. মহাশয়ের উদ্যোগে একটী জলসার আয়োজন হয়। তাহাতে স্থানীয় জনপ্রিয় ওস্তাদ শ্রীযুক্ত সুরেন দাস মহাশয়ের ছাত্রীরা কণ্ঠসঙ্গীত দ্বারা উপস্থিত ভদ্রমণ্ডলীকে বিশেষ আনন্দ দান করেন।

প্রথম কুমারী রেণু গুপ্ত ও মঞ্জু গুপ্তের "বহু যুগের ওপার থেকে আষাঢ় এলো" এই উৎসবোপযোগী গানখানি অতি চমৎকার হইয়াছে। উপস্থিত শ্রোতৃমণ্ডলী গানখানি শুনিয়া মুগ্ধ হইয়াছেন। কুমারী রাণী দত্তের শুদ্ধ সারং ও বাংলা গানখানি সুন্দর হইয়াছে। কুমারী পুতুল চক্রবর্ত্তীর বাগেশ্রী ও শ্রীযুক্ত বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী মহাশয়ের সুরকৃত বাংলা গান "আমি চেয়েছিনু আকাশের চাঁদ" শুনিয়া সকলে তাঁহার কণ্ঠের প্রশংসা করিয়াছেন। অদূর-ভবিষ্যতে তিনি একজন বিখ্যাত গায়িকা হইবেন এরূপ আশা করা যায়। ৮ বৎসরের বালিকা মঞ্জুরাণী গুপ্তের হিন্দী ভজন সুর ও লয়ে এত উপভোগ্য হইয়াছিল যে, সকলে মুগ্ধ হইয়া মঞ্জুর যথেষ্ট সুখ্যাতি করিয়াছেন। কুমারী রীণা চৌধুরীর স্বরদ বাজনা উপভোগ্য হইয়াছিল। অল্পদিন শিক্ষা করিয়া রীণার হাত এবং লয়ের কাজ সুন্দর হইয়াছে। শ্রীযুক্ত মণীন্দ্র সরকার মহাশয় সকলের সঙ্গে তবলা সঙ্গত করিয়াছিলেন।

গীত-বিতান

(মায়ার খেলা অভিনয়)

সম্প্রতি কলিকাতার ছায়া চিত্রগৃহে শ্রদ্ধেয়া শ্রীযুক্তা ইন্দিরা দেবী চৌধুরাণী ও শ্রীযুক্ত শৈলজারঞ্জন মজুমদার মহাশয়ের পরিচালনায় রবীন্দ্রনাথের "মায়ার খেলা" গীতবিতানের ছাত্রীবৃন্দ কর্ত্তৃক অভিনীত হইয়া গিয়াছে। ইহার বিভিন্ন ভূমিকায় নীলিমা গুপ্ত, রমা রায়, অরুন্ধতী গুহ ঠাকুরতা, কণিকা মুখার্জি, গৌরী দাশগুপ্ত প্রভৃতি গীত ও নৃত্যের মধ্য দিয়া যে অভিব্যক্তি ও রস পরিবেশন করিয়াছেন তাহা সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল। গীত-বিতানের সুদক্ষ পরিচালকবৃন্দ দীর্ঘকাল পরে রবীন্দ্র-নাথের "মায়ার খেলা" অভিনয়ের আয়োজন করিয়া বিশেষ কলা-কুশলতার পরিচয় দিয়াছেন। এই নাটকের নৃত্যায়োজনে কথাকলি ও মণিপুরী নৃত্য প্রয়োগ করা হইয়াছিল। কথাকলি নৃত্য শ্রীযুক্ত বালকৃষ্ণ মেনন ও

মণিপুরী নৃত্য শ্রীযুক্ত ব্রজবাসী সিংহ কর্তৃক সুপরিকল্পিত হওয়ায় অভিনয় অধিকতর সাফল্য লাভ করে। অনুষ্ঠানে কলিকাতার বহু অভিজাত দর্শকের সমাগম হইয়াছিল।

সঙ্গীত-শিক্ষাশ্রমের বার্ষিক উৎসব

সম্প্রতি ভারত বিখ্যাত সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত সত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায় প্রতিষ্ঠিত ও পরিচালিত সঙ্গীত-শিক্ষাশ্রমের বাৎসরিক উৎসব শ্যামবাজার এ, ভি, স্কুলে মহা সমারোহে সুসম্পন্ন হইয়াছে। রায় শ্রীযুত নিবারণচন্দ্র ঘোষ বাহাদুর ও, বি, ই; ই, আই, আর-এর জেনারেল ম্যানেজার সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। শিক্ষাশ্রমের সেক্রেটারী ডাঃ ভূপেন্দ্রনাথ বসু মহাশয় কাউন্সিলার, কুমারী গীতা, শ্রীমান চিত্তরঞ্জন ও শ্রীমান মনোরঞ্জন বন্দ্যোপাধ্যায় প্রভৃতি তম্বুরা সহযোগে ইমন-কল্যাণের চৌতাল এবং খাম্বাজের ধামার দুন, ত্রিদুন, বাঁট ইত্যাদি সহকারে গাহিয়া সভাস্থ সকলকে চমৎকৃত করেন। তারপর মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়, দীপ্তিদেব ও আরাধনা চট্টোপাধ্যায়ের খেয়াল গান সকলকে মুগ্ধ করে। ইহার পর শ্রীমান সুবলচন্দ্র করের তম্বুরাসহযোগে খেয়াল ও গজল গান সকলকে বিশেষভাবে আনন্দ দান করে। কুমারী আরতি দাস ভজন ও রবীন্দ্র-সঙ্গীত গাহিয়া সকলকে বিশেষভাবে তৃপ্তি দেন এবং বিশেষ অনুরোধে তাঁহাকে আর একখানি গাহিতে হইয়াছিল। তারপর উদীয়মান গায়ক শ্রীঅমিয়রঞ্জন বন্দ্যোপাধ্যায় ও সুপরিচিত গায়ক শ্রীউমাশঙ্কর চট্টোপাধ্যায়, খেয়াল ও ঠুংরী খুব উচ্চাঙ্গের গাহিয়াছিলেন। কুমারী অনিমা সোম দুইটী নৃত্য করিয়াছিলেন। শিক্ষাশ্রমের ছাত্র-ছাত্রীবৃন্দের সঙ্গীত হইবার পর সত্যকিঙ্করবাবু ধ্রুপদ ও ভজন গানের সুমধুর রাগবিন্যাস ও তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্যের ক্রিয়াকলাপ প্রকাশের দ্বারা সভাস্থ সকলকে তন্ময় করিয়াছেন। ইহার পর সভাপতি মহাশয় তাঁহার স্বভাবসিদ্ধ গুরুগম্ভীর ধ্বনির দ্বারা সঙ্গীত সম্বন্ধে একটী নাতিদীর্ঘ মূল্যবান বক্তৃতা দেন এবং বাংলার পীঠস্থান বিষ্ণুপুর ও তাহার পূজারী প্রসিদ্ধ বন্দ্যোপাধ্যায় বংশের দ্বারাই যে উচ্চ সঙ্গীত রক্ষা পাইবার মূল কারণ সে বিষয়ে বিশদভাবে ব্যাখ্যা করেন। ছাত্রছাত্রীদের শিক্ষা দেখিয়া তিনি আশ্চর্য্যসহকারে বিশেষ প্রসংশা ও উৎসাহিত করেন। সভায় জাষ্টিস্ মিত্র, কুমার ধীরেন্দ্রনারায়ণ রায়, কুমার ক্ষেমেন্দ্রমোহন ঠাকুর, প্রোঃ মন্মথনাথ বসু, ডাঃ সুহৃদ মিত্র, প্রবীণ সাহিত্যিক শ্রীউপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, ডাঃ অমূল্যরতন চক্রবর্ত্তী, শ্রীযুত কৃষ্ণচন্দ্র বেদান্তচিন্তামণি প্রভৃতি প্রায় চারিশতাধিক বিশিষ্ট ব্যক্তি এবং বহু ভদ্রমহিলা এই অনুষ্ঠানে যোগদান করিয়াছিলেন।

বিজ্ঞপ্তি

কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক কাগজ-নিয়ন্ত্রণ ও সঙ্কোচমূলক আইনের নির্দ্দেশে আমরা চলিত মাসের সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা এখানেই শেষ করিলাম। আগামী সংখ্যা হইতে উক্ত আইনের জন্য অন্যান্য পত্রিকার ন্যায় সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকার কলেবর আরও হ্রাস করা হইবে।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি।

পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ

২১শ বর্ষ
৪র্থ সংখ্যা

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

শ্রাবণ
১৩৫১ সাল

বাহাত্তর ঠাট

২৮

শ্রীবিমল রায়

১ম গান্ধারী—জ্ঞদণ, কানরা ঠাট, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ো-সম্পূরণ; আরোহে ণ বর্জ্জিত, মূর্চ্ছনা—সরজ্ঞরমপদর্স ণদপমজ্ঞরসা। আরোহে সজ্ঞরমপা ও পদপর্স এইরূপও চলে। ওস্তাদদের মতে এই জ্ঞরম-র ব্যবহারই একে শুধ্ আসাওরি ও জৌনপুরী থেকে বাঁচিয়ে রাখে; যদিও সাধারণ হিসাবে আমরা এ মতের সমর্থন করি না, কারণ বহু গানেই সরমপা আরোহণই দেখা যায়। তা' ছাড়া, কারো কারো মতে শুধ্ আসাওরি নাম ভুল, ওটি হ'বে গান্ধারী। সে যাই হ'ক, এই তিনটি রাগকে যে, পৃথক করা দুষ্কর, তা প্রত্যেকেই স্বীকার করবেন, এবং সাধারণতঃ যে ভাবে গাওয়া হয়, তাতে যে তফাৎ, ব'লতে গেলে থাকে না, এও জ্ঞানীবা মান্‌তে বাধ্য। এর বাদী ধৈবত, গান্ধার প্রবল। যদি তিনটি রাগ পর পর গান করেন, তা'হলে তাদের তফাৎ নিম্নলিখিত ভাবে করা ভাল—

আসাওরী—সরমমপদমমপদর্স দপণদপদমমপমজ্ঞরসা।

জৌনপুরী—সরমপপদপমপণদপদণর্স ণদপদমপজ্ঞরসা।

গান্ধারী—সরজ্ঞরমপদদপণদপদপপর্স দণপদদপজ্ঞরম-পজ্ঞজ্ঞরসা।

অর্থাৎ আসাওরীর মধ্যম বাদী, জৌনপুরীর বাদী পঞ্চম আর গান্ধারীর বাদী ধৈবত। এই রূপ সম্বন্ধে মতদ্বৈধ থাকায় ফলে, একে ভাব-গান্ধারী বা শুধ্ গান্ধারী বলাই ভাল, কারণ ভুবন-গান্ধারীর সঙ্গে এর বেশ মিল আছে।

২য় গান্ধারী—গান্ধারী টোরি অঙ্গের রাগ; সেই হিসাবে এর অঙ্গে কোমল রেখাব থাকা উচিত। ২য় গান্ধারী এই কারণে অধিকতর যুক্তিসহ। এরই নাম হওয়া উচিত গান্ধারী, অথবা গান্ধারী-টোরি। ৩য় গান্ধারীর দাবী বেশী হ'লেও প্রায় অপ্রচলিত বিধায় সে দাবী মানা গেল না। এর ঠাট ভৈরবী, উপঠাট মোহন টোরি, ব্যবহার ঋরজ্ঞদণ, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ো-সম্পূরণ, আরোহে নিখাদ বর্জ্জিত, রেখব আরোহে শুদ্ধ, অবরোহে কোমল, আরোহে বক্র চলাই সঙ্গত। অনেকে আরোহে গান্ধারও বর্জ্জিত করেন।

মূর্চ্ছনা—সরজ্ঞরমপদর্স ণদপমজ্ঞঋসা। শুদ্ধ রেখবের অল্প ব্যবহার হওয়াই উচিত, অর্থাৎ বারে বারে জ্ঞরমপ ইত্যাদি না করাই শ্রেয়ঃ, কারণ আসাটোরি শুদ্ধ রেখবেই বেশী জোর দেবে। পদপর্স এর একটি চাল, পণস ও মাঝে মাঝে যায়, তবে, আরও কয়েকটি রাগ কেবল এই পণর্সর উপর নির্ভর করেই পার্থক্য বজায় রেখেছে, অতএব সেই হিসাবে পণর্স ব্যবহার বাদ দেওয়াই উচিত।

বিস্তার—সরজ্ঞরমজ্ঞঋজ্ঞঋসা, জ্ঞরমপদদপদণদপজ্ঞজ্ঞঋম-পজ্ঞঋসা, মপদপণদদদপজ্ঞরমপদপর্স ঋর্ জ্ঞর্ ঋর্ সর্ ণদপমপজ্ঞঋসা।

৩য় গান্ধারী—ভৈরবী ঠাট, ব্যবহার ঋজ্ঞদণ, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ো-খাড়ো, আরোহে নিখাদ, অবরোহে পঞ্চম বর্জ্জিত। মূর্চ্ছনা—সজ্ঞঋমপদর্স ণদমজ্ঞঋসা এ রূপটি বিশেষ শোনা না গেলেও অভিনবত্বের দিক দিয়ে চমৎকার, আর টোরি অঙ্গটি সুন্দর-রূপে পরিস্ফুট। তবে পরিচয়হীনতার দোষে একে গান্ধারী বলা গেল না, নাম দিতে হ'লো কোমল গান্ধারী বা নব গান্ধারী। নাগ-গান্ধারীর সঙ্গে এর বেশ একটা মিল পাওয়া যায়।

বিস্তার—সজ্ঞঋমপদমজ্ঞঋসা, দদমজ্ঞজ্ঞঋমপদমজ্ঞঋসা, মপদর্স ণদণদদমজ্ঞঋপমপদমজ্ঞঋসা, ঋমপদর্স ঋর্ ণর্স ণদমপ-র্স দণদদমজ্ঞঋসা।

৪র্থ গান্ধারী—ঠাট কানরা, উপঠাট মীরাবাঈকী মল্লার, ব্যবহার জ্ঞদধণ, জাতি সম্পূরণ, উপজাতি ওড়ো-সম্পূরণ, মূর্চ্ছনা—সরমপদর্স দপণদপধমপজ্ঞরসা। এটি ১ম গান্ধারীর সঙ্গে শুদ্ধ ধৈবত ব্যবহারে গঠিত, অথবা, ব

যায়, গান্ধার ও গান্ধারী যোগে উৎপন্ন। হঠাৎ শুদ্ধ ধৈবতে ধাক্কা দেওয়ায় সামান্য ভাবে শুধ্‌ দেশীর ছায়া দেয়। এই রূপটি দু'একজনের কাছেই শোনা যায়, যদিও সেই দু'এক-জনের খান্‌দানী ঘরের। তবু সাধারণের সঙ্গে না মেলার দরুণ একে গান্ধারী বলা যায়না। দেশী-গান্ধারী নামই বোধ হয় ঠিক নাম।

বিস্তার—সরমপজ্ঞরমপদদপধমপজ্ঞরসা, মপদণদপজ্ঞর-মপণদপধমপজ্ঞরসা, মপদর্স র্র্স দপণদপধমপজ্ঞরসা, পদর্স দ-ণদপধমপদর্স র্জ্ঞ র্র্স দপধমপজ্ঞরসা।

প্রচলিত ও অপ্রচলিত রূপ নিয়ে গান্ধারীর প্রকারভেদ বহু :—

১। গান্ধার। ২। গান্ধারী। ৩। দেবগান্ধার। ৪। দেবগান্ধারী। ৫। নব গান্ধারী। ৬। নাগ গান্ধারী। ৭। রুদ্র গান্ধারী। ৮। দেশী গান্ধারী। ৯। শ্যাম গান্ধারী বা শ্যাম গান্ধার। ১০। শুধ্‌ গান্ধারী বা ভাব গান্ধারী।

১। গান্ধারকে 'মারগ গান্ধার' বলা যায়।

১৬। গারা প্রাচীন গ্রন্থে গারা নামটি আমরা পাই না। নারদ কৃত গ্রন্থে (আধুনিক বলেই সন্দেহ হয়) 'গড়া' ব'লে একটী রাগ পাওয়া যায়, যাকে দেখলে স্বতঃই মনে হয় যে, এই নামই পরবর্ত্তী কালে উচ্চারণভেদে 'গারা' হ'য়ে দাঁড়িয়েছে। অবশ্য, 'গড়া'র কোনও রূপ আমি পাই নি, কাজেই নিশ্চিত ভাবে বলা সম্ভব নয় যে. 'গড়া' ও 'গারা' একই বস্তু। অর্ব্বাচীন যুগে আমরা 'কর্ণাট' মিশ্রিত 'গারে' নামটি পাই, যথা—

তরঙ্গিণীতে—গারে কানর ণ

হৃদয়ে—গারে কর্ণাট ণ ইত্যাদি

আধুনিক গারার উৎপত্তি এই গারে কর্ণাট থেকে কর্ণাটকে ছেঁটে ফেলে। রূপও প্রায় আগের মতোই। হৃদয়ের সণ্‌ধ্‌ণ্‌সরগমপধ হয়েছে সণ্‌ধ্‌ণ্‌সগমপধ এবং ঢঙটি (সণ্‌ধ্‌ণ্‌) বজায় আছে।

আধুনিক গারা মতভেদের অন্তরালে তিন মূর্ত্তি নিয়েছে ১। গারা ২। শুধ্‌ গারা বা গারা-খাম্মাচ ৩। গারা কানরা। 'গারা' নাম যাঁরা রাখলেন তাঁরা বললেন, প্রাচীন গারে কানরকে গারা-খাম্মাচ বা শুধ্‌ গারা বলা উচিত, কারণ এটি খাম্মাচ উপঠাটের। অতএব পুরাতন গারে কানরের কানরা-অঙ্গের মূর্ত্তি সৃষ্টি করা হোক্‌—এর ফলে গারা-কানরা জ্ঞগণন হ'য়ে পড়্‌লো। প্রথম গারার সৃষ্টি এদের পরে। শুধ্‌ গারা ইত্যাদির উদারা সপ্তকে প্রয়োগ বেশী, সাধারণতঃ ম্‌ণ্‌ধ্‌ন্‌স এই ভাবে চলে, সেই-জন্য মুদারার মধ্যমকে খড়্‌জ ক'রে গান করা প্রচলন হ'য়ে গিয়েছিল; এই খড়্‌জ পরিবর্ত্তনের সুযোগ নিয়ে অনেকে বল্লেন যে, গারায় কল্যাণ অঙ্গ আছে, এটি খাম্মাচ-কল্যাণ মিশ্রণ। ম্‌ণ্‌ধ্‌ণ্‌সগমরসা খড়্‌জ পরিবর্ত্তনে হ'লো সমগজ্ঞপণর্স ধপ; খাম্মাচ অঙ্গ হিসাবে এর সঙ্গে অবরোহণে যোগ হ'ল কোমল নিখাদ, অতএব দাঁড়ালো সমগজ্ঞপণর্স ধ-ণধপ ইত্যাদি।

এইবার যদি একে পূর্ব্বেকার খড়্‌জে ফিরিয়ে নিই তা' হ'লে দাঁড়ায় ম্‌ণ্‌ধ্‌ন্‌সগমরজ্ঞরসা। এই রূপটিকে এখন অনেকে গারা ব'লে চালু করতে চান। অবশ্য, আমরা একে ভাল চোখে দেখি না, তবু গারা ব'লে মানতে বিশেষ আপত্তি নেই, কারণ অন্যগুলির অন্য নাম র'য়েছে। কেউ কেউ এখনও খড়্‌জ-পরিবর্ত্তন না ক'রে বা না মেনে মক্ষণন দিয়ে গারা গান করেন এবং এটি কল্যাণ অঙ্গের ব'লে দাবী করেন। এর বিপক্ষে প্রথম আপত্তি এই যে, এটি কল্যাণ-অঙ্গ নয়, বেহাগ-অঙ্গ; দ্বিতীয় গারার অন্যান্য রূপ, যথা গারা-কানরা ইত্যাদির সঙ্গে মিল পাওয়া যায় না, তৃতীয় গান্ধার-বাদী বেহাগখাম্মাচ ব'লে একটি মিশ্র রাগ পাওয়া যায়, যার সঙ্গে এর মিল বড় বেশী। চতুর্থ বেশীর ভাগ গুণীই এর বিপক্ষে। অবশ্য খড়্‌জ পরিবর্ত্তনেই যে এই রূপটি সৃষ্ট হয়েছে, এ কথা বোঝান মুস্কিল (যদি মক্ষণন মতাবলম্বীরা না বুঝতে চান), কারণ সর্ব্বদা মধ্যমকে খড়্‌জ ক'রে ব্যবহার করলে কারও ভুল ধরার উপায় নেই। এতো বিপক্ষ ভাব সত্ত্বেও যদি এই রূপটিকে রাখতে হয় তা' হ'লে এর নাম মারু-গারা বা মলয় গারা দেওয়াই উচিত, কারণ মারু বেহাগের চেহারা এতে বেশ স্পষ্ট। গারা কল্যাণ বল্‌লেও আপত্তি না হ'তে পারে।

১ম গারা—কাফি ঠাট, জয়জয়ন্তী উপঠা'ট, ব্যবহার জ্ঞগণন, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ো-সম্পূরণ, আরোহে রেখাব বর্জ্জিত ধৈবত বক্র, অবরোহে গান্ধার বক্র। বাদী মধ্যম, পঞ্চম গৌণ, গান্ধার প্রবল, বাদীর সমকক্ষ, মূর্চ্ছনা —সগমপধণধনর্সণধপমগমরজ্ঞরসা। গতি নিম্ন সপ্তকেই বেশী, যদিও খড়্‌জ পরিবর্ত্তন করার মতো কিছু নয়। খুব সম্ভব যন্ত্রসঙ্গীতেই এই পরিবর্ত্তনের সূচনা হ'য়েছিল। এই ভাবে উদারা ও মুদারার অর্দ্ধ ভাগ পর্য্যন্ত বিস্তার হ'লো কর্ণাটিক সঙ্গীতের বিশেষত্ব, অথবা, বলা যেতে পারে, প্রাচীন কালের দ্বাদশ স্বর বিশিষ্ট মূর্চ্ছনার অনুকৃতি। এর শুদ্ধ নিখাদ কোনও কোনও গুণী ব্যবহার করেন না, তবে আমরা 'নি' সামান্য নিম্ন-শ্রুতি-সম্পন্ন করি। মণধনর্স এর চাল তবে গারা কানরার থেকে তফাৎ রাখার জন্য আরোহে পঞ্চম ও ধৈবত লাগাতে হবে। ধম সঙ্গত ব্যবহার করা চ'লবে।

বিস্তার—ণ্‌ধ্‌ণ্‌সগমরজ্ঞরসা, সণ্‌ধ্‌প্‌ম্‌প্‌ধ্‌ণ্‌সগম-পমরজ্ঞরসা, গমপধণধপধমগমরজ্ঞরসা, ম ধণর্স ধণপমপধণর্স-র্ণস্‌ণধণর্স ণধপমধমগমরজ্ঞরসা।

স্বরলিপি

মন মোর মেঘের সঙ্গী
উড়ে চলে দিগ দিগন্তের পানে,—
নিঃসীম শূন্যে শ্রাবণ বর্ষণ সঙ্গীতে
রিমিঝিম্ রিমিঝিম্ রিমিঝিম্।

মন মোর হংস-বলাকার পাখায় যায় উড়ে
ক্বচিত ক্বচিত চকিত তড়িৎ-আলোকে।
ঝঞ্জন মঞ্জীর বাজায় ঝঞ্ঝা রুদ্র আনন্দে
কল কল কল মন্দ্রে নির্ঝরিণী
ডাক দেয় প্রলয় আহ্বানে।

বায়ু বহে পূর্ব্ব সমুদ্র হ'তে
উচ্ছল ছল ছল তটিনী-তরঙ্গে
মন মোর ধায় তারি মত্ত প্রবাহে
তাল তমাল অরণ্যে
ক্ষুব্ধ শাখার আন্দোলনে।*

কথা ও সুর—রবীন্দ্রনাথ ঠাকুর — স্বরলিপি—শ্রীশৈলজারঞ্জন মজুমদার

II সা সা সা সা | রা -া রা রসা I রা-পা মা -পমা | -মা-জ্ঞা -া-মা I
ম ন মো র মে ০ ঘে র০ স ঙ্ গী ০০ ০ ০ ০ ০

মা মপা পা পা | পা -া পা -া I পমা-ণা ণা ধা | ধণা -পা পা -া I
উ ড়ে চ লে দি গ্ দি ০ গ০ ন্ তে র পা০ ০ নে ০

পর্সা -া র্সা র্সা | র্সা -া সা -া I সা -া রা সা | রা -া গা রা I
নিঃ ০ সী ম শূ ০ ন্যে ০ শ্রা ০ ব ন ব র্ ষ ণ

গা -মা পা -া | গা -মা -রা -া I রমা রা রমা-রা | রমা রা রমা-রা I
স ঙ্ গী ০ তে ০ ০ ০ রি মি ঝি ম্ রি মি ঝি ম্

মা মা পা -া | -া -া -া -া II
রি মি ঝি ০ ০ ০ ০ ম্

II {মা পা পা পা | পণা -পা না না I না -া র্সা-র্রা | নর্সা-পা পা -া I
ম ন মো র হং ০ স ব লা ০ কা র্ পা ০ খা য়্

না -া না -া | র্সা -া -া -া I র্সা -ন র্রা র্সা | র্সা -ন র্রা র্সা I
যা য়্ উ ০ ড়ে ০ ০ ০ ক্ব ০ চি ত ক্ব ০ চি ত

নর্সা-ণা ণা ণা | ধা -া ণা ধা I পা -া পধা -মা | পা -া -া -া} I
চ ০ কি ত ত ০ ড়ি ৎ আ ০ লো০ ০ কে ০ ০ ০

* এই গানটি এন. কিউ. ২৩৬ নং পাইওনিয়ার রেকর্ডে গীত

র্জ্ঞা -া র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞা -া র্জ্ঞা র্জ্ঞা I র্জ্ঞা -র্মা র্গর্মা -া | র্রা -া র্সা -া I
ঝ ন্ ঝ ন ম ন্ জী র বা ০ জা য়্ ঝ ন্ ঝা ০

র্সর্রা -া র্সা র্সা | র্সর্রা -া র্সা -া I র্সর্রা র্রর্সা র্সর্রা র্রর্সা | র্সর্রা র্রর্সা র্সা -া I
ক্র ০ ন্দ্র আ ন ন্ দে ০ ক ল ক ল ক ল ম ন্

নর্সা -ণা ণা -া | ণা ধা পা -া I মা -া পা -া | পা পা পা -মা I
ন্দ্রে ০ নি র্ ঝ রি ণী ০ ডা ক্ দে য়্ প্র লয়্ আ হ্

পা -মা -পা -মা | মর্সা -া -া -া II
বা ০ ০ ০ নে ০ ০ ০

II {মা মা পা মা | পা -া ধা মা I পা -া ধা মা | পা -া -া -া I
বা য়ু ব হে পূ র্ ব স মু ০ দ্র হ তে ০ ০ ০

পা -ণা ণা ণা | ধা ধণা ণধা পধা I মা পা মপধা ধপা | মা -পা মজ্ঞা -মা} I
উ ০ চ্ছ ল ছ ল০ ছ ল০ ত টি নী০০ ত র ঙ্ গে০ ০

{মা পা পা পা | পণা -পা পণা পা I না -া না পা | না -া র্সা -া I
ম ন মো র ধা য়্ তা রি ম ০ ত্ত প্র বা ০ হে ০

র্সনা -র্সা র্রা র্রা | র্রা -র্মর্জ্ঞা র্রা র্সর্রা I না -া র্সা -া | -া -া -া -া} I
তা ০ ল ত মা ০০ ল অ০ র ০ ঙ্গে ০ ০ ০ ০ ০

র্সা -র্রা র্রর্সা র্সা | নর্সা -ধা -ণা -ধা I -ণা -ধা -ণা -ধা | -ণা -া -পা -ধা I
ক্ষু ব্ ধ শা খা ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ব্

মা -া পমা পমা | মর্সা -া -া -া II II
আ ন্ দো০ ল০ নে০ ০ ০ ০

গান

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

আধখানি চাঁদ এখনো আকাশে জাগে
ফুলের সুবাসে এখনো শিহর লাগে।
এখনো মাধবী রাতি
রয়েছে আসন পাতি'
নাম-হারা পাখী কানন মুখরি' ডাকে।

হেন লগনেতে স্মরণ ভরিয়া তব
অলস ফাগুনে স্বপন রচিব নব।
বিজন মায়াবী রাতে
রহিব যে তব সাথে,
ভরিব হৃদয় যৌবন-অনুরাগে।

স্বরলিপি

মেঘ—ঝাঁপতাল

প্রবলদল সাঁজি ঝুক, ঝুমায়ত ভূমাপর।
উমড় ঘন ঘোর ঝর, ইন্দ্র লেয়াওরে ॥
বরষত মুষল ধার, হোতা প্রহর চার।
কৃষ্ণ গিরি ধরে গোকুল, বাঁচাও রে ॥

বুঁদনতে ধরণী ধর সরন কো রক্ষা করে।
পশু পঞ্ছী জীব জন্তু অতি সুখ পাওরে ॥
কহে মিঞা তানসেন. তেরি গতি অব্যক্ত।
সুরপতি অধীন হ'য়ে, শীষ নামাওরে ॥

কথা ও সুর—তানসেন

স্বরলিপি—শ্রীশচীন্দ্রনাথ মিত্র

\+ ১ ০ ২
II র্সনা র্সনা | র্সা ণা পা | ণা -পা | মপা পা পা I মা‿-রা | মা‿-পা পা |
প্র০ ব০ ল দ ল সাঁ ০ জি০ ঝু ক ঝু ০ মা য় ত

সা‿-রা | রা সা সা I ণ্া সা | রা মা পা | ণা‿-পা | পা পা পা I
ভূ ০ মা প র উ ম ড় ঘ ন ঘো ০ র ঝ র

মা -পা | না র্সনা র্সা | র্রা -র্সা | -ণা -ণমা পা II
ই ন্ দ্র লে০ য়া ও ০ ০ ০০ রে

\+ ১ ০ ২
II মা পা | ণা ণা ণর্সা | র্সা র্সা | র্সা -া র্সা I না -র্সা | র্রা‿-র্মা র্মা |
ব র ষ ত মু০ ষ ল ধা ০ র হো ০ তা ০ প্র

র্রা র্সা | ণা -ণপা পা I র্মা র্রা | র্রা র্রা র্রা | মা পা | না র্সনা র্সা I
হ র চা ০০ র কৃ ষ্ ণ গি রি ধ রে গো কু০ ল

র্রা -া | র্সা -া -া | র্রা -র্সা | -ণা -ণমা পা II
বাঁ ০ চা ০ ০ ও ০ ০ ০০ রে

\+ ১ ০ ২
II মা -রা | মা মা মা | মা মা | পা পা পা I মা পা | ণা ণা -া |
বুঁ ০ দ ন তে ধ র ণী ধ র স র ন কো ০

ণা -পা | পা পা পা I মা রা | মা পা পা | মা রা | সা -া সা I
র ০ ক্ষা ক রে প শু প ঙ্ খী জী ব জ ন্ তু

ণ্া সা | রা -মা পা | ণা -া | ধা -ণপা পা II
অ তি সু ০ খ পা ০ ও ০০ রে

	+		১			০		২								
II	মা	পা |	না	-া	র্সা |	র্সা	র্সা |	র্সা	-া	র্সা I	না	র্সা |	র্রা	-র্মা	র্রা |
	ক	হে	মি	০	য়া	তা	ন	সে	০	ন	তে	রি	গ	০	তি

র্সা	-া |	ণা	-ণপা	পা I	র্মা	-র্রা |	র্রা	র্রা	র্রা |	র্সা	র্সা |	র্সা	র্সা	র্সা I
অ	০	ব্য	০০	ক্ত	সু	০	র	প	তি	অ	ধী	ন	হো	য়ে

মা	-পা |	না	-র্সনা	র্সা |	র্রা	-র্সা |	ণা	-ণমা	পা II II
শী	০	ষ	০০	না	মা	০	ও	০০	রে

স্বরলিপি

ভজন—কাহারবা

পুষ্পের শয্যায় রেখো না মোরে হায়, দাও পেতে কণ্টক শয্যা।
যশের মাল্য—ছিন্ন করো তায়, দাও ভালে দুস্তর লজ্জা।
নীরব করো হে সুখ্যাতি-শংখ, তিলক করো হে কলংক-পংক
বঞ্চিত করো হে পালংক-অংক—দাও খুলে মিথ্যা এ সজ্জা।

কথা—৺চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্বর ও স্বরলিপি—শ্রীশ্যামলকান্তি মুখোপাধ্যায়

II	সা	-দা	দা	দা |	দা	-া	পা	-া I	পা	পণা	দা	পা |	মপা	-জ্ঞমা	মা	-া I
	পু	ষ্	পে	র	শ	০	য্যা	য়	রে	খো০	না	মো	রে০	০	হা	য়
	সা	ঋা	গা	মা |	পা	-দা	না	র্সা I	পণা	-দপা	মা	-া |	-া	-া	-া	-া II
	দা	ও	পে	তে	ক	ন্	ট	ক	শ০	০০	য্যা	০	০	০	০	০
II	দা	দা	-া	-দপা |	মপা	-া	মা	-া I	সা	-জ্ঞরা	-মজ্ঞা	জ্ঞা |	সা	ঋা	সা	-া I
	য	শে	০	০র	মা০	০	ল্য	০	ছি	০০	০০	ন্ন	ক	র	তা	য়
	জ্ঞা	-া	রা	জ্ঞা |	পমা	-দপা	জ্ঞা	সা I	সা	-মজ্ঞা	পদা	-দা |	-া	-া	-া	-া II
	দা	ও	ভা	লে	দু০	০স্	ত	র	ল	০০	জ্জা০	০	০	০	০	০
II	{দা	-া	-া	দপা |	মা	পা	মজ্ঞা	-মা I	দা	-া	দা	পা |	পদা	-নর্সা	র্সা	-া I
	নী	০	র	ব০	ক	র	হে০	০	সু	০	খ্যা	তি	শ০	০ং	খ	০
	দা	-দজ্ঞ্ঁা	জ্ঞ্ঁা	জ্ঞ্ঁা |	ঋ্ঁা	-া	র্সা	-া I	সা	সজ্ঞা	-মপা	পা |	মপা	-মজ্ঞা	সা	-া} I
	তি	০	ল	ক	ক	র	হে	০	ক	লং	০০	ক	পং০	০০	ক	০
	-া	পদা	-া	নর্সা |	দা	-া	পা	-া I	জ্ঞা	পা	ণা	-া |	পণা	-দপা	মা	-া I
	০	বন্	০	চিত	ক	র	হে	০	পা	ল	ং	ক	অং০	০০	ক	০
	দ্া	-া	ণ্া	সা |	জ্ঞা	-া	পা	মা I	জ্ঞা	-া	পমদপা	-া |	-া	-া	-া	-া II
	দা	ও	খু	লে	মি	০	থ্যা	এ	স	০	জ্জা০০০	০	০	০	০	০

স্বরলিপি

(ঠুংরী)

পিলু—আদ্ধা

হামারি সজনী দুখ দে গয়ি আব না যাউ ম্যয়।
দিন নাহি চয়্‌ন রাত নাহি নিদিয়া
ক্যায়সি মানে মোরি জিয়ারা

সংগ্রহ ও স্বরলিপি—শ্রীসতীশ পাত্র

II ন্‌া সা ন্‌সরা -মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞমা রমজ্ঞা | জ্ঞা জ্ঞা সরা ন্‌া I
হা মা রি০০ ০ স জ নী০০ ০০০ দু খ দে০ গ

সা -া -া -া | গা গা গা -মা | রা -জ্ঞা সরমা -পদা | -মদা -দপমা জ্ঞা জ্ঞা I
য়ি ০ ০ ০ আ ব না ০ যা ০ উ০০ ০০ ০০ ০০০ ম্যা য়্‌

-ন্‌সা -রগা -মা -গা | গা সরা -মদা -ধপা | জ্ঞা রা মজ্ঞা -া | জ্ঞা জ্ঞা সরা ন্‌া I
০০ ০০ ০ ০ হা মা০ ০০ ০রি স জ নী ০ দু খ দে০ গ

সা -া -া -া | "ন্‌া সা ন্‌সরা মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞমা -রমজ্ঞা | জ্ঞা জ্ঞা সরা ন্‌া" II
য়ি ০ ০ ০ হা মা রি০০ ০ স জ নী০০ ০০০ দু খ দে০ গ

\+ ৩ ০ ১

II গা মা পধা -নর্সা | ধনা র্সা -া র্সা I
দি ন না০ ০০ হি চ য়্‌ ন

না না না র্সা | স্না র্র্সা ণা -ধপা | পা পা পধা -ণা | -পধা -র্সর্র্সা ণা -ধপা I
রা ত না হি নি দি য়া ০ ক্যায়্‌ সি মা০ ০ ০০ ০০০ নে ০

পা -ধপা মগা -পধা | মা -গা ন্‌সা -গমা | -পদা -ণদা -পা -া | -মদা -দপমা জ্ঞা -া I
মো ০রি জি ০০ য়া ০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০০ ০০০ রা ০

-ন্‌সা -রসা -মা -গা | গা সরা -মপা -ধপা | জ্ঞা রা জ্ঞা -া | জ্ঞা জ্ঞা সরা ন্‌া I
০০ ০০ ০ ০ হা মা০ ০০ ০রি স জ নী ০ দু খ দে০ গ

সা -া -া -া | "ন্‌া সা ন্‌সরা -মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞমা -রমজ্ঞা | জ্ঞা জ্ঞা সরা ন্‌া" II
য়ি ০ ০ ০ হা মা রি০০ ০ স জ নী০০ ০০০ দু খ দে০ গ

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

খেয়াল

কামোদ-কল্যাণ—ঢিমা-ত্রিতাল

রচিত—৺শাহ্ সদারঙ্গ প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ

স্থায়ী

১ + ৩ ০
গমপা -গমরা -সা ন্সা I সমরা -া রপা -া | হ্মপা -ধা র্সধা -র্সধা | পা -হ্মপা পহ্মা পা |
মে০০ ০০০ ০ রে পী০ ০ র ০ ঔ০ ০লি০ ০০ য়া ০ নি ০

হ্মধা -পা পা -া I মরা -া রপা -া | হ্মধা -পা পহ্মা -পা | পগা -া গমা -পা |
জা০ ০ মু ০ দ্দি ০ ন ০ দি০ ০ল্লী০ ০ কে০ ০ বা০ ০

-গমা -রা -রা সা I সা -ন্সা -ধ্া -প্া | সা -ন্সা মরা -পা | পগা -মা -রা সা II
০০ ০ দ্ শা পী ০০ ০ ০ র ০০বি০ ০ রা০ ০ ০ জে

অন্তরা

+ ৩ ০ ১
I পা হ্মপা পর্সা র্সনা | র্রা র্সা -া -া | র্গা র্মা -র্রা র্রা | র্সনর্সা পা হ্মপা হ্মপা I
স দা র ঙ্গ পি য়া ০ ০ ক হে ০ শা হ০০ কু তু০ বু০

পর্সা -া -র্সা -া | র্সনা ধা পা -হ্মপা | মরা -া পা পা | হ্মধা -া পা -হ্মপা I
দ্দি ০ ০ ০ ঔ০ ০ লি ০০ য়া০ ০ স ক ল০ ০ কে ০০

হ্মপা -া ধপা -া | মরা -পা -হ্মধা -পা | গমপা -গমা -রা সা | "গমপা গমরা -সা ন্সা" II
পী০ ০ র০ ০ বি০ ০ ০০ ০ রা০০ ০০ ০ জে মে০০ ০০০ ০ রে

খেয়াল

কামোদ-কল্যাণ—জলদ্-ত্রিতাল

রচিত—৺শাহ্ সদারঙ্গ প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ

স্থায়ী

+ ৩ ০ ১
I রমা রা সা -া | মা রা হ্মা -পা | হ্মা ধা পা -া | গা মা পা গা I
আ০ ন বে ০ লা ০ রি ০ ম য়্ কো ০ মি ০ ত পি

মা রা সা -া | ধ্া -া প্া -া | সা -া গা -মপা | গমা -রা সা -া II
য়া রো য়া ০ মে ০ রো ০ রি ০ মে .০০ রো০ ০ রি ০

অন্তরা

```
     +               ৩               ০                 ১
II পা -া র্সা র্সা | র্সা -া র্সা র্সা | র্সা -া -নর্রা র্সা | র্সধা -া পা -া I
   লা ০ ড় থে     লা ০ ঙ তে     হিঁ ০ ০ ন     বে ০ লা ০

   র্গর্মা -র্রা র্সা না | ধা পক্ষা পা -া | গা মা ধা ক্ষপা | গমপা -গমা -রা সা II
   সদা ০ র ঙ্গ     স ব০ ০ ০     খে ০ ল খে০     লা০০০০ ০ রি
```

(ক্রমশঃ)

গীত-বিতান

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

ব্রহ্মসঙ্গীত ও কাব্যসঙ্গীতের মধ্য দিয়ে রবীন্দ্রনাথ শিক্ষিতসমাজে সঙ্গীতের কতটা প্রসার এনেছেন—আজও তা আমরা বুঝতে পারি। আজ রবীন্দ্রনাথের বিশ্ব-বিনন্দিত কাব্যছন্দের নিত্য চর্চ্চা ও সাধনার ধারা অক্ষুন্ন রেখেছে প্রধানতঃ বাংলার নানা সঙ্গীত-প্রতিষ্ঠান। মার্জ্জিতরুচি শিক্ষিতসমাজ সঙ্গীতের মধ্য দিয়েই কবি-গুরুর সৃষ্টির অনুসরণ করছে আজ। এ বিষয়ে "গীত-বিতান" বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষগণ যে আদর্শ আমাদের সামনে এনেছেন তা যথার্থই আদরণীয়। 'গীতবিতান' শুধু রবীন্দ্রসঙ্গীত শিক্ষা দিয়েই কর্ত্তব্য সমাধা করেননি। মাঝে মাঝে রঙ্গমঞ্চে রবীন্দ্রসঙ্গীত ও রবীন্দ্রনাট্যের অনুষ্ঠানে এঁরা জনসমাজে রবীন্দ্রগীতের প্রভাব ও আদর্শ সজীব রাখতে পেরেছেন এবং রবীন্দ্রসঙ্গীতের নানা আলোচনায় এঁরা বাংলার প্রধান প্রধান অনেক সাহিত্যিক ও শিল্পীরই সহায়তালাভে সমর্থ হয়েছেন। এঁদের প্রথম প্রকাশিত বার্ষিকীটি শিল্পীগুরু অবনীন্দ্রনাথ হ'তে আরম্ভ ক'রে প্রখ্যাতনামা বহু প্রতিভাশালী লেখকের রচনায় সুসমৃদ্ধ। রবীন্দ্রসঙ্গীতের বহুল সমাদর ও রসবিতানের পরিচয় এই বার্ষিকীতে আমরা পেয়ে থাকি। গীত-বিতানের সহিত বিশ্বভারতীর যোগাযোগও অতি অকৃত্রিম ও স্বাভাবিক। গীতবিতান বার্ষিকীর প্রধান বিশেষত্ব এই যে, এতে কবিগুরুর নিকটতম আত্মীয় ও আত্মীয়াগণ এবং তাঁর প্রধান ভক্তগণ ও ছাত্রছাত্রীগণ একদিকে তাঁর কাব্য-সঙ্গীতনাট্যপ্রতিভার ও অপরদিকে তাঁর জীবনশিল্পেরও এক এক দিক খুলে দেখিয়েছেন। যাঁরা এই বার্ষিকীতে যোগ দিয়েছেন, তাঁদের অনেকেরই নাম দেশের ও বিদেশের সাহিত্যক্ষেত্রে সমুজ্জল। পূজনীয় অবনীন্দ্রনাথ, নন্দলাল, অসিত হালদার, দেবীপ্রসাদ, সুনীতিকুমার, ক্ষিতিমোহন, প্রমথনাথ, রথীন্দ্রনাথ প্রভৃতি স্বনামধন্য ব্যক্তিদের পরিচয় নতুন ক'রে দেওয়া বাতুলতা মাত্র। তেমনি শ্রদ্ধেয়া ইন্দিরা দেবী, সরলা দেবী চৌধুরাণী, প্রতিমা দেবী প্রভৃতি প্রতিভাশালিনী লেখিকারাও কবিগুরুর স্মৃতি উদ্দেশ্যে রচনাপুষ্পাঞ্জলি দিয়ে বার্ষিকীটিকে সার্থক করেছেন।

সঙ্গীতের নানা দিক্ প্রত্যেক প্রবন্ধেই খুলে লেখা হয়েছে। সঙ্গীতের ঐতিহাসিক আলোচনায় শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেনের প্রয়াস প্রশংসনীয়। দুঃখ হয় যে, এঁরা রবীন্দ্রনাথের সংশ্লিষ্ট সঙ্গীতের বিশদ বিবরণ লিখতে গিয়েই—প্রাচীন সঙ্গীত-ইতিহাসের পৃষ্ঠার দিকে মনোযোগ দিয়েছেন—কিন্তু যদি এঁরা হিন্দু-সঙ্গীতের ঐতিহাসিক বিশ্লেষণে অধিক মনোযোগ দিতেন তবে তা বঙ্গীয় সঙ্গীত-সংস্কৃতির বিশেষ সহায়ক হোতো। তার অভাবে কিছু কিছু ভুলভ্রান্তির পথ অতিক্রম করা দুঃসাধ্য। দুই একটি বিষয় এক্ষেত্রে উল্লেখযোগ্য। রবীন্দ্রনাথ অসংখ্য কাব্যগীতি রচনা করেছিলেন সত্য। কিন্তু হিন্দুস্থানে মিয়া তানসেনের রচিত তিন সহস্র ধ্রুপদ আজও লিপিবদ্ধ আছে—আর শাহ সদারঙ্গের সহস্র সহস্র হোরি ও খেয়াল অবিকৃতভাবেই সুরক্ষিত রয়েছে। সেনীয় গুণীদের কৌলিক বিদ্যার ভাণ্ডার আজও লুপ্ত হয়নি। এ সম্বন্ধে আমরা সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকায় অনেকবার উল্লেখ করেছি। কিন্তু এসকল বিদ্যা রামপুর প্রভৃতি সামন্ত রাজ্যে ও সেনীয় দু'একটি বংশে এভাবেই গুপ্তভাবে রাখা হয়েছে—যার যথার্থ সমুদ্ধার বিশেষ তপস্যা ও অধ্যবসায়সাপেক্ষ। তবু একথা বলা চলে, যে গীতের সংখ্যায় শাহ্ সদারঙ্গের সৃষ্টি কবিগুরু রবীন্দ্রনাথ অপেক্ষাও অধিক ভিন্ন অল্প ছিল না।

আর একটী বড় কথা এই যে, রবীন্দ্রনাথ মিয়া তানসেন বা অন্যান্য প্রাচীন সঙ্গীতনায়কগণের ন্যায় নতুন রাগ রচনা করেছেন এই ধারণা শিক্ষিতদের মধ্যে জন্মাচ্ছে। কিন্তু রবীন্দ্রনাথের "সঙ্গীতের মুক্তি" প্রবন্ধে তিনি স্পষ্টই বলেছেন যে রাগ বা Typal music রচনা তাঁর বিশেষত্ব নয়—প্রচলিত নানা রাগের সংমিশ্রণে সুরের ব্যক্তিত্বের বিকাশেই তাঁর সঙ্গীত বিচিত্র সুন্দর। প্রাচীন নায়কেরা ২।৩ রাগ মিশিয়ে নতুন প্রকার রাগের type তৈরী করতেন কিন্তু এরূপ typal সৃষ্টি বা সুরের বড় বড় ধারা দেখানো রবীন্দ্রনাথের বিশেষত্ব নয়—বিচিত্র সুর-সংমিশ্রণে ব্যক্তিগত ভাবাবেগের প্রকাশেই রবীন্দ্রসঙ্গীত সার্থক। ক্রমশঃ

—সংবাদ—

পরলোকে ললিতমোহন মুখোপাধ্যায়

গত ১৬ই জুন শুক্রবার সন্ধ্যায় প্রসিদ্ধ ধ্রুপদ গায়ক ললিতমোহন মুখোপাধ্যায় মহাশয় মাত্র ৪৪ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি প্রায় এক বৎসরাবধি নানা রোগে আক্রান্ত হইয়া ভুগিতেছিলেন। গত ৪ মাস যাবৎ তিনি শয্যাশায়ী হইয়াছিলেন। সুবিখ্যাত গায়ক স্বর্গত মহিম মুখোপাধ্যায় মহাশয়ের ইনি একমাত্র পুত্র। ললিতবাবু তাঁহার পিতার নিকট ধ্রুপদ গান প্রথম শিক্ষা করেন। তাঁহার পিতার মৃত্যুর পর তিনি স্বর্গত গুণিপ্রবর প্রাতঃস্মরণীয় রাধিকাপ্রসাদ গোস্বামী মহাশয়ের নিকট কিছুকাল শিক্ষা করিয়াছিলেন। ললিতবাবু আজীবন ধ্রুপদ গান শিক্ষা ও সাধনা করিয়া বাঙ্গলার সঙ্গীত-সমাজে বিশেষ খ্যাতি লাভ করিয়াছিলেন। তাঁহার স্ত্রী, দুই পুত্র ও দুইটি কন্যা বর্ত্তমান। ললিতবাবুর অকাল মৃত্যুতে বাঙ্গলা দেশ একজন শ্রেষ্ঠ গুণী ও সুকণ্ঠ গায়ক হারাইল। আমরা তাঁহার আত্মার কল্যাণ কামনা করি ও তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি সমবেদনা জ্ঞাপন করিতেছি।

শ্রীঅরবিন্দ জন্মোৎসব

বিগত ১৫ই আগষ্ট শ্রীঅরবিন্দ জন্মতিথি উপলক্ষে আশ্রমস্থ ও সমাগত তেরশত দর্শনার্থীর মধ্যে বহুশত লোক দর্শনের পূর্ব্ব ও পর দিবস সঙ্গীতানুষ্ঠানে শ্রীযুক্ত দিলীপবাবুর বাসায় যোগদান করেন। পূর্ব্বদিন দিলীপ-বাবুর গান হয় তাহাতে তিনি আধুনিক বাংলা, কীর্ত্তন, ধ্রুপদাঙ্গ রাগসঙ্গীত ও সংস্কৃত ছন্দযুক্ত সঙ্গীত মৃদঙ্গ যোগে গান করেন। পরদিন গুজরাটী বৈষ্ণব সাধু কিষণজী রাধাকৃষ্ণ-বিষয়ক ভজন খটতার যোগে গাহিয়া সকলকে মুগ্ধ করিয়াছিলেন। পরে শ্রীযুক্ত বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী মহাশয় সুর-রবাবে মীরাবাঈকী মল্লার ও রাগমালা বাজান, তাঁহার বাজনাও খুব উল্লেখযোগ্য হইয়াছিল।

সূচী-পত্র

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি ; পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২১শ বর্ষ — সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা — ভাদ্র
৫ম সংখ্যা — ১৩৫১ স

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

ছায়া-কল্যাণ

ইহা কল্যাণ মেলের অন্তর্গত বক্র-সম্পূর্ণ রাগ। পূর্ব্বাঙ্গ প্রধান। কল্যাণ, ইমন ও হাম্বীর রাগের সংমিশ্র লক্ষিত হয়। বাদী—রেখাব, সম্বাদী—পঞ্চম, গ্রহ—গান্ধার, ন্যাস—ষড়্‌জ। শুদ্ধ ম দুর্ব্বল—অল্পপ্রায়। কড়ি মধ্যম প্রবল। ধৈবত শুদ্ধ নিখাদ সহ প্রবলভাবে আন্দোলিত। গান্ধার দুর্ব্বল। রেখাব ও পঞ্চমের মীড়, যথা—রে‿-পা ও পা‿-রে এই রাগের বিশিষ্ট ব্যবহার।

আরোহ—স, র স, গ ম প -, ক্ষ ধ -প (বা ক্ষ প ধ প), ন ধ র্স।

অবরোহ—র্স ন ধ প, ক্ষ প, গ ম র স।

পকড়—স, র স, ক্ষ প, গ ম, ন ধ প, গ ম র স।

আওচার - স্থায়ী : র স, র গ, ম প, ক্ষ ক্ষ, প, ধ ক্ষ প, গ প, গ, র প প, ক্ষ প, গ ম র স।

স্থায়ী—মাঞ্জা : স‿-ন্, ধ্ ধ্, প্, ন্ ধ্ - প্ ক্ষ্ প্ গ্ ক্ষ্, ন্ ধ্ - ন্ ধ্ - স স র স, র প গ - ম প গ -, ধ, প, ন ধ - প ক্ষ ক্ষ প প, গ গ ম র স।

স্থায়ী (মুদারা)—স, র স, প - র - গ, ম প, ধ - ক্ষ ক্ষ প, প, ন ধ ন ধ প - প -, র প ক্ষ প ধ ক্ষ - প, গ গ প - গ - প, ক্ষ র - গ ক্ষ প গ ম র স।

অন্তরা—ক্ষ প, ধ ধ প, ন ধ - ন ধ - প ন ধ র্স র্স র্র র্র র্স র্গ র্গ র্গ র্প র্গ - র্র র্স, ন ধ - ধ - প, ক্ষ প, গ ম র গ ম প ক্ষপ, ধ প, ক্ষ প গ ক্ষ - র স।

প প ধ ধ প - ন ধ - ন ধ - প, র্স র্স র্র র্স, র্গ র্ম র্প র্গ র্ম র্র র্স, প র্স -, ধ র্স -, র্র স ধ ধ প - ন ধ - প, ক্ষ ক্ষ প, ধ ক্ষ প, গ গ, প র গ ম প, গ ম র স।

ভোগ—স স প, প, প, ধ ধ প, ক্ষ প, ধ প, ক্ষ প, গ ম র স, স ন্ ধ্, ন্ ধ্ প্, ক্ষ্ প্ ধ্ প্ গ্ গ্ প্, ক্ষ্ প্ গ্ ম্ র্ স্ স্ র্ স্, গ্ ক্ষ্ প্, ধ্ - প্, ন্ ধ্ - প্, ন্ ধ্ স র স র র, গ গ, ম্ ম, প ধ ক্ষ প, গ ম র - স।

আভোগ—ক্ষ প ধ প, ক্ষ প ধ প, ন ন ধ প, ন ধ র্স, র্র র্স, র্গ র্ম র্প, র্গ র্ম র্র র্স, প র্স, র্র র্স র্গ র্প - র্গ র্র গ ম র - স, স - র্স, র্র - র গ ম প, গ, র, প, ক্ষ প, ধ প, ন ধ - প, গ প র -, গ ম প গ ম র স॥

সর্গম্

ছায়া-কল্যাণ—ত্রিতাল

রচয়িতা—বীণ্‌কার ওমরাহ্‌ খাঁ সাহেব   প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ (বীণ্‌কার) সাহেব

স্থায়ী

\+ ৩ ০ ১
II স্মা পপা স্মা পা I

\+ ৩ ০ ১
ধা পপা স্মা পা | রা গগা মা পা | গা মা রা সা | সা সসা ধ্‌া প্‌া I

\+ ৩ ০ ১
ন্‌া ধ্‌ধ্‌া সা সা | রা ররা সা সা | রা গগা মা পা | ধা ধধা স্মা পা I

\+ ৩ ০ ১
গা পপা স্মা পা | গা মমা রা সা | ন্‌া সসা রা সা | "স্মা পপা স্মা পা" II

অন্তরা

\+ ৩ ০ ১
II পা পপা র্সা ধা I

\+ ৩ ০ ১
র্সা র্সর্সা র্রা র্সা | র্গা র্মর্মা র্রা র্সা | না র্সর্সা র্রা র্সা | র্সা ননা ধা পা I

\+ ৩ ০ ১
না ধধা স্মা পা | রা গগা মা পা | গা মমা রা সা | র্গর্রা র্সনা ধপা স্মপা I
ধেরেকেটে তাক্‌তেরে কেটেতাক্‌ ধেত্তা

\+ ৩ ০
রগা স্মা পা র্সনা | ধপা স্মপা ধপা রগা | মা পা নধা পস্মা |
তাক্রা আন্‌তাক্‌ ধা ধেরেকেটে তাক্‌তেরে কেটেতাক্‌ ধেত্তা তাক্রা আন্‌তাক ধা ধেরেকেটে তাক্‌তেরে

১ + ৩
পধা স্মপা রগা মা I পা রগা মপা গমা | রসা মরা পস্মা ধপা |
কেটেতাক্‌ ধেত্তা তাক্রা আন্‌তাক্‌ ধা

০ ১
গমা পগা মরা সা | "স্মা পপা স্মা পা" I

স্বরলিপি

(খেয়াল)

হিণ্ডোল শঙ্করা—ত্রিতাল

আয়ে নন্দলাল মেরে অঙ্গনমে
মঙ্গল গাউ তাল সুর রঙ্গমে।
মুকুট চড়াউ তিলক লাগাউ
চন্দন ডারূঁ শ্যামকি অঙ্গমে ॥

স্বরলিপি—শ্রীবেচু দত্ত

স্থায়ী

\+ ৩ ০ ১
II র্সা না ধা র্সা | না -া -া পা I
আ য়ে ন ন্দ লা ০ ০ ল

ধা -া স্মা গা | স্মা গা সা -সা | সা -া ন্‌া ধ্‌া | ন্‌া -র্রর্সা না -া I
মে ০ রে অ ঙ্গ ন মে ০ ম ০ ঙ্গ ল গা ০ উ ০

গা গা স্মা ধা | স্মা গা সা -া | "র্সা না ধা র্সা | না -া -া পা" II
তা ল সু র র ঙ্গ মে ০ আ য়ে ন ন্দ লা ০ ০ ল

অন্তরা

II পা পা র্সা র্সা | র্সা -া র্সা -া I
মু কু ট চ ড়া ০ উ ০

না র্সা না র্সা | ধা -না -র্র্সা না | র্সা -া র্গা র্পা | র্পা র্গা র্সা -া I
তি ল ক লা গা ০ ০ উ চ ০ ন্দ ন ডা ০ রু ০

না -া পা ধা | ক্ষা গা সা -া | "র্সা না ধা র্সা | না -া -া পা" II
শ্যা ০ ম কি অ ঙ্গ মে ০ আ য়ে ন ন্দ লা ০ ০ ল

স্বরলিপি

(মীরার ভজন)

পটদীপ-মিশ্র—কাহারবা

হরি মেরে জীবন প্রাণ অধার—
অউর আসর নাহি তুম বিনা
তিন লোক মঝার।
আপ বিনা মোহে কছু না সোহাবে
নিরখ সবহি সংসার।
মীরা কহে ম্যয় দাস রাবরি
দিজে মতি বিসার॥

সুর—শ্রীপঞ্চানন দাস

স্বরলিপি—রতনকুমার

II সা -পা পা -পা | পা -পধা মা -মা I গা -মগা -রসা সা | রা -মা -া -মা I
হ রি মে রে জী ০০ ব ন প্রা ০০ ০ণ অ ধা ০ ০ র্

-া গা মা মা | রা -গমা গরা সা I -া রা মা পা | মপা -ধনা ধা পা I
০ অ উ র আ ০০ স০ র ০ না হি তু ম০ ০০ বি না

র্সা -র্র্রা ণা ণা | -ণধা -পা পা মপা I -ধা -পা -ধা -ণা | -ধণা -র্র্রা -র্সা -া II
তি ০০ ন লো ০০ ক ম ঝা০ ০ ০ ০ ০ ০০ ০০ র্ ০

II নর্সা না ধপা মপা | -া -গা -মা -া I পা না -র্সা র্সা | -া র্সা -া া I
আপ বি না০ মো০ ০ হে ০ ০ কছু না সো হা ০ বে ০ ০

র্রা র্রা র্রা র্সা | -র্সা র্সা -া না I -র্সা -ধা -না -র্সা | -না -ধা -পা -া I
নি র খ স্ বহি স ন্ সা ০ ০ ০ ০ ০ ০ র্ ০

ধনা -পা -ধর্রা র্রা | র্রা র্রা -র্রা -া I র্জ্ঞা -র্জ্ঞা র্জ্ঞা -র্রা | -র্জ্ঞা -র্সা -র্র্সা -া I
মী০ ০ রা০ ক হে ম্য য়্ ০ দা স রা ব ০ রি ০০ ০

র্সা -র্রা র্সা ণা | -ণধা পা মা মপা I -ধা -পধা -ণা -ধা | -ণা -র্রা -র্সা -া II II
দি ০ জে ম ০০ তি বি সা০ ০ ০০ ০ ০ ০ ০ র্ ০

শ্রীখোল বাদ্য

তাল বোল—কীর্ত্তনাচার্য্য শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র ব্রজবাসী মহশয়ের নিকট প্রাপ্ত

লেখা ও অঙ্কপাত—উক্ত ব্রজবাসী মহাশয়ের ছাত্র শ্রীরমণীমোহন পালের চেষ্টায়

মধ্যম দশকুশী তাল—১৪ দীর্ঘ মাত্রায়, গুরু বোল ও ১৪ দীর্ঘ মাত্রায় লঘু বোল মোট ২৮ মাত্রা। ইহার প্রথম মাত্রায় সম; ৫ম, ১৫শ ও ১৯শ মাত্রায় আঘাত এবং ৯, ১১ ও ২৩শ, ২৫শ তালে জোড়া আঘাত। ৪ মাত্রা, ৪ মাত্রা, ২ মাত্রা ও ৪ মাত্রা, আবার ৪ মাত্রা, ৪ মাত্রা ২ মাত্রা ও ৪ মাত্রায়; ৮ ভাগে বিভক্ত—

বড় তাল বা অধিক মাত্রার তাল সরল ভাবে লিখিতে হইলে এক পংক্তিতে সম্পূর্ণ:তাল ধরাইতে হয়, কিন্তু মাসিক পত্রিকায় এক পংক্তিতে ধারণ সম্ভব না বলিয়া পংক্তি আকারের পরিবর্ত্তে স্তম্ভাকারে লিখিলাম।

পংক্তি { ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২ ১৩ ১৪ ১৫ ১৬ ১৭ ১৮ ১৯ ২০ ২১ ২২ ২৩ ২৪ ২৫ ২৬ ২৭ ২৮
রূপ— { + o --> o | o --> o | o | o --> o | o --> o | o --> o | o | o --> o

ক্রমিক মাত্রা	মাত্রা চিহ্ন	লয়ের বোল	লহরের বোল	ঘাতের বোল ১	"	"	ঘাতের বোল ২
১	+	ঝাঁ—	তা—ধি	তাখেটাধে	ধেই	থো— থো—	ঝাঁউর্
২	o	কধে	নাতিনি	ইটিতাক	— —	থো— থো—	জাঘিনি
৩	-->	নাক্	তাতিনি	তারা খেটা	দি—	তেটে তেটে	জাঘিনি
৪	o	ধেনা	তাতিনি	তারা খেটা	ত্তা—	তেটে তেটে	খেটা—
৫	|	ধেনা	তা—ধি	তাখেটাধে	গুর্ গুর্	ধো— ধো—	তাউর্
৬	o	কধে	নাতিনি	ইটিতাক	ধো—	ধো— ধো—	তাখিটি
৭	-->	নাক্	তাতিনি	তারাখেটা	দি—	তেটে তেটে	তেটেতা
৮	o	ধেনা	তাতিনি	তারাখেটা	ত্তা—	তেটে তেটে	খেটা—
৯	—	ঝাঁ—	তা—ধি	ধেইটিধে	দাঘি—	খেটা দাঘি	জাঘিনি
১০	o	গুর্ গুর্ গুর্ গুর্	নাতিনি	ইটিধেই	নিতা	নিতা খেটা	খেটা
১১	—	দাঘি	তা—ধি	তারা খেটা	খেটা	তিন তাক্	জাঘিনি
১২	o	নাঙ	নাতিনি	তারা খেটা	দাঘি	তেটে খেটা	খেটা—
১৩	->	থেনা	তাতিনি	তেটে তেটে	নিতা	ধেইটিধে	জাঘিনি
১৪	o	থেনা	তাতিনি	তেটে তেটে	খেটা	ইটিধেই	জাঘিনি
১৫	|	তা—	তা—ধি	থো— থো—	তাখেটাধে	ধেই	ঝাঁ—
১৬	o	থেনা	নাতিনি	থো— থো—	ইটিতাক্	— —	— —
১৭	-->	থেনা	তাতিনি	তেটে তেটে	তারা খেটা	দি—	দি—
১৮	o	থেনা	তাতিনি	তেটে তেটে	তারা খেটা	ত্তা—	ত্তা—
১৯	|	তা—	তা—ধি	ধো— ধো—	তাখেটাধে	গুর্ গুর্	গুর্ গুর্
২০	o	থেনা	নাতিনি	ধো— ধো—	ইটিতাক্	ধো—	ধো—
২১	-->	থেনা	তাতিনি	তেটে তেটে	তারা খেটা	দি—	দি—
২২	o	থেনা	তাতিনি	তেটে তেটে	তারা খেটা	ত্তা—	ত্তা—
২৩	—	তা—	তা—ধি	খেটা দাঘি	ধেইটিধে	দাঘি	দাঘি
২৪	o	খুর খুর খুর খুর	নাতিনি	নিতা খেটা	ইটিধেই	নিতা	নিতা
২৫	—	তা—.	তা—ধি	তিনতাক্	তারা খেটা	খেটা	খেটা
২৬	o	তা—	নাতিনি	তেরে খেটা	তারা খেটা	দাঘি	দাঘি
২৭	-->	খিখি	তাতিনি	ধেইটিধে	তেটে তেটে	নিতা	নিতা
২৮	o	গুর্ গুর্	তাতিনি	ইটিধেই	তেটে তেটে	খেটা	খেটা

সাধারণতঃ মধ্যম দশকুশীতে ১ম ঘাতের ১ম স্তম্ভ বাজাইয়াই ২য় ঘাত বাজাইতে হয় কিন্তু (১) চূড়াটি বাধিয়া উচ্চ কে দিল ময়ূর পুচ্ছ, (২) আমার সপতি লাগে, (৩) রূপের বৈরাগ্য কালে, (৪) ভাল সেই চন্দন চাঁদ কামিনী মোহন ফাঁদ ইত্যাদি গানে ৪২ মাত্রা ২ ফের বাজাইলে ৮৪ পূর্ণ হইলেই সমে যাওয়া যায়, ৪২ মাত্রা ৪ ফেরও বাজান যাইতে পারে। এই স্থলে ১ম ঘাতের ৩টি স্তম্ভ বাজাইবার পর ২য় ঘাত ধরিতে হইবে।

১ম সম (+) চিহ্নিত মাত্রায় বাম হস্তের উপর দক্ষিণ হস্তের তালি ৫ম, ১৫শ ও ১৯ মাত্রায় (|) জানুর উপর চাপর এবং ৩, ৭, ১৩, ১৭, ২১ ও ২৭ মাত্রায় দক্ষিণগামী তীর (—>) স্থানে দক্ষিণ হস্ত প্রসারণ করিয়া আনুসঙ্গিক অঙ্গভঙ্গী দেখাইলে কীর্ত্তনের অনুভাব প্রকাশ পায়। অবশিষ্ট অংশ পরে দিবার বাসনা রহিল। ক্রমশঃ

স্বরলিপি

হিন্দোল—ত্রিতাল

শাস ননদ জাগত হ্যায় রি
ক্যায়সে আউ পিয়া তুমার পাশ ম্যায়।
পায়েলরি মোরি রুণুঝুনু বাজে
জেঠনিয়া দেবরনিয়া জাগত হ্যায়
সেবক হোত নিরাশ ম্যায়।

রচনা—স্বর্গত ওস্তাদ শিবসেবক মিশ্র (বেনারস)　　স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী (রামগোপালপুর)

স্থায়ী

+ ৩ ০ ১
II র্সর্সা -ননা ধা হ্মা | গা গা হ্মা -গা I
শা০ ০০ স ন ন দ জা ০

গা সা সা -ন্া | ধ্া -ন্া সা -গা | গা গা হ্মাধা -নর্সা | র্গা‿-র্সা ধা‿-র্সা I
গ ত হ্যা য় রি ০ ক্যা য় সে আ উ০ ০০ পি য়া তু ম

হ্মা‿-ধা গা‿-মা | -গা গা সা -া | "র্সর্সা -ননা ধা হ্মা | গা গা হ্মা -গা" II
রে ০ পা ০ ০ শ ম্যা য় শা০ ০০ স ন ন দ জা ০

অন্তরা

+ ৩ ০ ১
II হ্মা -গা হ্মা ধা | হ্মাধা -র্সর্সা র্সা র্সা I
পা ০ য়ে ল রি০ ০০ মো রি

র্গা র্গা র্সা র্সা | ননা -র্সা না -ধা | র্সর্সা ননা ধা হ্মা | গা -গা গা হ্মা I
রু ণু ঝু নু বা০ ০ জে ০ জে০ ০০ ঠ নি য়া ০ দে ব

গা সা সা -সা | গা -গা হ্মা -ধা | হ্মাধা -র্সর্সা র্গা র্সা | র্সা ধা‿-র্সা হ্মা I
র নি য়া ০ জা ০ গ ০ হ্যায় ০০ সে ব ক হো ০ ত

-ধা গা -হ্মা গা | -গা সা সা -সা | "র্সর্সা ননা ধা হ্মা | গা গা হ্মা -গা" II
০ নি ০ রা ০ শ ম্যা য় শা০ ০০ স ন ন দ জা ০

স্বরলিপি

মিশ্র—দাদ্‌রা

বাসন্তী চাঁদ মোদের গগনে ছায়
ভুলনা ভুলনা প্রিয়
তোমারি ও হাসি আজি তারি জ্যোছনায়
পুলকে রাঙায়ে নিও।
আজি মাধবীর স্বপন-বাসরে
সুখ-বেদনায় যে সুরভি ঝরে
সে বেদনা-ভার তোমার আমার
এ কথা বুঝিতে দিও।

আজিকার পাখী তোমারি আমারি লাগি
সারা নিশি জেগে রয়
গভীর স্বপনে মিলাও আঁখিতে আঁখি
আজ আর কথা নয়।
তুমি আর আমি মিলন-সুধায়
মিটাবো প্রাণের বিরহ ক্ষুধায়
অনুরাগ-রাগে তোমারি হে প্রিয়
কর মোরে রমণীয়।

কথা—শ্রীশৈলেন রায়

সুর ও স্বরলিপি—শ্রীক্ষিতীশ দাশগুপ্ত

\+ 0 + 0

II সা -পা -পা | ধপা মা -গা I সা মজ্ঞা -মা | পা গজ্ঞা সা I

বা স ন্ তী০ চাঁ দ্ মো দে০ র্ গ গ নে

পা -মধা -পমা | -জ্ঞা -জ্ঞা -া I সা মজ্ঞা মা | পা জ্ঞা সা I

ছা ০০ ০০ ০ য়্ ০ ভু ল০ না ভু ল না

সরা -সরা -ণ্সা | ণ্া -সা -া I সা -র্সা ণা | -ধা মা ণা I

প্রি০ ০০ ০০ য় ০ ০ তো মা রি ০ ও হা

ধা -পা -মজ্ঞা | -জ্ঞপা -া -া I সা রা জ্ঞা | পা ধা -র্সা I

সি ০ ০০ ০ ০ ০ আ জি তা রি জ্যো ছ

ধণধা -পপা -জ্ঞজ্ঞা | -রা -া -া I সা রা জ্ঞা | পা -রা সা I

না০০ ০০ ০০ য়্ ০ ০ পু ল কে রা ঙা য়ে

ধ্সা -রজ্ঞা রা | -গমা -া -সা II ভুলনা ভুলনা ইত্যাদি· · ·

নি০ ০০ ও ০০ ০ ০

\+ 0 + 0

II পা ণা ধপা | মগা মা -া I পা ণা ধা | -পা না নর্সা I

আ জি মা০ ধ০ বী র্ স্ব প ন ০ বা স০

না -র্সা -ণধা | র্সা -া -া I নর্সা নর্সা র্সা | পধা পা -ধা I

রে ০ ০০ ০ ০ ০ সু০ খ০ বে দ০ না য়্

গা মা পা | র্সা ণধা -পধা I পা -পা -মজ্ঞা | -পা -া -া I

যে সু র ভি ঝ০ ০০ রে ০ ০০ ০ ০ ০

সা -পা পা । ধপা মা -মা I মগা পমা -গরা । রজ্ঞা রা -সা I
সে বে দ না০ ভা র্‌ তো০ মা ০র্‌ আ মা র্‌

ধ্‌া সা রা । জ্ঞা রা সা I পা -পা -জ্ঞমা । ণা -পা -া II
এ ক থা বু ঝি তে দি ০ ০০ ও ০ ০

ভুলনা ভুলনা ইত্যাদি……

\+ ০ + ০
II সা ণ্‌া রা । -সা ণ্‌া প্‌া I ম্‌া প্‌া ণ্‌দ্‌া । ণ্‌া সা ণ্‌া I
আ জি কা র্‌ পা খী তো মা রি০ আ মা রি

রা -রা সা । -া -া -া I সণ্‌া সা মজ্ঞা । মা মপা জ্ঞমা I
লা ০ গি ০ ০ ০ সা০ রা নি০ শি জে০ গে০

ণা -পা -া । -া -া -া I সা -র্সা র্সা । ণা ধা পা I
র য়্‌ ০ ০ ০ ০ গ ভী র্‌ স্ব প নে

পধা পধা ধা । মা গা রা I রজ্ঞা -সরা মজ্ঞা । -া -া -া I
মি০ লা০ ও আঁ খি তে আঁ০ ০০ খি ০ ০ ০

পা -পা জ্ঞা । -জ্ঞা রা সা I সরা -জ্ঞরা -জ্ঞপা । -জ্ঞপা -ধণা -ধপা I
আ জ আ র্‌ ক থা ন০ ০০ ০০ ০০ ০০ য়্‌০

পা -পা জ্ঞা । -জ্ঞা সা জ্ঞা I রজ্ঞা -মা -সা । -া -া -া I
আ জ্‌ আ র্‌ ক থা ন০ ০ য়্‌ ০ ০ ০

মা ণা -র্সা । -র্সা র্সা র্সা I পা ধা ণা । পধা র্সা -র্সা I
তু মি আ র্‌ আ মি মি ল ন সু০ ধা য়্‌

পা -র্রা র্সর্রা । র্সণা ধা -পা I গা পা ধা । র্সর্রর্সা ণা -ণা I
মি টা বো০ প্রা০ ণে র্‌ বি র হ সু০০ ধা য়্‌

না র্সা র্রা । র্রা -ধা পা I ধা পা জ্ঞা । সা জ্ঞা রা I
অ নু রা গ রা গে তো মা রি হে প্রি য়

সা রা জ্ঞা । পা ধণা পা I ধর্সা ধা -র্সা । -া -া -া II II*
ক র মো রে র০ ম ণী০ য় ০ ০ ০ ০

ভুলনা ভুলনা ইত্যাদি……

---

* গানটী সুরদাতা ও ৺শৈল দেবী কর্ত্তৃক অল ইণ্ডিয়া রেডিওর কলিকাতা কেন্দ্রে একাধিক বার গীত।

গীত-বিতান

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

রবীন্দ্রনাথের ব্যক্তিগত জীবনের সহিত যাঁরা নিবিড়-ভাবে সংযুক্ত ছিলেন—তাঁদের ভাবাবেগ ও ভক্তির অর্ঘ্য আমাদের মন সহজেই আকর্ষণ করে। তাঁর অমর জীবনের অমর সব স্মৃতি সত্যই প্রাণে এক বেদনা ও আনন্দের মিশ্রিত শিহরণ জাগায়। গীতবিতানের বার্ষিকী সংখ্যা তাই নামকরণেই রসিকসমাজে বিশেষ আদর পাবে। এঁরা দেশের এক বড় অভাবের নিরাকরণ করতে পেরেছেন। তবে এক্ষেত্রে দু'একটি প্রচলিত মতবাদ সম্বন্ধে কিছু বক্তব্য আছে। অনেকে মনে করেন রবীন্দ্রযুগ এখনও অতিবাহিত হয় নি—রবীন্দ্রোত্তর যুগ ব'লে কিছু নেই। এক্ষেত্রে তাঁদের স্মরণ করা উচিত যে, স্বয়ং রবীন্দ্রনাথই তাঁর বৃহৎ-প্রসারিত জীবনে তিনটি বিশিষ্ট পর্য্যায়ের মধ্য দিয়ে বা যুগের মধ্য দিয়ে চলে এসেছেন—তাঁর নিজ কাব্যসৃষ্টি ও ভাবধারা তিনটি বৃহৎ পর্ব্বের সূচক। প্রথম পর্ব্ব তাঁর তরুণ প্রতিভার পূর্ণ বিকাশে 'মানসী' থেকে 'সোনার তরী', 'চিত্রা' প্রভৃতি অতিক্রম করেছে। তারপর স্বদেশী যুগে তাঁর প্রতিভার দ্বিতীয় ধারা নৈবেদ্য, খেয়া ও গীতাঞ্জলিতে এসে সমাপ্ত হয়েছে। তাঁর প্রতিভার চূড়ান্ত বিকাশ 'বলাকা' থেকে 'পূরবী' অবধি—যখন তিনি বিশ্ব-সাহিত্যে বিশ্বভারতীর অমর পূজারী রূপে বরণমাল্য পেয়েছেন। তাঁর সঙ্গীত ও নাট্যও এই ত্রিধারার বহির্ভূত নয়। তাই তাঁর নিজ জীবন যেমন ক্রমবিকাশের পথে দ্রুত এগিয়ে গেছে—তাঁর প্রেরণাও দেশে দ্রুত রসসৃষ্টির বিকাশ খুলে দিয়েছে। বস্তুতঃ অতি আধুনিক বাংলার সব কাব্য ও সঙ্গীতকে রবীন্দ্রপরিমণ্ডলের অন্তর্গত করা চলে না। জাতীয় প্রকৃতির অনিবার্য্য আবেগেই এটা হ'তে বাধ্য। রবীন্দ্রনাথ ছিলেন ভাবুকতার পরাকাষ্ঠা—তিনি জগৎকে ও ভগবানকে ভাবের দ্বার দিয়ে আবাহন করেছেন। আর তাঁর পরবর্ত্তী যুগ হচ্ছে কঠোর বাস্তব-পন্থী। এ যুগে জগতের সব ভালো-মন্দই বাস্তবক্ষেত্রে একটা চূড়ান্ত সমাধান চাচ্ছে। এ যুগের মানুষ তার দৈহিক ক্ষুধা তৃষ্ণাকে একান্ত ক'রে ধরেছে। এই নিম্নগতিও প্রকৃতির এক ধাপ—কিন্তু এর পরেই আস্‌ছে অপর এক উর্দ্ধগতির জয়যাত্রা। ভালো-মন্দর দ্বন্দ্বে বাস্তবক্ষেত্রে ভালোর চূড়ান্ত বিজয় হচ্ছে ও হবে। বাস্তবের কবিতা ও বাস্তবের গানে আধুনিক কবিগায়কগণ মুখর—কিন্তু যে আদর্শবাদ আজ প্রকাশ পেতে চাচ্ছে—তাও চায় বাস্তব জগতেই পরমের আবাহন। ভগবানকে বা ভগবতীকে আজকের সাধককবি ও গায়ক তাই প্রত্যক্ষ করতে চান—চর্ম্মচোখে; স্পর্শ করতে চান পরমারাধ্য পাদপদ্ম। রবীন্দ্রোত্তর-যুগীয় কবিদের মধ্যে কাজি নজ্‌রুলের মধ্যে এই আকুলতার উচ্ছ্বাস দেখা যায়। তারপর যোগীরাজ শ্রীঅরবিন্দর অধ্যাত্ম-পরিমণ্ডলে শ্রীযুত দিলীপকুমার, নিশিকান্ত প্রভৃতি সাধকদের কাব্যে ও গানে এই আকুলতা স্থির ও অনির্ব্বাণ—ভগবদাস্পৃহার রূপ পেয়েছে। এঁদের ধ্বনিবাণীর ভিতরে অন্তরাত্মার জাগরণের উন্মেষ দেখা দিয়েছে।

পরে কোন্ দিব্য বাক্ ও সুরের মন্ত্র নিয়ে এই উন্মেষ ব্যক্ত হবে তা অদূরভবিষ্যতের আলোক-গর্ভে নিহিত। তবে আজ এটুকু বল্‌তে পারি যে, রবীন্দ্রোত্তর যুগ হবে—রবীন্দ্রযুগের প্রতিবাদ নয়—তা হবে এক পরম পরিপূর্ণতা। এযুগের বিশেষ দিব্য বাণী আছে—এযুগের গানে, কাব্যের ও রাগের এক বিশেষ মন্ত্রময় প্রকাশ সম্ভাবনা রয়েছে—অন্তরের সাধনায় তা উপলব্ধি ক'রে বাহিরে—গীতে ও পদে তার যথার্থ রূপ দিবেন—এ যুগের চারণ, কবি, গায়ক ও কলাবিদ্ সাধকবৃন্দ।

এই উদ্দেশ্যেই শ্রীযুত দিলীপকুমার, শ্রীমান নিশিকান্ত, শ্রীযুক্তা সাহানা দেবী, শ্রীমান ভীষ্মদেব প্রভৃতির প্রতিভা সার্থকতা খুঁজছে। বাংলার গানের ধারা এঁরাই অভিনব ভাবে খুলে ধরেছেন। আরো কত অভিনব প্রতিভার উন্মেষ হবে তা কে জানে! ধ্রুপদের ভিত্তিতে ভজন, স্তোত্র মন্ত্রও হবে দিব্যযুগের গান। তাকে অনুসরণ করে রচিত হবে—সব ভাবনাট্য ও স্তোত্রনৃত্য। যোগেশ্বর ও যোগেশ্বরীর কৃপায় এই বাগ্‌গেয়ও নাদ অব্যর্থ ও অমোঘ হ'তে বাধ্য।

সমাপ্ত

ঐক্যতানিক গৎ*

দুর্গা মিশ্র—দাদ্‌রা (মধ্যলয়)

রচনা—শ্রীহরিপদ সরকার

\+   o   +   o

II র্সা র্র্সা র্র্সা | ধর্সা ধপা ধপা I মপা ধপ ধপা | মপা মরা সা I

সরা মপা ধা | ধপা ধর্রা র্সা I র্মর্রা র্মর্রা সরা | র্সা -া -া I

সধা সরা -া | ধাঃ পঃ -া I পমা পধা -া | রাঃ সঃ -া I

সধ্‌া সরা সরা | মরা মপা মপা I ধপা ধর্সা ধর্সা | র্র্সা র্র্মা র্র্মা I

র্মর্রা র্পর্রা র্সা | সধা র্ধা পা I ধপা সপা মা | মরা পরা সা II

II {সা পা ধা | পা মা রা I সা -া -া | -া -া -া I

ধ্‌া সা রা | র্সা ধা পা I মা রা সা | পা -া -া} I

মা রা সা | পা মা রা I মপা ধর্সা ধর্সা | র্রা -া -া I

ধা র্সা র্মর্রা | র্পা র্মা র্রা I র্সা ধ পা | মা পা ধা} II

II {র্সা ধা পা | মা পা ধা I র্সা -া র্রর্সা | র্রর্সা ধা র্সা I

র্রা র্সা ধা | র্মা র্রা র্মা I র্মা র্রা র্সা | র্রা র্মা র্পা I

র্রা র্সা ধা | পা মা পা I ধা -া -া | া -া -া} I

{রা মা পা | ধা র্সা র্রা I র্পা র্মা র্রা | র্সা মা পা I

ধা র্সা র্রা | র্মা র্রা র্সা I ধা প মা | রা -া সা} II

* এই গৎটী সেতার, এসরাজ, বেহালা, স্বরোদ, পিয়ানো ও আড়বাঁশী দ্বারা বাজবে। (০ ০ ০) অথবা (০ ০) চিহ্নের অর্থ—তবলা বাদে বন্ধনী আরম্ভ থেকে বন্ধনী শেষ পর্য্যন্ত অন্যান্য যন্ত্রের এককালীন বিরাম। গৎ আরম্ভের পূর্ব্বে পাঁচটী লাইনে যে স্বরগ্রাম বসানো হয়েছে, তা মূল গতের প্রস্তাবনা হিসেবে ধরে নিতে পারেন। বারান্তরে এ সম্বন্ধে কিছু বলবার আছে।

\+ ০ + ০

II ।মা রা সা । রা মা পা I ধ র্সা পা । ধা মা পা I

রা মা পা । ধা পা মা I রা সা ধ্ । প্ -া -া I

ধ্ সা রা । মা রা মা I ধা পা মা । পা মা রা I

রা র্সা ধা । পা মা পা I ধা র্সা ধা । র্রা -া -া I

{(০ ০ ০ । মর্রা মর্রা র্সা I (০ ০ ০) । র্রর্সা র্রর্সা ধা I

(০ ০ ০) । র্সধা র্সধা পা I (০ ০ ০) । ধপা ধপা মা I

(০ ০ ০) । পমা পমা রা I (০ ০ ০) । মরা মরা সা I

{সধ্ সরা সরা । মা (০ ০) I মরা মপা মপা । ধা (০ ০) I

ধপা ধসা ধর্সা । র্রা (০ ০) I র্সধা র্সরা র্সরা । র্মা (০ ০) I

পর্মা র্রর্সা ধর্সা । মর্রা র্সধা পধা I র্রর্সা ধপা মপা । ধপা মরা সা II II

—সংবাদ—

তানসেন সঙ্গীত সমাজ

গত ৩রা সেপ্টেম্বর রবিবার সন্ধ্যা সাত ঘটিকায় ১নং ফার্ণ রোডে তানসেন সঙ্গীত সমাজের একটি অধিবেশন হইয়া গিয়াছে। এই অধিবেশনে বাংলার স্বনামধন্য বীণ্‌কার ও সঙ্গীততত্ত্ববিৎ শ্রীযুক্ত বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী মহোদয় বীণ ও সুর-রবাব বাজাইয়াছিলেন। প্রথমে তিনি বীণায় জয়ন্তশ্রী রাগটি বাজান পরে সুর-রবাবে কেদারা, খাম্বাজ ও ভকার রাগ বাজাইয়া উপস্থিত শ্রোতৃমণ্ডলীকে বিশেষ ভাবে মুগ্ধ করেন। তাঁহার সহিত মৃদঙ্গ সঙ্গত করিয়াছিলেন সুপ্রসিদ্ধ সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত সতীশচন্দ্র দত্ত (দানীবাবু)। বলা বাহুল্য, এই গুণীদ্বয়ের সঙ্গীতকুশলতায় সেদিনের সঙ্গীতাসরটি অতিশয় মনোরম হইয়াছিল।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও
শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২১শ বর্ষ
৬ষ্ঠ সংখ্যা

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

আশ্বিন
১৩৫১ সাল

ভাগবতের একটি স্তব

(ইন্দিরা তালে)

শ্রীদিলীপকুমার রায়

ছন্দোমঞ্জরীতে "ইন্দিরা ছন্দ" ব'লে একটি ছন্দের নাম আছে। তার লঘু গুরু অক্ষরবিন্যাস এই : ("—" গুরু, "◡" লঘু)

◡ ◡ ◡ — ◡ — | — ◡ — ◡ — জ য় তি তে ধি কং | জ ন্ম না ব্র জঃ |

ছন্দ হিসাবে "জয়তিতেধিকং"-এর সঙ্গে "জন্মনাব্রজ"র ভেদ আছে। কিন্তু তাল হিসেবে ভেদ নেই। এর ইন্দিরা তালাঘাত হবে :—

```
+     ২     ৩   +   ২   ৩
জ য় তি তে ধি কং | জ ন্ম না ব্র জঃ |
```

এ তালটি রূপকড়া হ'য়ে যায় এই ভাবে তালাঘাত পড়লে :

```
+     ২  ৩    +  ২  ৩
জয়তি তে ধি কং | জন্ম না ব্র জঃ |
```

এই ছন্দে ভাগবতের এই বিখ্যাত জয়তিতেধিকং স্তবটিই আমি সম্প্রতি গ্রামোফোনে দিয়েছি—অনুবাদ সমেত। যে কয়টি শ্লোক গেয়েছি সে কয়টি হ'ল (ভাগবত দশম স্কন্ধ ২১ অধ্যায়ের) ১ ৮ ৩ ৪ এবং ৯। প্রত্যেক শ্লোকটি ইন্দিরা তালে গেয়েই তারপর অনুবাদটিও ঐ তালেই গেয়েছি। এ ছন্দটিতে ছন্দকোবিদরা আনন্দ পাবেন ব'লেই এ গানটি গ্রামোফোনে শ্রবণীয়। স্বরলিপি সংক্ষেপে দিচ্ছি। মূল স্তবটির নিচেই তার অনুবাদ দেওয়া হ'ল প্রতি শ্লোকের। তব কথামৃতং তপ্তজীবনং……শ্লোকটি চলতি ঝি ঝিটেই গাওয়া গ্রামোফোনেই শ্রবণীয়।

(ইন্দিরা তালের তালাঙ্ক—৩+৩+২)

```
+           ২            ৩              +          ২          ৩
না  না  র্সা | র্সা  র্সা  র্সা | র্সা  ঋর্সা । না  র্সা  না | ধা  পা  পা | মা  -া I
জ   য়   তি    তে   ০    ধি     কং   ০     জ   ন্   ম   না  ০   ব্র  জঃ   ০
বৃ   ন্   দা    ব    ন    ত     ব    ০     জ   ন   মে   ধ   ০   ন্য  হে   ০

মা  মা  ধা | পা  পমা  মা | মা  পা I গা  গা  মা | গা  রা  রা | সা  -া I
শ্র   য়   ত   ই   ০ন্   দি   রা  ০   শ   ০   শ্ব   দ   ০   ত্র  হি   ০
আ   সী  না   ই   ০ন্   দি   য়া  ০   যে   থা   চি   র   ন্   ত   নী   ০

সা  মা  মা | মা  -া  মা | পা  গা I মা  ধা  ধা | না  না  না | র্সা  -া I
দ   য়ি   ত   দৃ   ০   শ্য   তা   ং   দি   ০   ক্ষু   তা   ০   ব   কা   স্
দ   য়ি   ত   দা   ও   দে   খা   ০   তা   দে   র   প্রা   ণ   যা   রা   ০
```

র্সা র্সা র্গা | র্রা র্সা র্সা | র্সার্রসা I না র্সনা পধা | র্সা -া র্সা | না -া I
ত্ব য়ি ধৃ তা ০ স র স্ ত্বা ০ঃ বি০ চি ০ ন্ব তে ০
ধ রে ধে য়া ই ত ব ০ রূ প০ মি০ ল ন ম ণি ০

সা রা গা | মা গা রা | সা -া I পা ধা না | র্সা না ধা | পা -া I
ম ধু র য়া ০ গি রা ০ ব ল্ গু বা ০ ক্য য়া ০
হে সু ন্ দ র গু নি ০ তো মা র ম ধু বা ণী ০

র্সা র্রা র্গা | র্মা র্গা র্রা | র্সা -া I সা রা গা | মা পা ধা | না -া I
বু ধ ম নো ০ জ্ঞ য়া ০ পু ষ্ ক রে ০ ক্ষ ণ ০
মু গ্ ধ গু ণী জ্ঞা নী ০ আ ম রা কো ন্ ছা ০ র্

র্সা র্গা র্রা | না র্রা র্সা | না ধা I ধা র্সা না | পা না ধা | পা মা I
বি ধি ক রী ০ রি মা ০ বী ০ র মু ০ হু র্তৌ ০
দী না প্রে মা ০ থি নী ০ আ ম রা শু ধু চি নি ০

মা ধা পা | গা পা মা | গা রা I রা মা গা | ন্া রা ন্া | সা -া I
অ ধ র সী ০ ধু না ০ প্যা ০ য় য় ০ স্ব নঃ ০
অ ধ র কূ লে ত ব ০ অ কূ ল অ ভি সা ০ র

সা পা পা | পা পা পা | পা ক্মা I পা ধা ধা | পমা মা রা | রা -া I
বি ষ জ লা ০ প্য য়া দ্ ব্যা ০ ল রা ০ ক্ষ সা দ্
কা লি য় গ র লি ত ০ কা লো য মু না জ ০ ল

রা গরা গা | গা মা ধপা | ক্মপা -া I মা গা রগা | রা সরা সা | সা -া I
ব ০০ র্ষ মা ০ কৃ০ তা০ দ্ বৈ ০ দ্যু তা ০ ন লা ৎ
দা ন০ ব বি ০ দ্যু০ ০০ ৎ প্লা ব ন সু ম হা ০ ন্

সা গা মা | পা ধা না | পা -া I মা ধা না | র্সা র্রা র্গা | র্সা -া I
বৃ ষ ম য়া ০ ত্ম জা দ্ বি ০ শ্ব তো ০ ভ য়া দ্
শ ং কা হ' তে ক রি ০ র ০ ক্ষা আ জি ব ধু ০

না র্রা র্গা | র্পা র্মা র্গা | র্রা -া I র্সা না ধা | পা গা র্পা | র্সা -া I
ঋ ষ ভ তে ০ ব য় ং র ০ ক্ষি তা ০ মু হু ঃ
বি র হা ন ল হ' তে ০ ক রি বে না কি ত্রা ০ ণ

তব কথামৃতং তপ্তজীবনং কবিভিরীড়িতং কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং ভুবি গৃণন্তি তে ভূরিদা জনাঃ॥
শ্রবণমঙ্গল কবির কীর্তিত তৃষ্ণা তাপ হরা তব কথামৃত।
ঝরায় যারা গানে অঘোর ঝংকার দাতার দাতা তারা বিশ্ববন্দিত॥

স্বরলিপি

(খেয়াল)

শুদ্ধ-কল্যাণ—ঢিমা-ত্রিতাল

বাজুরে বাজু মন্দিলরা আইরে।
সব সুঘর সুন্দর নরনারী মিলি আই
রহসি রহসি সন গাওরি মঙ্গলরা॥

গজমোতিয়ন কো চৌক পূরাউ
সব সমধিন মিলি ডারোজি হারবা
এক ঘসে ঘসে লাওরি সন্দালরা॥

প্রাপ্ত—সঙ্গীতগুরু ৺শিবসেবক মিশ্র   স্বরলিপি—শ্রীসুধীন্দ্রনাথ মজুমদার

স্থায়ী

\+ ৩ ০ ১

II গা -রা সন্ া রা I
বা ০ জু০ রে

সা -া -া -া | -সরা -সসা -সা -ধ্া | -ধ্া প্া সা -া | সন্া রা সা -া I
বা ০ ০ ০ ০০ ০০ ০ ০ ০ জু ম ০ ন্দি০ ল রা ০

পা -া -া -রা | -গা -া রা -া | সা -রা -সরা -সসা | সা ধ্া সা রা I
আ ০ ০ ০ ০ ০ ই ০ রে ০ ০০ ০০ স ব সু ঘ

সা রা গা গা | গা গা পা ধা | পধা পপা গা রা | গা পা পা ধা I
র সু ন্দ র ন র না রী মি০ লি০ আ ই র হ সি র

না ধা পধা পপা | পা রা গা গা | রসা রা সরা -সসা | "গা -রা সন্া রা" II
হ সি স০ ন০ গা ব রি ম ঙ্গ০ ল রা০ ০০ বা ০ জু০ রে

অন্তরা

\+ ৩ ০ ১

II পা পা ধা ধা I
গ জ মো তি

র্সা -া র্সা র্সা | র্সা -ধা ধা র্সা | র্সা -া র্সা -া | র্সা র্রা র্গা র্রা I
য় ০ ন কো চৌ ০ ক পূ রা ০ উ ০ স ব স ম

র্সা র্সা র্সা ধা | র্সর্রা -র্সর্সা পা পা | পা গা রা -সা | রা গা পা ধা I
ধি ন মি লি ডা০ ০ ০ রো জি হা র বা ০ এ ক ঘ সে

না ধা পধা -পপা | পা রা গা -গা | রসা রা সসা -সসা | "গা -রা সন্া রা" II
ঘ সে লা০ ০০ ও রি স ন্ দা০ ল রা০ ০০ বা ০ জু০ রে

চৌষট্টিরসের অবতারণা

শ্রীদুর্গাপ্রসন্ন স্মৃতিভারতী

চারিদিকের বিভীষিকাচ্ছন্ন আমরা। একমাত্র তপস্যা-শক্তি ব্যতিরেকে সুখ, শান্তি এবং আনন্দ লাভের দ্বিতীয় পন্থা নাই। সাঙ্গীতিক তপস্যাই শ্রেষ্ঠতম; ভগবানের নানারকম প্রতিকৃতির সাধনপ্রণালীরও রকমারি আছে। উক্ত বিভিন্নতার সঙ্গে সঙ্গীতের রাগরাগিণী প্রভৃতির ধ্যান ও সাধনের বিভিন্নতা আমরা দেখিতে পাই। তার মধ্যে শ্রীকৃষ্ণ বিরহাদির গানই হিন্দী গানের ভিত্তি-স্বরূপ, এবং দেশীয় গানেরও মেরুদণ্ডস্বরূপ। তৎসম্বন্ধেই সংক্ষিপ্ত আলোচনার আবশ্যক মনে করিতেছি। শ্রুতি বলেন, "কৃষ্ণো বৈ পরমং দৈবতং"। ভাগবত বলেন, "কৃষ্ণস্তু ভগবান স্বয়ং" শ্রুতি আরও বলেন "রসো বৈসঃ" শ্রীকৃষ্ণ রসস্বরূপ তাঁর অনন্ত শক্তির মধ্যে তিনটী প্রধান। অন্তরঙ্গা চিচ্ছক্তি, বহিরঙ্গা মায়াশক্তি, তটস্থা জীবশক্তি। জীব এই শক্তির অংশ। প্রাকৃত ব্রহ্মাণ্ড বহিরঙ্গা মায়াশক্তির বিলাস। অন্তরঙ্গা চিচ্ছক্তির অপর নাম স্বরূপ শক্তি। ইহার তিনটী বৃত্তি। হ্লাদিনী, সন্ধিনী ও সংবিৎ। এই স্বরূপ শক্তিই পুরুষোত্তম শ্রীকৃষ্ণের লীলা-বৈচিত্র্য সাধনের সোপান। তাঁহার চরম লীলা রাসোৎসবে গীত, বাদ্য ও নৃত্য প্রভাব বিস্তার করিয়া ব্রজপুরী নন্দন কানন হইতেও মনোজ্ঞ করিয়াছিল। অন্যান্য লীলা বিরহাদিতেও, তদ্‌গত সঙ্গীত (গান, বাদ্য, নৃত্য) প্রভাব ওতঃপ্রোত ভাবে যে রহিয়াছে তাহা অস্বীকার করা চলে না। ঐ সকল সঙ্গীতে শ্রীকৃষ্ণের প্রতি লক্ষ্য করিয়া সময়োপযোগী তাল, মান, লয়, তান প্রভৃতি ঠিক্ রাখিয়া অনুশীলন করিলেই ভগবৎ শক্তি ও রস-কণিকা লাভ হইবে এবং সাধনার সঙ্গে সঙ্গে সঙ্গীতের রস অনুভূতি হইবে সন্দেহ নাই। সঙ্গীতের চর্চ্চা অন্ধের মত করিলেও একটা আনন্দ উৎপন্ন হয়। আনন্দই রসের খেলা। এই রস সঙ্গীতশাস্ত্রে (অধিকাংশের মতে) শান্ত রস বর্জ্জিত আটটী সঙ্গীতে ব্যবহার আমরা পাইয়াছি।

প্রকৃত কথা, রাধাশ্যামময় সঙ্গীতে অনন্ত রস উদ্‌গীত। লৌকিক ৬৪ রসে আমরা তাহার মধুরিমা উপভোগ করিব। ব্রজলীলায় পশু পক্ষী পর্য্যন্ত সঙ্গীত দ্বারা রাধাশ্যামের প্রীতি সংবর্দ্ধন করিত। তাহার রসেই বিভোর থাকিত। কত রস কত ভাবে বিকশিত হইত তাহার বিকাশ করা মানুষের অসাধ্য হইলেও তাহার প্রতিচ্ছায়া নিয়া বসিয়া আছি।

রাধাশ্যামের লীলার সহায়ক আটটী সখি ও আটটী মঞ্জরী ছিল। তাহারাই রস বিস্তারক লীলা প্রকাশ করিত। যথা—(১) ললিতা, (২) বিশাখা, (৩) চিত্রা, (৪) ইন্দুরেখা, (৫) চম্পকলতা, (৬) রঙ্গদেবী, (৭) তুঙ্গ-বিদ্যা, (৮) সুদেবী। এই আট জন সখির প্রধানরূপে ক্রমশঃ সেবা বর্ণিত হইতেছে। (১) কর্পূর তাম্বূলসেবা, (২) বস্ত্রালঙ্কার সেবা, (৩) লবঙ্গমালা সেবা, (৪) মধুপান সেবা, (৫) চামর ব্যজন সেবা, (৬) চন্দন সেবা, (৭) নৃত্যগীতাদি সেবা, (৮) জল সেবা। গান ও বাদ্য এবং কেবল নৃত্য দ্বারাও এই সখিগণ রাধাশ্যামের সেবা করিতেন। প্রত্যেক সখির আট ও ছয়টী করিয়া সখি আছে। তাহারাও সখী অনুগা হইয়া সেবা করিত।

যেমন, ললিতা সখির—(১) রত্নপ্রভা, (২) রতিকলা, (৩) সুভদ্রা, (৪) ভদ্ররেখিকা, (৫) সুমুখী, (৬) ধনিষ্ঠা, (৭) কলহংসী, (৮) কলাপিনী।—৮ উপসখী

বিশাখা সখির—(১) মাধবী, (২) মালতী, (৩) চন্দ্রলেখা, (৪) কুঞ্জরী, (৫) হরিণী, (৬) চপলা, (৭) সুরভি, (৮) শুভাননা।—৮ উপসখী

চিত্রা সখির—(১) রসালিকা, (২) তিলকিনী, (৩) শৌরসেনী, (৪) রমিলা, (৫) কামনাগরী, (৬) নাগবেলিকা।—৬ উপসখী

ইন্দুরেখার—(১) তুঙ্গভদ্রা, (২) রসোত্তুঙ্গা, (৩) রঙ্গবাটী, (৪) সুমঙ্গলা, (৫) চিত্রলেখা, (৬) বিচিত্রাঙ্গী, (৭) মোদনী, (৮) মোদনালসা।—৮ উপসখী

চম্পকলতার—(১) কুরঙ্গাক্ষী, (২) সুচরিতা, (৩) মণ্ডলী, (৪) মণিকুণ্ডলা, (৫) চন্দ্রিকা, (৬) চন্দ্রলতিকা, (৭) কন্দুকাক্ষী, (৮) সুমন্দিরা।—৮ উপসখী

রঙ্গদেবীর—(১) কলকণ্ঠী, (২) শশীকলা, (৩) মধুরা-ইন্দিরা, (৪) কন্দর্পসুন্দরী, (৫) কামলতিকা, (৬) প্রেমমঞ্জরী।—৬ উপসখী

তুঙ্গবিদ্যার—(১) মঞ্জুমেঘা, (২) সুমধুরা, (৩) সুমধ্যা, (৪) মধুরেক্ষণা, (৫) তনুমধ্যা, (৬) মধুস্যন্দা, (৭) গুণচূড়া, (৮) বরাঙ্গদা।—৮ উপসখী

সুদেবীর—(১) কাবেরী চারুকবরা, (২) সুকেশী, (৩) মঞ্জুকেশী, (৪) হারহীরা, (৫) হারকণ্ঠী, (৬) মনোহরা।—৬ উপসখী

অষ্টদলের উপরে রাধাশ্যাম আসীন। প্রত্যেক দলে এক এক সখী সেবায় নিরত। আর অষ্ট উপদলে অষ্টমঞ্জরী সেবায় নিযুক্ত।

শ্রীরূপমঞ্জরী, শ্রীরতিমঞ্জরী, শ্রীরসমঞ্জরী, শ্রীলবঙ্গমঞ্জরী, শ্রীমঞ্জমালী মঞ্জরী, শ্রীকস্তুরী মঞ্জরী, শ্রীগুণমঞ্জরী, শ্রীবিলাস-মঞ্জরী, শ্রীঅনঙ্গমঞ্জরী, এই আট মঞ্জরী ইহাদেরও সেবার বিভাগ আছে। লীলা প্রত্যক্ষদর্শী বৈষ্ণব কবি বলিয়াছেন,

"বাজে রবাব, বীণা, পাখোয়াজ ঠমকি ঠমকি চলনী" ইত্যাদি দ্বারা সকলেই গানে, যন্ত্রে ও নৃত্যে ক্রিয়াশীল বলিয়াই বুঝা যায়। যাহা হউক, ৮ সখী ও তাহাদের যূথে ৫৮টী উপসখী দেখা যায়। তদ্ব্যতীত আট জন মঞ্জরীর উল্লেখ আছে। সমুদয়ে ৭৪টী সেবিকা প্রধানা বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অবশ্য ইহাদের মধ্যেও প্রধান অপ্রধান আছে। এদিকে দেখা যায় অষ্টরসের প্রধান মধুর মানে কান্ত রসকে করা হইয়াছে। প্রত্যেক রসের অল্পাধিক পরিমাণ ইহার মধ্যে নিহিত আছে।*

এই কান্ত রসকে আদি রস বা শৃঙ্গার রস বলিয়া ব্যাখ্যাত হইয়াছে। কয়েক বৎসর পূর্ব্বে এই সব রসাদির ব্যাখ্যা সাহিত্য-দর্পণ এবং উজ্জ্বল-নীলমণি গ্রন্থ অবলম্বনে বিস্তৃতরূপে করিয়াছি। মঞ্জরী আটজনের অনুগামী ভক্তগণ ৬৪ রসের আস্বাদ পাইয়া থাকেন। এদিকে আট জন সখীর অনুগামী ভক্তগণ—৬৪ প্রকার রস প্রাপ্ত হইয়া অমৃতময় হইয়া যান। উভয় শাখার বৈষ্ণবগণ ৬৪ প্রকার রসের সত্যতা অবতারণা করিয়াছেন। অবশ্য উপসখিগণ সহ অষ্ট সখির মিশ্রণে অসংখ্য রসের সৃষ্টি হইয়াছিল। সকল প্রকার রসই (ব্রজধামে) সঙ্গীত দ্বারা উপলব্ধি-গম্য বটে।

সেতারের গৎ

শুদ্ধ বেলাবলী—ত্রিতাল

প্রাপ্ত—স্বর্গত এনায়েৎ হুসেন খাঁ সাহেব (সেতারনেওযাজ)

স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী (রামগোপালপুর)

```
   +                 ৩                ০                 ১
II                 |                |                 | ন্া  সসা  গরা  গা  I
                                                        দা  দেরে  দা   রা

   +        ॥        ৩                        ০                           ১
   মা  মা  মা  মগা | রগা  গরা  গপা  মগা | রগা  রা  মঃ  মঃ  গরা | "ন্া  সসা  গরা  গা"  I
   দা  দা  রা  দেরে   দা  দেরে  দা০  রা০   দায়  রা  দায়্‌রা দেরে    দা  দেরে  দা০  রা

   +                 ৩                    ০                          ১
             ধপা | ধা  ননা  ধা  পা | মা  গরসা  সা  সরা | "ন্া  সসা  গরা  গা"  II
             দেরে  দা  দেরে  দা  রা   দা  দেরে  দা  দেরে    দা  দেরে  দা০  রা
```

তোড়া

```
                     +
১। ন্সসা   গরগা | মা

      ১                                  +
২।ররগপা    মগগরা  ন্সসা  গররগসা  I  মা

   ০                                   ১                                    +
৩। র্গর্গর্গর্গা  র্র্স্নধা  পমগমা  পপর্সা | পধমা   গরন্সা   ন্সসা   গরগা   I  মা
```

* **টিপ্পনী**—দর্শনশাস্ত্রে পঞ্চীকরণ ও বেদ ত্রিবৃৎ করণের উল্লেখ আছে। ইহাকে লক্ষ্য করিয়াই চরিতামৃত গ্রন্থে মীমাংসা আছে। যেমন—ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম্ এই পঞ্চভূত পর পর ভূতে গুণ প্রাপ্ত হইয়াছে। শান্ত, দাস্য, সখ্য প্রভৃতির ৮টী রসই পর পর রসে নিহিত হইয়া ৭টী রসই মধুর রসে প্রচ্ছন্নভাবে আছে। ব্রজ-গোপীগণ মধুর রসের অধিকারী। সুতরাং প্রত্যেকেই ৮টী রস উপভোগ করিত। এই ৮টী রস, ৮ জন সখি ও ৮ জন মঞ্জরী দ্বারা রস উদ্গীরণ হইলে ৮×৮=৬৪ রসের বিকাশ হইয়াছে সন্দেহ নাই। এই ৬৪ রসের অধিকারী (রাধা-শ্যামের দিকে দৃষ্টি রাখিয়া) সঙ্গীত সেবা করিলেই হওয়া যায় সন্দেহ নাই। সখিগণ দ্বারা যে ৬৪ রস সৃষ্টি হইয়াছিল তাহা সখিগণের অনুগা রসজ্ঞগণ উপলব্ধিকারণ, আর মঞ্জরীগণ দ্বারা যে ৬৪ রসের সৃষ্টি হইয়াছিল তাহা তাদের অনুগা রসজ্ঞগণ উপলব্ধি করেন।

স্বরলিপি

মিশ্র-অহির ভৈরব খাম্বাজ—দাদ্‌রা

তুমি যারে চাও জানি
সে তো আমি নহি গো,
ভুলে দেওয়া মালা তব
আঁখিজলে বহি গো।
তব ফুল তব গান
গোপনে কাঁদায় প্রাণ
কোথা তব বাজে হেলা
কেমনে তা কহি গো।

মোর মাঝে দেখ যারে
সে তোমারি আপনা
কাননের মাধুরী সে
ফাগুনেরি রচনা।
যেদিন ফিরাবে আঁখি
কিছু তো না যাবে রাখি,
মুখপানে চেয়ে তাই
ভয়ে ভয়ে রহি গো।*

কথা—শ্রীসুবোধ পুরকায়স্থ   সুর—শ্রীশৈলেশ দত্তগুপ্ত   স্বরলিপি—শ্রীবেচু দত্ত

```
   +                   ২                        +                         ২
II মা    ধা    ণা  |  র্সা  র্সর্ঋা  -ণা  I  ণর্সর্জ্ঞা -র্ঋা র্সা  |  -া    -া    -া  I
   তু    মি    যা     রে    চা০    ও       জা০০   ০   নি          ০     ০     ০

   র্সর্ঋা  র্সা  ণা  |  ধা  পমা  পধপা  I  মগা  -রগা  -া  |  -া  -া  -া  I
   সে০    ত    আ      মি   ন    হি০০      গো০   ০০    ০      ০   ০   ০

   গা   গা   মা  |  গমা  -পদা  -া  I  পা  মা  সঋা  |  সা  -া  -া  I
   ভু   লে   দেও    য়া০  ০০   ০      মা  লা  ত০     ব   ০   ০

   ধ্‌া  ণ্‌া  সা  |  ঋা  ণা  ঋা  I  সা  -া  -া  |  -া  -া  -া  II
   আঁ   খি   জ      লে   র   হি     গো  ০   ০     ০   ০   ০

II র্সা  ণা  ধপা  |  ধা  মগা  মা  I  গমপধা -ণাঃ -পঃ  |  -ণা  -া  -া  I
   ত    ব   ফু০     ল   ত০   ব     গা০০০  ০   ০       ০    ০   ন্

   মা  -ণা  ধা  |  -র্সা  র্সা  -া  I  নর্সা -র্রা -র্সনা  |  -র্সা  -া  -া  I
   গো   প   নে      কাঁ   দা   য়্     প্রা০  ০   ০০          ০    ০   ণ্

   ধা  ণা  র্সা  |  র্রা  র্গা  র্মা  I  র্রা -া -র্জ্ঞর্রর্সা  |  ণা  -া  -া  I
   কো  থা  ত      ব    বা   জে      হে  ০   ০০০            লা  ০   ০

   সা  -মা  মা  |  গা  মা  -ণা  I  ণধা  পধা  -া  |  -া  -া  -া  I
   কে   ম   নে     তা  ক   হি     গো০  ০০   ০     ০   ০   ০
```

"ভুলে দেওয়া মালা তব…" ইত্যাদি

* স্বরলিপিকার কর্তৃক পাইওনিয়ার রেকর্ডে গীত।

II মা -া মা | মা ধ্া ণ্া I সা -মা গা | -া -া -া I
মো র্ মা ঝে দে খ যা ০ রে ০ ০ ০

{সা গা গপা | পা মধা পা I মা -া -া | -া -া -া I
সে তো মা রি আ০ প না ০ ০ ০ ০ ০

(মা ধা পা | ধা -া -ণা I ণা পা মা | মজ্ঞা -া -া I
কা ন নে র ০ ০ মা ধু রী সে ০ ০

-া -া পা | মা জ্ঞা রা I রা জ্ঞা জ্ঞরসরা | -সা -া -া)} I
০ ০ ফা গু নে রি র চ না০০০ ০ ০ ০

মা ণধা -র্সা | র্সা র্সা র্সা I নর্সা -র্রা -জ্ঞর্রা | র্সা -া -া I
যে দি০ ন ফি রা বে আঁ০ ০ ০০ খি ০ ০

ধা না র্সা | র্রা র্গা র্মা I র্রা -া -জ্ঞর্রা | র্সা -া -া I
কি ছু ত না যা বে রা ০ ০০ খি ০ ০

র্সা র্সা গা | মা পা ধা I পধর্সা -ণা -া | -া -া -া I
মু খ পা নে চে য়ে তা০০ ০ ০ ০ ০ ই

সা -মা মা | গা মা -ণা I ণধা -পধা -া | -া -া -া II II
ভ য়ে ভ য়ে র হি গো০ ০০ ০ ০ ০ ০

"ভুলে দেওয়া মালা তব…" ইত্যাদি

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

সর্গম্

ছায়া-কল্যাণ—ত্রিতাল

রচয়িতা—৺বাহাদুর হুসেন প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ (বীণ্‌কার)

স্থায়ী

\+ ৩ ০ ১
II জ্ঞা পা ধা পা | জ্ঞা পা ধা পা | রা গা মা পা | গা মা রা সা I

\+ ৩ ০ ১
সা ন্া ধ্া প্া | জ্ঞ্া প্া ধ্া প্া | র্া গ্া জ্ঞ্া প্া | সা সা রা সা I

\+ ৩ ০ ১
রা মা গা পা | জ্ঞা পা ধা পা | র্সর্সা ধপা জ্ঞপা ধপা | গমা পগা মরা সা II

অন্তরা

+ ৩ ০ ১
II জ্ঞা পপা জ্ঞা পপা | র্সা র্সর্সা র্রর্রা র্সা | র্গা র্মা র্রা র্সা | র্সা পা ধা জ্ঞা I

+ ৩ ০ ১
পা গা মা পা | রগা মপা রগা মপা | গা মা রা সা | র্সা র্সা সা সা I

+ ৩ ০ ১
র্গা র্মা র্রা র্সা | জ্ঞাজ্ঞা পপা ধধা পা | রা গা মা পা | গা মা ররা সা II

তারাণা

ছায়া-কল্যাণ—ত্রিতাল

রচয়িতা—৺বাহাদুর হুসেন

প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ (বীণ্‌কার)

স্থায়ী

+ ৩ ০ ১
II জ্ঞা পপা ধা পা | গা মা রা সা | মা রা জ্ঞা পা I
ও দের তা না দি ইম্ তা না দে রে না তে

+ ৩ ০ ১
ধা -া -পা -া | ম্া র্া জ্ঞ্া প্া | ধ্া -া -প্া -া | সা সা ধ্া প্া I
দি ০ ০ ম্ দে রে না তে দি ০ ০ ম্ দের দের না তে

+ ৩ ০ ১
ধ্া ধ্া জ্ঞ্া প্া | সা ন্া রা সা | রা গগা মা পা | রা গগা মা পা I
দের দের না তে দি ইম্ তা না ও দের তা না ও দের তা না

+ ৩ ০ ১
গা মা রা সা | "জ্ঞা পপা ধা পা | গা মা রা সা | মা রা জ্ঞা পা" II
দি ইম্ তা না ও দের তা না দি ইম্ তা না দে রে না তে

অন্তরা

+ ৩ ০ ১
II সা সা সা সা | রা রা সা সা | র্সা র্সা র্সা র্সা | র্রা র্রা র্সা র্সা I
না দের দের দের তোম্ দের দের দের দের দের দের দের দা রে দা নি

+ ৩ ০ ১
র্গা র্মা র্পা র্পা | র্গা র্মা র্রা র্সা | র্সা না ধা পা | জ্ঞা পা ধা পা I
না দের দের দের তোম্ দের দের দের দের দের দের দের দা রে দা নি

+ ৩ ০ ১
জ্ঞা পা -া পা | -া র্সা জ্ঞা পা | -া ধা পা -া | গা মা -া রা I
নাক্ ধেলা আং তাক্ ০ ধা নাক্ ধেলা আং তাক্ ধা ০ নাক্ ধেলা আং তাক্

+ ৩ ০ ১
সা -া -া -া | "জ্ঞা পপা ধা পা | গা মা রা সা | মা রা জ্ঞা পা" II
ধা ০ ০ ০ ও দের তা না দি ইম্ তা না দে রে না তে

তারাণা

ছায়া-কল্যাণ—ত্রিতাল

কোমল নিখাদ বর্জিত

রচয়িতা—৺বাহাদুর হুসেন

প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ (বীণ্‌কার)

স্থায়ী

+ ৩ ০ ১

II রা গা মা পা | গা মা রা সা I

ও দের্‌ তা না দি ইম্‌ তা না

+ ৩ ০ ১

রা গা মা পা | গা মা রা সা | সা সা ধ্‌া প্‌া | সা সা রা সা I

দে রে না তে দা রে দা নি ও দের্‌ তা না দি ইম্‌ তা না

+ ৩ ০ ১

রা গা মা পা | গা মা রা সা | পা -া র্সা পা | -া র্সা মা গা I

দে রে না তে দা রে দা নি দি ইম্‌ তা দি ইম্‌ তা দি ইম্‌

+ ৩ ০ ১

রা গা মা পা | গা মা রা সা | "রা গা মা পা | গা মা রা সা" II

দে রে না তে দে রে দা নি ও দের্‌ তা না দি ইম্‌ তা না

অন্তরা

+ ৩ ০ ১

I পা পপা পা ধধা | ধধা ধধা পা পা I

না দের্‌ দের্‌ তোম্‌ দের দের দা নি

+ ৩ ০ ১

পা -া র্সা পা | -া র্সা র্রা র্সা | র্গা র্মা র্রা র্সা | গা মা রা সা I

দি ইম্‌ তা দি ইম্‌ তা না না ও দের তা না দি ইম্‌ তা না

+ ৩ ০ ১

র্মা পপা র্মা পপা | ধা ধধা পা পা | পা -া র্সা পা | -া র্সা র্রা র্সা I

তোম্‌ দের তোম্‌ দের দের দের দা নি দি ইম্‌ তা দি ইম্‌ তা না না

+ ৩ ০ ১

প্‌া -া সা প্‌া | -া সা রা সা | "রা গা মা পা | গা মা রা সা" II

দি ইম্‌ তা দি ইম্‌ তা না না ও দের তা না দি ইম্‌ তা না

—সংবাদ—

কলিকাতা সঙ্গীত সম্মিলনীর গীতশ্রী ও সুরশ্রী উপাধি পরীক্ষার ফল

এই বৎসর সম্মিলনী কর্তৃক অনুষ্ঠিত গীত ও বাদ্যের উপাধি পরীক্ষা বিগত ১০ই সেপ্টেম্বর তারিখ বাংলার বিখ্যাত সঙ্গীতবিৎ শ্রীযুত বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, তানসেন বংশীয় ওস্তাদ মহম্মদ দবীর খাঁন সাহেব, বিখ্যাত সঙ্গীতজ্ঞ শ্রীযুত ক্ষেমেন্দ্রমোহন ঠাকুর ও সুপ্রসিদ্ধ ধামার গায়ক ও মৃদঙ্গবাদক শ্রীযুত সতীশচন্দ্র দত্ত (দানীবাবু) প্রমুখ গুণীজনের বিচারাধীনে সুসম্পন্ন হইয়াছে। নিম্নে উত্তীর্ণা ছাত্রীবৃন্দের নাম যোগ্যতানুসারে প্রদত্ত হইল।

গীতশ্রী উপাধি পরীক্ষায় উত্তীর্ণা ছাত্রীদের নাম :—

(১)	শ্রীমতী উমা মিত্র	(৬)	শ্রীমতী দীপ্তি ব্যানার্জ্জি
(২)	„ গৌরী চাটার্জ্জী	(৭)	„ উর্ম্মিলা দাস
(৩)	„ রেণুকা ঘোষ	(৮)	„ সাবিত্রী ঘোষ
(৪)	„ বিনীতা দে	(৯)	„ ঝরণা মিত্র
(৫)	„ মঞ্জু চৌধুরী	(১০)	„ মীরা চাটার্জ্জী

(১১) শ্রীমতী রঞ্জা ব্যানার্জ্জি

উপরোক্ত ১১জন ছাত্রীর মধ্যে ৬জন কৃতিত্বের সহিত উত্তীর্ণা হইয়াছেন।

সুরশ্রী উপাধি পরীক্ষায় উত্তীর্ণা ছাত্রীদের নাম :—

(১)	মিসেস উমা দাস	(২)	শ্রীমতী আরতি দাস
(৩)	মিসেস শান্তিলতা রায়	(৪)	শ্রীমতী কল্যাণী রায়
(৫)	শ্রীমতী উর্ব্বশী মজুমদার	(৬)	শ্রীমতী মিনতি ভট্টাচার্য্য

উপরোক্ত ৬ জনের মধ্যে প্রথমোক্ত ৫ জন কৃতিত্বের সহিত উত্তীর্ণা হইয়াছেন।

গীতশ্রীর ছাত্রীবৃন্দ সম্মিলনীর প্রধান শিক্ষক শ্রীযুত গিরিজাশঙ্কর চক্রবর্ত্তী মহাশয়ের নিকট শিক্ষাপ্রাপ্ত হইয়াছেন ও সুরশ্রী উপাধি প্রাপ্ত ছাত্রীবৃন্দ সম্মিলনীর প্রধান সেতার শিক্ষক শ্রীযুত জিতেন্দ্রমোহন সেনগুপ্ত মহাশয়ের নিকট শিক্ষাপ্রাপ্ত হইয়াছেন। ইঁহাদের উভয়ের শিক্ষা দেওয়ার কৌশল ও পদ্ধতি প্রশংসনীয়।

বাংলার গভর্ণরপত্নী মিসেস কেসি বিগত ১৭ই সেপ্টেম্বর রবিবার ৪নং শম্ভুনাথ পণ্ডিত ষ্ট্রীটস্থ সঙ্গীত সম্মিলনী পরিদর্শন করিতে আসিয়া গীতশ্রী ও সুরশ্রী উপাধি পরীক্ষায় উত্তীর্ণা ছাত্রীগণকে মানপত্র বিতরণ করিয়া গিয়াছেন ও সঙ্গীত সম্মিলনীর বিবিধ সঙ্গীতানুষ্ঠানে মুগ্ধ হইয়া উচ্চ প্রশংসা করেন।

পরলোকে সঙ্গীতসাধক নীরেন্দ্রকৃষ্ণ মিত্র (নিতাইবাবু)

শোভাবাজার রাজবাটীর অপুত্রক রাজা যাদবকৃষ্ণ মিত্রের দৌহিত্র কুমার নীরেন্দ্রকৃষ্ণ মিত্র (নিতাইবাবু) গত ৩রা সেপ্টেম্বর রবিবার পরলোকগমন করিয়াছেন। ভারতীয় সঙ্গীত-চর্চ্চা এবং তাহার প্রসারকল্পে নিতাইবাবু আজীবন সাধনা করিয়া গিয়াছেন। নিজেও একজন সঙ্গীত বিদ্যায় পারদর্শী ছিলেন। এই বিদ্যার ফলস্বরূপ তিনি কয়েকটি সঙ্গীতগ্রন্থও রচনা করিয়াছেন। গ্রন্থ কয়টি সঙ্গীতজ্ঞ মহলে বিশেষ আদৃত হইয়াছে। মৃত্যুকালে তাঁহার ৬৯ বৎসর বয়স হইয়াছিল। আমরা এই প্রবীণ সঙ্গীতসাধকের মৃত্যুতে তাঁহার পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাইতেছি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি ;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২১শ বর্ষ
৭ম সংখ্যা

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

কার্ত্তিক
১৩৫১ সাল

উত্তর ভারতীয় সঙ্গীতকলা

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

উত্তর ভারতীয় সঙ্গীতকলাবিস্তার আলোচনায় বৈদিক, সংস্কৃত বা কর্ণাটী সঙ্গীত-পদ্ধতির আলোচনা ততখানিই প্রয়োজনীয়, যাতে ক'রে হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতির মৌলিক বিকাশের পথের সহিত সম্যক্ পরিচয় সম্ভব হয়। সুপ্রাচীন সঙ্গীতের পুরাতত্ত্ব আলোচনার ক্ষেত্র স্বতন্ত্র—সেই আলোচনার যথেষ্ট প্রয়োজনীয়তা থাকলেও হিন্দুস্থানী রাগবিদ্যার উদ্ভব ও বিকাশের প্রসঙ্গে তার বিস্তৃত নিবন্ধ অপ্রাসঙ্গিক হ'য়ে পড়বে। আমরা প্রাচীন সংস্কৃত সঙ্গীতের মূল রেখাগুলি ধ'রে সে সকল হ'তে হিন্দুস্থানী সঙ্গীতের স্বররূপ ও স্বররেখার পরিবর্ত্তন ও বিকাশসকল বুঝবার প্রয়াস পাব।

সামবেদীয় সঙ্গীতে শ্রুতিসকল ও সংস্কৃত গ্রাম ও সপ্তকের মূল ধারা পাওয়া যায়। প্রধানতঃ সংস্কৃত ষড়্জ গ্রামের সপ্তক সে যুগে প্রচলিত ছিল। ষড়্জ, মধ্যম, এমন কি গান্ধার গ্রামের প্রচলন বৈদিক যুগে অসম্ভব ছিল না। সংস্কৃত তিন গ্রামের ছবি আমরা পরে দেখাব। তবে তিন গ্রাম ও শ্রুতির বিভিন্ন প্রয়োগে বহুবিধ স্বরের প্রয়োগ সত্ত্বেও মূলতঃ সংস্কৃত ষড়্জ গ্রামের সপ্তক বা প্রচলিত 'কনকাঙ্গী', মতান্তরে 'করহারপ্রিয়া'র ঠাট সামগানের মৌলিক ঠাট এ কথা বলা যেতে পারে। তবে হিন্দুস্থানী 'ভৈরোঁ' ঠাট বা দাক্ষিণাত্যের 'মায়ামালবগৌড়া' ঠাটের প্রয়োগও বৈদিক যুগ হ'তেই ভূয়ে পরিমাণে ছিল—এ কথা মনে কর্‌বার যথেষ্ট কারণ আছে। দাক্ষিণাত্যেও এই দুই ঠাটেরই অধিক প্রাধান্য পরিলক্ষিত হয়। শুদ্ধ সংস্কৃত ষড়্জ গ্রামের করহারপ্রিয়া ঠাট এবং 'মায়ামালবগৌড়া'র ঠাট বা ভৈরোঁ ঠাট এই দুই ঠাট দক্ষিণ দেশে সম পরিমাণেই প্রাধান্য লাভ করেছে।

হিন্দুস্থানী সঙ্গীতেও ভৈরোঁ ঠাটের প্রাধান্য কম নয়, কিন্তু কাফি ভৈরবী মিশ্র ঠাটকে এ দেশে কোনো প্রধান ঠাটরূপে বলা হয়নি। স্বনামধন্য ভাতখণ্ডেজীর দশ ঠাটের মধ্যে ঐরূপ কোনো ঠাটের উল্লেখও নেই। প্রয়োগের মধ্যে অবশ্য শুদ্ধ কানাড়া রাগ অনেকটা সংস্কৃত শুধ্ ঠাটের অনুরূপ—কেননা কানাড়ার গা ও ধা আন্দোলনযুক্ত ও অনুরূপ শ্রুতি স্পর্শ করে। কিন্তু পণ্ডিতজী শ্রুতির আন্দোলনের রূপ-নির্ণয়ে পরাঙ্মুখ হয়েছেন—শ্রুতিজ্ঞানকে তিনি দূর হ'তেই নমস্কার করেছেন। অবশ্য "কানাড়া" যে হিন্দুস্থানী সঙ্গীতের এক অতি প্রয়োজনীয় রাগ এটা আমরা অস্বীকার করতে পারি না। হিন্দুস্থানী রাগ-পদ্ধতিতে 'কানাড়া' অতীব প্রয়োজনীয় রাগ হ'লেও সংস্কৃত মতানুযায়ী এটি হিন্দুস্থানী শুদ্ধ ঠাটের অন্তর্গত হয়নি। হিন্দুস্থানে "বিলাবল" ঠাটকেই 'শুদ্ধ ঠাট' ব'লে ধরা হয়েছে। বলা বাহুল্য, শ্রুতিসকলের মধ্যে স্বরস্থানের শুদ্ধত্ব নির্ণয়ের বিভেদেই এ পার্থক্য দেখা দিয়েছে। আমাদের বিশ্বাস যে, এ পার্থক্য পারস্য প্রভাবেরই ফল। কেননা বৈদিক দূরের কথা, সংস্কৃত কোনো শাস্ত্রে, কোনও গ্রন্থে বা সংস্কৃত ও কর্ণাটী সঙ্গীতের কোনও উদাহরণেই "বিলাবল" ঠাটের শুদ্ধত্বের উল্লেখ নেই। পশ্চিম থেকে হিন্দুস্থানী সঙ্গীতে মুখ্যতঃ প্রভাব এসেছে পারস্য-সঙ্গীতের। পারস্য দেশ সঙ্গীতাদি সংস্কৃতির জন্য গ্রীস দেশের কাছেই ঋণী। গ্রীক সংস্কৃতিরও আদি উৎস হচ্ছে মিশর দেশে। মিশরীয় সভ্যতা ভারতের ন্যায়ই সুপ্রাচীন ও বহুশাখান্বিত। ক্লমন সাহেব প্রভৃতি সঙ্গীতনায়কগণ হিন্দুস্থানী সঙ্গীতের মূল নির্ণয়ে একদিকে সংস্কৃত ও অপর দিকে মিশরীয় ধারার সমন্বয়ের কথা উল্লেখ করেছেন। মিশরের ইতিহাসে অতি উচ্চাঙ্গের সঙ্গীতধারার পরিচয় পাওয়া যায়। তাই মিশরীয় প্রভাব গ্রীস ও পারস্য অতিক্রম ক'রে হিন্দুস্থানে প্রবেশ করেছে এ কথা সহজেই বোঝা যায়।

কিন্তু এই প্রভাবের ফলে হিন্দু সঙ্গীতের মূল ধারা নষ্ট হ'য়ে গেছে এ কথা স্বীকার্য্য নহে—কেননা আমরা সর্ব্বদাই দেখি, যে রাগ ব্যাকরণ পদ্ধতি, নামকরণ ও

ঢংএর যতই প্রভেদ থাকুক, মৌলিক সংস্কৃত ধারার প্রধান রাগগুলি, অন্য নামে হিন্দুস্থানেও ব্যবহৃত হয়ে এসেছে। আবার হিন্দুস্থানী রাগসকলের প্রধান প্রধান ঠাটের রাগসকলও সংস্কৃত ও কর্ণাটী পদ্ধতিতে নামান্তরে প্রচলিত। আমাদের শুদ্ধ ঠাট ওদের শুদ্ধ ঠাট না হ'তে পারে কিন্তু আমাদের "শুদ্ধ বেলাবল ঠাট"এর সুরে ব্যবহৃত কর্ণাটী প্রধান রাগ 'শংকরাভরণ', কর্ণাটী সঙ্গীতের এক শুদ্ধ বিশেষ। আবার এদের শুধ ঠাট ধরে এই আমরা বহুবিধ "কানাড়া"র প্রয়োগ ক'রে থাকি। তেম্‌নি ওদের ও আমাদের, দুই পদ্ধতিতেই মায়ামালবগৌড়া বা ভৈরোঁর সমান প্রয়োজনীয়তা ও প্রাধান্য। তাই এই সকল পদ্ধতির মধ্যে বৈষম্য ততটা নয় বৈচিত্র্যই অধিক লক্ষ্যণীয় এবং এই বৈচিত্র্যের মধ্যেও সমগুণসম্পন্ন প্রধান মৌলিক সত্য ও রূপের আবিষ্কারই সমধিক বাঞ্ছনীয়। ক্রমশঃ

স্বরলিপি

(ধ্রুপদ)

কানেড়া—চৌতাল

করণে কো ভজন যো করার কিয়া কালীকো
তাহে ভজ ভালা না কিয়ো করো ধ্যান।
চেতরে অচেত মূঢ় চরণন কি লাও গাও
পাও সুখ সম্পদন না প্রকার জ্ঞান।

য়াকো বল সফল দেও অচল ভয়ো বিরাজিত হায়
করত স্তুতি তাকো দিন দিন ছিন ছিন ধ্যান।
আনন্দ গুণ গাও সুখ প্রেম যো করো বাখান
নেম যো নিমাও সুখ পাও মেরে জান্॥

কথা—আনন্দকিশোর

স্বরলিপি—শ্রীশচীন্দ্রনাথ মিত্র

স্থায়ী

\+   ০   ১   ০   ২   ৩

II মগা দা | দা -া | পা -া | মগা পা | গা -া | -া মমা I
ক০ র ণে ০ কো ০ ভ০ জ ন ০ ০ যোক

গা -মা | গা গঋা | সা -া | -া সঋা | মা -া | গা -া I
রা ০ র কি য়ো ০ ০ কা০ লী ০ কো ০

মা -গা | মা দা | পা -া | -া মা | পা মপা | -দা পা I
তা ০ হে ভ জ ০ ০ ভা লা না০ ০ কি

মা -গা | -া মগা | দা -া | পা -া | -দা -পা | -মা -মগা II
য়ো ০ ০ ক০ রো ০ ধ্যা ০ ০ ০ ০ ০ন্

অন্তরা

\+   ০   ১   ০   ২   ৩

II পা -া | মা নদা | -া দা | র্সা -া | র্সা না | -া -র্সা I
চে ০ ত রে ০ অ চে ০ ত মূ ০ ঢ়

র্সা না | দা না | -া -র্সা | না -র্সা | না নদা | -া পা I
চ র ণ ন ০ কি লা ০ ও গা ০ ও

+ ০ ১ ০ ২ ৩

গা -মা | দা -া | -া দদা | র্সা -না | র্সা না | র্সা -র্ঋা I

পা ০ ও ০ ০ সুখ স ম্ প দ ন ০

না -র্সা | না দা | -পা দা | পা -া | -দা -পা | -মা -নগা II

না ০ প্র কা ০ র জ্ঞা ০ ০ ০ ০ ০ন্

ভোগ

+ ০ ১ ০ ২ ৩

II গা -মা | দা -া | -া দদা | দা না | দা নদা | -া -পা I

যা ০ কো ০ ০ বল স ক ল দে ০ ও

র্সা না | র্সা না | র্সা -র্ঋা | না র্সা | না দা | নদা -পা I

অ চ ল ভ ক্তো ০ বি রা জি ত হা য়্

গা মা | দা -া | -া দা | পা গা | -মা ঋা | সা -া I

ক র ত ০ ০ স্তু তি তা ০ কো দি ন

গা মা | দা দা | দা দা | দা -পা | -না -দা | -পা -া II

দি ন ছি ন ছি ন ধ্যা ০ ০ ০ ০ ন্

আভোগ

+ ০ ১ ০ ২ ৩

II দা -া | র্সা র্সা | র্সা র্সা | না -া | র্সা -া | র্সা র্সা I

আ ০ ন ন্দ গু ণ গা ০ ও ০ সু খ

না -া | দা না | -র্সা র্সা | র্ঋা না | না দা | -া পা I

প্রে ০ ম যো ০ ক রো ০ বা খা ০ ন

গা -া | মা দা | -া দা | না -া | র্সা -া | র্সা র্ঋা I

নে ০ ম যো ০ নি মা ০ ও ০ সু খ

না র্সা | না দা | -পা নদা | পা -া | -দা -পা | -মা -মগা II II

পা ০ ও মে ০ রে জ্ঞা ০ ০ ০ ০ ০ন্

স্বরলিপি

মিশ্র—কাহারবা (দ্রুতলয়)

ঝড় বলে যে কেমন ক'রে নেব সাথী
ঝরা পাতা বলে তবে ধূলায় আমার শয়ন পাতি।
শাখা বলে হায় অভাগী
সব হারালি যাহার লাগি'
ফেলে সে যায় ফিরে না চায়
কোন খেয়ালের নেশায় মাতি'।

পাতা বলে এমনি করেই ঝরিতে চাই
চরম যে সাধ এক নিমেষেই মিটেছে তাই।
পাখী বলে লহ প্রণাম
শাখার গরব আজ ভুলিলাম,
আমার গানে তোমার অমর
গাঁথা রেখে দিলাম গাঁথি'।

কথা—শ্রীপ্রেমেন্দ্র মিত্র

সুর ও স্বরলিপি—শ্রীক্ষিতীশ দাশগুপ্ত

+ ০ + ০
II গা -পা -পা গা | পা -পা গা -পা I ধা ধা -া পা | গা -পা গা রা I
ঝ ০ ড়্ ব লে ০ যে ০ কে ম ন্ ক রে ০ নে বো

গরা -রা সা -া | -রা -া -গা -া I সা রা -সা রা | গা -রা গা মা I
সা০ ০ থী ০ ০ ০ ০ ০ ঝ রা ০ পা তা ০ ব লে

পা -া গা -া | -া -া -া -া I গা -ধা -া ধদা | ধা -া -া -া I
ত ০ বে ০ ০ ০ ০ ০ ধূ লা য়্ আ০ মা ০ ০ র্

গা পা -ধা না | নধা -পধা -নধা -পা II
শ য় ন্ পা তি০ ০০ ০০ ০

"কেমন ক'রে নেবো…" ইত্যাদি

+ ০ + ০
II গা পা -পা পধা | ধনা -নধা -পা -ধা I র্সা -া না র্রা | র্রর্সা -া -া -া
[illegible] ০ ০ হা য় অ [illegible]

ধা -র্সা র্রা র্রা | র্রর্গা -া -র্রর্সা -া I ধা র্সা -র্রা র্গা | র্গর্রা -র্সর্রা -র্গর্রা -র্সা
স ব্ হা রা লি০ ০ ০০ ০ যা হা র্ লা গি০ ০০ ০০ ০

র্সাঃ ধা -ধঃ মপা | র্সা -পা -া -া I ধা -দধা গা সরা | মজ্ঞা -া -া -া
ফে লে ০ সে০ যা ০ ০ য়্ ফি ০ রে না০ চা ০ ০ য়্

সা রা জ্ঞা -পা | জ্ঞা -পা -া -া I ধণা -ধপা -ধপা জ্ঞা | রা -া -া -া
কো ন্ খে য়া লে ০ ০ র্ নে০ ০শা ০য়্ মা তি ০ ০ ০

"কেমন ক'রে নেবো…" ইত্যাদি

+ ০ + ০

II ধ্‌া সা -া ধ্‌সা | মা -জ্ঞা -া -া I পা -হ্মা পা -ণা | পা -মা -জ্ঞা -ণা I
পা তা ০ ব০ লে ০ ০ ০ এ ম্‌ নি ক রে ০ ০ ই

-া পা মা জ্ঞা | -সা -া সা -া I পা পা -ণা ধা | ণা -া -া -ণা I
০ ঝ রি তে চা ০ ই ০ চ র ম্‌ যে সা ০ ০ ধ্‌

পা -ণা র্সা র্রা | র্সণা -া ণা -া I -া ণা -পা জ্ঞা | -পা -া -া -া I
এ ক ন মে যে ০ ই ০ ০ মি টে ছে তা ০ ই ০

পা -হ্মা পা -ণা | পা -মা -জ্ঞা -ণা I -া পা মা জ্ঞা | -সা -া -া -া I
এ ম্‌ নি ক রে ০ ০ ই ০ ঝ রি তে চা ০ ই ০

পা পা -মা -দা | পা -মা -জ্ঞা -মা I পা -না র্সা না | র্সা -া -া -া I
পা খী ০ ব লে ০ ০ ০ ল ০ হ প্র ণা ০ ০ ম্‌

র্সা র্সা -র্রা র্সর্রা | র্রর্মা -র্জ্ঞা -র্রা -র্সা I র্সা -া পা পর্রা | র্রা -র্সা -া -া I
পা খা র্‌ গ০ র০ ০ ০ ব্‌ আ জ্‌ ভু লি০ লা ০ ০ ম্‌

নর্সা নর্সা র্সা দা | পা -া -া -া I পা পা -া জ্ঞা | জ্ঞা -া সা -ন্‌সা I
আ মা র্‌ পা নে ০ ০ ০ তো মা র্‌ অ ম র্‌ গাঁ ০০

মা -জ্ঞা -া -া | -া -া -া -া I সা -মা -জ্ঞা মা | পা -মা জ্ঞা -রা I
থা ০ ০ ০ ০ ০ ০ ০ রে খে ০ দি লা ম্‌ গাঁ ০

রসা -া -া -া | -া -া -া -া II II
থি ০ ০ ০ ০ ০ ০ ০

"ঝড় বলে যে কেমনে করে…" ইত্যাদি

গান

শ্রীপ্রভাতকুমার দত্ত

তুমি যে আমায় অবহেলে প্রিয়
বেদনা দিয়েছ প্রাণে
সে কথা স্মরিলে ভ'রে দু'টি আঁখি
স্মরণীয় ত'ব গানে।
যত কিছু গান, যত কিছু হাসি
মোর বেদনার ঝরা ফুলরাশি
আমার পরাণে সে সকলি আজি
কি রাগিণী বয়ে আনে।

অভিমান ভ'রে দূ'রে চলে গেছ
রেখে গেছ তব স্মৃতি
মম অন্তরে গুমরিয়া কাঁদে
সুর-হারা তব গীতি।
জানি জানি এই মিলনের দিন
আসিবে না আর বাজাবে না বীণ,
তারি ভাবনায় বেলা চলে যায়
চাহি তব পথ পানে।

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

খেয়াল

ছায়া-কল্যাণ—ঢিমা-ত্রিতাল

রচনা—শাহ্ সদারঙ্গ প্রাপ্ত—মহম্মদ দবীর খাঁ (বীণ্‌কার)

+ ৩ ০ ১ ॥

II | | রগা -মপা গমা -রা | -সা সা মা -রা I

গা০ ০০গ০ ০ ০ র মো ০

+ ৩ ০ ১

গরগা -রগা গমা -গা | পা -া ধা পা | পন্মা পা র্সধা -র্সধা | -পা পা গরা গরগা I

রি০০ ০০কা০ ০ হে ০ ভ র পে০না দে০ ০০ ০ ত ন০ ন্দ০০

+ ৩ ০ ১

মা -পা গমা -রা | সন্‌া -রা সা -া | "রগা -মপা গমা -রা | -সা সা মা -রা" II

কে ০ ছ০ ০ য়ে০ ০ ল ০ গা০ ০০গ০ ০ ০ র মো ০

অন্তরা

+ ৩ ০ ১

II পা -া -র্সা -া | র্সা র্সা -র্গা র্রা | র্সা -া -া -া | র্সা ধা র্সনর্সা নর্রা I

হাঁ ০ হাঁ ০ ক র ০ ত হুঁ ০ ০ ০ পা ই য়া০০ প০

+ ৩ ০ ১

র্সনা র্সধা পা -া | র্গা র্রা র্সা না | র্সনা র্সধা -নধা -পা | গরা গরগা মা পা I

ড়০ ত০ হুঁ ০ স দা র ঙ্গ পি০য়া০ ০০ ০ ছো০ড়০০ দে ত

+ ৩ ০ ১

মপা -মধা পমপা -গা | -মা -রা -সা -া | "রগা -মপা গমা -রা | -সা সা মা রা" II

মো০ ০০ রি০০ ০ ০ ০ ০ ০ গা০ ০০ গ০ ০ ০ র মো ০

খেয়াল

ছায়া-কল্যাণ—দ্রুত-ত্রিতাল

রচনা—শাহ্ সদারঙ্গ প্রাপ্ত—মহম্মদ দবীর খাঁ (বীণ্‌কার)

স্থায়ী

+ ৩ ০ ১

II গা মা প্‌া গা | মা রা সা -া | রগা -মপা মা -গা | মা রা পা -া I

ব র ণ ব র ণ যো ০ গে০ ০০ ই ০ গা গ রি ০

+ ৩ ০ ১

মপা -ধনর্সা ধা পা | রা -গা -মা -পা | মা -গা -মা -রা | গমা -পা গমা রা II

মায় ০০০ য মু না ০ ০ ০ কে ০ ০ ০ ত০ ০ ট০ পে

অন্তরা

```
   +                   ৩                 ০                      ১
II পা   পা   র্সা  র্সা | র্রা  -া   র্সা  -া | র্গর্মা -র্পর্গা -র্মর্রা র্সা | র্সা  -ধা  পা   পা I
   স    দা   র    জ    পি   ০    ম্বা   ০    মো০  ০০   ০০  হে   ষা   ০    নে   না

   +                   ৩                 ০                      ১
   রগা -মপা মগা -মরা | রা   গা   মা   পা | ধনা -র্সা ধা  -পা | মা  -গা  -মা  -রা II
   দে০  ০০  ভ০  ০০   য    মু   না   কে   ভ০   ০    ট   ০    পে   ০    ০    ০
```

বাহাত্তর ঠাট

২৯

শ্রীবিমল রায়

(৩) **গারা-কানরা**—কাফি ঠাট, জয়জয়ন্তী উপঠাট, ব্যবহার জ্ঞগণন। পুরাতন গারে কানরে অর্থাৎ আধুনিক শুধ্ গারায় কানরার জ্ঞ যোগে রচিত, যদিও মূর্ত্তিটি কানরার মতো নয়। অনেকে অবশ্য কান্‌রা-অঙ্গ করার জন্য জ্ঞমরসা ব্যবহার করেন। কিন্তু সাধারণ চলন সেরূপ নয়, দ্বিতীয়তঃ এই 'জ্ঞ' কানরার আন্দোলিত জ্ঞ নয়। দ্বিতীয় দল ণপ সঙ্গত করেন, তাও সর্ব্বসম্মত নয়। কথা এই যে, এই রাগের অঙ্গটী দেশ বা জয়জয়ন্তী অঙ্গ অর্থাৎ কিছুটা মল্লার অঙ্গ। সঙ্গে আছে খাম্বাচ-অঙ্গ। অতএব গারা-কানরা নাম হ'লেও একে কানরা ভেদে স্থান দেওয়া অযৌক্তিক। কর্ণাট ভেদ বলে আলাদা একটা নাম দিয়ে তার মধ্যে এই সব রাগকে ঢোকালে ভাল হয়, কারণ তাতে বোঝা যায় যে, এই সব রাগকে প্রাচীন কালে কর্ণাট বা কানরা অঙ্গে ধরা হ'তো কিন্তু এখন রূপ পরিবর্ত্তনের জন্য ধরা যায় না: উদাহরণ—গারা কর্ণাট, বাগেশ্রী-কর্ণাট ইত্যাদি।

এই রাগ—জাতি সম্পূরণ, উপজাতি ওড়ো-সম্পূরণ, আরোহে 'রপ' বর্জ্জিত, বাদী মধ্যম, পঞ্চম গৌণ। মূর্চ্ছনা —সগমণধনর্সণধমপমগমরজ্ঞরসা

বিস্তার—ণ্ধ্ন্সগমরজ্ঞরসা, গমপমগমরজ্ঞরসা, মণ্ধ্-ন্সগমপধমগমরজ্ঞরসা, মণধণপধমগমরজ্ঞরসা, মণধনর্সণধ-মগমরজ্ঞরসা, মণধনর্সণধমপমগমরজ্ঞরসা, মণধনর্সর্রর্সণপধ-মগমপগমরজ্ঞরসা। কেউ কেউ করেন গমরজ্ঞমরসা। মালগুঞ্জী ব'লে একটি রাগ সম্প্রতি প্রচলিত হয়েছে, সেটি গারার অনুকরণে সৃষ্ট; দুটিতে অতি সামান্যই পার্থক্য। কাজেই অসাবধান হ'য়ে গান কর্‌লে কোনও তফাৎই খুঁজে পাওয়া যাবে না। 'গারা'র বিশেষত্ব 'গমর' 'ধমপ' আর উদারা সপ্তকের বহুল ব্যবহার।

৯৭। **গৌড়মল্লার**—এই একটি প্রচলিত রাগ, যাকে নিয়ে মতভেদের অন্ত নেই। আবার তা নিরসন করার মতো মাল-মশলাও ঠিক ঠিক খুঁজে পাওয়া যায়না। প্রথম গোলমাল হ'চ্ছে গৌড় কথাটা নিয়ে;—এটা গৌর, না গৌড় না গৌণ্ড? আর এই তিন প্রকার বানানের উৎপত্তি কি একই স্থান হ'তে, না প্রত্যেকে পৃথক বস্তু? এর উপর আবার জুটেছে ওস্তাদী উচ্চারণ গওড়, গওণ্ড্, গৌঁড়, গোণ্ড্।

পারিজাতে দেখুন—

গৌল— সঋমপনর্স…
কেদার গৌল— ন্সরমপনর্সনধ…
কর্ণাট গৌল— সজ্ঞগমপণর্সণধ…
সারঙ্গ গৌল— সরঋপনর্স,…
রীতি গৌল— ধ্ণ্সরজ্ঞমপধমজ্ঞরসা
নারায়ণ গৌল—ণ্সরমপধণর্সণপমরগরসা
মালব গৌল— ঋমপনর্সনপমগঋসা
গৌণ্ড— সরমপধর্সনধপ…।

হৃদয়ে দেখুন—

গৌর সারং— গমপর্সনণপমগরমগরসা।
গৌড় মল্লার— ণর্সণমপগরপমরসা।
গৌড়— সঋমপর্সনপমগমঋসা।
গৌরা— সঋমপনর্সনপমঋসা।

সারামৃতে দেখুন—

কেদার গৌড়— ন্সরমধর্সনধপমগরসা।
নারায়ণ গৌড়—ণ্সরগমপ…।
গৌড় মল্লার— সরগমপ…।
পূর্ব্ব গৌড়— সরগমপ…।
গৌড়— ন্সঋমমপনর্সনপমঋসা।
গৌড়ী পন্ত— সঋমপনর্সনপমঋসা।
মালব গৌড়— সঋমপদ…।
ছায়া গৌল— সঋপমপ্…।
কনড় গৌড়— সরজ্ঞরমজ্ঞপ…।

স্বরমেলে—মালব গৌড়, ছায়া গৌল ইত্যাদি।
সদ্রাগচন্দ্রোদয়ে—মালব গৌড়, শুদ্ধগৌণ্ড, গৌণ্ডকৃতি।
রাগ বিবোধে—শুদ্ধ গৌড়, গৌড়ক্রী।

এই উদাহরণ থেকে আমরা দেখছি, যে, গৌড় ও গৌল একই নাম; কর্ণাটিকেরা 'ড়' কে 'ল' বলে থাকেন। কিন্তু গৌণ্ডকৃতি আর গৌড়ক্রী, অথবা শুদ্ধ গৌণ্ড আর শুদ্ধ গৌড় এক কিনা বলা মুস্কিল, (যদিও একই ক্রিয়াঙ্গ এবং শুদ্ধত্বের সুযোগ উভয়েই নিয়েছে), কারণ অন্য কোনও প্রমাণে আমরা একত্বের সিদ্ধান্তে উপনীত হ'তে পারছি না। গৌড় এবং বিভিন্ন পূর্ব্বনামযুক্ত এবং সেই হেতু এত বিভিন্ন-রূপান্বিত যে, এগুলি একই গৌড়ের প্রকারভেদ একথা জোড় ক'রে বলা যায় না।

আসল গৌড় আমরা পাই ভৈরোঁ ঠাটে; শুদ্ধ গৌড় ও শুদ্ধ গৌণ্ডও পাচ্ছি তাই; গৌণ্ডকৃতি, গৌড়ক্রীও এই ঠাটেই। অতএব এদিক দিয়ে গৌড় ও গৌণ্ড যে একই রাগ তাতে সন্দেহ নাই। গৌড় রাগও এইভাবে একই বলে প্রমাণ করা যায়। উত্তরকালে, এদের বানান ও উচ্চারণভেদের জন্য প্রত্যেকে পৃথক রাগ হ'য়ে যায়। আরও পরে, এদের এতো নানা প্রকার মূর্ত্তি সৃষ্ট হয় যে, তা'র জন্য পূর্ব্ব, রীতি, ইত্যাদি পূর্ব্বনাম যোগ করার প্রয়োজন হ'য়ে পড়ে। বানান-ভেদের আর একটি কারণ হ'লো নাম-গত অর্থ; গৌণ্ড, গৌড়, গৌর প্রত্যেকটিরই অর্থ "শিব"। অর্ব্বাচীন কর্ণাটিক গ্রন্থে গৌণ্ডক্রী ও গৌড়-মল্লার ছাড়া সবই গৌল। এতেও সন্দেহ হয় যে, গৌণ্ড আর গৌড় এক, অনেক পরে এদের পৃথক করা হ'য়েছে। এই পৃথকীকরণের ফল আমরা অর্ব্বাচীন সংস্কৃত গ্রন্থে নিম্নলিখিত রূপে পাই:—

গৌণ্ড—ণ সরমপধসঁণধপমগরসা।
গৌড়—ঋ সঋমপনসঁনপমগঋসা।
গৌরা—ঋ সঋমপনসঁনপমঋসা।
গৌড়মল্লার—ণ সরমপণসঁণমপমগরপমরসা।
গৌড়মল্লার—শুদ্ধ সরগমপধনসঁ...

অর্ব্বাচীন কর্ণাটিকে গৌড়মল্লারী—সরগমপধনসঁ...

আমাদের সময়ে আবার গৌড়মল্লার হ'য়ে পড়েছে অনেক রকম, অবশ্য সেই সঙ্গে উচ্চারণভেদও আছে। কেউ বলেন গৌড়মল্লার, কেউ গোঁড়মল্লার, কেউ বা গৌণ্ডমল্লার বা গওণ্ডমল্লার, কেউ গওড়মল্লার। গোঁড় আর গৌণ্ড একই কথা, গৌড় আর গওড় এক। আমরা গৌড় আর গৌণ্ডকে এক বস্তু বলেই মানি এবং এটি সেনীবংশীয়ের মত বলেই জানি, উচ্চারণ করি গওণ্ড মল্লার। পণ্ডিত ৺ভাতখণ্ডেজি দুটিকে পৃথক স্থির করেছিলেন, আর গৌণ্ডকে অপ্রচলিতের মধ্যে ধরেছিলেন। আমরা দুটিকে এক ব'লে স্বীকার করলেও, পৃথক রূপগুলিকে পৃথক নাম দিয়ে লুপ্তির থেকে রক্ষা ক'রেছি। গুণীরা যে স্থলে মত নিয়ে বিবাদ করেন, সে স্থলে সব কটি রূপকে নির্ব্বিবাদে বাঁচতে দেখ্‌লে আশা হয় যে, হয়তো কোনওদিন অন্য রাগগুলিও এইভাবে নাম পরিবর্ত্তনে বেঁচে থাকবে।

শুদ্ধ ঠাটের গৌরমল্লারকে আমরা বলি গৌড় বেলাবল; গওড়মল্লারের এক প্রকার রূপকে আমরা দেখেছি অপ্রচলিতের মধ্যে; ঝিঁঝোটি ঠাটের গৌড়মল্লারকে আমরা সাধারণতঃ নটমল্লার বলি, তবে চালের তফাৎ ক'রে ব্যবহার করলে নাম গৌড়মল্লার দিয়ে থাকি।

অর্থাৎ, আমরা পাচ্ছি।

১	গৌড়মল্লার—	ণন
২	শুধ্ গৌড়মল্লার—	ণ
৩	গৌণ্ড মল্লার—	জ্ঞণ
৪	গৌড় বেলাবল—	শুদ্ধ
৫	গওড় মল্লার—	জ্ঞগণন

১ ১ম গৌড় মল্লারের যে রূপ সাধারণতঃ চোখে পড়ে বা সাধারণ যা গান প্রচলিত আছে, তা নটমল্লারের মতো, পঞ্চম প্রবল। কাজেই এরকম গৌড়মল্লার প্রচলিত করা উচিত নয়, বিশেষতঃ বেশীর ভাগ গুণীই যখন একে নটমল্লার বলেন এবং নট ও মল্লারের প্রকৃতি যখন এতে প্রকৃষ্ট রূপে বর্ত্তমান। পণ্ডিত ৺ভাতখণ্ডেজি নটমল্লারকে অপ্রচলিতের দলে ফেলে কোমল গান্ধার যোগ দেখিয়ে অবশ্য তফাৎ করেছেন, কিন্তু তা' অধিকাংশ গুণীর মতের বিরোধী। কোনও কোনও গুণী মধ্যমে অতিরিক্ত জোর দিয়ে এবং রূপ সঙ্গত ক'রে সোজা আরোহী অবরোহী করেন, তাতে অন্য গুণীদের মতে অরুণ-মল্লার হ'য়ে যায়। কাজেই আমাদের দেখ্‌তে হবে আর কোনও মত আছে কিনা! তৃতীয় মত আমরা পাচ্ছি যাতে রমগ স্বরের বেশী ব্যবহার, ধৈবতে জোর, মধ্যম বাদী (গান্ধারকেও বাদী বলা যায়) আর চালটা গৌণ্ডমল্লারের অনুকরণে। গৌড়বেলাবলের মধ্যেও এই বিশেষত্ব লক্ষ্য করা যায়। এই রূপটি আমাদের মতে পরে তৈরী হ'য়েছে, যা'র জন্য পুরাতন গ্রন্থের সঙ্গে মিল খুব বেশী নেই, তবু খুঁজলে হয়তো সামান্য মিল পাওয়া যেতে পারে। পারিজাতের গৌণ্ড সরমপধসঁণধপমগরসা-কে যদি একটু উল্টে নেন তা' হ'লে হয় সরমগরপধসঁধণপমগমরসা—এটি শুধ্ গৌড়মল্লার। সরমগরপধসঁনধপমগমরসা হ'লো গৌড় বেলাবল। এই দুটিকে মিলিয়ে নিলেই আমরা পাচ্ছি সরমগরপধনসঁধণপমগমরসা। হৃদয়ের গৌড়মল্লার হৃদয়ের ভাষায় রমপধসঁপধসঁধপমরসা কিংবা ধসঁধমপমমগরমপর-মমরসা। নিখাদ যোগ করুন, প্রায় গৌড়মল্লারই হ'বে। এখনও কেউ কেউ নিখাদ বর্জ্জিত ক'রে অথবা অবরোহে গান্ধার বর্জ্জিত ক'রে পুরাতনীর ভাষার মর্য্যাদা রেখে (ভাবের নয়) গৌড়মল্লার বা গৌড় বেলাবল গেয়ে থাকেন।

স্বরলিপি

(খেয়াল)

মিঞা মল্লার—ত্রিতাল

দামিনী দমকে বাদল বরষায়ে
মেরে ঘর আজ পিয়া ন আয়ে।
ঐসি নজরবা রত কোন সতীনঘর
নিত দেত দুখ সখী মেরে জিয়া॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীশৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (ফণীন্দ্র সঙ্গীতাশ্রম)

স্থায়ী

+   ৩   ০   ১

II | | গা -ধা ণা পা | মা পা মজ্ঞা -জ্ঞা I
দা ০ মি নী দ ম কে০ ০

মা -া রা সা | ণ্া ধ্া ন্া সা | ন্সা -রা রা -া | রা পা মজ্ঞা জ্ঞা I
বা ০ দ ল ব র ষা য়ে মে০ ০ রে ০ ঘ র আ০ জ

ন্া ন্া সা -া | সা -া সা -া | "ণা -ধা ণা পা | মা পা মজ্ঞা -জ্ঞা" II
পি য়া ন ০ আ ০ য়ে ০ দা ০ মি নী দ ম কে০ ০

অন্তরা

+   ৩   ০   ১

II | | মা মা ণা ধা | না র্সা র্সা র্সা I
ঐ সি ন জ র বা র ত

নর্সা -র্রা র্সা ণা | ধা না র্সা র্সা | র্সা র্সা র্মজ্ঞা -র্জ্ঞা | র্মা র্রা র্রা র্সা I
কো০ ০ ন স তী ন ঘ র নি ত দে০ ০ ত দু খ স

র্সা জ্ঞা -া মা | রা -া সা -া | "ণা -ধা ণা পা | মা পা মজ্ঞা -জ্ঞা" II
খী মে ০ রে জি ০ য়া ০ দা ০ মি নী দ ম কে০ ০

—সংবাদ—

তানসেন সঙ্গীত সমাজ

বিগত ১৫ই অক্টোবর সন্ধ্যা ছয় ঘটিকায় ইণ্ডিয়ান মিরর ষ্ট্রীটস্থ কুমারসিং হলে তানসেন সঙ্গীত সমাজের একটি বিশেষ সঙ্গীতাধিবেশন হয়। এই অধিবেশনে ময়মনসিংহ গৌরীপুরের স্বনামখ্যাত জমিদার ও সঙ্গীতশাস্ত্রবিদ্ শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী মহোদয়ের সভাপতিত্ব করিবার কথা ছিল, কিন্তু শারীরিক অসুস্থতা বশতঃ তিনি অধিবেশনে উপস্থিত হইতে পারেন নাই। অনুষ্ঠানের প্রারম্ভে ডাঃ প্রকাশচন্দ্র সেন উপর্য্যুপরি কয়েকটি ধ্রুপদ ও ধামার গান করেন। অতঃপর কলিকাতা সঙ্গীত সম্মিলনীর সুরশ্রী উপাধিপ্রাপ্তা কল্যাণী রায় সেতারে কল্যাণের গৎ বাজাইয়া সকলকে মুগ্ধ করেন। পরে কলিকাতার বিশিষ্ট গায়ক শ্রীযুক্ত যামিনী গঙ্গোপাধ্যায় মহাশয় কয়েকটি উচ্চাঙ্গের খেয়াল ও ঠুংরী গাহিয়া শ্রোতৃমণ্ডলীর প্রশংসা-ভাজন হয়েন। পরিশেষে স্বর্গত এনায়েৎ হুসেন খাঁ সেতারনেওয়াজ সাহেবের কৃতী ছাত্র শ্রীযুক্ত বিমলাকান্ত রায়চৌধুরী মহোদয় অত্যন্ত কৃতিত্বের সহিত সেতারে গৎ, তোড়া প্রভৃতি বাজান। বলা বাহুল্য, তাঁহার বাজনা অতিশয় উপভোগ্য হইয়াছিল। এই গুণীমণ্ডলীর সহিত তবলা ও মৃদঙ্গ সঙ্গত করিয়াছিলেন, যথাক্রমে শ্রীযুক্ত গোষ্ঠ-

বিহারী রায়, শ্রীযুক্ত প্রাণকৃষ্ণ শী প্রভৃতি। তানসেন সঙ্গীত সমাজের অন্যতম সুযোগ্য সম্পাদক শ্রীযুক্ত জিতেন্দ্র-মোহন সেনগুপ্তের আদর অভ্যর্থনা ও ব্যবস্থাপনাও বিশেষ প্রশংসনীয়। অনুষ্ঠানে বিশিষ্ট ভদ্রমহোদয় ও মহিলাগণ যোগদান করিয়াছিলেন।

পাটনা মিউজিক্ ক্লাব

বিগত ১৭ই অক্টোবর মঙ্গলবার পাটনা মিউজিক্ ক্লাবে এক সঙ্গীতানুষ্ঠানের আয়োজন হয়। এই অনুষ্ঠানে প্রসিদ্ধ স্বরোদবাদক শ্রীযুক্ত রাধিকামোহন মৈত্র ও সুবিখ্যাত গায়ক শ্রীযুক্ত রথীন্দ্রনাথ চট্টোপাধ্যায় যথাক্রমে স্বরোদ বাজান ও গান করেন। ইঁহাদের সহিত তবলা সঙ্গত করিয়াছিলেন স্থানীয় শ্রীযুক্ত দক্ষিণারঞ্জন চট্টোপাধ্যায় (মোণ্ডাবাবু) ও যমুনাবাবু। রাধিকাবাবু ও রথীনবাবু তাঁহাদের সুমধুর বাদ্য ও গীতে সকলকে বিশেষভাবে মুগ্ধ করেন। সেদিনের এই অনুষ্ঠানটি এক সুমধুর সঙ্গীতরস পরিবেশনের মধ্য দিয়া সমাধা হয়।

বঙ্গীয় কলালয়

বিগত ২রা নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ছয় ঘটিকায় কলিকাতা ৮৭ নং কর্ণওয়ালিস ষ্ট্রীটস্থ বঙ্গীয় কলালয়ে বিজয়া সম্মিলনী উৎসব সম্পন্ন হয়। এই উৎসবে কলালয়ের ছাত্রীবৃন্দ নৃত্যগীতের দ্বারা অভ্যাগতদিগকে আনন্দ প্রদান করেন। বলা বাহুল্য, ছাত্রীগণের মাথুর পালা-কীর্ত্তনটি বিশেষ উপভোগ্য হইয়াছিল। অনুষ্ঠানে বহু শ্রোতার সমাবেশ হয়।

গীত-বিতান

রবীন্দ্র-সঙ্গীত প্রচারের একমাত্র প্রতিষ্ঠান 'গীত-বিতান'এর একটী শাখা সম্প্রতি বিশেষ সমারোহ সহকারে উত্তর কলিকাতার ভুবন সরকার লেনে খোলা হইয়াছে। এই উপলক্ষে একটী উদ্বোধন-সভার আয়োজন করা হয়। অধ্যক্ষ শ্রীযুক্ত অনাদিকুমার দস্তিদার মহাশয়ের সুপরিচালনায় রবীন্দ্র-সঙ্গীতের বিভিন্ন দিক লইয়া অতি চমৎকার একটী জলসার অনুষ্ঠান হয়। সভায় সভাপতি শ্রদ্ধেয় ডক্টর কালিদাস নাগ, শ্রীযুক্ত শুভ গুহ ঠাকুরতা এবং গীত-বিতান বার্ষিকীর সম্পাদক শ্রীযুক্ত প্রভাতচন্দ্র গুপ্ত প্রভৃতি বক্তৃতার দ্বারা তাঁহাদের এই উদ্যমের উদ্দেশ্য বর্ণনা করেন এবং সভাপতি মহাশয় তাঁহার অনন্যসাধারণ বক্তৃতায় অতি সুন্দরভাবে রবীন্দ্র-সঙ্গীতের ক্রমবিকাশ অতি ধীরে ধীরে সর্ব্বপ্রথমে এই উত্তর কলিকাতাতেই কি ভাবে ঘটিয়াছিল তাহা বিশদভাবে বর্ণনা করেন এবং পরিশেষে দাবী করেন যে, এই উত্তর কলিকাতাই হইতেছে রবীন্দ্র-সঙ্গীতের 'উত্তরায়ন' সুতরাং এ অঞ্চলে গীত-বিতানের শাখা খুলিবার প্রয়োজন সর্ব্বাপেক্ষা অধিক।

পরিশেষে শান্তিনিকেতনের সংগীত-শিক্ষক শ্রীযুক্ত সুবিনয় রায় এবং বিখ্যাত গায়ক শ্রীযুক্ত সুজিত রায়, শ্রীযুক্ত শুভ গুহ ঠাকুরতা এবং প্রতিষ্ঠানের কয়েকটী ছাত্রছাত্রী রবীন্দ্র-সঙ্গীত গাহিয়া সভাস্থ সকলকে মুগ্ধ করেন। রাত্রি প্রায় নয় ঘটিকায় সভার কার্য্য শেষ হয়।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি ;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২১শ বর্ষ
৮ম সংখ্যা

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

অগ্রহায়ণ
১৩৫১ সাল

ভারতীয় সঙ্গীতের এক অধ্যায়

স্বামী প্রজ্ঞানানন্দ

ভারতীয় সঙ্গীতের আরম্ভ কতদিন থেকে এ প্রশ্নের উত্তর সহজও বটে, আবার শক্তও বড় কম নয়। সঙ্গীত-শাস্ত্রকারেরা অনেক সংগ্রহ ক'রে আবিষ্কার করলেন: 'সামবেদাদিদং গীতং সংজগ্রাহ পিতামহঃ।' সামবেদাদি অর্থাৎ ঋক্, সাম ও যজু প্রভৃতি থেকে সঙ্গীত সংগ্রহ করলেন স্বয়ং ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা। সঙ্গীতরত্নাকরকার শার্ঙ্গদেব এই পিতামহ ব্রহ্মার আগেও 'সদাশিবঃ শিবা'—পার্ব্বতী ও মহেশ্বরের নাম করেছেন এবং পরে ভরত, কশ্যপ, মতঙ্গ, যাষ্টিক, দুর্গা, শক্তি, শার্দুল, কোহল, বিশাখিল, দন্তিল, কম্বল, অশ্বতর ইত্যাদি ক'রে ভট্ট অভিনব গুপ্ত ও শ্রীমৎ কীর্ত্তিধর পর্য্যন্ত প্রায় চল্লিশজনের নাম উল্লেখ করেছেন। সঙ্গীতরত্নাকরের টীকাকার চতুর কল্লিনাথ 'সামবেদাদিং—' কথার ওপর মন্তব্য করতে গিয়ে সঙ্গীতকে 'সামবেদ-সংগ্রহরূপত্বেন বৈদিকত্বাৎ' বৈদিক আখ্যাই দিয়েছেন।

কিন্তু সিদ্ধান্তের এখানেই শেষ নয়। বেদ হিন্দু তথা ভারতীয় সভ্যতার কেন্দ্র বা ভিত্তিভূমি। অপৌরুষেয় বেদকে অবলম্বন ক'রেই হিন্দু সংস্কৃতির সকল কিছুর জন্ম ও পরিপুষ্টি। কাজেই বেদই সঙ্গীতেরও যে আদি উৎস এবং কেন্দ্রস্বরূপ এ কথাও মোটে অসমীচীন নয়।

তবে কথা হ'ল সঙ্গীতের স্বরূপ নিয়ে। প্রাচীন শাস্ত্রকারেরা সঙ্গীতের পরিচয় দিতে গিয়ে বলেছেন—'গীতং বাদ্যং তথা নৃত্যং ত্রয়ং সঙ্গীতমুচ্যতে।' গীত, বাদ্য ও নৃত্যকে (১) সঙ্গীত বলা হয়েছে। তবে 'গীতং প্রধানত্বাৎ'—কণ্ঠ সঙ্গীতেরই প্রাধান্য বলে তিনের সমবায়ে সঙ্গীত কথার সার্থকতা থাকলেও প্রধানতঃ কণ্ঠ-সঙ্গীতকেই সঙ্গীত বলা হয়।

সঙ্গীতশাস্ত্রে দেখা যায়, রঞ্জকঃ স্বরসন্দর্ভো গীত-মিত্যভিধীয়তে', অর্থাৎ মানুষের মনে আনন্দ দান করে এমন যে-স্বরসমষ্টি তার নামই গীত বা সঙ্গীত। কিন্তু এখানেও আর একটী জিজ্ঞাসার বিষয় যে, এই স্বরসমষ্টি কথার সার্থকতা কি? সংখ্যাই হল সমষ্টির প্রাণ, কিন্তু এ-সংখ্যা সীমাবদ্ধ, কি অসীম? চতুর কল্লিনাথ বলেছেন—'সামনিহি ক্রুষ্ট প্রথমদ্বিতীয়তৃতীয়চতুর্থমন্দ্রাতি-স্বার্যাখ্যা সপ্ত স্বরাঃ; ইহ তু ত এব যথাযোগং ষড়জাদি-ব্যপদেশভাজ ইতি।' অর্থাৎ শার্ঙ্গদেবের 'সামবেদাদিদং গীতং' কথাগুলির অর্থ করতে গিয়ে কল্লিনাথ 'তৎসংগ্রহ-রূপত্বং চ গতস্যাপি সপ্তস্বররূপাত্মকত্বাৎ',—সামবেদাদি থেকে সঙ্গীতের উৎপত্তি এবং তা ষড়্জাদি বা ক্রুষ্ট, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, মন্দ্র ও অতিস্বর্য এই সপ্ত স্বরের উল্লেখ করেছেন। সামগানের সুরেও যে সপ্ত স্বর ব্যবহৃত হত, তবে তার নাম ছিল ষড়্জাদি নয়, ক্রুষ্ট প্রভৃতি। এ কথার ইঙ্গিতও আমরা প্রাচীন সঙ্গীতশাস্ত্র ও কল্লিনাথের উক্তি থেকেই বুঝতে পারি। 'যথাযোগং * * ব্যপদেশভাজ ইতি' কথা কটী থেকে বাস্তবিক সংখ্যার স্থানে নাম-পরিবর্ত্তনেরই স্পষ্ট ইঙ্গিত পাওয়া যায়। কিন্তু নামের কথা বাদ দিলেও সংখ্যার কথাকেও অবহেলা করলে চল্‌বে না। ঋক্‌বেদ ও সামবেদের যুগে সঙ্গীত যে ছিল তার প্রমাণ আছে, স্বরও তাতে ব্যবহৃত হত; কাজেই অস্বীকার করা যায় না যে, সে-গান স্বরসমষ্টিরই প্রতিমূর্ত্তি ছিল। তবে এখানে বিচারের বিষয় যে, বৈদিক সুরে স্বরের সংখ্যা প্রকৃতই কত ছিল? (২)

স্বরের ক্রমবিকাশের সঠিক ইতিহাস আমাদের সত্য জানা নাই, আর যতটুকু জানা আছে তা অসম্পূর্ণই বল্‌তে হবে। সঙ্গীতশাস্ত্রবিদ্ পপ্‌লে (H. A. Poplay তাঁর The Music of India (p. 27) পুস্তকে এ সম্বন্ধে কিছু আলোচনা করেছেন। তিনি বলেন—'The Sâman chant pivoted on two notes called the 'Udâtta' and the 'Anudâtta'. In course of time the interval between these was

১। নৃত্য বলতে নর্ত্তন বিদ্যা বুঝায়। মতঙ্গ ও ভরতাদির মতে অঙ্গাভিনয় দ্বারা ভাব প্রকাশের নাম 'নর্ত্তন'। নর্ত্তন প্রথমতঃ তিন প্রকার—নাট্য, নৃত্য ও নৃত্ত।

২। লেখক প্রণীত 'ধ্রুপদমালা' পৃঃ ৵০ দ্রষ্টব্য।

established as a fourth. Then later, the notes of this tetrachord received distinct names. The highest was 'Prathama' (first), the Dvitiya (2nd), Tritya (3rd), Chaturtha (4th) down the scale.'

পপলে ঋক্‌প্রাতিশাখ্য থেকে এর নজির দেখিয়েছেন। ঋক্‌প্রাতিশাখ্যের বয়স হল পণ্ডিতদের মতে প্রায় খৃষ্টপূর্ব্ব ৪০০ বা ৪১০। প্রাচ্য সঙ্গীতজ্ঞ ষ্ট্র্যাংগয়েজ সাহেবও (A. H. Fox Strangways) তাঁর The Music of Hindusthan পুস্তকের ২৫৭ পৃষ্ঠায় এ সম্বন্ধে আলোচনা করেছেন। পপ্‌লের মতে—'Later a note called 'Svarita' is also mentioned. * * Two other notes lower than the Chaturtha' appear. These are called 'Mandra' and 'Atisvarya' extremity.' তবে ষ্ট্র্যাংগয়েজ সাহেব তাঁর স্বরতালিকায় এ সাতটী স্বরের উল্লেখ করেছেন একেবারে ৪০০ আনুমানিক খৃষ্টপূর্ব্ব বৃহদ্দেবতার সময়েই। বৃহদ্দেবতা ও ঋক্‌প্রাতিশাখ্য প্রায় সমসাময়িকই বলা যায়। কাজেই পপ্‌লে ও ষ্ট্র্যাংগয়েজের মন্তব্য অনুযায়ী এইটুকুই প্রকাশ পায় যে, ঋক্‌প্রাতিশাখ্য ও বৃহদ্দেবতার মধ্যবর্ত্তী সময়েই দুই থেকে তিন, চার, পরে পাঁচ ও তৎপরে সাত স্বরের প্রচলন হয়।

ষ্ট্র্যাংগয়েজ সাহেব তাঁর The Music of Hindusthan পুস্তকে বৃহদ্দেবতার সময় থেকে আরম্ভ করে তৈত্তিরীয় প্রাতিশাখ্য, সামবিধান ব্রাহ্মণে, পুষ্পসূত্র, সামতন্ত্র, সামপরিভাষা, মাণ্ডুকি শিক্ষা, ধারণ লক্ষণ এবং নারদীয় শিক্ষা পর্য্যন্ত ঐ স্বরের ব্যবহার সম্বন্ধে উল্লেখ করেছেন। অবশ্য এ কথাও এখানে উল্লেখযোগ্য যে, ঋক্‌প্রাতিশাখ্য বা বৃহদ্দেবতা ও নারদীয়া শিক্ষার ব্যবধানে পুষ্প সূত্র, যাজ্ঞবল্ক্য শিক্ষা, শিল্পাধিকার, বায়ু ও মার্কণ্ডেয় পুরাণ, বিষ্ণুধর্ম্মোত্তর, দত্তিল, নাট্যশাস্ত্র, উমাপতম্‌, সঙ্গীতসার, বৃহদ্দেশীর বিকাশও অস্বীকার করবার নয়। যদিও ষ্ট্র্যাংগয়েজ সাহেব পুষ্পসূত্রের সময়েই উল্লেখ করেছেন যে, 'It is clear also that the scale consisted normally of only five notes for a considerable time. In the Puspa sutra (9.26) we find that 'the Kauthumas sing the majority of their chants to five tones, a few to six, and two of them to seven notes.' (p. 261). অর্থাৎ তিনি বলেন, যদিও কৌথুমীয় শাখার অনেকেই পাঁচ স্বরে বৈদিক গাথা গান করতেন; তবুও ছয় বা সাত স্বরে গান করবার পদ্ধতিও তখন অপ্রচলিত ছিল না।

এ কথা তাঁর একেবারে আনুমানিক নাও হতে পারে। তবে আসল সমস্যা হ'ল বৈদিক ও তৎপরবর্ত্তী স্বরের ব্যবহার ও নাম পরিবর্ত্তন নিয়ে। পপ্‌লে ও ষ্ট্র্যাংগয়েজ সাহেবের মতে বৈদিক ক্রুষ্টাদি সপ্ত স্বর নারদীয় শিক্ষার সময়েই ষড়্‌জাদি নামে প্রচলিত হয়েছিল। কিন্তু এ মন্তব্যের সঙ্গে আমরা ঠিক একমত হতে পারি না। যদিও সুপণ্ডিত রামকৃষ্ণ তেলাণ্ড মহাশয় অনুমান করেছেন: Naradia siskhā appears to be an older work. For its language is archaic and it treats more of Sāmagāna than later music,' কিন্তু তবুও এ কথা সত্য যে, ষড়জাদি সপ্ত স্বরের সম্পূর্ণ নামের পরিচয় আমরা নারদীয় শিক্ষার আগেই মতঙ্গের বৃহদ্দেশী ('later than the 9th century A. D.'), শার্ঙ্গদেবের সঙ্গীতসময়সার ('later tnan the 12th century A. D.'), উমাপতির উমাপতম্‌ ('later than 9th century A. D.') ভরতের নাট্যশাস্ত্র (Circ. 5th century A. D.) প্রভৃতি পুস্তকে স্পষ্টই পেয়ে থাকি।(১) ক্রুষ্টাদি স্বরের নাম অবশ্য এ সকল গ্রন্থেও পাওয়া যায়। কিন্তু ষড়জাদি স্বর নামই তদানীন্তন ব্যবহারে ও সমাজে বিশেষভাবে প্রচলিত ছিল বুঝা যায়।

এখন বৈদিক ক্রুষ্টাদি স্বর কি ভাবে ষড়জ, ঋষভাদি রূপে আত্মপ্রকাশ করলে সেটাই আমাদের আলোচনার বিষয়। পানিনীর শিক্ষা ও নারদীয় শিক্ষায় (৮'৮) উল্লেখ করা হয়েছে—

উদাত্তে নিষাদগান্ধারাবানুদাত্ত-ঋষভধৈবতৌ।
স্বরিতপ্রভবাহ্যেতে ষড়্‌জমধ্যম পঞ্চমাঃ॥

অর্থাৎ উদাত্ত থেকে নিষাদ ও গান্ধারের, অনুদাত্তে ঋষভ ও ধৈবতের এবং স্বরিত থেকে ষড়্‌জ, মধ্যম ও পঞ্চমের উৎপত্তি হয়েছে। পূর্ব্বেই টীকাকার কল্লিনাথের কথা উল্লেখ করা হয়েছে, যেমন: '* * সামনি হি ক্রুষ্ট * * ষড়্‌জাদি ব্যাপদেশভাজ ইতি', তারই পুনরুল্লেখ করলে দেখা যায়,

ক্রুষ্ট থেকে মধ্যম স্বর
প্রথম ,, গান্ধার স্বর
দ্বিতীয় ,, ঋষভ স্বর
তৃতীয় ,, ষড়জ ,,
চতুর্থ থেকে নিষাদ স্বর
মন্দ্র ,, ধৈবত ,,
অতিস্বর্য্য থেকে পঞ্চম স্বর

মোট সাত স্বরের প্রচলন হয়েছিল।

১। তবে নারদীয় শিক্ষাকার নারদ ও সঙ্গীতমকরন্দ নারদের সময় নিয়েও পণ্ডিতদের ভেতর এখনও মতভেদ আছে। নারদীয় শিক্ষার নারদ আবার ভাষার তারতম্য অনুযায়ী বৃহদ্দেশী বা ভরতেরও আগে কিনা অনেকে সন্দেহ করেন। কিন্তু এ সন্দেহ অমূলক বলেই আমরা মনে করি।—লেখক

নারদীয় শিক্ষাকারের আর একটী ইঙ্গিতও আবার এখানে বিশেষ উল্লেখযোগ্য। শিক্ষায় বলা হয়েছে : য সামগানাং প্রথমঃ স বেণোর্মধ্যম স্বরঃ। যো দ্বিতীয়ঃ স গান্ধারস্তৃতীয়স্তৃষভঃ স্মৃতঃ॥ চতুর্থঃ ষড়জ ইত্যাহুঃ পঞ্চমো ধৈবতো ভবেৎ। ষষ্ঠো নিষাদো বিজ্ঞেয়ঃ সপ্তমঃ পঞ্চমঃ-স্মৃতং॥' অর্থাৎ সামগানকারীদের যা প্রথম বেণুর তা মধ্যম ইত্যাদি। একে ভাগ করলে এই দাঁড়ায় যে,

সামগানে ব্যবহৃত—

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, বেণু, মধ্যম—ম, গান্ধার—গ, ঋষভ—র, ষড়জ—স, ধৈবত—ধ, নিষাদ—ন, পঞ্চম—প।

প্রকৃতপক্ষে দেখতে গেলে 'সামগানাং' ক্রুষ্ট, প্রথম, দ্বিতীয়াদি স্বরই গাথার প্রাণ বিশেষ এবং ক্রুষ্ট থেকেই মধ্যমের উৎপত্তি। অথবা বলা যায় সামগানে যাকে ক্রুষ্ট বলা হত, পরবর্ত্তীকালে তাই মধ্যম নামে সমাজ ও পদ্ধতিতে প্রচলিত হয়। কিন্তু উভয়ের স্বর-সংস্থানে লক্ষ্য করবার বিষয় কেবল ধৈবত ও নিষাদ নিয়ে। প্রচলিত বিভাগে ম গ র | স | ন ধ প এই সপ্ত স্বরের পারম্পর্য্য ও সুসঙ্গতি বেশ দেখাই যায় কিন্তু বেণুর স্বর সংস্থানে ম গ র | স | ধ ন প সপ্তস্বরের সুসঙ্গতির ব্যতিক্রম আছে। অথচ নারদীয় শিক্ষাকার তাঁর নিজের গ্রন্থেই অন্যত্র উল্লেখ করেছেন : প্রথমশ্চ দ্বিতীয়শ্চ তৃতীয়োহথ চতুর্থকঃ। মন্দ্রঃ ক্রুষ্টো জ্যাতিস্বার এতান্ কুর্বন্তি সামগাঃ॥ (১'১২)। কাজেই এরূপ অনুমান করা সঙ্গত হয় না যে, শিক্ষার গ্রন্থকার প্রথম ও ক্রুষ্টকে সমপর্য্যায়ভুক্ত না করে সাম ক্রমের দ্বিতীয় স্বর প্রথমকে দ্বিতীয় বিভাগের প্রথম স্বররূপে গণ্য করেছেন এবং তাই প্রথম বিভাগের গান্ধার এবং দ্বিতীয় বিভাগের মধ্যম। অর্থাৎ প্রথম = গান্ধার = বেণুর মধ্যম। কিন্তু এ বিভাগ মোটেই যুক্তিসঙ্গত নয় এবং তাতে স্বর-পর্য্যায়ের সুসঙ্গতিও থাকে না। তা'ছাড়া উভয় বিভাগেই বেশ একটী মিলও দেখা যায়, অমিল কেবল নিষাদ-ধৈবত বা পঞ্চম-ষষ্ঠ এবং চতুর্থ মন্দ্রে। কাজেই নারদীয় শিক্ষাকারও প্রথম ও দ্বিতীয় প্রভৃতিকেই ক্রুষ্ট, প্রথমাদি বলতে চেয়েছেন, সম্প্রদায় বা রীতিতে বোধ হয় সামান্য পার্থক্য ছিল। একথা অনুমান করা যায় মাত্র।

এ ছাড়া আরও একটী লক্ষ্য করবার বিষয় যে, শার্ঙ্গদেব তাঁর 'গ্রামমূর্চ্ছনাক্রমতানাঃ' প্রস্তাবে আর্চ্চিক, গাথিক, সামিক ও স্বরান্তরের নাম করেছেন। কল্লিনাথ আর্চ্চিককে 'যজ্ঞপ্রয়োগেষু ঋচামে কস্বরাশ্রয়ত্বাৎ'—এক স্বরযুক্ত যজ্ঞ-কালীন গান বলেছেন। একস্বরে যে যজ্ঞবেদীর সম্মুখে ঋক্‌ছন্দ গান করা হত একথা সিংহভূপালও স্বীকার করেছেন। নারদীয়াশিক্ষাকার তাঁর গ্রন্থারম্ভেই 'আর্চ্চিকং গাথিকং চৈব সামিকং চ স্বরন্তম' বলে চারটী স্বরের এবং 'একান্তরঃ স্বর' যে আর্চ্চিক তা প্রকাশও করেছেন। গাথিক দু' স্বরের গান, সামিকে তিন স্বরযুক্ত ও স্বরান্তর চার স্বরের গাথা। তারপর ওড়ব—পাঁচ স্বরের, খাড়ব—ছ' স্বরের এবং সম্পূর্ণ বা সাত স্বরের গানও প্রচলিত ছিল; কেননা সঙ্গীতশাস্ত্রবিদ্ নারদই তার উল্লেখ করেছেন :

আর্চ্চিকো গাথিকশ্চৈব সামিকশ্চ স্বরান্তরঃ।
ঔড়ুবঃ ষাড়বশ্চৈব সংপূর্ণ শ্চৈব সপ্তমঃ॥

তবে বলা যায় যে, আর্চ্চিক, গাথিক প্রভৃতির গান বা তানের উদাহরণ সঙ্গীতে মূর্চ্ছনায় বেলায়ই বলা যায়, প্রধান স্বরের পর্য্যায়ভুক্ত কেননা শার্ঙ্গদেব নিজেই উল্লেখ করেছেন—'একস্বরাদিতানানাং' এবং সিংহভূপালের কথাও তাই—'একস্বরাদিতানানাং নামবিশেষং কথয়তি—আর্চ্চিক ইতি।' কিন্তু তান হিসাবে একথা সঙ্গত হলেও গানের রীতি হিসাবে এক, দুই, তিন বা চার স্বরেও বৈদিক যুগে গান গাওয়া হত কিনা একথাও বিশেষ আলোচনা ও অনুসন্ধানের বিষয়। তা ছাড়া রীতি যে একেবারে ছিলই না, একথা বলাও বড় দুষ্কর। নাট্যশাস্ত্রের সপ্তদশ অধ্যায় ১০৩ শ্লোকের টীকায় সঙ্গীতশাস্ত্রবিদ অভিনব গুপ্তও অপর বিষয়ের আলোচনা-প্রসঙ্গে এ সম্বন্ধে উল্লেখ করেছেন দেখা যায় : 'অপূর্ণস্বরত্বেদপি গানত্বপ্রতিজ্ঞানাৎ, ষাড়ৌড়ুবিতয়োঃ ত্রিচতুস্বরত্বেহপি গানপ্রতীতির্ভবতোব, যথা কৃত্রিমবং শিকায়াং ত্রৈশ্বর্যে * *।' অবশ্য টীকাকার অভিনব গুপ্তের বিষয় ও বক্তব্য এখানে যদিও অন্য, তথাপি সমাজে প্রচলিত সম্পূর্ণ সপ্ত স্বরের কম অপূর্ণ স্বর-যুক্ত তিন, চার প্রভৃতি স্বরে গান হলেও তা সঙ্গীত-পদবাচ্য তিনি বলেছেন। নারদীয়া শিক্ষাকার নারদের অভিপ্রায়ও তাই বলা যায়। কেননা তা না হলে গ্রন্থের আরম্ভেই 'আর্চ্চিকং গাথিকং * * স্বরশাস্ত্রাণাং প্রযোক্তব্যং' প্রভৃতি কথার অবতারণা তিনি করতেন না। তাছাড়া 'প্রথমশ্চ দ্বিতীয়শ্চ * * এতান কুর্বন্তি সামগাঃ' কথার উল্লেখ করবার আগেই আবার 'ঋগ্বেদস্ত * *', 'তৈত্তি-রীয়াশ্চতুরঃ স্বরান্', এবং পরে তাণ্ডিভাল্লবিনাং স্বরৌ', 'তথা শতপথাবেতৌ স্বরৌ বাজসনেয়িনাম্।' প্রভৃতি কথারও উল্লেখ থাকত না। তখন যে স্বরভেদে সম্প্রদায় ও রীতিভেদও বর্ত্তমান ছিল এবং তারা সকলেই তাহলেও 'স্বরা বৈ সার্ববৈদিকাঃ'—সমস্ত স্বর এবং গানই বৈদিক পর্য্যায়ভুক্ত ছিল একথা সহজেই বোঝা যায়।

স্বরলিপি

মিশ্র রাগ ভৈরোঁ মেল—দাদ্‌রা

দয়ার সিন্ধু পেয়ে তোমার অকূল দয়ার দানে
তোমার চাওয়ার ছন্দ যেন জাগে আমার প্রাণে।
যতদিন না তোমারে পায়
জীবন যেন তোমারে চায়,
তোমায় পাবার আকুল আশা রয় যেন মোর প্রাণে।

হে মহারাজ! তোমার দেওয়া মাণিক মুকুতায়
যে হার গাঁথি দেই যেন তা তোমারি গলায়।
সে হার যদি পরি তবে
দান যে তোমার বিফল হবে,
রতনগুলি হবে ধূলি আমার অভিমানে।

কথা—কবি নিশিকান্ত (পণ্ডিচেরী)

সুর ও স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

স্থায়ী

\+ 0 + 0

। ন্ধ্‌া ধা -ন্‌া | ন্‌া -সা সা I গা গা -মা | মা মপাঃ -মঃ I
দ য়া র্‌ সি ন্‌ ধু পে য়ে ০ তো মা র্‌

গা গমা -ঃগঃ | গা গঋাঃ -গঃ I ঋা সা -া | -ন্ঋা -সন্‌া -ধ্‌া I
অ কু ল্‌ য়া র্‌ দা নে ০ ০০ ০০ ০

সা গা -ঃমঃ | মা মা -ঃমঃ I মা -পা ধপা | মা গা -া I
তো মা র্‌ চাও য়া র্‌ ছ ০ ন্দ০ যে ন ০

গা গপা -মা | মা মপাঃ -গমঃ I মা গা -া | -ঋমা -গঋা -সা II
জা গে০ ০ আ মা র্‌ গা নে ০ ০০ ০ ০

অন্তরা

\+ 0 + 0

I {মা মধা -মা | ধনা -ধা না I না র্সনা -ধা | না র্সা -া I
য ত ০ দি০ ন্‌ না তো মা০ ০ রে পা য়্‌

র্সা র্গা -র্মর্গা | র্ঋা র্সা -া I নর্সা -না ধা | না র্সর্ঋা -নর্সা} I
জী ব ০ন যে ন ০ তো০ ০ মা রে চা০ ০য়্‌

না ধা -না | ধা পা -ঃপঃ I ধা পমা -গপা | মা পমা -গা I
তো মা য়্‌ পা বা র্‌ আ কু০ ০ল্‌ আ শা০ ০

সা -ঃঋঃ গা | মা পা -ঃধঃ I পধা -পমা -গমা | পমা -গঋা -সা II
র য়্‌ যে ন মো র্‌ প্রা০ ০০ ০০ ণে০ ০০ ০

ভোগ

	+				o			+				o			
II	সা	-মা	মা	|	মা	মা	-ঃমঃ	I	সা	সা	-ঃপঃ	|	পা	পা	-া I
	হে	০	ম		হা	রা	জ্		তো	মা	র্		দেও	য়া	০
	সা	সধা	-ধা	|	ধা	-ধা	-পা	I	ধর্সা	-ণা	-র্সণা	|	-র্সধা	-ধা	-া I
	মা	ণি০	ক্		মু	ক্	০		তা০	০	০০		০য়্	০	০
	মা	মণা	-ধা	|	ণা	র্সা	-া	I	ধা	র্সা	ণা	|	ধা	পমা	-গমা I
	যে	হা	র্		গাঁ	থি	০		দে	ই	যে		ন	তা০	০০
	মা	ধপা	-ধা	|	র্সণা	-ধণা	ধা	I	পমা	-গমা	-ঋমা	|	গমা	-ঋা	-সা II
	তো	মা০	০		রি০	০০	গ		লা০	০০	০০		য়০	০	০

আভোগ

	+				o			+				o			
II	সা	সর্ঋা	ঃর্সঃ	|	র্ঋা	র্ঋা	-া	I	র্গা	র্গর্মা	-র্গর্মা	|	র্ঋা	র্সা	-া I
	সে	হা০	র্		য	দি	০		প	রি০	০০		ত	বে	০
	ধণা	-র্সর্ঋা	র্ঋা	|	র্ঋা	র্সা	-র্সা	I	ণা	ধক্ষা	-ধা	|	ক্ষা	মা	-া I
	দা০	০ন্	যে		তো	মা	র্		বি	ফ০	ল্		হ	বে	০
	সা	সা	-ঃমঃ	|	মা	পমা	-গা	I	মা	মধা	-া	|	না	র্সা	-া I
	র	ত	০ন্		গু	লি০	০		হ	বে০	০		ধূ	লি	০
	র্সা	র্সর্মা	-ঃর্মঃ	|	র্মা	র্মা	-মা	I	সঋা	-গমা	-পমা	|	গমা	-ঋা	-সা II II
	আ	মা০	র্		অ	ভি	০		মা০	০০	০০		নে০	০	০

গান

(কাব্যসঙ্গীত)

শ্রীমতী রমারাণী বসু

আঁখিজলে যারে বিদায় করেছ
তারে পুনঃ ফিরে চেয়োনা
ব্যথা ভরা মনে সজল নয়নে
তারি গান আর গেয়োনা।

চির তরে যার ফুরায়েছে বেলা
তারি স্মৃতি লয়ে মিছে তব খেলা,
নয়ন-নীলিমা তারি ভাবনায়
বিষাদের মেঘে ছেয়োনা।

আশা লয়ে জাগা এই তো জীবন
নিরাশায় গেল ঝরিয়া
তবু রেখে গেল তাহারি স্মরণ
হিয়াতল তব ভরিয়া।

ও দু'টী আকুল নয়নের 'পরে
সে ব্যথার ছায়া যদি কভু পড়ে
তাই নিয়ে তুমি অকূল পাথারে
দুখের তরণী বেয়োনা।

স্বরলিপি

কল্যাণ—চৌতাল

জগদম্বে জগ-জননী মাতা
দুর্গে দশভুজ ধারিণী ভবানী ভবেশ রাণী
কৈলাস ছোড় সবকো লিয়ে আই।
কমলা সরস্বতী আউর দেব-সেনাপতি
সবহি এক এক বাহন লাই,
গণপতি কদরী বধূকো আউর মুষিক বাহন লাই ॥

অব দুঃখ দারিদ্র ঘোর ভৈঁ সংসার
অন্ন কি দেশ মে অন্ন নাহি মিলে
বিনা নিশানী পত দেখাই।
হা হা হা মহাদেবী কৈসে করহুঁ পূজন
বিনা কল্যাণ,
দীন কহে যাদু কি খেল খেলত আনন্দ রহত
জগ রহে না রহে তেঁরো ক্যা থট্ যাই ॥

কথা, সুর ও স্বরলিপি—সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত অমরনাথ ভট্টাচার্য্য সঙ্গীতরত্ন মহাশয়ের দীন ছাত্র শ্রীগোবর্দ্ধন চন্দ্র

স্থায়ী

+ ০ ১ ০ ২ ৩
I। পা গা | -গা রা | -গপা গরা I
জ গ ০ দ ০ম্ বে০

গা -গা | রা গা | রা সা | -ন্ -রা | -রা সা | -ধ্ প্ I
জ ০ গ জ ন নী ০ ০ ০ মা ০ তা

গা -গা | গা পা | গা পা | -পা পা | ধা -গা | গা গা I
দু র্ গে দ শ ভু ০ জ ধা ০ রি ণী

রা গা | -ধা পা | -হ্মগা -পা | পা গা | রা রগা | -রা সা I
ভ বা ০ নী ০০ ০ ভ বে শ রা০ ০ ণী

পা পা | পা ধা | -হ্মা গা | রা -গা | পা ধা | -না -র্রা I
কৈ লা স ছো ০ ড় স ০ ব কো ০ ০

না ধা | না ধা | -পা -পা | "পা গা | -গা রা | -গপা গরা" II
লি য়ে আ ই ০ ০ জ গ ০ দ ০ম্ বে০

অন্তরা

+ ০ ১ ০ ২ ৩
II গা গা | পা -পা | -ধা -পা | ধা র্সা | -র্সা র্সা | র্সা -র্সা I
ক ম লা ০ ০ ০ স র ০ স্ব তী ০

না র্রা | র্রা র্গা | -র্রা র্সা | র্সা না | -ধনা না | ধা -পা I
আ উ র দে ০ ব সে না ০০ প তি ০

পা গা | পা পা | ধা ধা | না ধা | ধা পা | হ্মা গা I
স ব হিঁ এ ক এ ক বা হ ন লা ই

পা গা | পা ধা | -না -র্রা | র্সা র্সা | র্সা না | র্রা র্সা I
গ ণ প তি ০ ০ ক দ রী ব ধূ কো

না র্রা | র্রা র্গা | র্রা র্সা | না ধা | পা পগা | -ধপা -নধা I
আ উ র মূ বি ক বা হ ন লা০ ০০ ০০

-র্সনা -র্রর্রা | -ননা -ধধা | পধা -পা | "পা গা | -গা রা | -গপা গরা" II
০০ ০০ ০০ ০০ ই০ ০ জ গ ০ দ ০ম্ বে০

সঞ্চারী

৩
II গা -রা | গা গা | -রা সা | ন্‌া -রা | -গা পা | -গা গা I
অ ০ ব দুঃ ০ খ দা ০ ০ রি ০ দ্র

গরা -পা | পা পা | -রা -গা | -পা -মা | -গা গা | রা রা I
যো০ ০ র ভৈ ০ ০ ০ ০ ০ সং সা র

গা -গা | রা ন্‌া | -রা -সা | ন্‌া -ধ্‌া | ন্‌া ধ্‌া | -প্‌া -প্‌া I
অ ০ ম কি ০ ০ দে ০ শ মে ০ ০

সা -সা | রা ন্‌া | -রা গা | গা রা | -পা -গা | -গা -গা I
অ ০ ম না ০ হি মি লে ০ ০ ০ ০

পা -গা | পা পা | পা ধা | পা -ধা | না মা | ধা পা II
বি ০ না নি শা নী প ০ ত দে খা ই

আভোগ

\+ ০ ১ ০ ২ ৩
II পগা পা | ধা র্সা | র্সা -র্সা | র্সা -র্সা | র্সা না | -র্রা র্সা I
হা০ হা হা ম হা ০ দে ০ বী কৈ ০ সে

না র্রা | র্গা র্রা | র্সা র্সা | র্সা ধা | -র্সা না | ধা পা I
ক র হুঁ পূ জ ন বি না ০ ক ল্যা ণ

পা -পা | গা পা | ধা -পা | পা -ধা | না -র্রা | র্সা -র্সা I
দী ০ ন ক হে ০ যা ০ ছু ০ কি ০

র্সা -র্সা | র্সা না | র্রা র্সা | র্গা র্গা | র্গা র্রা | র্সা র্সা I
খে ০ ল খে ল ত আ ন ন্দ র হ ত

র্সা না | -র্রা র্রা | র্গা র্রা | -না -র্রা | র্সা র্সা | র্সধা র্সা I
জ গ ০ র হে না ০ ০ র হে তেঁ০ রো

নধা নর্রা | র্রা র্সা | -র্সা -র্সা | "পা গা | -গা রা | -গপা গরা" II
ক্যা০ ধ ট্ যা ই ০ ০ জ গ ০ দ ০ম্ বে০

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

ছায়া-কল্যাণ

স্বরান্তর	প্রয়োগ দৃষ্টান্ত
সর,	—রা গা মা পা | মা গা মা রা | সা রা সা । |
রগ,	—রা গা মা পা | গা মা রা সা |
গম	—গা মা পা গা | মা রা সা । |
মপ	—রা গা মা পা | মা গা মা রা | সা রা সা । |
পধ,	—পা ধা | পা র্সা | ধা পা | মা গা |
ধন	—র্সা না ধা না | র্সা না র্সা । |
নর্স	—র্সা না র্সা | ধা পা | মা গা মা | রা সা |
র্সন	—র্সা না র্সা । | ধা ধা পা । |
নধ	—র্সা না ধা পা | রা গা মা পা | গা মা রা সা |
ধপ	—ধা না | র্সা র্রা | র্সা নর্সা | ধা পা |
পম	—ধা পা | মা গা | মা রা | সা । |
মগ	—গামা পা । | মা গা মা রা | সা রা সা । |
গর	—রা গরা গমা পা | মা গমা রা সা |
রস	—মা গা মা রা | সা রা সা । |
সগ	—সা গা | গা পা | পা পমা | ধা পা (স্বল্প ব্যবহৃত)
গপ	—রা গরা | গা পা | মা গা | মা রা | সা । |
মধ	—মা গা | মা রা | গা । | মা ধা |
পন,	—পা পা না ধা | র্সা । র্সা র্সা | ধা পা পা । |
ধর্স	—র্সা ধা । র্সা | র্সা র্সা র্সা র্রা | র্স । র্সা । |
নর্র	—ধা না | র্সা র্রা | না র্রা | না র্সধা |
ধম	—পা ধা মা পা | মা গা মা রা | সা
পগ	—পা গা মা রা | গা না রা সা |
মর	—গা মা পা । | মা গা মা রা | সা রা সা । |
রন্	—রা গা রা সা | সরা ন্া ধ্া প্া |
সম	—সা । | মা গা | মা রা | সা । |
রপ	—মগা মরা | রা পা | নধা নধা | র্সা ।
পর্স	—পা পা র্সা । | র্সা র্রা র্সা । |
ধর্র	—মা পা | ধা র্রা | র্সা নসা | ধা পা |
র্সপ,	—সা সা মা গা | পা । র্সা র্রা | র্সা পা র্রা র্সা |
পর	—র্সা না ধা পা | রা গা মা গা |
পর্	—সা ধ্া | ন্া প্া | মা গা | মা পা |
সপ	—সা পা পা । | মা গা মা রা | সা । । । |
সধ	—সা ধা পা মগা | মা রা সা । |

কেদার (কল্যাণাঙ্গ)

হাম্বীর, কামোদ, ছায়া প্রভৃতি রাগের ন্যায় কেদার রাগটীর উৎপত্তি প্রথমতঃ বিলাবল মেল হইতেই হইয়াছিল বলিয়া মনে হয়। কালক্রমে গুণিগণ ইহার সহিত কল্যাণাঙ্গীয় তীব্র মধ্যম সংযোগ করিয়া এক অভিনব মধুর রসের সৃষ্টি করিয়াছেন। আজও আমরা উচ্চ স্তরের সঙ্গীতবিদ্‌গণের গীত-বাদ্যকুশলতায় বিলাবল মেলান্তর্গত কেদার প্রভৃতি রাগসমূহের বৈশিষ্ট্য শুনিতে পাই। আমি বর্ত্তমান প্রবন্ধে কল্যাণাঙ্গীয় কেদার রাগ সম্বন্ধেই আলোচনা করিব। বিলাবল-আশ্রিত রাগসমূহের বর্ণনা-কালে বিলাবল মেলসম্ভূত কেদার ও তৎসহ অন্যান্য রাগের মিশ্রণ সম্বন্ধে আলোচনা করিব।

কল্যাণাঙ্গ কেদারসহ অন্যান্য দুই একটী রাগের মিশ্রণে গঠিত আরো দুই এক প্রকার কেদারও আমাদের দৃষ্টি-গোচর হয়। যেমন কেদার, হাম্বীর, চাঁদনি-কেদার। কেদার ঔড়ব-ষাড়ব রাগ বলিয়া কথিত হয়। আরোহণে ঋষভ ও গান্ধার বর্জ্জিত হয় ও অবরোহণে গান্ধার বক্র-ভাবে অর্থাৎ "গ ম র স" রূপে ব্যবহৃত হয়। মধ্যম ইহার বাদী স্বর ও ষড়জ স্বর সম্বাদী বলিয়া ব্যাখ্যাত হয়। দুই মধ্যমই ইহাতে ব্যবহৃত হইলেও আরোহণেই সাধারণতঃ তীব্র মধ্যমের অল্প ব্যবহার দেখা যায়। কখন কখনও কোন সুনিপুণ শিল্পীকে অবরোহণে পর পর দুইটি মধ্যমকে একত্রে ব্যবহার করিয়া এক সুন্দর স্বর-বিন্যাস রচনা করিতে দেখা যায়। ইহার গ্রহ পঞ্চম বা কড়ি মধ্যম। ন্যাস খরজ বা রেখাব। সঙ্গত—শুধ্ কেদারা + কল্যাণ + কামোদ।

সহজ আরোহাবরোহ—সমমপ হ্মপমধর্স ; র্সনধপ-হ্মপ মগরস (বা মগমরস)।

বক্র আরোহাবরোহ—সরসমগপহ্মপধপনধর্স ; র্সনধপ-হ্মপমগমরস।

পকড়

১। সমম, গপপ, হ্মপধ নধ, পর্স ;
২। সমম, গহ্মপ, নধপর্স
৩। সমম, গহ্মপ, মগমরস। (ক্রমশঃ)

স্বরলিপি

শোভা-কামোদ—ত্রিতাল

নিরখি ব্যাকুল বৃকভানু ললি কো
শ্যাম মনহি মন পছতায়ো।
চন্দ্রমুখী রুদত তাহাঁ আয়ে
ঝপটে গর লাগায়ে এতে সুখ পায়ো॥

জাতি—সম্পূর্ণ, ধৈবত—জান, দুই মধ্যম ও দুই নিখাদ।

প্রাপ্ত—স্বর্গত ওস্তাদ শিবসেবক মিশ্র (বেনারস)   স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী (রামগোপালপুর)

স্থায়ী

+ ৩ ০ ১

II | | ম্মা পা ধা পা | মা রা সন্‌া সা I

নি র খি ব্যা কু ল বৃ০ ক

+ ৩ ০ ১

মা -রা ম্মা ম্মা | পা -পা ম্মপা -ধা | পা -সা́ ধা রা́ | না সা́ ণা পা I

ভা ০ নু ল লি ০ কো০ ০ শ্যা ০ ম ম ন হি ম ন

+ ৩ ০ ১

মা রা সন্‌া -মরা | -পম্মা -ধা পা -পা | "ম্মা পা ধা পা | মা রা সন্‌া সা" II

প ছ তা০ ০০ ০০ ০ য়ো ০ নি র খি ব্যা কু ল বৃ০ ক

অন্তরা

+ ৩ ০ ১

II | গা মা পা না | সা́ -সা সা́ সা́ | সা́না রা́ সা́ ধনা I

চ ন্‌ দ্র মু খী ০ রু দ ত০ তা হাঁ আ০

+ ৩ ০ ১

-সা́রা́ সা́ সা́ ধা | ণা পা ধনা -সা́রা́ | না সা́রা́ -সা́সা́ ধা | ম্মা পধা -পম্মা পা I

০০ য়ে ঝ প টে গ র০ ০০ লা গা০ ০০ য়ে এ তে০ ০০ এ

+ ৩ ০ ১

মা রা সা মরা | -পম্মা -ধা পা -পা | "ম্মা পা ধা পা | মা রা সন্‌া সা" II

সু খ পা আ০ ০০ ০ য়ো ০ নি র খি ব্যা কু ল বৃ০ ক

—সংবাদ—

পরলোকে প্রসিদ্ধ কীর্ত্তনীয়া

গত ২০শে কার্ত্তিক ব্রজমণ্ডলের প্রসিদ্ধ কীর্ত্তনগায়ক গদাধর দাস বাবাজি শ্রীগোবর্দ্ধনে দেহ রক্ষা করিয়াছেন। শ্রীবৃন্দাবনে এবং কলিকাতায় বহু লোক তাঁহার কীর্ত্তন গানের ভক্ত ছিলেন। গদাধর দাসজি আবাল্য ব্রহ্মচারী ছিলেন। অদ্বিতীয় কীর্ত্তনগায়ক পণ্ডিত অদ্বৈতদাস বাবাজির সেবা করিয়া তিনি গরাণহাটী কীর্ত্তনে বিশেষ পারদর্শী হইয়াছিলেন। বস্তুতঃ গদাধর দাসজির মৃত্যুতে গরাণহাটী কীর্ত্তনের প্রধান গায়ক অন্তর্হিত হইলেন। তিনি একান্ত ভজননিষ্ঠ বৈষ্ণব ছিলেন। নাম-সংকীর্ত্তন শুনিতে শুনিতেই তাঁহার আত্মা নিত্যলীলায় প্রবিষ্ট হইয়াছিল।

গীতশ্রী দীপ্তি বন্দ্যোপাধ্যায়

বিগত অক্টোবর মাসে কলিকাতা সঙ্গীত সম্মিলনী কর্ত্তৃক যে উপাধি পরীক্ষা গৃহীত হয়, তাহাতে কলিকাতা পুলিশ অফিসার শ্রীযুক্ত শৈলেন বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পত্নী শ্রীযুক্তা দীপ্তি বন্দ্যোপাধ্যায় বিশেষ কৃতিত্বের সহিত উত্তীর্ণা হইয়াছেন। শ্রীযুক্তা বন্দ্যোপাধ্যায় কলিকাতা বেতার-প্রতিষ্ঠান ও গ্রামোফোন কোম্পানীর হিজ মাষ্টারস্ ভয়েস রেকর্ডের বিশিষ্টা শিল্পী। ইনি রবীন্দ্র-সঙ্গীত ও আধুনিক গানে বিশেষ জনপ্রিয়তা অর্জ্জন করিয়াছেন। উচ্চাঙ্গ সঙ্গীতেও তিনি গীতশ্রী উপাধি লাভ করিয়া স্বীয় প্রতিভার পরিচয় দিয়াছেন। ইনি দীর্ঘকাল সঙ্গীতবিশারদ শ্রীযুক্ত গিরিজাশঙ্কর চক্রবর্ত্তী মহাশয়ের নিকট সঙ্গীত শিক্ষা লাভ করিয়াছেন। আমরা এই অভিজাত মহিলার সঙ্গীতসাধনায় অধিকতর সাফল্য কামনা করি।

৺ফণীন্দ্র স্মৃতি-বার্ষিকী

বিগত ৩রা ডিসেম্বর ৫সি, ইন্দ্র রায় রোডস্থ কালীমোহন হাউসে ফণীন্দ্র সঙ্গীতাশ্রমের প্রতিষ্ঠাতা ও সম্পাদক কর্ত্তৃক সঙ্গীতাচার্য্য ৺ফণীন্দ্রনাথের ৩য় বার্ষিক স্মৃতিসভার আয়োজন হয়। এই সভায় বাংলা তথা ভারতের প্রবীন বীণ্‌বাদক শ্রীযুক্ত প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় পৌরোহিত্য করিয়াছিলেন। খলিফা সগীর খাঁ, মহম্মদ দবীর খাঁ, শ্রীযুক্ত জিতেন্দ্রমোহন সেনগুপ্ত, গীতশ্রী মীরা চট্টোপাধ্যায় ও শৈলেনবাবুর বিশিষ্ট ছাত্রছাত্রীগণ যোগদান পূর্ব্বক স্ব স্ব সঙ্গীতনৈপুণ্যে অনুষ্ঠানটি সাফল্যমণ্ডিত করেন। অনুষ্ঠানে বিশিষ্ট শ্রোতার সমাবেশ হইয়াছিল।

পরলোকে সুরসাগর হিমাংশুকুমার দত্ত

বাংলার প্রথিতযশা সুরশিল্পী শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, সুরসাগর মহাশয় সম্প্রতি আন্ত্রিক ক্ষত রোগে পরলোক-গমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স মাত্র ৩৬ বৎসর হইয়াছিল। হিমাংশুবাবু ত্রিপুরা জিলার মির্জ্জাপুর গ্রাম নিবাসী হাইকোর্টের প্রসিদ্ধ উকীল যোগেন্দ্রনাথ দত্ত মহাশয়ের চতুর্থ পুত্র। জ্যেষ্ঠ ভ্রাতা শ্রীযুক্ত শচীন্দ্রনাথ দত্ত, সঙ্গীতবিশারদ মহাশয়ের নিকট তিনি প্রথম সঙ্গীত শিক্ষারম্ভ করিয়াছিলেন। ১৯২৪ খৃষ্টাব্দে প্রবেশিকা পরীক্ষায় স্বীয় পাঠ্য-প্রতিভায় তিনি দশ টাকা বৃত্তি লাভ করেন, পরে বিদ্যাসাগর কলেজ হইতে বি-এ পরীক্ষায় উত্তীর্ণ হন। বাল্যকাল হইতেই তাঁহার সঙ্গীতপ্রতিভা দৃষ্ট হয়; সে-সময় তিনি কয়েকটি বাংলা গানে সুর-সংযোজনা করেন। ১৯২৭ খৃষ্টাব্দে তিনি "খুঁজে দেখা পাইনি যাহার, পরাণ তবু আছে বলে—" গানখানিতে সুর দিয়া কুমিল্লার সুকণ্ঠ গায়ক শ্রীযুক্ত হরিপদ রায়ের কণ্ঠে গ্রামোফোনে রেকর্ড করান। তৎপরে স্বনামধন্য গায়ক শ্রীযুক্ত শচীন দেববর্ম্মা মহাশয়ের কণ্ঠে "প্রেমের সমাধি তীরে—", "নতুন ফাগুনে যবে—", "মম মন্দিরে এলে কে তুমি—" প্রভৃতি একাধিক গান গ্রামোফোনে রেকর্ড করাইয়া তিনি যে একজন প্রথম শ্রেণীর সুরশিল্পী ছিলেন তাহার পরিচয় দিয়াছিলেন। তাঁহার সুরনৈপুণ্যের পরিচয়ে বঙ্গীয় সারস্বত মহামণ্ডল কর্ত্তৃক তিনি 'সুরসাগর' উপাধি দ্বারা অভিনন্দিত হইয়াছিলেন।

মৃত্যুর কয়েক বৎসর পূর্ব্বে তিনি চলচ্চিত্র জগতে যোগদান করিয়া একাধিক চিত্রনাট্যে সুর সমাবেশ দ্বারা বিশেষ যশের অধিকারী হন। ভারতীয় চলচ্চিত্র, গ্রামোফোন রেকর্ড, বেতার প্রতিষ্ঠান ও বিভিন্ন সাময়িক পত্রে তিনি যে সঙ্গীতাবদান রাখিয়া গিয়াছেন, তাহাও অপ্রমেয় বলিলে অত্যুক্তি হয় না। তাঁহার 'চামেলি' স্বরলিপি পুস্তকটি সঙ্গীতশিক্ষার্থী মহলে বিশেষ সমাদৃত হইয়াছে। আমরা এই যশস্বী সুরশিল্পীর অকাল-বিয়োগে সঙ্গীতজগতের বিশেষ অপূরণীয় ক্ষতি হইল বলিয়া মনে করিতেছি। ঈশ্বর সমীপে আমরা তাঁহার বিদেহী আত্মার শান্তি কামনা করি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও
শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এল-সি;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২১শ বর্ষ
৯ম সংখ্যা

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

পৌষ
১৩৫১ সাল

উত্তর ভারতীয় সঙ্গীতকলা

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

ষড়্‌জগ্রামীয় সংস্কৃত ঠাট্ বা কর্ণাটী করহারপ্রিয়া, মতান্তরে কনকাঙ্গীর ঠাটকেই আমরা শুদ্ধ সংস্কৃত সপ্তক ব'লে বর্ণন করেছি। কিন্তু কর্ণাটী বীণ্‌কার শিবানন্দ শাস্ত্রীজী আমায় বলেছেন যে, ষড়্‌জগ্রামের এই শুদ্ধ মুখ্য সাত স্বরের মধ্যে গ ও ধ আন্দোলিত—সেজন্য ঐ দুটিকে কর্ণাটী সংগীতে শুদ্ধ স্বর বলা যায় না। তাই তাঁরা ভৈরোঁ ঠাট্ বা মায়ামালব গৌড়ার ঠাটের সপ্ত স্বরকে শুদ্ধ স্বরযুক্ত ব'লে থাকেন। কনকাঙ্গী বা করহারপ্রিয়ার স্বরগুলিতে আন্দোলিত ভাব আছে—কিন্তু মায়ামালবগৌড়ার স্বরগুলিতে আন্দোলিত ভাব রাখার আবশ্যকতা নাই। তাই ষড়্‌জগ্রামের প্রধান সপ্তক না হ'লেও মায়ামালবগৌড়ার বিশেষ প্রাধান্য কর্ণাটী সঙ্গীতে দেখা যায়। আমাদের সঙ্গীতেও কানাড়ার স্বর আন্দোলিত—কিন্তু বিলাবলের স্বরগুলি স্থিতিযুক্ত। স্থিতিযুক্ত বিলাবল ঠাটের স্বরসকলের শুদ্ধত্ব স্বীকার তাই স্বাভাবিক।

সঙ্গীতরত্নাকরে শুদ্ধ সপ্ত স্বর ও বিকৃত দ্বাদশ স্বরের উল্লেখ আছে।

"তে এব বিকৃতাবস্থা দ্বাদশ প্রতিপাদিতাঃ"।

শাস্ত্রীয় মতে এগুলির নাম হচ্ছে—(১) চ্যুত সা (২) অচ্যুত সা (৩) বিকৃত রে (৪) সাধারণ গা (৫) অন্তর গা (৬) চ্যুত মা (৭) অচ্যুত মা (৮) চ্যুত পা (৯) কৈশিক পা (১০) বিকৃত ধা (১১) কৈশিক নি (১২) কাকলী নি। এ সকল বিকৃত স্বরের মধ্যে ষড়্‌জগ্রামে, চ্যুত সা, অচ্যুত সা, বিকৃত রে, অন্তর গা, অচ্যুত মা, কাকলী নি ও কৈশিক নি—এই কয়েকটি বিকৃত স্বরই শাস্ত্রীয় ষড়্‌জ গ্রামের বিকৃত ঠাট্‌সকলে ব্যবহৃত হয়। অন্যান্য বিকৃত স্বর ও কতক পূর্ব্বোক্ত বিকৃত স্বর মধ্যম গ্রামে প্রযুক্ত হয়। তবে ষড়্‌জ গ্রামের শ্রুতি ও শুদ্ধ বিকৃত স্বরের চূড়ান্ত বিশ্লেষণের পূর্ব্বে আমরা মধ্যমগ্রামে হাত দিতে চাই না।

চ্যুত সা হচ্ছে আমাদের হিন্দুস্থানী সঙ্গীতের তীব্রতর নিখাদ্ অর্থাৎ শাস্ত্রীয় সা, যা 'ছন্দোবতী' শ্রুতিতে অবস্থিত তা থেকে এক শ্রুতি পিছনের স্বর বা 'মন্দা'র স্বর হচ্ছে, চ্যুত সা। অচ্যুত 'সা' হচ্ছে ছন্দোবতীর 'সা' তা সাধারণতঃ শাস্ত্রে শুদ্ধ 'সা' ব'লেই পরিগণিত—কিন্তু যখন নিখাদে তীব্র শ্রুতির ব্যবহারে নি স্থানচ্যুত হয়, তখন অচল স্বর সা নিখাদের সহিত ব্যবধান হ্রাস পেয়ে অন্যরূপ শ্রুত হয়, সে ক্ষেত্রে অচল, অচ্যুত সাও 'বিকৃত' নামে অভিহিত। যদিও শুদ্ধ ষড়্‌জ গ্রামীয় সপ্তকে অচ্যুত 'সা' শুদ্ধ। শাস্ত্রীয় শুদ্ধ রে বা রতিকা শ্রুতির রে ত্রিশ্রুতিসম্পন্ন কিন্তু রে যদি রৌদ্রীতে যায়, তখন চতুঃশ্রুতিসম্পন্ন রেখাবকে, 'বিকৃত রে' বলা হয়। তেমনি ক্রোধা অবস্থিত গান্ধার ষড়্‌জগ্রামে দুই শ্রুতি বিশিষ্ট তা যদি চারি শ্রুতিতে বা প্রসারিণীতে নিষ্পন্ন হয়, তবে একে অন্তর গান্ধার বলা হবে। অচ্যুত মা অর্থাৎ শুদ্ধ মা ও অন্তর গান্ধারের প্রয়োগের সময় গান্ধার হতে দুই শ্রুতি তফাৎযুক্ত হওয়ায়

'বিকৃত' ব'লে অভিহিত হয়। কৈশিকী 'নি' হচ্ছে 'তীব্রা' শ্রুতি অবস্থিত নি ও কাকলী নি 'কুমুদ্বতী'তে স্থিত এরা যথাক্রমে তিন ও চারি শ্রুতিবিশিষ্ট।

আমাদের হিন্দুস্থানী সঙ্গীতের শুদ্ধ সপ্তকের সঙ্গে তুলনা করলে—যদি আমাদের 'সা'কেও 'ছন্দোবতী' শ্রুতিতে বসানো হয় তবে শাস্ত্রীয় ষড়্জ গ্রামের বিকৃত স্বরগুলির কয়েকটি থেকেই যে আমাদের "বেলাবল" ঠাটের উদ্ভব তা বেশ মনে হয়।

শ্রুতি	শাস্ত্রীয় ষড়্জগ্রামের শুদ্ধ স্বর (সেনী "শুদ্ধ কানাড়ার" সহিত তুলনীয়)	শাস্ত্রীয় ষড়্জগ্রামের বিকৃত স্বর (বিলাবল ঠাটের সহিত তুলনীয়)	হিন্দুস্থানী শুদ্ধ বেলাবল ঠাট (শাস্ত্রীয় ষড়্জ গ্রামের বিকৃত স্বরের ভিত্তিতে)	প্রচলিত কর্ণাটী প্রধান সপ্তক (ভৈরোঁর সহিত তুলনীয়)
১ তীব্রা				
২ কুমুদ্বতী				
৩ মন্দা		চ্যুত স		
৪ ছন্দোবতী	স	অচ্যুত স	সা	স
৫ দয়াবতী				
৬ রঞ্জনী				ঋ
৭ রক্তিকা	রি			
৮ রৌদ্রী		চতুঃশ্রুতি রে	রে	
৯ ক্রোধা	গ			
১০ বজ্রিকা				
১১ প্রসারিণী		অন্তর গ	গা	গ
১২ প্রীতি				
১৩ মার্জ্জনী	ম	অচ্যুত ম	মা	ম
১৪ ক্ষিতি				
১৫ রক্তা				
১৬ সন্দীপনী				
১৭ আলাপিনী	প		পা	প
১৮ মদন্তী				
১৯ রোহিণী				দ
২০ রম্যা	ধ			
২১ উগ্রা				
২২ ক্ষোভিনী	নি		ধা	
১ তীব্রা		কৈশিক নি		
২ কুমুদ্বতী		কাকলী নি	নি	নি
৩ মন্দা				
৪ ছন্দোবতী			র্সা	র্স

(ক্রমশঃ)

স্বরলিপি

মিশ্র—কাহারবা

প্রাণের দেবতা মম কথা কও কথা কও
নিঠুর পাষাণ সম নীরবে কেন গো রও।
যত ফুল যত গান
সকলি কি হবে ম্লান ?
আমার আঁখির জলে সবি তুমি তুলে লও।

এ বেদনা সহেনা যে অলস রজনী জাগি',
প্রদীপ নিভিয়া যায় জ্বলে' জ্বলে' তব লাগি'।
আমার মনের বীণা
বাজে যে ছন্দহীনা,
সুর হয়ে তুমি প্রিয় আজি সেথা ধীরে বও।

কথা—শ্রীরণজিৎকুমার সেন

সুর ও স্বরলিপি—শ্রীরবীন্দ্রনাথ মুখোপাধ্যায়

II {পা ণা ণা পা | দা পা -মপা -গমা I পা -া -া -া | -া -া সা ঋা I
প্রা ণে র দে ব তা ম০ ০০ ম ০ ০ ০ ০ ০ ক থা

সঋা -ণ্সা মা -া | -া -া পদা মা I র্সা -র্সা -পা -পদা | -মপা দা -া -া} I
ক০ ০০ ও ০ ০ ০ ক০ থা ক ০ ০ ০০ ০০ ও ০ ০

পা ধা পমা মা | পা -ধা ণা পা I ধণা -া -া -া | পা ধা পমা -া I
নি ঠু র পা ষা ০ ণ স ম০ ০ ০ ০ নী র বে ০

গা রা গা -পা | মা মা -া -া II
কে ন গো ০ র ও ০ ০ কথা কও কথা কও

I -া -া মা পা | র্সা -া -া -া I -া -া ণা র্রা | র্সা -া -া -া I
০ ০ য ত ফু ল্ ০ ০ ০ ০ য ত গা ন্ ০ ০

ণা র্সা র্জ্ঞা -র্জ্ঞা | -র্রা -র্রা -র্সা -র্সা I ণদা -া পা মজ্ঞা | পা পা -া -া I
স ক লি ০ ০ ০ ০ ০ কি ০ হ বে০ ম্লা ন্ ০ ০

পা ধা র্সা ধা | র্সা -র্রা র্জ্ঞা র্সা I র্সর্রা -র্জ্ঞা -া -া | -া র্জ্ঞা র্রা র্সা I
আ মা র আঁ খি ০ র জ লে০ ০ ০ ০ ০ স বি তু

দা -া ণা র্রা | র্সা র্সা -া -া I -া -া পা দা | পদা -মপা -া -া I
মি ০ তু লে ল ও ০ ০ ০ ০ ক থা ক০ ০ও ০ ০

-া -া ঋা জ্ঞা | সা -া -া -া II
০ ০ ক থা ক ও ০ ০

I সা -সমা মা গমা | -জ্ঞা -জ্ঞা জ্ঞা পমা I জ্ঞা -া সা -া | -া -া -া -া I
এ বে দ না ০ ০ স হে না ০ যে ০ ০ ০ ০ ০

প্‌া দ্‌া ণ্‌া সা | রা জ্ঞা ঋা -মগা I মা -া -া -া | গা গা -া গা I
অ ল স র জ নী জা ০০ গি ০ ০ ০ প্র দী প্‌ নি

গা মা পা -গমা | -পা -া -া -া I -া -া পা দা | মা -দা পা -া I
ভি য়া যা ০০ য়্‌ ০ ০ ০ ০ ০ জ লে জ ০ লে ০

জ্ঞা মা মা -া | সা -া -া -া II
ত ব লা ০ গি ০ ০ ০

II পা দা পমা মা | পা -ধা ণা পা I র্সা -া -া -া | র্সা র্রা ণা -া I
আ মা র ম নে ০ র বী ণা ০ ০ ০ বা জে যে ০

পা -পা মা পা | ঋর্া -া -া -া I -ঋা ঋা -জ্ঞা মা | দা -া -া -া I
ছ ন্‌ দ হী না ০ ০ ০ ০ সু র্‌ হ য়ে ০ ০ ০

-া পা ধা ণা | নর্সা -া -া -া I সা জ্ঞা -া সা | জ্ঞা -া মা মা I
০ তু মি প্রি য় ০ ০ ০ আ জি ০ সে থা ০ ধী রে

দা দা -া -া | -া -া -া -া II
ব ও ০ ০ ০ ০ ০ ০ কথা কও কথা কও

গান

শ্রীরমেন মৈত্র

আজও কি বন্ধু সেদিনের মত তোমার বকুলতলা,
গোধূলি সমীরে মুকুল সুবাসে হয়ে আসে বিহ্বলা।
ফুলভরা সেই আঙিনার পরে
হয়ত এখন দীপ হাতে করে
থেমে গেছে তব আঁখি নত করি ধীর চরণে চলা।

এতদিন ধরি যাহার রচনা শুধুই তোমারে স্মরি
সে স্বপনগীতি পড়িছে কি মনে আজিকার চাঁদে হেরি।
(যার) আছে শুধু সুর নাহি কোন বাণী
যার পরশনে মন জানাজানি,
তাই লয়ে আজ জাগিছ কি তুমি যে গান হয়নি বলা।

হিন্দুস্থানী রাগসঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

কেদারা—(কল্যাণ ঠাট)

কেদারায় শুদ্ধ ম'র ব্যবহার। যথা:—স ম, ম গ ম, প ম গ, গ ম র, গ ম গ, গ ম স, স ন্ ম, ধ ম গ, স ম গ, গ ম ধ প;

কেদারায় এইরূপ স্থলে কড়ি ম ব্যবহৃত হয়। যথা:—প হ্ম প, প হ্ম ধ, ন হ্ম ধ, ন হ্ম প, ধ হ্ম ধ, ধ হ্ম প, প হ্ম ম, হ্ম ধ প, হ্ম প ন।

স্বরান্তর	প্রয়োগ দৃষ্টান্ত

সর,—ধা পা মা গা | মা রা সা রা | সা -া -া -া |

গম,—সা মা গা মা | পা হ্মা ধা পা | মা -া -া -া |

গহ্ম,—মা গা | হ্মা পা | ধা পা | র্সা -া | (বিভিন্ন পদে স্বল্প ব্যবহৃত হয়।)

মপ—মা -া মা পা | ধা পা মা গা | মা রা সা -া |

হ্মপ,—র্সা র্সা ধা পা | হ্মা পা ধা পা | মা -া -া -া |

পধ,—হ্মা পা ধা পা | মা গা মা রা | সা রা সা -া |

ধন,—ধা না ধা পা | হ্মা পা মা গা | মা রা সা -া |

নর্স,—র্সা না র্সা ধা | পা হ্মা পা -া | গা মা রা সা |

র্সন,—র্সা না র্সা ধা | পা হ্মা ধা পা | গা মা রা সা |

নধ,—র্সা না ধা | পা হ্মা পা | মা গা মা | রা সা -া |

ধপ,—ধা -া পা পা | হ্মা পা ধা পা | মা -া -া মা |

পহ্ম,—পা হ্মা ধা | পা হ্মা পা | গা মা রা | সা -া -া |

পম,—পা -া পা মা | র্সা র্সা -া র্সা | র্সা ধা পা -া |

মগ,—মা গা মা | পা হ্মা পা | মা গা মা | রা সা -া |

রস,—পা হ্মা ধা | পা হ্মা পা | মা গা মা | রা সা |

গপ,—গা পা | হ্মা ধা | পা হ্মা | পা -া |

মধ,—পা -া পা | মা ধা পা | মা গা মা | রা সা -া |

হ্মধ,—পা হ্মা ধা | পা হ্মা পা | মা গা মা | রা সা -া |

পন,—গা পা হ্মা ধা | পা না ধা পা | গা মা রা সা |

ধর্স,—র্সা না | ধা র্সা | না ধা | পা -া |

নর্র,—ধা র্সনা | র্রা সা | না র্সা | ধা পা |

র্সধ,—র্স না র্সা ধা | পা হ্মা ধা পা | মা -া -া -া |

নপ,—হ্মা ধা না | পা হ্মা পা | মা গা মা | রা সা -া |

ধহ্ম,—ধা না ধা | হ্মা ধা পা | মা গা মা | রা সা -া |

ধম,—মা গা মা | ধা মা গা | পা -া হ্মা | পা -া -া |

(স্বল্প ব্যবহৃত)

পগ,—পা হ্মা ধা পা | গা মা রা সা |

মর,— গমা গমা রা সা | সা রা সা -া |

রন্,—পা হ্মা ধা | পা মগা মা | রা ন্া রা | সা -া -া |

সম,—সা মা গা পা | হ্মা পা ধা পা | মা -া -া মা |

গধ,—মা গা ধা | পা হ্মা পা | মা গা মা | রা সা -া |

হ্মন,—গা পা হ্মা | না ধা পা | মা গা মা | রা সা -া |

পর্স,—পা ধা | পা র্সা | ধা পা | হ্মা পা |

ধর্র,—র্সা ধা | র্রা সা | না ধা | পহ্মা পা |

র্সপ,—পা হ্মা | ধা পা | র্সা -া | পা হ্মা | ধা পা | মা -া |

নহ্ম,—ধা না হ্মা | ধা পা -া | মা গা মা | রা সা -া |

নম,—ধা র্সা না | মা গা পা | মা গা মা | রা সা -া |

(স্বল্প ব্যবহৃত)

ধগ,—মা গা মা | পা হ্মা ধা | গা মা রা | সা -া -া |

সপ,—সা ন্া সা | পা হ্মা পা | মা গা মা | রা সা -া |

মর্স,—সা ন্া সা | মা -া -া | র্সা ধা না | পা -া -া |

ন্হ্ম,—মা গা মা | রা সা ন্া | হ্মা ধা পা | মা রা সা |

(বিভিন্ন পদে স্বল্প ব্যবহৃত)

র্সম,—পা হ্মা পা | ধা না র্সা | হ্মা ধা পা | হ্মা রা সা |

(বিভিন্ন পদে স্বল্প ব্যবহৃত)

পস,—মা গা পা | সা -া মা | পা হ্মা ধা | পা -া -া |

র্সহ্ম,—ধা না র্সা | হ্মা ধা পা | মা রা সা |

সরগম্

কেদারা—ত্রিতাল (কল্যাণ থাট)

রচয়িতা—৺আমীর খাঁ। প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ।

স্থায়ী

	+				৩				০				১				
I	সা	মা	গা	মা |	পা	-া	হ্মা	পা |	ধা	পা	হ্মা	পা |	গা	মা	রা	সা	I
	সা	ন্া	ধ্া	প্া |	ন্া	ধ্া	সা	-া |	রা	রা	সা	-া |	মা	মা	রা	সা	I
	গা	মা	পা	পা |	ধা	ধা	পা	পা |	র্সা	না	ধা	পা |	গা	মা	রা	সা	II

অন্তরা

	+				৩				০				১				
II	পা	পা	র্সা	র্সা |	র্রা	র্রা	র্সা	-া |	র্মা	র্মা	র্রা	র্সা |	না	র্সা	র্রা	র্সা	I
	র্সা	না	ধা	পা |	হ্মা	পা	ধা	পা |	গা	মা	পা	গা |	মা	রা	সা	-া	II

সরগম্

কেদারা—ত্রিতাল (কল্যাণ থাট)

রচনা—অজ্ঞাত প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ।

স্থায়ী

	+				৩				০				১				
II	সা	মা	মা	মা |	গা	পা	পা	পা |	হ্মা	পা	ধা	পা |	গা	মা	রা	সা	I
	সা	ন্া	ধ্া	প্া |	ন্া	ধ্া	প্া	ধ্া |	ন্া	ধ্া	সা	-া |	রা	রা	সা	-া	I
	সা	মা	গা	পা |	হ্মা	পা	ধা	পা |	না	ধা	পা	-া |	গা	মা	রা	সা	II

অন্তরা

	+				৩				০				১				
II	মা	গা	পা	পা |	সা	-া	র্সা	-া |	র্রা	র্রা	র্সা	-া |	র্মা	র্মা	র্রা	র্সা	I
	মা	মা	রা	সা |	সা	মা	গা	পা |	হ্মা	পা	ধা	পা |	র্সা	না	ধা	পা	I
	না	ধা	পা	হ্মা |	পা	ধা	হ্মা	পা |	গা	মা	-া	পা |	গা	মা	রা	সা	I
	সা	-া	র্সা	র্সা |	র্রা	র্রা	র্সা	র্সা |	র্মা	র্মা	মা	-া |	গা	মা	রা	সা	I
	সা	ন্া	ধ্া	প্া |	সা	সা	মা	মা |	পা	প়া	ধা	পা |	গা	মা	রা	সা	II

স্বরলিপি

দুর্গা—ঝাঁপতাল

তুম সঙ্গ নাহি বোলুঁ এইসো ঢিট লঙ্গরবা।
করকি চুড়িয়া ক্যরক্ গয়ি সারি
করত মে সে ঠাটোলি এই সে মীত পিয়ারবা।

প্রাপ্ত—ওস্তাদ মেহেদী হুসেন খাঁ। সংগ্রাহক—শ্রীমিলনময় মুখোপাধ্যায় স্বরলিপি—শ্রীবনলতা মুখোপাধ্যায়

স্থায়ী

	+			৩				০			১			
II	পা	পা	|	ধা	মা	পা	|	ধা	-মা	|	রা	-া	সা	I
	তু	ম		স	ঙ্গ	না		হি	০		বো	০	লুঁ	
	রা	মা	|	পা	ধা	র্সা	|	ধা	মা	|	রা	-সা	-রা	II
	এই	সো		ঢি	ট	ল		ঙ্গ	র		বা	০	০	

অন্তরা

	+			৩				০			১			
II	মা	পা	|	ধা	-র্সা	র্সা	|	র্সা	র্সা	|	র্সা	ধা	-পা	I
	ক	র		কি	০	চু		ড়ি	য়া		ক্য	র	ক্	
	মা	পা	|	-ধা	-র্সা	ধা	|	-মা	-রা	|	-রা	সা	সা	I
	গ	য়ি		০	০	সা		০	০		০	রি	ক	
	রা	মা	|	পা	ধা	-র্সা	|	র্সা	ধা	|	মা	সা	রা	I
	র	ত		মো	সে	০		ঠা	টো		লি	এই	সে	
	মা	-পা	|	ধা	র্সা	র্রা	|	র্সা	ধা	|	-মা	-রা	-সা	II
	মি	০		ত	পি	য়া		র	বা		০	০	০	

তান

	+			৩				০			১			
১।	সরা	মপা	|	ধা	-া	-া	|	মপা	ধপা	|	মা	রা	-া	I
	আ০	০০		০	০	০		০০	০০		০	০	০	
২।	সরা	মপা	|	ধা	র্সা	ধা	|	পা	মা	|	রা	মা	পা	I
৩।	সরা	মপা	|	ধপা	ধর্সা	র্রর্সা	|	ধর্সা	ধপা	|	ধপা	মরা	মপা	I

সেতারের গৎ

তিলক-কামোদ—ত্রিতাল

রচনা—শ্রীসুশীলকুমার ভঞ্জচৌধুরী বি. এ. স্বরলিপি—কুমারী সুমিত্রা সেন

স্থায়ী

\+ ৩ ০ ১

| | ররা গগা | রা পপা মমা গা | -া সা রা গা I

দিরি দিরি দা দিরি দিরি দা ০ দা রা দা

সা -া -া প্া | ন্া সা ররা গগা | রা পপা মমা গা | -া সা রা গা I

দা ০ ০ দা দা রা দিরি দিরি দা দিরি দিরি দা ০ দা রা দা

সা -া -া সা | রা গগা সা রা | মা পপা ধা মপা | -মা পা পর্সা -পা I

দা ০ ০ দা দা দিরি দা রা দা দিরি দা দা০ র্ দা দা ০

পা পধা -া মা | -া গা "ররা গগা | রা পপা মমা পা | -া সা রা গা II সা

দা দা ০ দা ০ রা দিরি দিরি দা দিরি দিরি দা ০ দা রা দা দা

অন্তরা

\+ ৩ ০ ১

I | | পা মমা পা না | -া না র্সা র্সা I

দা দিরি দা দা ০ র্দা দা রা

পা ননা র্সা র্রা | -া গা -া র্সা | পা ননা র্সা পা | ধধা মা গা রা I

দা দিরি দা রা ০ দা র্ দা দা দিরি দা দা দিরি দা দা রা

-া পমা গরা গা | সা -া "ররা গগা | রা পপা মমা গা | -া সা রা গা II সা

০ দারা দারা দা দা ০ দিরি দিরি দা দিরি দিরি দা ০ দা রা দা দা

তোড়া

\+ ৩ ০ ১

১ | প্ন্ন্া সরা গসা ঃরঃ | পমা গরা গা সা | সরা মপা ধরা ঃমঃ | পনা র্সপা ঃনঃ র্সর্রা I

দাদিরি দারা দাদা রা দারা দারা দা দা দারা দারা দাদা রা দারা দাদা রা দারা

র্গা র্সা র্রননা ঃর্সঃ | পধধা পমা গরা রগা | সা র্সনা র্সা, সা | র্সনা সা, প্া সন্া I সা

দা দা দাড়াড় দা দাদিরি দারা দারা দারা দা দারা দা দা দারা দা দা দারা দা

২ | সরা মপা নর্সা র্রর্গা | র্সর্রা র্মর্গা র্রর্সা নর্সা | ঃমঃ ঃপঃ র্সা পা | র্সা পমা গরা গসা I

দারা দারা দারা দারা দারা দারা দারা দারা দা রা দা দা দা দারা দারা দারা

ঃরঃ ঃমঃ পধা মপা | র্সা -া ঃরঃ ঃমঃ | পধা মপা র্সা -া | ঃপঃ ঃধঃ মগা রগা I সা

দা রা দারা দারা দা ০ দা রা দারা দারা দা ০ দা রা দারা দারা দা

স্বরলিপি

নাটিকা—ত্রিতাল

গোরী তেরে আঁখনমে কাজরা সোহাবে,
আউর সোহায় গলে মোতিয়ানকো হার।
পানন বিরি মাথে সোহায় বিন্দু
আউর পহিনে চন্দ্রহার।

প্রাপ্ত—স্বর্গত শিবসেবক মিশ্র

স্বরলিপি—শ্রীসুধীন্দ্রনাথ মজুমদার

```
   +                    ৩                    ০                    ১
II গা  গা  মা  পা | গা  মা  রা  সা | ধা  -পা  মা  গা | রা  সা  -া  রা I
   গো  রী  তে  রে   আঁ  খ   ন   মে   কা  ০    জ   রা   সো  হা  ০   বে

   র্সা  না  র্সা  ধা | ধা  পা  ধা  ণা | ধা  পা  মা  গা | মা  রা  -া  সা II
   আ   উ   র   সো   হা  য়   গ   লে   মো  তি  য়া  ন    কো  হা  ০   র

   +                    ৩                    ০                    ১
II পা  মা  পা  র্সা | -া  র্সা  না  র্রা | র্সা  -া  র্রা  র্গা | র্মা  র্পা  র্গা  -র্মা I
   পা  ন   ন   বি    ০   রি   মা  ০     থে  ০   সো  ০     হা   য়   বি   ০

   র্রা  র্সা  র্সা  র্রা | না  র্সা  ধা  -ণা | -ধা  -পা  মা  -গা | মা  রা  -া  সা II
   ন্দু  আ    উ    র     প   হি   নে  ০     ০    ০    চ   ০     ন্দ্র  হা  ০   র

   +                    ৩                    ০                          ১
১।                   |                    | গগা  মপা  ধপা  মগা | রগা  মপা  গমা  রসা I

   +                    ৩                    ০                          ১
২।                   |                    | সরা  ন্সা  রসা  মপা | ধণা  ধপা  গমা  রসা I

   +                         ৩                         ০                         ১
৩। ধধা  পমা  পর্সা  নর্সা | র্রর্গা  র্মর্পা  র্গর্মা  র্রর্সা | নর্সা  ধণা  ধপা  মগা | রগা  মপা  গমা  রসা I

   +                         ৩                         ০                         ১
৪। গমা  রসা  ধণা  ধপা | র্সনা  র্রর্সা  র্মর্গা  র্মর্রা | র্সর্রা  নর্সা  ধণা  ধপা | মগা  মপা  গমা  রসা I
```

—সংবাদ—

আওয়ার অর্কেষ্ট্রা

বিগত ১৭ই জানুয়ারী সন্ধ্যা ছয় ঘটিকায় কলিকাতা ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট হলে 'আওয়ার অর্কেষ্ট্রা'র ষষ্ঠ বার্ষিক অধিবেশন ও স্বর্গত সঙ্গীতাচার্য্য সুরেন্দ্রলাল দাস মহাশয়ের ১ম বার্ষিক স্মৃতি-পূজা বিশেষ ভাবে অনুষ্ঠিত হইয়া গিয়াছে। এই অনুষ্ঠানে শ্রীযুক্ত রাইচাঁদ বড়াল মহাশয়ের সভাপতিত্ব করিবার কথা ছিল, কিন্তু

তিনি উপস্থিত হইতে না পারায় তাঁহার পরিবর্ত্তে শ্রীযুক্ত পঙ্কজকুমার মল্লিক মহোদয় সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। তাঁহার সংক্ষিপ্ত অভিভাষণান্তে কলিকাতার বিখ্যাত গুণীগণ ও আওয়ার অর্কেষ্ট্রার সভ্যবৃন্দ একাধিক সঙ্গীত, ঐক্যতান ও আবৃত্তি দ্বারা সমাগত শ্রোতৃমণ্ডলীকে আনন্দ পরিবেশন করেন। বলা বাহুল্য, এই অনুষ্ঠানটি বিভিন্ন গুণীর সমাবেশে সাফল্যমণ্ডিত হইয়াছিল।

বঙ্গীয় কলালয়

সম্প্রতি বঙ্গীয় কলালয়ে এক মহতী সঙ্গীতানুষ্ঠানের আয়োজন হইয়া গিয়াছে। এই অনুষ্ঠানে ভারত-প্রসিদ্ধ গায়ক ওস্তাদ গোলাম আলী খাঁ, স্বরোদী হাফেজ আলী খাঁ, তবলা-বাদক আহম্মদ জান থেরাকুয়া প্রভৃতি গুণিগণ স্ব স্ব সঙ্গীতকলানৈপুণ্যে শ্রোতৃমণ্ডলীকে বিশেষভাবে মুগ্ধ করেন। এই ভারত-প্রসিদ্ধ গুণীত্রয়কে আমন্ত্রণ করিয়া বঙ্গীয় কলালয়ের কর্ত্তৃপক্ষ বিশেষ গুণগ্রাহিতার পরিচয় দিয়াছেন। যে-কোনও সঙ্গীত বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ যদি ছাত্রছাত্রীদিগের জন্য এরূপ বিখ্যাত গুণীমণ্ডলীর গীতবাদ্য শ্রবণের ব্যবস্থা করেন তাহা হইলে তাহাদের পক্ষে সঙ্গীত শিক্ষার পথ বিশেষ ভাবে সুগম হয়। এজন্য আমরা বঙ্গীয় কলালয়ের কর্ত্তৃপক্ষের নিকট আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানাইতেছি। এতদ্ব্যতীত কলালয়ের অধ্যাপকগণের মধ্যে শ্রীযুক্ত হরিহর রায়, শ্রীযুক্ত বিজয় দাস পাকড়ে প্রভৃতিও গীতবাদ্যাদি দ্বারা সভাস্থ সকলের প্রশংসান্বিত হইয়াছিলেন।

সুগায়ক শ্রীযুক্ত বিশ্বনাথ চট্টোপাধ্যায়

বাংলার জনপ্রিয় গায়ক কুমার শচীন দেববর্ম্মা মহাশয়ের ছাত্র শ্রীযুক্ত বিশ্বনাথ চট্টোপাধ্যায় মাত্র কয়েক বৎসর সঙ্গীতানুশীলন করিয়া বিশেষ খ্যাতিলব্ধ হইয়াছেন। ইদানীং বাংলার বাহিরে কয়েকটি অনুষ্ঠানে তাঁহার সুকণ্ঠ-পরিবেশিত আধুনিক, ভজন, ঠুংরী ও লোক-সঙ্গীত বিশেষ ভাবে সমাদৃত হইয়াছে। ইনি খেয়াল গানেও বিশেষ কৃতী।

কিছুকাল সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত ভীষ্মদেব চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট খেয়াল শিখিয়াছিলেন ভগবচ্চরণে আমরা এই তরুণ সঙ্গীত-সাধকের সাফল্য এই কামনা করি।

আর্ট সেণ্টার অফ দি ওরিয়েণ্ট

প্রসিদ্ধ সঙ্গীত বিদ্যালয় আর্ট সেণ্টার অফ দি ওরিয়েণ্ট কর্ত্তৃক আগামী মার্চ্চ মাসের ৩য় সপ্তাহে উত্তর ও দক্ষিণ কলিকাতার দুইটি বিশিষ্ট রঙ্গমঞ্চে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদিগের পারিতোষিক বিতরণোৎসব সম্পন্ন হইবে। এই উপলক্ষে বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ দ্বারা এক বিশেষ সঙ্গীত ও নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হইয়াছে। অনুষ্ঠানটি সাফল্য মণ্ডিত হউক, ইহাই আমাদের কামনা।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্‌-এস্‌-সি ;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২১শ বর্ষ — মাঘ
১০ম সংখ্যা — ১৩৫১ সাল

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

বাহাত্তর ঠাট

৩০

শ্রীবিমল রায়

৩। মপা নর্সা র্রর্রা র্সর্সা | র্গর্রা র্গর্মা র্রর্সা নর্সা | মপা ধণা র্সা ধণা | র্রর্সা ধর্সা ণধা পমা I

\+ ৩
পধা ণর্সা ণধা পধা | ণধা পমা রগা রসা |

\+ ৩
৪। গগা রসা গমা পধা | পমা গপা মগা রসা |

\+ ৩
৫। পধা ণর্সা ধণা র্রর্সা | ণধা পমা মপা নর্সা |

স্বরলিপি

(খেয়াল)

সিন্ধুড়া—ত্রিতাল

কাসে কহুঁ সখি দুখ কি বাতিয়া
রার করে গৈলা শ্যাম মথুরায়।
ভেজ সন্দেশ সখি জিয়ারা তরসে
অত দুখ দিলে আব প্রাণ ন রহিবে ॥

কথা, সুর ও স্বরলিপি —শ্রীশৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

স্থায়ী

```
   +                 ৩                 ০                 ১
II                                     র্সণা -ধা পা -া   রা ম পা পা I
                                       কা০ ০ সে ০        ক হুঁ স খি

রা মা রমা -পধা   মা পা মজ্ঞা -জ্ঞা | রা মা পা পা   ধর্সা -র্সা ণা ধপা I
দু খ কি ০০       বা তি য়া ০        | রা র ক রে     গৈ০ ০ লা শ্যাম

+                ৩
রমা -পধা জ্ঞা -া   রা -া -সা -া   "র্সণা -ধা পা -া   রা মা পা পা" II
ম০ ০০থু ০          রা ০ য় ০       কা০ ০ সে ০         ক হুঁ স খি
```

অন্তরা

```
   +
II                                     ধা মা পা ধা   র্সা র্সা র্সা -া I
                                       ভে জ স ন্দে   শ স খি ০

                 ৩                 ০
র্রা র্রা র্মজ্ঞা -র্জ্ঞা   র্রা র্রা র্সা -া   র্সা র্রা ণা ণা   ধা ধা পা পা I
জি য়া রা ০                 ত র সে ০            অ ত দু খ          দি লে আ ব

                                   ০
রমা -পধা র্সণা ধপা   মজ্ঞা রা -রজ্ঞা রসা   "র্সণা -ধা পা -া   রা মা পা পা" II
প্রা০০০ ০ণ ন০         র০ হি ০ বে              কা০ ০ সে ০         স স খি ০
```

— সংবাদ —

আর্ট সেণ্টার অফ দি ওরিয়েণ্ট

আগামী ১৫ই ফেব্রুয়ারী কলিকাতার নিউ এম্পায়ার চিত্রগৃহে আর্ট সেণ্টার অফ দি ওরিয়েণ্টের ছাত্রছাত্রীবৃন্দ কর্তৃক কুমারসম্ভব অবলম্বনে একটি নৃত্যনাট্য অভিনীত হইবে। মহাকবি কালিদাসের এই কাব্যনাট্যের অভিনয় ইতিপূর্ব্বে একাধিক স্থানে অভিনীত হইয়াছে কিন্তু সম্পূর্ণ নৃত্য ও গীত সাহায্যে ইহার রূপ দান বোধ হয় এইই প্রথম। আমরা আশা করি, আর্ট সেণ্টারের অভিজ্ঞ শিক্ষকবৃন্দের পরিচালনায় ছাত্রছাত্রীরা তাঁহাদের খ্যাতি অক্ষুণ্ণ রাখিবেন। এই সঙ্গে "কল অফ দি নেশন" নামক একটি জাতীয়তামূলক নৃত্যনাট্যেরও আয়োজন হইয়াছে। এই নাটকে বর্ত্তমান জাতীয় আন্দোলনের সমস্যা ও তাহার পরিস্থিতি সমাধানের ইঙ্গিত অভিব্যক্ত হইবে। আর্ট সেণ্টারের এই প্রমোদানুষ্ঠানের যাবতীয় অর্থ জনকল্যাণ কার্য্যে অর্পিত হইবে জানিয়া আমরা সুখী হইলাম। আমরা এই অনুষ্ঠানের সাফল্য কামনা করি।

পরলোকে তবলাবাদক শ্রীযুক্ত ব্রজবাসী নট্ট

কুমিল্লার শ্রীকাইল নিবাসী বিশিষ্ট তবলা বাদক শ্রীযুক্ত ব্রজবাসী নট্ট মহাশয় গত ২রা ডিসেম্বর ৬৪ বৎসর বয়সে পরলোক গমন করিয়াছেন। ইনি কুমিল্লার প্রবীণ তবলা বাদক স্বর্গত মহেন্দ্র চৌধুরী মহাশয়ের প্রিয় শিষ্য ছিলেন। ব্রজবাসীবাবু দীর্ঘকাল তাঁহার নিকট শিক্ষা লাভ করিয়া পরবর্ত্তী কালে প্রভূত খ্যাতি অর্জ্জন করিয়াছিলেন। ভারত বিখ্যাত স্বরোদী ওস্তাদ আলাউদ্দিন খাঁ সাহেবের সহিত তাঁহার বিশেষ সৌহার্দ্দ্য ছিল এবং তিনি বহুবার ওস্তাদজীর সহিত সঙ্গত করিয়া তবলার নানা রূপ কৌশল প্রদর্শন করিয়াছিলেন। ওস্তাদ হাফেজ আলী খাঁ সাহেবও তাঁহার বাদন-নৈপুণ্যের প্রশংসা করিয়াছেন। আমরা এই বিশিষ্ট প্রবীণ তবলা বাদকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করিতেছি।

উদীয়মান তরুণ নৃত্যশিল্পী দিলীপকুমার

তরুণ নৃত্যশিল্পী দিলীপকুমার বিভিন্ন স্থানে এবং অল্ বেঙ্গল মিউজিক কন্‌ফারেন্স (এলাহাবাদে) যোগদান করিয়া

কথাকলি ও মণিপুরী নৃত্যে বিশেষ নৈপুণ্য প্রকাশ করিয়াছেন। আমরা এই সুদর্শন নৃত্যশিল্পীর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্-এস-সি;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২২শ বর্ষ } পৌষ, ১৩৫২ সাল { ৯ম সংখ্যা

সঙ্গীতে সরলা দেবী চৌধুরাণী

শ্রীঅক্ষয়কুমার কয়াল

কোকিলের কুহু ডাকে মুগ্ধ না হয় কে? সাগরের কল্লোল কার চিত্তকে না অশান্ত উন্মাদ ক'রে তোলে? নিখিল বিশ্বের অন্তরালে যে একটা অনাহত নৈঃশব্দের সংগীত বেজে চলেছে, তাতে কার জীবন না স্পন্দিত হ'য়ে ওঠে!

ভারতীয় সংস্কৃতির এক পুণ্যতীর্থে স্বর্গীয়া সরলা দেবী চৌধুরাণীর জন্ম হয়। ভারতের জাতীয় জীবনগঠনে জোড়াসাঁকোর 'ঠাকুর'-পরিবারের অবদান নিতান্ত সামান্য নয়। কি সাহিত্যে, কি শিল্পে, কি সংগীতে, কি মনন-শীলতায় এই পরিবার ভারতের মধ্যে একটি বিশিষ্ট স্থান অধিকার করেছে। এই বংশেরই বরণীয়া কন্যা, উনবিংশ শতকের 'উপন্যাস-সাম্রাজ্ঞী' স্বর্গীয়া স্বর্ণকুমারী দেবী সরলা দেবীর মাতা এবং ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম সম্পাদক, জননেতা স্বর্গীয় জানকীনাথ ঘোষাল তাঁর পিতা।

বাল্যে সরলার সংগীতবিদ্যার হাতে খড়ি হয় ব্রাহ্ম-সমাজের গায়ক "অজবাবু"র কাছে। অজবাবু তাল ও মাত্রা শেখানোর জন্যে একটা সুন্দর কৌশল অবলম্বন করেন। একটা কালো বোর্ডে—স র০ ম০০ র০০০— (। ।। ।।। ।।।।) এই রকম লিখে বলে দেন যে, সুরের পর ততটা দাঁড়ি থাকবে, সুরটা মুখে গেয়ে দাঁড়ির বদলে হাতে ততগুলো তাল দিতে হবে। তীক্ষ্ণবুদ্ধি সরলা দিদি দাদাদের পিছনে ফেলে আগেই সেই কৌশলটা আয়ত্ত করেন এবং সংগীত-শিক্ষকের প্রিয়পাত্রী হ'য়ে ওঠেন। রাজা শৌরীন্দ্র-মোহন ঠাকুরের স্কুলের গানের মাস্টার "ভীমবাবু"ও তাঁর গুণের সমঝদার ছিলেন। বস্তুতঃ এই সংগীত-শিক্ষার মধ্য দিয়েই মাতা-পুত্রীর প্রত্যক্ষ সংযোগ ঘটে। অন্যান্য অভিজাত পরিবারের ন্যায় সরলা দেবীও ভূমিষ্ট হবার পর থেকে মায়ের কাছ হ'তে সম্পূর্ণ বিচ্ছিন্ন হ'য়ে পড়েন—দাসদাসীদের হাতেই তিনি মানুষ হন। কিন্তু এই সংগীত-কুশলতার জন্যই কন্যার প্রতি মায়ের দৃষ্টি পড়ে।

তিনি সরলার জন্য একজন মেম পিয়ানো-শিক্ষয়িত্রী নিযুক্ত করেন এবং নিজের ঘরেই তাঁর শিক্ষার ব্যবস্থা করেন; কিন্তু একটা নিয়ম করেন, শেখানো জিনিসটা পুনরায় এক ঘণ্টা ক'রে তাঁকে অভ্যাস করতে হবে। বাজিয়ে বাজিয়ে আঙুল ব্যথা হ'য়ে যায়—মন শ্রান্ত হয়ে যায়, তবুও আর ঘণ্টা শেষ হতে চায় না। তাঁকে এ বিপদ থেকে উদ্ধার করেন তাঁর মেজ মাসীমার মেয়ে সুপ্রভা দেবী এক অভিনব উপায়ে। সরলা দেবীর নিজের কথায়ই বলি—"* * সুপ্রভা দিদি ছেলেবেলায় ছিলেন আমাদের নেত্রী। * * তিনি আমাকে পরামর্শ দিলেন—'অতক্ষণ ধ'রে প্র্যাকটিশ করতে যদি না ভাল লাগে, দরকার কি করবার?'—'না ক'রে উপায় যে নেই!' 'আছে বৈকি, ঐ সময়ে ঘড়ির কাঁটাটা রোজ একবার ক'রে এগিয়ে দিলেই হয়।' আমি শুনে ভয় পেয়ে গেলুম। বল্লুম, আমি পারবো না। তিনি বল্লেন—'কুছ্ পরোয়া নেই—আমি ক'রে দেব।'

"একদিন আমার প্র্যাকটিশের সময় মা যখন গৃহান্তরে আছেন, সুপ্রভা দিদি একটা চেয়ারের উপর চড়ে ঘড়ির কাঁটা মিনিট কুড়ি এগিয়ে দিয়েই নিজে সরে পড়লেন।

"খানিক পরে এ ঘরে এসে ঘড়ির দিকে চেয়ে মা যখন দেখলেন ঘণ্টা প্রায় শেষ হয়ে এসেছে, তাঁর কেমন সন্দেহ হ'ল। চৌকিতে চড়লেও আমার হাত ঘড়িতে নাগাল পাবে না তা অনুমান করলেন। সুপ্রভা দিদিকে খানিক আগে ও-অঞ্চলে উসখুস করতে দেখেছেন, বুঝে নিলেন এ তারই কীর্ত্তি। তবু দিদির মেয়েকে বকাঝকার অধিকার তাঁর নেই, আর প্রকৃত দোষী ত আমি, তাঁর নিজেরই মেয়ে। সুতরাং শাস্তি আমারই প্রাপ্য। * * কিন্তু ঘরে তখন অন্য লোকেরাও এসেছেন। কারো সামনে চড় তোলাটা অশোভনতা ব'লে মা তাদের সরে যেতে অনুরোধ ক'রে একটি কোমল চপেটাঘাত আমার গালে স্পর্শ করলেন।

* * *

"পরোপকারী সুপ্রভাদিদির চেষ্টা কিন্তু নিষ্ফল হ'ল না। সেদিন থেকে আমার প্র্যাক্‌টিশের সময় এক ঘণ্টা হ'তে আধ ঘণ্টায় নেমে গেল।"

রবীন্দ্রনাথ প্রথমবার বিলেত থেকে ফিরে আসার পর ব্রাহ্মসমাজের গানের ভার তাঁর উপর পড়ে। এই সময়েই বাড়ীর ছেলেমেয়েদের গানের আসরে ডাক পড়ে। সরলা দেবীর জীবনে এক সোনার কাঠির ছোঁয়া লাগে।

সংগীত-বিদ্যায় সরলা দেবীর এক অপূর্ব কৃতিত্ব প্রকাশ পায়—বাঙলা গানে ইংরেজী কর্ড দিয়ে ইংরেজী piece রচনা করা। রবীন্দ্রনাথ তাঁর 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটিকে পিয়ানোয় প্রকাশের জন্য ছেলেমেয়েদের নির্দেশ দেন। একমাত্র সরলা দেবীই তা করতে সমর্থ হন।

সরলা দেবীর বয়স তখন বারো। তাঁর জন্মদিনে রবীন্দ্রনাথ একটা য়ুরোপীয় সংগীতের পাণ্ডুলিপি এনে তাঁকে উপহার দেন। তার উপরে বড় বড় অক্ষরে লেখা—"Socatore, Composed by Sorala"। 'সকাতরে ঐ কাঁদিছে সকলে' ব'লে এক রবীন্দ্র সংগীতকে তিনি রীতিমত একটা ইংরেজী বাজনায় পরিণত ক'রেছিলেন। এর পরে 'চিনি গো চিনি বিদেশিনী' প্রভৃতি অনেকগুলি রবীন্দ্র-সংগীত ও 'হে সুন্দর বসন্ত, বারেক ফিরাও' প্রভৃতি দু'একটা নিজের গানও তাঁর হাতে এই ভাবে য়ুরোপীয়ান্বিত হ'য়ে ওঠে। এই কাজে তাঁকে বিশেষভাবে সাহায্য করেন তাঁর মেজ মামার মেয়ে বর্ত্তমান বিশ্বভারতীর সংগীত-ভবনের অধ্যক্ষা শ্রদ্ধেয়া শ্রীযুক্তা ইন্দিরা দেবী চৌধুরাণী। তিনি সরলা দেবীর দেওয়া বহু ইংরেজী সুরের স্বরলিপি করেন।

ব্যারিস্টার মনোমোহন ঘোষের বাড়ীতে বঙ্গনাটকে ও সাহেব-মেমদের ডিনার ও ইভনিং পার্টিতে যোগ দিতে তাঁর ডাক পড়ত। ডিনার পার্টিতে যোগ দেবার উপযুক্ত বয়স না হ'লেও গানের জন্যই তাঁকে যোগ দিতে হত—কেন না ইংরেজী প্রথা অনুসারে ষোল বছরের কমে কেউ ডিনার পার্টিতে যোগ দিতে পারে না।

সরলা দেবীর এই সংগীত-প্রতিভার সংবাদ সাহিত্য-সম্রাট বঙ্কিমচন্দ্রের কাণে গিয়েও পৌছয়। তিনি একদিন সরলা দেবীকে তাঁর 'সাধের তরণী' গানটিতে সুর দিতে বলেন। থিয়েটারের দেওয়া সুর তাঁর পছন্দ নয়। পরে একদিন তাঁর মুখে নতুন সুর শুনে তিনি খুব খুসি হন। এই গানটির স্বরলিপি সরলা দেবীর 'শতগানে' আছে।

মুক্ত বিহঙ্গ যেমন অসীম নীলাকাশে নিজেকে হারিয়ে ফেলতে চায়, তেম্‌নি কলেজ-জীবন ছাড়ার পর সরলা দেবীর মনও সুদূরের পানে উধাও হ'য়ে ছুটে যায়। 'মহারাণী গার্ল স্কুলে'র এসিস্টেন্ট সুপারিন্টেণ্ডেন্টের পদ নিয়ে তিনি মহীশূর যাত্রা করেন। সেখানে দেওয়ান বাহাদুরের পৌত্রীর কাছে তিনি তেলেগু সংগীত শিক্ষা করেন। এ সম্বন্ধে তাঁর আত্মকথায় লিখেছেন—

"মহীশূরে প্রবেশ ক'রে দেখলুম, একেবারে সংগীতের রাজ্যে এসে পড়েছি। সারা দিন রাত্রি বায়ু-তরঙ্গে সংগীত ভেসে আসচে। উত্তর ভারতের সংগীতের মত নয়—দক্ষিণের একটা নিজস্ব অপূর্বতাসম্পন্ন।" সেখান থেকে বহু তেলেগু সংগীতের সুর এনে তিনি রবীন্দ্রনাথকে উপহার দেন এবং রবীন্দ্রনাথ সেই সুরে বহু সংগীত রচনা করেন। "আনন্দলোকে মঙ্গলালোকে" "এস হে গৃহ-দেবতা" "একি লাবণ্যে পূর্ণ প্রাণ" "চির-বন্ধু চির-নির্ভর" প্রভৃতি বিখ্যাত রবীন্দ্র-সংগীতগুলি তাঁরই মহীশূর থেকে আনা সুরে সাজান।

মহীশূর যাওয়ার পথে মাদ্রাজেও তিনি বহু মাদ্রাজী সংগীতের সুর সংগ্রহ করেন। মাদ্রাজী গানের কথাগুলি শুনতে উৎকট হ'লেও তার সুর ভারি মধুর। একটা নমুনা দিই।—

বাবুং নালঙ্গুড়া কৈধন্নি লে
বাসুদেব কি বরপুত্র!
রত্নসিংহাসনতল বাজয়ি রূপবিম্বা
রি—রি—রি—রি—রি!

এর সঙ্গে আমাদের বাঙালী মাঝির—"মন মাঝি সামাল সামাল ডুবল তরি ভবনদীর তুফান ভারি-ই-ই" গানের ইর টান তুলনীয়।

বোম্বের সোলাপুর, সেতারা, পুণা, পণ্ডরপুর, মহাপালেশ্বর প্রভৃতি বহু জায়গায় তিনি গিয়েছেন এবং সর্বত্রই গানের সুর কুড়িয়ে বেড়িয়েছেন। বোম্বের আকবর হায়দারী এবং বদরুদ্দিন তায়েবজীর বাড়ীতে তাঁর গান খুব জমেছিল। পাঞ্জাবেও তাঁর প্রচেষ্টায় মেয়েদের মধ্যে সংগীত-চর্চার প্রসার ঘটে। মাদ্রাজ ও মহীশূর ভিন্ন ভারতের আর কোন প্রদেশে মেয়েদের সংগীত-জীবন সম্যক বিকশিত নয়।

সুর কুড়োনো তাঁর একটা বাতিক ছিল। যেখানেই কোন নতুন সুরের সন্ধান পেয়েছেন, সেখানেই তিনি ছুটে গিয়েছেন। রাস্তার ভিখারীদের ডেকে ডেকে পয়সা দিয়েও তাঁর সুরের সাজি ভ'রে তুলেছেন। আর সেই সাজি তাঁর রবিমামার পায়ে উপহার না দিয়ে তার তৃপ্তি ছিল না। এ যেন দেবতার পায়ে মুগ্ধ ভক্তের আত্ম-নিবেদন।

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের চুঁচুড়ায় অবস্থান কালেও তিনি মাঝে মাঝে সেখানে যেতেন। চুঁচুড়ায় বোটের মাঝির কাছে থেকেও তিনি বহু বাউল সুর সংগ্রহ করেন। সেই সুর নিয়েই রবীন্দ্রনাথ বহু বাউল গান রচনা করেন। "কোন আলোতে প্রাণের প্রদীপ" "যদি তোর ডাক শুনে কেউনা আসে" "আমার সোনার বাংলা" প্রভৃতি বিখ্যাত রবীন্দ্র-সংগীতগুলি সেই মাঝির বাউল সুরে রচিত।

মহর্ষি দেবেন্দ্রনাথও একবার তাঁকে হাফেজের একটা গানে সুর দিতে বলেন। সুর শুনে দেবেন্দ্রনাথ এত সন্তুষ্ট হন যে, হাজার টাকার অলংকার তাঁকে উপহার দেন। এর স্বরলিপি 'শতগানে' আছে।

জাতীয়-সংগীতেও সরলা দেবীর দান সামান্য নয়। কলিকাতা বিডন স্ট্রীটে কংগ্রেসের অধিবেশনে তাঁর "অতীত গৌরব-বাহিনী মম বাণী, গাহ আজি হিন্দুস্থান" গান হিন্দু, মুসলমান বৌদ্ধ জৈন শিখ খৃষ্টান, বাঙালী, গুজরাটী, মাদ্রাজী, মারাঠি, পাঞ্জাবী উৎকলবাসীকে এক অপূর্ব দেশ-প্রীতির ঐক্য-ডোরে বেঁধে দেয়। তাঁর "নমঃ নমঃ ভারত-জননী" গান শুনে স্বর্গীয় বিপিন পাল মহাশয় যেমন উৎসাহবোধ করেছিলেন, তেমনি বিরক্ত হ'য়েছিলেন স্যর গুরুদাস বাঁড়ুজ্যে, যেহেতু গানটির শেষ লাইনে আছে—"অপমানক্ষত জুড়াইবি মাতঃ খর্পরকর-বালিনী!"

'বন্দে মাতরমে'র প্রথম দুটি পদের সুর দিয়েছিলেন রবীন্দ্রনাথ, গোড়ার দিকে শুধু সেই দুটি পদই গাওয়া হত। তারপর রবীন্দ্রনাথের নির্দেশে সরলা দেবী বাকি অংশের সুর দেন। তখন থেকে সমস্ত গানটা চালু হ'ল।

বহুবার কংগ্রেসের অধিবেশনে সরলা দেবীর নিজ কণ্ঠে গীত বন্দে মাতরম্ সংগীত বিশেষ মর্যাদা লাভ করেছে।

আলমোড়া পাহাড়ে বিবেকানন্দ-আশ্রমের অধিনেত্রী মিসেস সেভিয়র তাঁকে একবার বলেছিলেন—"আর কিছুই নয়, শুধু যদি জাতীয় গান গেয়ে গেয়ে ফেরো ভারতের নগরে নগরে গ্রামে গ্রামে, সমগ্র দেশকে মাতাতে পার"।

ভারতীয় ও পাশ্চাত্য সংগীত-প্রচারেও তিনি আত্ম-নিয়োগ করেন। তিনিই প্রথম কলকাতায় ভারতীয় ও পাশ্চাত্য সংগীত শিক্ষার ক্লাব খোলেন। এই ক্লাবে সুবিখ্যাত গায়ক স্বর্গীয় অতুলপ্রসাদের মুখে শোনা অনেক-গুলো গানের স্বরলিপি তিনি করেন।

বিজলী আলোর নীচে বহু গুণীর সমন্বয়ে অর্কেস্ট্রা সংগীত আমরা শুনেছি, কিন্তু তাই ব'লে বনের কোকিলকে আমরা ভুলতে পারি কি? আজকের দিনে বাঙলায় গায়িকার অভাব হয়তো নেই, কিন্তু সে যুগের পটভূমিকায় সরলা দেবীর বিচার না করলে মস্ত ভুল হবে। ভারতীয় সঙ্গীত-ক্ষেত্রে নিত্য নূতন গুণীর আবির্ভাব হচ্ছে এবং ভবিষ্যতেও হবে, কিন্তু সেদিনের সেই সংগীত-সমাজ বাঙলার এই কলকণ্ঠ বিহঙ্গকে ভুলে যাবে কি?

এই ছোট্ট প্রবন্ধ লিখতে বন্ধুবর শ্রীযুক্ত বিনয়ভূষণ দাশগুপ্তের বিশেষ সাহায্য পেয়েছি। এর জন্যে কৃতজ্ঞতা জানিয়ে তাঁর বন্ধুতার অমর্যাদা করতে চাই না।—লেখক

স্বরলিপি

(ধ্রুপদ)

ললিত—ঢিমা-ত্রিতাল

আয়ো রে আজ দিন
আওর মঙ্গল সো দিন দিন
হিয়রে সিরী রাম।

এ অহো গঙ্গা মিল মঙ্গল গাওয়ে
সীতা তিলক লাগাবে আজ
নরল সিরী রাম।

প্রাপ্ত—স্বর্গত মহম্মদ আলী খাঁ সাহেব

স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

স্থায়ী

+ ৩ ০ ১
II সা -সঋা -ন্‌সা মা -ঋা -গা -া মা I
আ ০০ ০০ ০ য়ো

+ ৩ ০ ১
-ধা ধা -ঋা -র্সা -না -ধা -ঋা -গা -মা -া মা মগা -মা -া -া ধা I
রে আ জ০ ০ ০ দি

\+
ক্ষা ধা -া ক্ষগা -ঋা -া গা -ক্ষা গা সঋা -া -সা সঋা ন্‌সা মা মা I
ন আ ও র০ ০ ০ ম ০ ল ০ সো০ ০০ দি ন

মা মা -ক্ষা -গা মা ধা না র্সা ঋা -না -ধা ক্ষা | -ধা -া -ক্ষা -া I
দি ন ০ ০ হি য় রে সি রী ০ রা ০

\+ ৩ ০
-গা -মা মা -া | -ক্ষা -গা -া -া | "সা সঋা ন্‌সা -মা | -ক্ষা -গা -া মা" I
০ ০ ম ০ | ০ ০ ০ ০ | আ ০০ ০০ ০ | ০ ০ ০ য়ো

অন্তরা

II \+ ০
গা ক্ষা ধা -া | না -া র্সা -না I
এ স হো ০ | গ ঙ্‌ গা ০

৩ ০ ১
ধা না নর্সনা -ঋর্সা র্গা র্সা র্সনা -র্গা র্সা -া ধা র্সা ধা র্সা র্সা না I
মি ল ম০০ ০০ জ ল গা০ ও য়ে সী তা ০ তি ল ক

\+
ঋা -না ধা -ক্ষা -ধা -ক্ষা -গা -মা মা -া -ক্ষা -গা -া ক্ষা -ধা না I
০ লা গা ০ ০ ০ বে ০ ০ আ ০ জ

\+ ৩ ০ ১
-া র্সা র্সা র্সা -না র্সা র্ক্ষা -র্গা র্সা -না -ঋা -না -ধা -ক্ষা -ধা -া I
০ ন ব ল ০ সি রী ০ রা ০ ০ ০ ০ ০ ০ ০

\+ ৩ ১
-ক্ষা -া -গা -মা | মা -ক্ষা -গা -া "সা-সঋা ন্‌সা-মা -ক্ষা -গা -া মা" II
আ ০০ ০০ ০ | ০ ০ ০ য়ো

স্বরলিপি

মিশ্র—দাদ্‌রা

যবে দিন হবে অবসান
নামিবে আঁধার
মোর খেলাঘর ভরি'
বন্ধু আমার, হেথা মোর লাগি'
ক্ষণেক ভিড়ায়ো তরী।
গোধূলির ছায়াপথে
ছড়ায়ো কুসুম আমার মালিকা হ'তে
নিয়ে যেয়ো সেই অজানার পথে
মোর হাতখানি ধরি'
বন্ধু আমার, হেথা মোর লাগি'
ক্ষণেক ভিড়ায়ো তরী।

যত প্রেম ছিল অন্তর মাঝে মম
মোর অজানিতে তোমারে সে সবি
দিয়াছি যে প্রিয়তম!
ক্ষণ কামনার মত সেই প্রেম
বিফলে যাবে না ঝরি'
বন্ধু আমার, হেথা মোর লাগি'
ক্ষণেক ভিড়ায়ো তরী।

কথা—শ্রীদেবগুরু চট্টোপাধ্যায়

সুর ও স্বরলিপি—শ্রীবিমল চক্রবর্ত্তী

+ ০ + ০

II -া সা ন্া সা -গা গা I গা মা পা মগা -রগা গা
য বে দি ন্ হ বে অ ব সা০ ০ন্ ০

-া -া -া গা গা -পা I ক্ষা ধপা -ক্ষাপা গপা -ধনা না I
০ ০ ০ না মি বে আঁ ধা০ ০র্ মো০ ০র্ খে

ধা -ক্ষাপা -ক্ষাপধা পা -মা -মা I -া -া -া গা -পা পা I
লা ঘ০ ০০র্ ভ রি ০ ০ ০ ০ ব ন্ ধু

ক্ষা ধপক্ষা -পা মা গা রগা I -গা রসন্া সা প্া ন্া -সা I
আ মা০০ র্ হে থা মো০ র্ লা০০ গি ক্ষ ণে ক্

রা গা মা | গা -রা সা I -া -া -া -া সা ন্া II
ড়া য়ো | ত ০ রী ০ ০ ০ ০ য বে

\+   ০   +   ০

II না না ধনা । -র্সনা ধপা পা । গপা ধর্সা -না । -া -া -া I
গো ধূ লি   র্ ০ ছা ০ য়া   প ০ থে ০ ০   ০ ০

পা না না । নর্সা -নর্সা র্রা । না র্সনা -র্সনা । ধা পা মা I
ছ ড়া য়ো   কু ০ সু ০ ম   আ মা ০ ০ র্   মা লি কা

ধা -ধা পা । -া -া -া I র্সা র্সা পধা । পধা পমা গমা I
হ ০ তে   ০ ০ ০   নি য়ে যে ০   য়ো০ সে০ ই র

সা গা পা । ধা পধা নর্সা । ধা -না ধা । পা মা গা ।
অ জা না   র প ০ থে ০   মো র্ হা   ত খা নি

রগা রগা -পমা । -া -া । "গা -পা পা । জ্ঞা ধপমা -প," II
ধ ০ রি০ ০ ০   ০ ০   ব ন্ ধু   আ মা০০ র্ ইত্যাদি

II সা সা ধন্া । ধ্না ধ্া প্া I প্া ধ্া রা । রা রা রা I
য ত প্রে০   ম০ ছি ল   অ ন্ ত   র মা ঝে

সগা রগা -রা । -া -া -া I গা -পা পা । পা পা পা
ম ০ ম ০ ০   ০ ০ ০   মো র্ অ   জা নি তে

পা পা -না । ধনা নর্সা না I গা মা পা । রা সা ন্া
তো মা রে   সে০ স০০ বি   দি য়া ছি   সে প্রি য়

রা -সা সা । -া -া -া । গা -পা পা । পধা নর্সা -র্সনর্সা I
ত ০ ম   ০   ম ০ না০ ০০০ র্

ধা পমা গা । -রগা পা মা I -গা -পা -া । -া -া -া I
ম ত০ সে   ০ ০ ই প্রে

গা মা পা । রা সা সা । সা -গা -রগা । গা -পমা -গমা I
বি ফ লে   যা বে না   ঝ ০ ০ ০   রি ০ ০ ০ ০

"গা -পা পা । জ্ঞা ধপজ্ঞা পা" II II
ব ন্ ধু   আ মা০০ র্   ইত্যাদি

স্বরলিপি

(খেয়াল)

গৌড়সারং—ত্রিতাল (দ্রুতলয়)

মিঠি মিঠি বাতিয়া পিয়া প্যারে কি
শ্যামসুন্দর বংশীওয়ালে,
রাঃ ত কত হ্যায় অদারঙ্গ পিয়া
ঠাড়ে তোরে দুয়ারে।

রচনা—অদারঙ্গ | প্রাপ্ত—উস্তাদ দবীর খাঁ | স্বরলিপি—শ্রীবিপিনচন্দ্র দাস

স্থায়ী

\+
II মা -গা রা মা | গা -রা ন্া সা I
মি ০ ঠি মি | ঠি ০ বা তি

গা -া পক্ষা ধপা | মা গা রা সা | ন্া -া প্া ম্া | -া -প্া ন্া সা I
য়া ০ পি০ য়া০ | প্যা ০ রে কি | শ্যা

ন্সা গরা মগা পক্ষপা | রা -া সা -া | "মা -গা রা মা | গা -রা ন্া সা II
বংশী ওয়া ০০ ০০০ | ০ ০ লে ০ | মি ০ ঠি মি | ঠি ০ বা তি

অন্তরা

\+ ৩ ০
II মা -া -া গা | পা ক্ষা ধা -পা I
রাঃ ০ ০ ত | ক ত হ্যা য়্

র্সা -া র্সা -না | র্গা র্রা না র্সা | র্মা -র্গা র্পক্ষা -র্পা | র্রা -া র্সা -া I
অ ০ দা ০ | র ঙ্গ পি য়া | ঠা ০ ড়ে০ ০ | তো ০ রে ০

র্সনা -ধপা ক্ষধা -পক্ষা | গরা মগা -রা -সা | "মা -গা রা মা | গা -রা ন্া সা" II
দু০ ০০ য়া০ ০০ | রে০ ০০ ০ | মি ০ ঠি মি | ঠি ০ বা তি

স্বরলিপি

ভৈরোঁ—ত্রিতাল (মধ্যলয়)

মধুকর কৃষ্ণ গোপাল,
চিতচোর নন্দ দুলাল।
বন্‌শীধারী বলিহারি
হরি নাম হ্যায় বিশাল।

হরি নাম মেঁ যমুনা জল
উছল্ কর হোতে পাগল ;
শিব সমাধি ভুল জায়েঁ
সমঝ্ ন পায়েঁ তোরি তাল।

কথা ও সুর—চন্দনকুমার

স্বরলিপি—শ্রীসুষমারাণী দত্ত

II + সা দা দা দা পা -মা পা মা I
ম ধু ক র কৃ ষ্ ণ গো

ঋা -া -া -গা | -সা -া সা -া দ্‌া দা না না সা -া গা মা I
পা ০ ০ ০ ০ ০ ল ০ চি ত চো র ন ন্ দ দু

গা -মা -পা -দা -র্সনা -দপা -মগা -ঋসা I "সা দা দা দা পা -মা পা মা" II
লা ০ ০ ০ ০০ ০০ ০০ ০ল ম ধু ক র কৃ ষ্ ণ গো

II মা -মা পা -া দা -া না -া I
ব ন্ শী ০ ধা ০ রী ০

র্সা -া -া র্সা র্সা -া র্সা -া র্সা ঋা ঋা -া ঋা -র্মগা ঋা -র্সা I
ব ০ ০ লি হা ০ রি ০ ০ হ রি ০ না ০০ ম ০

না -র্সা -না দা পা -পা -া পা "সা দা দা দা পা -মা পা মা" II
হ্যা য়্ ০ বি শা ০ ০ ল ম ধু ক র কৃ ষ্ ণ গো

```
     +                  ৩                  ০                  ১
II                                         ন্‌া  সা  ন্‌া  দ্‌া  প্‌া  -া  -া  -া  I
                                           হ    রি   না    ম     মেঁ

দ্‌া  দ্‌া  সা  -া  -ন্‌সা  -া  ন্‌সা  ন্‌সা   ন্‌া  ন্‌া  সা  ঋা   গা  -া  -া  -া  I
য    মু    না   ০                          উ    ছ    ল   ক                   ০

গা  -পা  গা  ঋা  সা  ন্‌া  সা  -া   "সা  দা  দা  দা   পা  -মা  পা  মা"  II
হো   ০   তে   পা                         ধ   ক   র    কৃ   ষ্‌   ণ   গো

II                                  পা  -া  র্সা  র্সা   র্সা  -া  র্সা  -া  I
                                    শি  ০   ব    স     মা   ০   ধি   ০

মা  -র্সা  -র্ঋা  র্সা  না  -দা  পা  -া   মা  মা  দা  দা   পা  -পা  মা  -া  I
ভু   ০    ০    ল    জা   ০   যেঁ   ০    স   ম   ঝ   ন    পা   ০   যেঁ   ০

গা  -মা  -পা  মা  ঋা  -া  সা  -া   "সা  দা  দা  দা   পা -মা পা মা" II II
তো   ০   ০   রি   তা   ০   ল   ০                     কৃ  ষ্‌  ণ  গো
```

বাহাত্তর ঠাট

৩৬

শ্রীবিমল রায়

২৩। জৌনপুরী

ভূমিকা—জৌনপুরী কথাকে অনেকে যৌবনপুরী, জোয়ানপুরী ক'রে লেখেন। জৌনপুর স্থান থেকে জৌন-পুরী, যেমন, গুর্জর থেকে গুজরী, মুলতান থেকে মুলতানী ইত্যাদি। জৌনপুর, যবনপুর বা যৌবনপুর-এর অপভ্রংশ কিনা, এ ভাষাবিদ্‌রা মীমাংসা করবেন। তবে স্থানকে যখন জৌনপুর বলা হ'তো, তখন রাগটিকে জৌনপুরীই এখনকার মতো বল্‌তে হ'বে।

জৌনপুরের সুলতান অথবা তাঁর সভাগায়ক এই রাগ সৃষ্টি করেন, এবং দেশের নামে নাম রাখেন,—এই হ'লো সাধারণ মত। কোনও কোনও গুণীর মতে, ভাও জিকৃরিয়া এটির সৃষ্টিকর্তা, তা'হ'লে অবশ্য এটি তানসেনী যুগের রাগ হ'য়ে দাঁড়ায়, আর ধ'রে নিতে হয় যে, তৈরী হ'লেও সে সময়ে তার প্রচার হয়নি। সুলতান হোসেন সির্কি যদি প্রচারকর্তা হ'ন, তা'হলে এটি তানসেনের পরের যুগের। সদারঙ্গের কিছু আগের গ্রন্থে যখন এর

নাম রয়েছে, তখন একে হোসেন সিকির সৃষ্ট বা তাঁর সভা-গায়কের সৃষ্ট ব'লে ধরা একটু মুস্কিল হয়। বহাদুর খাঁ বাদশাহের দরবারে এর উৎপত্তি হ'লেও হ'তে পারে, যিনি সদারঙ্গের কিছু আগে ছিলেন।

জৌনপুরী একটি টোড়ী। হোসেনী বা বহাদুরের নামেও টোড়ী আছে। তা'হ'লে কি ধ'রে নিতে হবে যে, এই তিনটি নাম পৃথক পৃথক সময়ে উৎপন্ন হ'য়েছিল, অথবা তিনটি বা দুটি নাম একই ব্যক্তির, রাগগুলি ভিন্ন ভিন্ন ওস্তাদের সৃষ্ট? আপনাদের কি মত জান্‌তে উৎসুক রইলাম। আমার মত বহাদুরী টোড়ী বল্‌বার সময়ে পাবেন।

প্রাচীনত্ব।—কোনও প্রাচীন গ্রন্থে এ নাম নেই। অষ্টাদশ শতাব্দীর ভাবভট্টের গ্রন্থে এর প্রথম উল্লেখ পাই। আর সেখানে জৌনপুরী, বহাদুরী, হুসেনী টোড়ী পৃথক ব'লেই লেখা আছে। এদিক দিয়ে জৌনপুরী ২০০-২৫০ বছরের পুরাতন।

অর্ব্বাচীনত্ব।—অর্ব্বাচীন জৌনপুরী সম্বন্ধে বিশেষ কোনও মতভেদ নেই। বিশেষ বল্‌ছি এই জন্য যে, কেউ কেউ এতে (১) শুদ্ধ ধৈবত বা (২) তীব্র মধ্যমও যোগ দিয়ে থাকেন; কিন্তু তাঁদের সংখ্যা এতো কম যে আমরা তা লক্ষ্য না করলেও পারি। তবু আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, (১) করেন স র ম প দা পা ম প ধ ণ র্স ণ দ প দ ম প জ্ঞা রসা; আর (২) করেন স র ম প দ ণ র্স ণ দ প হ্ম দ প দ ম প জ্ঞ রসা;

(১) -এর মুস্কিল হ'চ্ছে শুধ্ আহীরকে নিয়ে, এক প্রকার আসাওরিকে নিয়ে, এক প্রকার জৌনরবষকে নিয়ে, এক প্রকার বিনোদকে নিয়ে, এক প্রকার গান্ধারকে নিয়ে।

(২) -টি রুদ্র গান্ধারীর মতো।

তা'র উপর বেশীর ভাগ গুণীই এদের বিপক্ষে, অতএব এদের নাকচ করা ব্যতীত অন্য উপায় নেই। "এ মতটি ভুল," "যাঁরা বলেন তাঁরা কিছু জানেন না," "এরূপ বলা অজ্ঞতার পরিচায়ক" ইত্যাদি মত প্রকাশ অত্যন্ত অন্যায়। কারণ, কার মত ঠিক বা ভুল, এর বিচার আজকাল ভারে কাটে, সাধারণতঃ ধারে কাটে না। তবে একটা নির্দ্ধারিত ধারা চালাতে গেলে তা'র বাঁধা নিয়মকানুন চাই, অতএব সে হিসাবে, বেশীর ভাগ গুণী যে দিকে থাকবেন, সেইটাই ঠিক ব'লে মেনে নিতে হবে, না হ'লে আগেকার গণ্ড-গোলের কোনও কিনারাই পাবেন না। এক্ষেত্রে এমন কি একজন মস্ত ঘরাণাদার একলা একদিকে থাকলে তাঁর মত গ্রাহ্য হবে না। (৺ভাতখণ্ডেজী এই নিয়ম ঠিক রাখতে পারেন নি ব'লেই তাঁর অনেক রাগ অন্য রকম হ'য়ে পড়েছে, তিনি বড় ওস্তাদের নাম দেখে তাঁকেই মেনেছেন, অথচ বহু ওস্তাদকে এক যোগে সেই রাগের অন্য মূর্ত্তি দেখিয়েছেন, তা' গ্রাহ্য করেন নি। এই রকম বিচার ঠিক ন্যায় বিচার নয়। শ্রদ্ধেয় ব্রজেন্দ্রকিশোর-বাবুর ব্যাকরণও ঠিক একই কারণে সেনী ব্যাকরণ, সর্ব্বদলীয় ব্যাকরণ নয়।)

ধরুন না, ধানশ্রী জ্ঞ গ ণ, পঞ্চম শুদ্ধ, ধবলশ্রী হ্ম ইত্যাদি মত বড় বড় গুণীর মধ্যে আছে

ভুল বল্লে, এতো বড় ওস্তাদদের অপমান করা হয়, কিন্তু প্রচলিত মত হিসাবে এ গুলিকে অন্যায় মত বল্‌তেই হবে, না হলে এতো রাগ-বিচার ইত্যাদির জন্য গ্রন্থ লেখা আর পরিশ্রম নিরর্থক। কেউ যদি বলেন, "আমার রসোপলব্ধির অনুপাতে এই রাগ আমি গাইছি", তাহ'লে রাগ ব'লে কোনও বাঁধা ধরা কাঠামোর জিনিষই তৈরী হ'তে পারে না, এবং যে কোনও রাগকে যে কোনও নাম দিলেও কারও আপত্তির কারণ থাকৃতে পারে না।

এই কারণেই ওস্তাদজির ইমন ও ইমন-কল্যাণকে পুরাতনের দিক দিয়ে ঠিক কিনা, এ বিচার না ক'রেই আমি অর্ব্বাচীন হিসাবে অন্যায় ব'লতে বাধ্য হ'য়েছি।

রূপ।—জৌনপুরী, ঠাট কানরা, ব্যবহার জ্ঞদন, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ব-সম্পূরণ; আরোহে জ্ঞ

বর্জিত, নিখাদ বক্র ভাবেও ব্যবহৃত হয়, এবং অবরোহে পঞ্চম মধ্যমের সঙ্গে বক্র ভাবে ব্যবহৃত হয়। শুদ্ধ আসাওরির সঙ্গে তফাৎ এক মধ্যম আর পঞ্চমের প্রবলতার ওপর। জৌনপুরীতে পঞ্চম প্রবল ও মধ্যম দুর্ব্বল ক'রে ব্যবহার করা উচিত।

মূর্চ্ছনা√:—স র ম প া দ ণ র্স ণ দ পা দ ম প জ্ঞা র সা। বিস্তার—স র ম পা দ ম প জ্ঞ র সা, স ণ্ দ্ প্ দ্ স্ ণ্ স র ম প জ্ঞা র ম পা দ দ প দ ণ দ পা ম প জ্ঞা র সা, স র ম প দ দ পা প ণ দ ণ র্স র্র র্স দ ণ দ পা দ ম প জ্ঞ র সা, ম প দ র্স ণ র্স র্র ণ র্স র্র জ্ঞ র্র র্স র্র দ দ প ণ দ প ম প জ্ঞা রসা।

বাদী পঞ্চম। ধৈবত বাদী টোড়ীর অঙ্গের সাধারণ নিয়ম হ'লেও জৌনপুরীতে পঞ্চমে বেশী জোর না দিলে ধৈবত বাদী গান্ধারীর সঙ্গে বিশেষ তফাৎ থাকবে না। গান্ধার, ধৈবতে অল্প আন্দোলন চলে। কারো কারো মতে জৌনপুরীতে সারং অঙ্গ একটু আছে, এবং থাকা ভাল। এ-কারণে ম প ণ র্স র্র জ্ঞ র্র র্সা, এই ভাবে ধৈবত উল্লংঘন করা হয়।

এ মতটি মন্দ নয়, এবং অল্প ব্যবহারে বেশ পার্থক্য সৃষ্টি করে। অবশ্য ম প ণ র্স এই ঠাটের অন্য রাগেও পাই, অতএব বেশী ব্যবহার যুক্তিযুক্ত নয়। জ্ঞ র ম অল্প ব্যবহার হবে, না হ'লে মধ্যমে জোর পড়বে যা গান্ধারীর এক রকম চাল। কোনও কোনও গুণী র ম প দ ম প দ দ প ম প জ্ঞ ম প এই ভাবে জ্ঞ ম প ব্যবহারও দেখান। এই ব্যবহার যুক্তিযুক্ত ব'লে মনে হয় না, তবে অন্য রাগ থেকে বাঁচাবার জন্য কচিৎ ব্যবহার চ'লতে পারে।

জৌনপুরীকে টোড়ী ব'লে ধরা হয়। আমি একে আসাওরি অঙ্গে ধরি। আসাওরি অঙ্গ মানে রেখাব, মধ্যম, পঞ্চম, ধৈবতের সঙ্গৎ; ধৈবত কোমল, রেখাব কোমল হ'তে পারে শুদ্ধও হ'তে পারে। আসাওরি প্রকৃতিযুক্ত যারা তাদের মধ্যম প্রবল যারা শুধু গোত্রান্তর্গত তাদের ধৈবত, পঞ্চম প্রবল, মধ্যম দুর্ব্বলও হ'তে পারে, কিন্তু রেখার অনুবাদী অর্থাৎ মাঝারি জোর। যখন গান্ধার শুদ্ধ হ'বে তখন সেটাকে আশা অঙ্গ বলা হ'বে, কিন্তু রেখাব সেখানে কোমল।

ঋ ম প দ প ম জ্ঞ ঋ—আসাওরি অঙ্গ
ঋ ম প দ প ম গ ঋ—আসা অঙ্গ
র ম প দ প ম জ্ঞ র } —আসাওরি অঙ্গ
র ম প দ প ম গ র } দ্বিতীয়টি অন্য অঙ্গ—যুক্ত হয় সাধারণতঃ।

অনেকে আসাওরিকে টোড়ী অঙ্গে ফেলেন, কিন্তু টোড়ীর পুরাতন রূপে তা' সম্ভব হ'লেও, নতুন রূপে সম্ভব নয়, কাজেই আমি অসাওরিকে সিদ্ধ সত্ত্ব ব'লে স্বীকার করি, আর জৌনপুরীকে টোড়ী প্রকার না ব'লে আসাওরী প্রকার বলি।

মিশ্রণ।—জৌনপুরীর কয়েকটি মিশ্রণ আছে:—

১। জৌনী কানরা ২। জৌন বরস ৩। জৌন-বেহাগ ৪। জৌন বহার।

স্বরলিপি

ভৈরোঁ ভৈরবী মিশ্র—দাদ্‌রা

ভোরের শিশির রাতের বেদনা
কোথায় তোমার বাস
কোন্ কমলের বুকের দেউলে
ফেলিছ দীরঘ শ্বাস ?
গোপন তোমার নয়নের নীরে
যুঁই মালতীর হৃদয়ের তীরে,
একি গো কাঁপন উঠিয়াছে ঘিরে
দুলিয়ে বনের পাশ।

তোমারি মতন হৃদয় আমার
অশ্রু-সলিলে ভরা
তোমারি মতন নভো-তীর-হারা
বেদনে বাদল ঝরা।
বনে প্রান্তরে উদাসী মতন
হারানো প্রিয়ার খুঁজিনু নয়ন,
সে নয়নে তব মিলাইতে আঁখি
পরেছি অরুণ বাস!

কথা—শ্রীঅশ্বিনী পাল   সুর—শ্রীক্ষিতীশ দাশগুপ্ত   স্বরলিপি—কুমারী ছবি পাল

II সা মা -া | গমা পা পা I মপা ণদা -দা | -দা মা দা I
ভো রে র্ | শি শি র্ | রা তে০ ০ | র্ বে দ

পা -া -া | -া -া I র্সা দা -া | পা মপা -গা I
না ০ ০ | ০ ০ | কো থা য়্ | তো মা০ র্

মা -মা -া | -া -া -া I গা -মা গা | ঋা মা সা I
বা ০ ০ | ০ ০ স্ | কো ন্ ক | ম লে র্

সঋা মা -মা | -া পা মপা I পণা -দা দা | -া -া -া I
বু০ কে ০ | র্ দে উ০ | লে০ ০ ০ | ০ ০ ০

মা পা দা | মা পা দা I র্সা -র্সা ননা | -দদা -পা -া II
ফে লি ছ | দী র ঘ | শ্বা ০ ০ | ০০ ০ স

"কোথায় তোমার…" ইত্যাদি

II মা দা দা মদা না -া I না র্সা -র্সা ঋা র্সা -র্সা I
গো প ন তো০ মা র্ ন য় ০ নে র ০

না র্সা -র্সা | া -া -া I না না দা না র্সা -র্সা I
নী রে ০ | ০ ০ ০ যুঁ ই মা ল তী র্

না র্সা -র্সা | দা পা -দা I মা মা -মা া -া -া I
হৃ দ ০ য়ে র ০ তী রে ০ ০ ০

সা ঋা মা | গা মা -া I দা পা মা পা মা -ঋা I
এ কি গো | কাঁ প ন্ উ ঠি য়া ছে খি ০

সা া- -া -া -া -া I সা ঋা মা গা মা পা I
রে ০ ০ ০ ০ ০ দু লি য়ে ব নে র

পণা -দা -দা -া -া II
পা ০ ০ ০ শ ০

"কোথায় তোমার···" ইত্যাদি

II সা মা মা মা মা -া I মগা মা -া ঋা সা -া I
তো মা রি ম ত ন্ হৃ দ য়্ আ মা র্

দা -দা ণা | সা রা জ্ঞা -ঋা -া সা | -া -া -া I
অ ০ শ্রু | স লি লে ভ ০ রা | ০ ০ ০

সা জ্ঞা জ্ঞা সরা মা -া I মপা পা জ্ঞা | -া রজ্ঞা -সরা I
তো মা রি ম০ ত ন্ , ন০ ভো তী | র্ হা০ ০০

মা -া -া | -া -া -া I পা দা ণা | র্ঋা র্সা -া I
রা ০ ০ | ০ ০ ০ বে দ নে বা দ ল্

না র্সা -া -া -া -া I র্সা র্রা র্জ্ঞা -া র্ঋা র্সা I
ঝ রা ০ ০ ০ ০ ব নে প্রা ন্ ত রে

পা দা ণা র্ঋা র্সা র্সা I র্সা র্রা র্সর্ঋর্সা ণধা ণা -ণা I
উ দা সী ম ত ন হা রা নো০০ প্রি০ য়া র

পা দা মা | দা পা পা I সা মা মা মপা মজ্ঞা জ্ঞা I
খুঁ জি নু ন য় ন সে ন য় নে০ ত ব

রা সা সা ঋা সা -দ্া I সা সা -া -া -া -া I
মি লা ই তে আঁ ০ খি ০ ০ ০ ০ ০

সা ঋা মা ঋা সা দা I পা -া -া -া -া -া II II
প রে ছি অ রু ণ বা ০ ০ ০ ০ স্

"কোথায় তোমার..." ইত্যাদি

হিন্দুস্থানী রাগ-সঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

তারাণা

শ্যাম-কল্যাণ—ঢিম-ত্রিতাল

রচনা—৺রহিম খাঁ প্রাপ্ত—মহম্মদ দবীর খাঁ

স্থায়ী

II + ৩ ০ ১

গা ররা গা মা I
ও দের তা না

গা রা সা সা | গরা গরা গা হ্মা পা -া ধা পা হ্মপা ননা ধা পা I
দি ইম্ তা না | দেরে দেরে না তে দি ইম্ তা না দেরে দেরে না তে

রা পহ্মা পা ধা গা মা ধা পা মা রা ন্‌া সা "গা ররা গা মা" II
দি ইম্ তা না দে রে না তে দা রে দা নি ও দের্ তা না

অন্তরা

II +

পা ধা -া পা I
তা দি ইম্ তা

র্সা -া র্রা র্সা র্গা র্রা র্সা না ধা পা হ্মা পা মরা -া হ্মা পা I
দি ইম তা না দে রে না তে দা রে দা নি দ্রে০ দি ইম দ্রে

না ধা পা হ্মপা গা মা ধা পা মা গমা রন্‌া সা "গা ররা গা মা" II
দি ইম্ তা না০ দে রে না তে দা রে০ দা০ নি ও দের তা না

তারাণা

শ্যাম-কল্যাণ—দ্রুত ত্রিতাল

রচনা—৺বাহাদুর সেন

প্রাপ্ত—মহম্মদ দবীর খাঁ

+ ৩ ০ ১

II | সা ররা ন্‌া সা I

ও দের তা না

হ্মা -া পা পা হ্মা পা ধা পা মা রা ন্‌া সা | ন্‌া ধ্‌া হ্ম্‌া প্‌া I

দি ইম্ তা না দে রে না তে দা রে দা নি | তা দি ইম্ তা

সা -া ন্‌া সা | মগা রা হ্মা পা | মা রা ন্‌া সা | "সা ররা ন্‌া সা" II

দি ইম্ তা না | দে০ রে না তে | দা রে দা নি | ও দের্ তা না

অন্তরা

+ ৩ ০ ১

II পা ধা -া পা I

তা দি ইম্ তা

র্সা -া র্সা র্সা | র্মা র্রা না র্সা | না না ধা পা পা -া র্সা র্সা I

দি ইম্ তা না | দে রে না তে | দা রে দা নি দি ইম্ তা না

+ ৩ ০

প্‌া -া সা সা | হ্মা পা ধা পা | মগা রা ন্‌া সা

দি ইম্ তা না | দে রে না তে | দা০ রে দা নি

১ + ৩

পধধা পর্সা র্সা র্সা I র্সা র্সা র্সা গপপা | হ্মপা ধধা ধা পা

ধাকেটে তাকধুম কেটেতাগ ধেত্তা ধা ধা ধা ধাকেটে | তাকধুম কেটেতাগ ধেত্তা ধা

পা পা গমমা ররা সসা ন্সা সা সা II

ধা ধা ধাকেটে তকধুম্ কেটেতাগ ধেত্তা ধা ধা

২২—১২

স্বরলিপি

(খেয়াল)

শ্যাম-কল্যাণ—ত্রিতাল

যানে না তুঙ্গি এরি মাই
আপনো লালন কো
আঁখনোমে কর রাখুঙ্গি
পলক না মুঁদ মুঁদ মুঁদরি।

ঘটা কারি কারি বিজলী
চমক রহি সদারঙ্গিলে
আনন্দলাল বরষত মেহ
পড়ত বুঁদ বুঁদরি॥

রচনা—শাহ্ সদারঙ্গ

প্রদত্ত—উস্তাদ মহম্মদ দবীর খাঁ

II + ধা । হ্মা পহ্মা ধপা -হ্মপা I
নে না ০ তু০ ০ ০

+ মা -া -া -া । ৩ রা পা হ্মা পা । ০ গা পা মা গা । ১ রা রা সা -া I
ঙ্গি ০ ০ ০ । এ রি মা ই । আ প নো লা ল ন কো ০

নসা নসা নসা রা -না রা সা -া । গা সা -মা মা । পা পা হ্মা পা I
আঁ খ নো মে ০ রা খু ০ ঙ্গি

পনা -র্সরা র্সা না ৩ -র্সা ধা পা -না । ধা -া পা "ধা হ্মা পহ্মা ধপা -হ্মপা" II
মুঁ০ ০০ দ মুঁ রি যা নে না ০ তু০ ০০

অন্তরা

II + ৩ ০ পা হ্মা পা -র্সা ১ -ধা র্সা র্সা র্সা I
ঘ টা কা ০ ০ রি কা রি

+ র্সা র্সা র্সা না ৩ র্রা র্রা র্সনা র্সা ০ র্সা নর্সা ধা -ধা ১ র্সর্রা -নর্সনা র্রা -া I
বি জ লি ক র০ হি দা০ র ০ ঙ্গি০ ০০০ লে ০

\+
র্সা না -া র্সা ধা -া -া পা মা মা মা মা পা -হ্মা পা -া I
আ ন ০ ন্দ লা ০ ০ ল ব র ষ ত মে

৩
পা র্রা র্সা না -র্সা না -ধা পা ধা পা -া "ধা | হ্ম পহ্মা ধপা হ্মপা" II
প ড় ত বুঁ ০ দ ০ বুঁ | দ রি ০ যা | নে না০ দু০ ০০

স্বরলিপি

শ্যাম-কল্যাণ—দ্রুত-ত্রিতাল

পনঘট পে মোহে যানে না দেত
শ্রীকৃষ্ণ কান্‌হাইয়া
সদারঙ্গ পিয়া ঠাড়ে দেখতো লীলা
কৃষ্ণ কান্‌হাইয়া।

রচনা—শাহ সদারঙ্গ প্রাপ্ত—মহম্মদ দবীর খাঁ

স্থায়ী

\+ ৩ ০ ১
II সা পা পা পা | হ্মপা -ধপা হ্মা পা | গা মা ধা -পা | গা -মা -রা সা I
প ন ঘ ট | পে০ ০০ মো হে | যা নে না ০ | দে ০ ০ ত

\+ ৩ ০ ১
সা -ন্‌া ধ্‌া প্‌া | সা -া -া -া | হ্মগা -হ্মপা -হ্মপা -ধপা | -মগা -মরা ন্‌া সা II
কৃ ষ্ণ কা | ন্‌হা ০ | ই০ ০০ ০০ ০০ | ০০ ০০ ০ য়া

অন্তরা

০
II পা পা র্সা র্সা র্সা -া র্সা র্সা র্রা -না -র্সা -া | না ধা পা -া I
স দা র ঙ্গ পি ০ য়া ঠা ড়ে ০ ০ ০ | দে খ ত ০

\+ ৩
হ্মপা -নর্সা -র্গর্রা র্গর্রা র্সনা -ধপা -হ্মা পা মা গা মা রা সা -রা -ন্‌া সা II
লী০ ০০ ০০ ০০ লা০ ০০ ০ ০ কৃ ষ্ণ কা ন্‌হা য়া

— সংবাদ —

বঙ্গীয় কলালয়ে সঙ্গীতানুষ্ঠান

সম্প্রতি কলিকাতার 'পূরবী' সিনেমা-গৃহে নিখিল ভারত সঙ্গীত সম্মেলন অনুষ্ঠিত হইবার অব্যবহিত পরে উত্তর কলিকাতার অন্যতম সঙ্গীত বিদ্যালয় বঙ্গীয় কলালয়ে এক মহতী সঙ্গীতানুষ্ঠান সম্পন্ন হইয়া গিয়াছে। এই অনুষ্ঠানে ভারতপ্রসিদ্ধ গায়ক সঙ্গীতমার্ত্তণ্ড ওঁকারনাথ ঠাকুর ও গোয়ালিয়রের বিখ্যাত স্বরোদী ওস্তাদ হাফেজ আলী খাঁ সাহেব আমন্ত্রিত হইয়াছিলেন।

অনুষ্ঠানের প্রারম্ভে কলালয়ের সেতার শিক্ষক শ্রীযুক্ত বিজয়দাস পাকড়ে মহাশয়ের সুযোগ্য পুত্র শ্রীমান নন্দলাল পাকড়ে সেতার বাজাইয়াছিলেন। তাঁহার বাজনা বিশেষ প্রশংসিত হয়। কলালয়ের অন্যতম ছাত্রী কুমারী ভারতী রায় কয়েকটি উচ্চাঙ্গের খেয়াল গান করেন। ইঁহার সঙ্গীতনিপুণতায় সকলেই মুগ্ধ হন। অতঃপর পণ্ডিত ওঁকারনাথ ঠাকুর তাঁর চিরপ্রসিদ্ধ সুকণ্ঠে কয়েকটি উচ্চাঙ্গের খেয়াল গান করেন। তিনি খেয়াল গানে যে সমস্ত তান, কর্ত্তবের ক্রিয়া প্রদর্শন করেন তাহা অভূতপূর্ব্ব। তাঁর "যোগী মত যা মত যা" গানটি বহু প্রচলিত ও বহুজনশ্রুত হইলেও তাঁহার কণ্ঠে যে স্বতন্ত্র রূপ পরিস্ফুট হইয়াছিল তাহা অনবদ্য। অতঃপর সভাস্থ সকলের অনুরোধে তিনি "বন্দেমাতরম্" গানটি গাহিয়া তাঁহার গান সমাপ্ত করেন। তাঁহার গান শেষ হইবার পর ওস্তাদ হাফেজ আলী খাঁ সাহেব স্বরোদ যন্ত্রে কয়েকটি উচ্চাঙ্গের গৎ, তোড়া বাজাইয়া উপস্থিত শ্রোতৃমণ্ডলীকে বিশেষ ভাবে মুগ্ধ করেন। দীর্ঘরাত্রে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। অনুষ্ঠানে বহু জনসমাবেশ হইয়াছিল।

পরিশেষে আমাদের বক্তব্য—বঙ্গীয় কলালয়ের পরিচালকবৃন্দ প্রতি বৎসর এইরূপ ভারত বিখ্যাত গুণীজনের সঙ্গীতায়োজন করিয়া নিজ সঙ্গীত বিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও সঙ্গীতরসিকগণকে যে আনন্দ দান করেন তজ্জন্য আমরা তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

আদর্শ বিদ্যামন্দির ও সঙ্গীতকলালয়

বিগত পৌষ সংক্রান্তির দিন ২নং হরি বসু লেনস্থ সঙ্গীত কলালয়ে কলালয়ের ছাত্রীগণ কর্ত্তৃক শ্রীযুক্ত শিবনাথ কাবাসী রচিত 'বাংলার ভূমি' নামক একটি নাটিকার অভিনয় হয়। নাটিকাটি বাংলার কৃষক ও ভূস্বামীর একটি দিক লইয়া রচিত। অভিনয়াংশে ছাত্রীগণ স্ব স্ব চরিত্রে যে অভিব্যক্তি ও ব্যঞ্জনা প্রদর্শন করিয়াছিলেন তাহা বিশেষ প্রশংসনীয়। অনুষ্ঠানে বহু ভদ্র ব্যক্তি ও ভদ্রমহিলা যোগদান করিয়াছিলেন।

সুরেন্দ্রলাল স্মৃতিপূজা

বিগত ২৯শে পৌষ 'আওয়ার অর্কেষ্ট্রা'র সভ্যবৃন্দ কর্ত্তৃক ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট হলে সাধক-কবি শ্রীযুক্ত দিলীপকুমার রায় মহাশয়ের পৌরোহিত্যে সঙ্গীতাচার্য্য সুরেন্দ্রলালের স্মৃতি-পূজানুষ্ঠান হইয়া গিয়াছে। এতদুপলক্ষে সভ্যবৃন্দ কর্ত্তৃক কণ্ঠ ও যন্ত্রসঙ্গীতের অপূর্ব্ব সমাবেশ হয়। শ্রদ্ধেয় দিলীপবাবু তাঁহার অভিভাষণে বাংলা ও হিন্দী গান সম্বন্ধে তুলনামূলক আলোচনা করেন। এতদ্ব্যতীত তিনি স্বীয় কণ্ঠে কয়েকটি উচ্চাঙ্গের বাংলা গান করিয়া সভাস্থ সকলকে মুগ্ধ করিয়াছিলেন। সভায় বহু শ্রোতার সমাবেশ হইয়াছিল।

তীর্থসাথী সঙ্গীত সম্মেলন

সম্প্রতি মলঙ্গা লেনে সুকবি শ্রীযুক্ত বিনয়ভূষণ দাশগুপ্ত মহাশয়ের পৌরোহিত্যে তীর্থসাথী সঙ্গীত সম্মেলনের একটি বিশিষ্ট সঙ্গীতাধিবেশন হয়। এই অনুষ্ঠানে কতিপয় সঙ্গীত-কুশলী যে কণ্ঠ ও যন্ত্রসঙ্গীত করিয়াছিলেন তাহা অতিশয় উপভোগ্য হইয়াছিল। সঙ্গীতোৎসাহী শ্রীমান দীনেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের উদ্যোগে এই অনুষ্ঠানটি সম্পন্ন হইয়াছিল।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও
শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী, এম্‌-এল-সি ;
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

২২শ বর্ষ } ফাল্গুন, ১৩৫২ সাল { ১১শ সংখ্যা

হিন্দুস্থানী রাগ-সঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

জয়েৎ-কল্যাণ

কল্যাণ থাটান্তর্গত এই রাগটিকে বিভিন্ন নামে অভিহিত হইতে দেখা যায়। কেহ ইহাকে 'জেত' কেহ 'জৈত' কেহবা জয়ন্ত-কল্যাণও বলিয়া থাকেন। মারবা থাটে জেত নামের আর একটি রাগ এবং পূর্ব্বী থাটে জেতশ্রী নামে একটি রাগও রহিয়াছে। কিন্তু জয়ন্ত-কল্যাণের সহিত ঐ দুইটি রাগের কোনও সম্পর্ক নাই; উহাদের থাটও পৃথক রূপও সম্পূর্ণ স্বতন্ত্র।

পণ্ডিত ৺ভাতখণ্ডেজী জয়েৎ-কল্যাণ রাগকে ঔড়ুব-ঔড়ুব বলিয়া বর্ণনা করিয়াছেন এবং তাঁহার মতে এই রাগে মধ্যম ও নিখাদ স্বর বর্জ্জিত এবং ঋষভ আরোহণে ও ধৈবত স্বর স্বতন্ত্রভাবে ব্যবহার জ্ঞানীগণ মত-সম্মত নহে এরূপ মন্তব্য করিয়াছেন। পণ্ডিতজী ইহার বাদী পঞ্চম বলিয়াছেন কিন্তু সম্বাদী স্বরের কোন উল্লেখ করেন নাই। পুণার পণ্ডিত ফিরোজ ফ্রামজী বাদী পঞ্চম ও সম্বাদী ষড়্‌জ স্বর বলিয়া বর্ণনা করিয়াছেন।

স্বর্গীয় তানসেনজীর বংশে পুত্র ও কন্যা (রবাবী ও বীণকার) দুই ধারায় এই রাগটির কিঞ্চিৎ রূপভেদ দেখা যায়। পুত্র বংশের রবাবীগণ জয়েৎ-কল্যাণকে বক্র ঔড়ুব-সম্পূরণ রাগ বলিয়া নির্দ্ধারণ করেন। দৌহিত্র বংশীয় বীণ্‌কারগণও স্বীকার করেন যে, তানসেনজীর কনিষ্ঠ পুত্র বিলাস খাঁর মতে ইহা ঔড়ুব সম্পূরণ রাগই বটে। কিন্তু দৌহিত্র বংশীয় বীণকারগণের ঘরে যে ব্যবহার প্রচলিত তাঁহাতে ইহা ষাড়ব-ষাড়ব রাগ। কড়ি মধ্যম ব্যবহৃত ও নিখাদ বর্জ্জিত। ভূপালী ও ইমনের সঙ্গতি ইহাতে রহিয়াছে, ইহা পূর্ব্বাঙ্গ প্রধান রাগ। রেখাব বাদী, পঞ্চম সম্বাদী। গ্রহ মধ্যম, ন্যাস, ষড়্‌জ। গাহিবার সময়—সন্ধ্যা হইতে রাত্রি প্রথম প্রহর পর্য্যন্ত। মন্দ্র ও মধ্যস্থানে ইহার ক্রিয়াশীলতা অধিক। জয়েৎ-কল্যাণ বিশুদ্ধ আলাপচারীর পক্ষে বিশেষ উপযোগী। আরোহী স্বর—সা রে গা হ্মা পা ধা র্সা, অবরোহী স্বর—র্সা ধা পা হ্মা গা রে সা।

রবাবীগণের মতে জয়েৎ-কল্যাণ বক্র ঔড়ুব-সম্পূরণ রাগ হইলেও নিখাদ ও কড়ি মধ্যম স্বল্প পরিমাণে শ্রুতি-রূপেই ব্যবহৃত হয়, উহারা অস্তপ্রায়। আরোহী স্বর—সা গা রে গা পা র্সা ধা র্সা, অবরোহী স্বর—র্সা ধা, পা হ্মা পা গা রে সা। ইহাদের মতে গান্ধার বাদী স্বর, ধৈবত সম্বাদী। গ্রহ ঋষভ, ন্যাস ষড়্‌জ। উভয় ধারার রাগের চালচলন সম্বন্ধে আমরা রাগের আওচার বর্ণনা করিবার সময় পৃথক রূপে কিঞ্চিৎ আভাষ দিব।

পকড়

বীণকারগণের মতে

গা রা সা গা রা হ্মা গা পা পা ধা পা
র্সা ধা ধা পা হ্মা গা রা গা রা সা -া।

রবাবীগণের মতে

রা সা ধ্‌ সন্‌া রা সা গা পা গা পহ্মা
ধা পা গা রা সা ।

আচার

বীণকারগণের মতে

১। সা রা রা সা -া ধ্‌ ধ্‌ প্‌ সা রা সা
গা গা রা হ্মা গা পা পা ধা ধা পা
গা রা গা হ্মা পা হ্মা গা রা -া -া -া ।

২। সা ধ্‌ ধ্‌ পা -া হ্মা্‌ গ্‌া -া প্‌ প্‌
ধ্‌ ধ্‌ প্‌ সা সা রা রা সা গা গা রা ।

৩। গা হ্মা পা গা পা র্সা -া র্সা র্রা র্রা
র্সা র্গা র্গা র্রা র্হ্মা র্গা র্রা র্সা ধা
র্সা ধা পা পা হ্মা গা হ্মা গা রা সা -া ।

৪। সা পা পা গা পা গা হ্মপগা পা পা
পা পা গা রা সা ধা ধা পা হ্মা গা
পা পা গা রা রা গা হ্মা গা রা রা
সা -া ধ্‌ ধ্‌ রা -া রা সা -া ।

৫। হ্মা গা হ্মা পা ধা হ্মা পা পা র্সা র্সা
র্রা র্রা র্গা র্গা র্রা র্গা র্পা র্পা র্হ্মা র্গা
র্রা র্সা র্সা ধা ধা পা হ্মা গা পা গা রা
পা গা রা সা -া সা ধ্‌ ধ্‌ রা সা -া ।

রবাবীগণের মতে

১। সা রা ধ্‌ সা গা -া রা গা রা সা সা গা
পা গা পা -া পহ্মা ধা পা গা রা সা ।

২। সন্‌রা সা রা ধ্‌ সা প্‌ ধ্‌ প্‌ সা
-া রা সা ।

৩। পা গা পা ধা পা র্সা -া র্সনা র্রা র্সা
র্গা র্রা র্সা র্সনা র্সা ধা পা ধা পা
গা পা গা পা পহ্মা ধা পা গা -া পা
রা গা রা সা ।

৪। সা -া পা গা পা পা পা হ্মা ধা পা
ধা পা গা রা গা পা রগা রা সা রা
ধ্‌ সা গা পহ্মা ধা পা গা -া রা সা ।

৫। পা পা গা পা ধা পা র্সা -া র্সা র্সা
র্রা র্রা র্সা -া র্রা র্সা র্গা -া র্পা র্হ্মা
পা র্গা র্রর্গা র্রা র্সা র্সনা র্রা র্সা
ধা র্সা ধা পা পহ্মা পা ধা পা গা -া
সা গা পা র্সা ধা র্সা ধা পা হ্মপা গা
পা গা রা সা ।

সর্‌গম্‌ (বিলম্বিত)

বীণকারগণের মতে (স্বর্গীয় ৺আমীর খাঁ সাহেব)

	+	৩	০	১
II				গরা গা পহ্মধপা হ্মপা ।
	গা রা সা সধ্‌	ধ্‌ সা রা পহ্মপা	গা রগা রা সা	"গরা গা পহ্মধপা হ্মপা" II
II				হ্মগা পপা ধা পপা I
	র্সা র্সর্সা র্রা র্সা	র্গর্রর্গর্রা র্সা ধা পা	পা হ্মগা রগা রা	র্সা র্রা র্রা র্সা I
	র্গা র্রা র্সা র্সা	র্সা ধা পা পহ্মধপা	গরা গা রা সা	"গরা গা পহ্মধপা হ্মপা" II

সর্গম্ (দ্রুত)

বীণকারগণের মতে (রহিম খাঁ)

+	৩	০	১
II		সা রা সা ধ্া	-া ধ্া সা রা I
পা গা -া ক্ষা	গা রা সা -া	সা ধ্া সা ধ্া	প্া প্া সা রা I
গা রা পা ক্ষা	রা গা রা সা	"সা রা সা ধ্া	-া ধ্া সা রা" II
II		গা গা পা পা	ধা ধা ক্ষা পা I
স´া ধা -া ধা	স´া -া স´া স´া	গ´া র´র´া গ´া র´া	স´া ধা -া পা I
স´া ধধা স´া ধা	পা ক্ষা -া ক্ষা	রা গগা রা পপা	গা পপা ধা পা I
ক্ষগা গা -া পা	গা রা সা -া	"সা রা সা ধ্া	-া ধ্া সা রা" II

সর্গম্ (বিলম্বিত)

রবাবীগণের মতানুযায়ী (স্বর্গীয় রহিম খাঁ সাহেব)

+	৩	০	১
II			পক্ষগা পক্ষধপা গরগা রসা I
ন্ধ্া -প্া ন্ধ্া -প্া	সা -া গরা সা	পক্ষধপা স´নধা পগা রসা	সন্ধ্া প্া ন্ধ্া সা I
গগা রপা গক্ষা ধা	পা পা গা রা	ক্ষগপক্ষা ধপক্ষপা রগরা সা	"পক্ষগা পক্ষধপা..." II
II			গপপা নধা স´া স´া I
র´র´া স´া স´গ´া প´ক্ষ´া	র´গ´র´া স´া স´নধা পা	গপধপা গপধপা পক্ষগা রসা	পা স´া ধা র´া I
স´া নধা পা পক্ষগা	গগা পপা নধা পা	গগা পক্ষপা রগরা সা	"পক্ষগা পক্ষধপা..." II

—ক্রমশঃ

স্বরলিপি

(ধ্রুপদ)

ভৈরব—চৌতাল

লাল অলসানে ভোরহি আয়ে।
কোন বাম হিতসোঁ পরচায়ো
সিঘর রয়্ন জাগায়ে॥
ধগ ধগ কাজর ফ্যায়্ল রহো হ্যায়্
যো যায়ক তিলক লাগায়ে।
ছব কারি বরণি অত সোহে
মোহন অধিক সুহায়ে॥

প্রাপ্ত—মহম্মদ্ দবীর খাঁ বীণ্কার

স্বরলিপি—শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

স্থায়ী

	+		0		২		0		৩		৪		
II	ন্ঋা	-সা	সা	-া	ন্া	দ্া	সা	-া	মা	-া	-গা	-া	I
	লা০	০	ল	০	অ	ল	সা	০	নে	০	০	০	
	+		0	॥	২		0		৩		৪		
	গা	-মা	পা	মা	গা	-মা	গমা	-ঋা	-া	-সা	সা	-া	II
	ভো	০	০	র	হি	০	আ০	০	০	০	য়ে	০	

অন্তরা

	+		0		২		0		৩		৪		
II					গা	-মা	নদা	-া	না	-র্সা	-া	র্সা	I
					কো	০	ন	০	বা	০	০	ম	
	+		0		২		0		৩		৪		
	র্সা	র্সা	র্সা	-নর্সা	র্সা	না	নর্ঋা	-র্সা	র্সা	-া	-া	-া	I
	হি	ত	সোঁ	০০	প	র	চা০	০	য়ো	০	০	০	
	+		0		২		0		৩		৪		
	না	নদা	পা	-া	মগা	-মা	পা	মা	গমা	-ঋা	-া	সা	II
	সি	ঘ	রি	০	র০	য়্	ন	জা	গা০	০	০	য়ে	

ভোগ

	+		০		২		০		৩		৪		
II	ন্‌	সা	গা	-মা	মা	-া	দা	-া	-পা	দা	-পা	পা	I
	ধ	গ	ধ.	০	গ	০	ক্	০	০	জ	০	র	

+		০		২		০		৩		৪		
মা	-গা	মা	পা	দা	-পা	পা	-া	মগা	-মা	গা	-ঋা	I
ফ্য	য়্	ল	র	হো	০	হ্না	য়্	যো০	০	যা	০	

+		০		২		০		৩		৪		
গা	মা	পমা	পা	দা	-া	পা	-মপা	মগা	-মা	-ঋা	সা	II
য়	ক	ল্পি০	ল	ক	০	লা	০০	গা০	০	০	য়ে	

আভোগ

	+		০		২		০		৩		৪		
II	মগা	মা	নদা	-া	না	-র্সা	নর্ঋা	র্ঋা	র্সা	-া	না	র্সা	I
	ছ০	ব	কা	০	রি	০	ব	র	ণি	০	অ	ত	

+		০		২		০		৩		৪		
না	দা	-া	পা	মা	-গমা	পা	পা	দা	দা	র্সা	-নর্সা	I
গো	০	০	হে	মো	০০	হ	ন	অ	ধি	ক	০০	

+		০		২		০		৩		৪		
র্মর্গা	-র্পর্মা	র্গর্মা	-র্ঋা	-র্সা	-নর্সা	-দা	-পা	-মা	-গমা	-ঋা	সা	II II
স্ব০	০০	হা০	০	০	০০	০	০	০	০০	০	য়ে	

স্বরলিপি

মিশ্র—কাহারবা

ঝরা পাতার পথে···চৈতালী রাত যায় চ'লে,
শেষ রাতে মোর শেষ কথাটি যাও ব'লে !
কত গান কত ভাষা
কত আশা ভালবাসা
কামনা-প্রদীপে এখনো যে প্রিয় ওঠে জ্ব'লে।

তোমার গানের ঝর্ণাতলার ধারে—
(আমি) বেঁধেছিনু ঘর, এসেছিনু অভিসারে।
আজ কিগো সবি মিছে
প'ড়ে রবে সবই পিছে,
মালার কুসুম না ফুটিতে কেন যাও দ'লে !

কথা ও সুর—৺অনিল ভট্টাচার্য্য

স্বরলিপি—শ্রীসৌরেন মিত্র, বি. এস্‌সি

\+ ০ + ০ ॥
II সা জ্ঞা -া মা | পা -জ্ঞা জ্ঞা -পা I মপা -জ্ঞমা -া -া | -া -া -া -া I
ঝ রা ০ পা | তা র প ০ থে০ ০০ ০ ০ | ০ ০ ০ ০

\+ ০ + ০
সা -া সা সা | সা -রা -সরা -সন্‌া I -া সা-াজ্ঞা জ্ঞা | জ্ঞা -সা -া -া I
চৈ ০ তা লী | রা ০ ০০ ০০ ত্ যা য়্ চ | লে ০ ০ ০

\+ ০ + ০
পা -াণা ণা ধা | ণা -া -া -া I ধা -া -র্সা ণা | ধা -া পমা -া I
শে ষ্ রা তে | মো ০ ০ র্ শে ০ ষ্ ক | থা ০ টি০ ০

\+ ০ + ০
পা -াণা ণা ধা | ণা -া -পণা -র্সর্রা I র্সা -না -র্সা ণা | ধা -া পমা -া I
শে ষ্ রা তে | মো ০ ০০ ০র্ শে ০ ষ্ ক | থা ০ টি০ ০

\+ ০ + ০
পা -া -ণা ধা | পা -া -া -া I সা -া -জ্ঞা জ্ঞা | জ্ঞা -সা -া -া II
যা ০ ও ব | লে ০ ০ ০ যা ০ ও ব | লে ০ ০ ০

\+ o + o

।। {মা পা পর্না -া | -া -া র্সা র্রা I র্সা -না র্সা -া | -া -া -া -া I

ক ত গা০ ০ | ০ ন্ ক ত ভা ০ ষা ০ | ০ ০ ০ ০

\+ o + o

র্সা র্সা -র্রা র্সা | র্সা -ণা র্সা র্সা I জ্ঞর্রা -র্সা র্রা -র্সা | -া -া -া -া} I

ক ত ০ আ | শা ০ ভা ল বা০ ০ সা ০ | ০ ০ ০ ০

\+ o + o

র্সা না নর্রর্সা -নর্সা | পা দা পা -া I মা মা মা গা | মা -পা মা -া I

কা ম না০ ০০ | প্র দী পে ০ এ খ ন যে | প্রি ০ য় ০

\+ o + o

সা সা -জ্ঞা মা | পা জ্ঞা -মা -জ্ঞা I সা সা -জ্ঞা জ্ঞা | জ্ঞা -সা -া -া I

ও ঠে ০ জ্ব | লে ০ ০ ০ ও ঠে ০ জ্ব | লে ০ ০ ০

\+ o + o

।। {মা মা -াঃ -গঃ | রা -গা সা -রা I ণ্া -ণ্া সা সা | সা -রা রপা -মপা I

তো মা ০ র্ | গা ০ নে র্ ঝ র্ ণা ত | লা র ধা০ ০০

\+ o + o

(মা -জ্ঞা -া -া | -া -া জ্ঞা জ্ঞা I সা সা মা মা | মা -া -া -া I

রে ০ ০ ০ | ০ ০ আ মি বেঁ ধে ছি নু | ঘ ০ র্ ০

\+ o + o

পা ধা ণা র্সা | ণা ণা ণধা -পা I ধা -পা -া -ধপা | -মা -গা -মা -া)} I

এ সে ছি নু | অ ভি সা০ ০ রে ০ ০ ০০ | ০ ০ ০ ০

\+ o + o

মা -জ্ঞা -া -া | -া -া -া -া I {মা -পা পনা না | না র্সা র্সর্রা -না I

রে ০ ০ ০ | ০ ০ ০ ০ আ জ্ কি গো | স ব মি০ ০

\+ o + o

র্সা -া -া -া | -া -া -া -া I র্সা র্সা -র্রা র্সা | র্সর্ণা -া র্সা র্সা I

ছে o o o | o o o o প ড়ে o র | বে o স ব

\+ o + o

র্জ্ঞর্রা -র্সা র্রা -র্সা | -া -া -া -া} I র্সা না -নর্রর্সা -নর্সা | পা -দা পা পা I

পি o o ছে o | o o o o মা লা oo oর্ | কু o সু ম

\+ o + o

মা মা মা গা | মা -পা মা -া I সা -া -জ্ঞা মা | পা -জ্ঞা -মা -জ্ঞা I

না ফু টি তে | কে o ন o যা o ও দ | লে o o o

\+ o

সা -া -জ্ঞা জ্ঞা | জ্ঞা -র্সা -া -া II II

যা o ও দ | লে o o o

বাহাত্তর ঠাট

৩৩

শ্রীবিমল রায়

২৫ টোড়ী

ভূমিকা।—টোড়ী বহু প্রাচীন রাগ। তবে তখন এর নাম ছিল তোড়ী। রত্নাকর প্রভৃতি থেকে পারিজাত পর্য্যন্ত তোড়ী, হঠাৎ দেখা গেল তরঙ্গিণী, রাগমঞ্জরীতে টোড়ী নাম, অর্থাৎ বাদশাহী আমলের ওস্তাদী উচ্চারণ; এর থেকে প্রমাণ এই হয় যে, শেষের গ্রন্থগুলি সেই সময়ের গ্রন্থ, যে সময়ে সংস্কৃত ভাষা বা ভাব আস্তে আস্তে লোপ পাচ্ছে; অতএব এগুলি অর্ব্বাচীন যুগের গ্রন্থ। তোড়ীর অর্থ কি? তুড়ীয় ভাব যে অর্থে সেই অর্থে কি, অর্থাৎ মহদানন্দের ভাব? কি জানি!

টোড়ী বানান্ আমি ব'দ্‌লে সহজ ক'রে কখনও কখনও টোরি লিখে থাকি, তবে টোড়ী বা তোড়ী লেখাই ঠিক।

প্রাচীন তথ্য।—প্রাচীন ও অল্প প্রাচীন কালের গ্রন্থে টোড়ীর রূপ সর্ব্বত্রই ঋজ্ঞদণ। তাহ'লে হঠাৎ অর্ব্বাচীন টোড়ী ঋজ্ঞন্ধদ পেল কোথা থেকে? দেখা যাচ্ছে, দক্ষিণের তোড়ী উত্তরে এসে হ'লো ভৈরবী, দক্ষিণের ভৈরবী হ'লো সিন্ধবি-ভৈরবী, দক্ষিণের বৈরাটী হ'য়ে গেল টোড়ী—আশ্চর্য্য নয় কি? তবে সেটা খুব বেশী অযৌক্তিক নয়, যেমন অযৌক্তিক হিণ্ডোল, মারবা ইত্যাদি।

প্রাচীন গ্রন্থ অনুসন্ধান করলে দেখবেন, বৈরাটী, বরাটী, বরালী ইত্যাদি ঋজ্ঞন্ধদ; সেই বৈরাটীর একটি

প্রকার-ভেদ আছে, যাকে তোড়ী-বৈরাটী বলে,—তার রূপ হ'লো দণ্ সঋজ্ঞঋদণ'স'ণদপঋজ্ঞঋসা। এই রূপকেই সামান্য বদল করে উদ্ভূত হ'লো প্রথম টোড়ী যাতে ঋজ্ঞঋদণন এলো; এরির সামান্য পরিবর্ত্তনে এলো টোড়ী যাতে কোমল নিখাদ বাদ পড়্লো, অর্থাৎ তোড়ী-বৈরাটী সামান্য এধার ওধার ক'রে বৈরাটী বাদ দিয়ে শুধু টোড়ী রাখা হ'লো। কেউ কেউ দরবারী টোড়ীতে (বা প্রথম টোড়ীর একটি সংস্করণ) এখনও দুই নিখাদ বা কোমল নিখাদ ব্যবহার করে থাকেন। অবশ্য এই ভাবেই যে টোড়ীর উদ্ভব তা খুব জোর করে বলা যায় না। কারণ তোড়ী বৈরাটী কতদিনকার রাগ, তা বলা খুব কঠিন। কেননা, পারিজাতের আগে এর নাম বিশেষ পাইনি, রূপ তো নয়ই। অন্য কোনও হদিস্ না পেয়ে একেই ধরতে হ'লো, না হ'লে টোড়ীর এই অদ্ভুত পরিবর্ত্তন কিছুতেই বোঝানো যায় না ; তার উপর তোড়ী বৈরাটীর ছোট নাম তোড়ী হ'য়ে যাওয়া অস্বাভাবিক কিছু নয় ; মূলতানী ধনাশ্রীর মূলতানী যেমন ক'রে থাকে, গারে কর্ণাটের গারা যেমন ক'রে রয়ে যায়, এও সেই ভাবে থাকতে পারে।

অর্ব্বাচীন তথ্য।—অর্ব্বাচীন কালে টোড়ী ব'ল্তে কি বোঝায়, তা নিয়ে বেশ গোলমাল বেধেছে। এতোদিন অনেকের জানা ছিল টোড়ী 'একম্‌এব'র অথবা টোড়ী—দরবারী-টোড়ী, এখন দেখা যাচ্ছে, তা নয়, টোড়ীর শুধ্ আছে, মিঞাকি আছে, দরবারী আছে। কোনও কোনও গুণী বলেন এরা একই, অন্যেরা বলেন, তা নয়। মিঞাকি হ'লো তানসেনের সৃষ্ট যা সাধারণ্যে গাওয়া হয়, দরবারী তানসেনের সৃষ্ট, যা দরবারের প্রীতির জন্য তৈরী অথবা অপরের মতে দরবারী কানরার সঙ্গে মিশ্রণে উদ্ভূত, আর শুধ্ টোড়ী হ'লো পুরাকালের তোড়ী—বৈরাটীর অনুকরণ। বেশীর ভাগ গুণীর মতে শুধু টোড়ী আর দরবারী টোড়ী একই ; কারো মতে আকাশ পাতাল প্রভেদ :—মুস্কিলের ব্যাপার আর কি ! সেনী ঘরানার শিক্ষা আছে বলে যাঁরা পরিচিত, তাঁরা অবশ্য দরবারী আর শুধে কোনও প্রভেদ করেন না, এবং ঋজ্ঞঋদ ব্যবহার করেন। আগেই বলেছি যে, কোনও কোনও গুণী ঋজ্ঞঋদণ, বা ঋজ্ঞঋদণন দিয়ে থাকেন, যা এখন বেশী জ্ঞানীই সমর্থন করেন না। এই 'ণ', বা 'ণন' সত্যিকারের প্রাচীনের অনুকরণ। মিষ্টত্বের জন্য কোমল নিখাদ বা খড়্জ সংক্রমণে কোমল নিখাদ ব্যবহার, এরূপ কথা ঠিক যুক্তিসহ নয়, কারণ তা'হ'লে সব রাগকেই মিষ্টত্বের বা সংক্রমণের সুযোগ দেওয়ার ব্যবস্থা থাক্‌তো, তা যখন নেই, বরঞ্চ এই ব্যবস্থায় যখন রাগ বেশীর ভাগ সময়ে অন্য মূর্ত্তি নেয় বা অন্য নাম গ্রহণ করে, তখন মনে রাখতে হবে যে, যা অসাধারণ, তা কখনও সাধারণকে প্রমাণ করে না,—exception does not move the rule। খড়্জ সংক্রমণ সেইখানেই হয়, যেখানে যে স্বরকে খড়্জ করা হ'চ্ছে, তা তখনকার মতো অংশ, গ্রহ, ন্যাস প্রত্যেকের স্থান নিচ্ছে। এ সম্বন্ধে বিশদভাবে পরে ব'ল্‌বো।

টোড়ী বল্‌তে সাধারণতঃ মিঞাকী টোড়ীই বোঝায়, যেমন মল্লার ব'ল্‌তে অনেকে মিঞাকী মল্লার বোঝেন। শুধ্ টোড়ীর সঙ্গে মিঞাকীর প্রভেদ পঞ্চমের ব্যবহারে ; মিঞাকীর পঞ্চম গৌণ, শুধের পঞ্চম বহু। যাঁরা দরবারী ও শুধের তফাৎ করেন, তাঁরা দরবারীতে পঞ্চম দেন মাঝারি রকমের, যাঁরা মিশ্র করেন দরবারীকে, তাঁদের দরবারী টোড়ী ঋজ্ঞমঋদণন।

রূপ।—এখানে শুধ্ টোড়ীর পরিচয়ই শুধু দেব, কারণ পুরাতন টোড়ীর এইটিই হ'লো নবরূপ। তা ছাড়া অন্য সকলের পরিচয় অন্যত্র পাবেন। আমার মতে টোড়ী বল্‌তে শুধ্ টোড়ী বোঝাই উচিত, যেমন মল্লার বল্‌তে শুধ্ মল্লার বোঝা উচিত, কারণ তারা এসেছে প্রাচীনকে সাক্ষ্য ক'রে, অন্য যারা আছে, তাদের পরিচয় দেবার তো পথ খোলাই আছে ;—মিঞাকি, তান্‌সেনকি, সুরদাসকি,

চর্জ্জুকি ইত্যাদি নামই তো তাদের ব'লে দিচ্ছে "তোরা আসল ন'স্, আমরা তোদের পৃথক ক'রে গ'ড়ে তুলেছি, নতুন মূর্ত্তি দিয়ে।" অতএব আমার মতে টোড়ী হ'লো শুধ্ টোড়ী, এ ছাড়া রইল মিঞাকি টোড়ী। দরবারী টোড়ী শুধ্ টোড়ীর মতোই, তবে তফাৎ ক'রতে চান, করতে পারেন, আর না হয় কান্‌রা-মিশ্রিত মূর্ত্তিতে রাখতে পারেন, যা রাখা আমি উচিত মনে করি না।

শুধ্ টোড়ী।—ঠাট টোড়ী, ব্যবহার ঋজ্ঞহ্মদ, জাতি সম্পূরণ, উপজাতি সম্পূরণ-সম্পূরণ, বাদী 'জ্ঞা' অন্যের মতে 'দা', পঞ্চম অনেক সময়েই বক্র, 'দজ্ঞ' সঙ্গৎ, মূর্চ্ছনা—সঋজ্ঞহ্মপদনর্স নদ° হ্মজ্ঞঋসা।

উপবর্গ - দন্‌সঋজ্ঞহ্মপহ্মপদনর্স নদপহ্মদজ্ঞহ্মজ্ঞঋসা।

বিস্তার—সঋজ্ঞা ঋসদা ন্‌সা, সঋজ্ঞা হ্মজ্ঞা ঋজ্ঞা ঋসা, সঋজ্ঞা হ্মপা হ্মদা পজ্ঞা ঋজ্ঞঋসা, পা হ্মপদা নদা পা দা হ্মপজ্ঞা হ্মদনদপহ্মপদজ্ঞা ঋসা, হ্মদা পদনর্সঋর্জ্ঞা ঋর্সর্দনর্সঋর্ জ্ঞা ঋর্ সর্নদা পা হ্মপদপহ্মজ্ঞা ঋসা।

পঞ্চম প্রতি পদেই আছে। পঞ্চম বেশী দিলে মূলতানীর ছায়া আসে ব'লে কেউ কেউ বলেন, কিন্তু ছায়া তো সর্ব্বত্র ছড়িয়ে আছে, তাকে আটকাতে গেলে বেশীর ভাগ রাগকেই লুপ্ত করতে হয়। মূলতানী ঋজ্ঞঋসা, হ্মদনা, হ্মপদনর্সা, হ্মদজ্ঞা করে না, কাজেই ভাবনার কিছু নেই ব'লেই মনে হয়।

প্রকার—(ক) শ্রেণী বা গোষ্ঠী

১।	অঞ্জনী টোড়ী	২।	আহীর টোড়ী
৩।	আসা টোড়ী	৪।	কলাস টোড়ী
৫।	খট টোড়ী	৬।	গান্ধারী টোড়ী
৭।	গুজরী টোড়ী	৮।	ছায়া টোড়ী
৯।	দরবারী টোড়ী	১০।	দেশী টোড়ী
১১।	নবাৎখানি টোড়ী	১২।	প্রথম টোড়ী
১৩।	প্রভাত টোড়ী	১৪।	পুন্নাগ টোড়ী
১৫।	ফিরোজখানি টোড়ী	১৬।	বিলাসখানি টোড়ী
১৭।	বরারী টোড়ী	১৮।	বহাদুরী টোড়ী
১৯।	ভূপাল টোড়ী	২০।	মিঞাকী টোড়ী
২১।	মারগ টোড়ী	২২।	মোটকি টোড়ী
২৩।	মোহন টোড়ী	২৪।	রাম টোড়ী
২৫।	শুধ্ টোড়ী	২৬।	সেবেরী টোড়ী।

(খ) গোত্র—

১।	কাফি টোড়ী	২।	ত্রোটকী টোড়ী
৩।	পলাস টোড়ী	৪।	বরণ টোড়ী
৫।	লছ্‌মী টোড়ী	৬।	লাচারী টোড়ী
৭।	সকারি টোড়ী	৮।	হুসেনী টোড়ী

এ ছাড়া কয়েকটি নতুন বা অপ্রচলিত আছে :— কমলটোড়ী, তুরস্কটোড়ী, নট টোড়ী, ভূপটোড়ী, মালিনী টোড়ী, মঙ্গল টোড়ী, মুঞ্জরী টোড়ী, রঞ্জনী টোড়ী, ললৎ টোড়ী। জৌনপুরী, আসাবরী ইত্যাদিকে আমি টোড়ী বলি না, আর লাচারী, বিলাসখানি ইত্যাদিকে আজ-কালকার মত হিসাবে ভৈরবী অঙ্গে ফেলাই সঙ্গত মনে করি। ঋজ্ঞঋসা করলেই টোড়ি হয় না। অনেকে তাই মনে ক'রে ভৈরবীকেও টোড়ী ব'লে ধ'রে নেন। আমার সে মত নয়, কাজেই ভৈরবী অঙ্গ বলতে আমি সঋজ্ঞমজ্ঞঋস বুঝি আর সঋজ্ঞহ্মজ্ঞঋসা। টোড়ির অঙ্গ বুঝি যেমন সঋমপ গৌরী অঙ্গ, সঋহ্মপ শ্রী অঙ্গ।

স্বরলিপি

মিশ্র–দাদ্‌রা (মধ্যলয়)

কবি রচিয়াছে মেঘের বেদনা
নিজের বেদনা দিয়া
কোন যুগে মেঘ করেছিল চাঁদে
আপন গোপন প্রিয়া।
নিশীথে হেরিয়া আনন বঁধুর
মেঘ কহে চাঁদে তুমি কতদূর
কত রাতি আর কাটিবে আমার
শুধু তোমা নিরখিয়া ?

তার কথা চাঁদ তবুও শোনেনি
শুধু দিয়ে গেছে দেখা
অভিমানে মেঘ কাঁদিয়া কাঁদিয়া
ভাসিয়া গিয়াছে একা।
দয়িত লাগিয়া যুগে যুগে কত
ঝুরিয়াছে মেঘ ঘুরে অবিরত
তবু কোনদিন কাছে এলো না গো
সুদূরের মরমিয়া।

কথা ও সুর—শ্রীরমেন মৈত্র

স্বরলিপি—শ্রীবেলাবীথি চট্টোপাধ্যায়

II সা গা মা পা দা র্সা I র্সা পা দা ণা দা পা I
ক বি র চি য়া ছে মে ঘে র বে দ না

গা মা পা গপমা গা রগা I রণ্া -সা গা -গা -া -া I
নি জে র বে০০ দ না০ দি০ ০ য়া

গমা -পা পমা | মধপা মা -জ্ঞা I সা জ্ঞা মপা | পমা জ্ঞরা সণ্া I
কো০ ন্ যু০ | গে০০ মে ঘ্ ক রে ছি০ | ল০ চাঁ০ দে০

সা মা মা | মা মা পা I মজ্ঞা -পমা -পা | পা -া
আ প ন | গো প ন প্রি০ ০০ ০ | য়া ০

II {পা র্রা র্রা র্রসা র্সগা র্রা I র্সা ণা ধা না র্সা -া I
নি শী থে হে০ রি০ য়া আ ন ন

না -া না র্সা না র্সা I গা মা পা ধা র্সণা -া} I
মে ঘ্ ক হে চাঁ দে তু মি ক ত দূ০ র্

র্রা র্সা -পা | দা পা দা : পা মা জ্ঞা | সজ্ঞা পা -া I
ক ত রা তি আ র্ কা টি বে | আ০ মা র্

পা পজ্ঞা জ্ঞা র্রা স্র্রা র্সা I ণর্সা -দণা পা | -জ্ঞমপ-া -জ্ঞা -া II
শু ধু০ তো মা নি০ র খি০ ০০ য়া ০০০০ ০ ০

I গা -া গা গা গা -া I গা মা গপমা | মা গা গা I
তা র্ ক থা চাঁ দ্ ত বু ও০০ | শো নে নি

সা গা মা | পা মা জ্ঞা I সা জ্ঞা -ঙ্গা | -পা -া -া I
শু ধু দি য়ে গে ছে দে খা ০ | ০ ০ ০

দা দা দা দা দা -া I পা দা র্সা না দা পা
অ ভি মা নে মে ঘ্ কাঁ দি য়া কাঁ দি য়া

জ্ঞরা সা ণ্া সা মা মা I জ্ঞা জ্ঞরা -সরা -সা -া -া I
ভা০ সি য়া গি য়া ছে এ কা০ ০০

{মা পা না না না না I না র্সা না র্সা র্সা র্সা I
দ য়ি ত লা গি য়া যু গে যু গে ক ত

র্রা র্রা র্রা | র্রা র্রা -া I র্সা র্সা ণা | ধা না র্সা} I
রি য়া ছে মে ঘ্ ঘু রে অ | বি র ত

র্সর্রা র্সা পা | ণদা পা -া I সা মজ্ঞা জ্ঞমপা মপা পা ধা I
ত০ বু কো | ন০ দি ন্ কা ছে০ এ০০ সো০ না গো

ণা জ্ঞা জ্ঞা | -র্রা র্সর্রা র্সা I ণর্সা দণা -পা -জ্ঞমপমা -জ্ঞা -া II II
সু দূ রে | র্ ম০ র মি০ ০০ য়া ০০০০ ০ ০

স্বরলিপি

(ভজন)

মিশ্র - কাফি

চাঁদ্‌নী ছান্‌কর্‌ লায়া হুঁ ম্যায়
কিমৎ হ্যয় আন্‌মোল্‌
কোয়েলকি ম্যয় কুক্‌ লায়া
পাপিয়াকে বোল্‌।
পবন্‌কা ম্যয় ঝোঁকা লায়া,
বিজরীকি ম্যয় ঝলক্‌ লায়া,
চামেলীকে খুশ্‌বু লায়া
সাগর্‌কি কল্লোল্‌।
হীরাকে চমক্‌, মোতিকি রূপ, সূরয্‌কি আগন্‌
বীণাকে ঝংকার্‌, গীতকি সুর, নিদ্‌কি লায়া স্বপন্‌।
ভওঁরাকে ম্যয় গুঞ্জন লায়া,
কমলকা ভি শবাব লায়া,
তুঝে ভি এয় সব লানা হ্যয় তো
হরিনাম তু বোল্‌॥

কথা—চন্দনকুমার

সুর ও স্বরলিপি—শ্রীশৈলেশ ভড়

\+ o + o
II সা -মা মা -া | মা মা মা -গা I রা -গা গা -া | রা -রা রা -সা I
চাঁ দ্‌ নী o ছা ন্‌ ক র্‌ লা o য়া o | হুঁ o ম্য

\+ o + o
রা -া ঃা -া | পা -া ধা -ণা I -পধা -া -পা -া | -া -া -া
কি o ম ৎ হ্য য়্‌ আ ন্‌ oমো o o o | o ল্‌ o

\+ o + o
পা -র্সা র্সা -া | র্সা -া র্সা -র্রা I -ণর্সা -া -া -ণা | ধা -পা পা -মা I
কো o য়ে ল্‌ কি o ম্য য়্‌ oকু o o ক্‌ লা o য়া

\+ o + o
পা -ণা ণা -ধা | ধা -পা মা -গা I -রগা -া -রা -া | -া -া -া -া II
পা o পি o য়া o কে o oবো o o o ল্‌ o o

কিমৎ হ্যয় আন্‌মোল্‌

\+ | 0 | + | 0
II পা -ধা ধা -া | পা -পা মা -পা I ধা -র্সা র্সা -া | র্সা -া র্সা -া
প ০ ব ন্ | কা ০ মা য়্ ঝোঁ ০ কা ০ | লা ০ য়া ০

\+ | 0 | + | 0
র্সা -র্রা র্রা -া | র্রা -া র্রা -র্সা I র্সা র্রা র্গা -া | র্রা -া র্সা -া I
বি জ্ রী ০ | কি ০ মা য়্ ঝ ০ ল ক্ | লা ০ য়া ০

\+ | 0 | + | 0
র্গা র্মা র্রা র্সা | র্সা র্সা ধা পা | গা মা রা সা | সা সা ধ্‌া প্‌া I

সা সা র্সা র্সা | র্রা র্রা র্সা -া | র্সা ধা -া পা | গা মা রা সা I

র্সর্সা -ধা -া পা | হ্মা পা ধা পা | হ্মা -া পা -া | ধধা -পা -া পা I

হ্মা পা ধা পা | গা -া মা -া | পপা -হ্মা -া পা | গা মা রা সা II

তেহাই অংশটুকুর বোল্‌—(ঘেনান ঘেনান তাক | ধুম কেটে তাক তাক | ধা) ৩ বার আবৃত্তিতে সম।

তারাণা

হেম-কল্যাণ—ঢিমা-ত্রিতাল

৺বাহাদুর সেন

স্থায়ী

\+ ৩ ০ ১

II | | | সরসা ধ্‌া প্‌া প্‌া I

ওoo দের তা না

\+ ৩ ০ ১

সা -া রা সা | গা হ্মা পা হ্মগা | গা রা সা সা | প্‌া ধ্‌া প্‌া হ্ম্‌া I

দি ইম্‌ তা না দে রে না তে দা রে দা নি দি ইম্‌ তা দি

\+ ৩ ০ ১

-হ্ম্‌া প্‌া ধ্‌া প্‌া | প্‌া সগা হ্মা পা | গা হ্মপা গমা রসা | "সরসা ধ্‌া প্‌া প্‌া" II

ইম তা না না তা দেরে না তে দা রে দাo নিo ওoo দের তা না

অন্তরা

\+ ৩ ০ ১

II | | | পপা ধা পা পা I

তাo ত্রি ইম তা

\+ ৩ ০ ১

র্সা র্সা র্রা র্সা | র্গর্হ্মর্পা -া র্হ্মা র্গা | র্গা র্মা র্রা র্সা | পপা র্সা র্রা র্সা I

ত্রি ইম্‌ তা না দেoরে o না তে দা রে দা নি ত্রি ইম্‌ তা না

\+ ৩ ০ ১

প্‌প্‌া সা রা সা | গহ্মা পধা হ্মা পা | হ্মগা মা রা সা | "সরসা ধ্‌া প্‌া প্‌া" II

ত্রিo ইম্‌ তা না দেoরেo না তে দা রে দা নি ওoo দের্‌ তা না

স্বরলিপি

(রাগপ্রধান)

আলাহিয়া—দাদ্‌রা

যে কথা কহিতে এসেছিনু তব দ্বারে
বিরহী মনের বেদনে হারানু তারে।
যত ব্যথা লয়ে এসেছিনু
যাহা লয়ে ভালবেসেছিনু
রাখিনু তাহারে নন্দন ফুল হারে।

যা কিছু সঁপিনু চরণ-তীর্থে তব
তারি মাঝে আমি হৃদয়ে তোমারে লব।
অবহেলে তারে ফিরিওনা
কূল ভেঙে তরী ভিড়িওনা—
না-বলা বেদনা বাজুক বীণার তারে।

কথা—শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

সুর ও স্বরলিপি—শ্রীক্ষিতীশ দাশগুপ্ত

II গমা -মপা গা । রা -া রা I গা -পা পা । -া নর্সা ধনা I
যে ০০ ক থা ০ ক হি ০ তে ০ এ সে

র্সা -া র্সা । -া -র্সনা র্সা I ধা -না -ধপা । -া -া -া I
ছি ০ নু ০ ০ত ব দ্বা ০ রে ০ ০ ০

গা মা ধা । ধনা না পা I ধা মা পা । রগা -মপা পা I
বি র হী ম০ নে র বে দ নে হা০ ০০ রা

গা -মা রা । সা -া -া II
নু ০ তা রে ০ ০

II পা পা -পা । পপা -নধা না I র্সা -া র্সা । -া র্সা র্সা I
য ত ০ ব্য০ ০০ থা ল ০ য়ে ০ এ সে

র্সনা -র্রা র্সা । -া -া -া I পা -র্গা র্গা । র্গা র্রা র্রা I
ছি০ ০ নু ০ ০ ০ যা হা ল য়ে ভা ল

র্সা র্সা -া । ধা -ধনা -া I ধপা -া -া । -া -া -া I
বে সে ০ ছি ০০ ০ নু ০ ০ ০ ০ ০

গা মা ধা | ধনা না ধপা I পপা -র্সা না | ধা পা পা I
রা খি নু তা০ হা রে ন০ ন্ দ ন ফু ল

পপা -র্রা -র্গা | র্র্সা -নধা -পমা II
হা০ ০ ০ রে০ ০০ ০০

II সা -পা পা | পধা পধা পমা I গা মা পা | রগা -মপা পা I
যা কি ছু স০ পি০ নু চ র ণ তী০ ০০ র্থে

রা -সা সা | -া -া -া I সা গা রা | সা -া -া I
ত ০ ব ০ ০ ০ তা রি মা ঝে ০ ০

সসা -পা -া | গা -া -া I সা -পা পা | সসা -র্সা র্সা I
আ০ ০ ০ মি ০ ০ হৃ দ য়ে তো০ মা রে

ধা -ধা পা | -া -া -া II
ল ০ ব ০ ০ ০

II পা পা -পা | -পপা -নধা না I র্সা -া র্সা | -া -র্সা র্সা I
অ ব ০ ০হে ০০ লে তা ০ রে ০ ০ ফি

র্সা -না র্রা | র্সা -া -া I র্সা -র্গা র্গা | র্গা র্রা র্রা I
রি ০ ও না ০ ০ কূ ল্ ভে ঙে ত রী

র্সা র্সা -া | র্সা -ধা -ধনা I ধপা -া -া | -া -া -া I
ভি ড়ি ০ ও ০ ০০ না ০ ০ ০ ০ ০

গা মা ধা | ধনা না পা I পপা -র্সা -র্সা | ধা পা -া I
না ব লা বে০ দ না বা০ জু ক্ বী ণা র্

পপা -র্রা -র্গা | র্র্সা -নধা -পমা II II
তা০ ০ ০ রে ০০ ০০

স্বরলিপি

ভজন—কাহারবা

কৃপা করু মোহী পরম দয়াল,
তুঁহু জগপালন তুঁহি বিশাল।
তুঁহু কৃষ্ণ নরনারায়ণ
গিরিধারী শ্রীমধুসূদন
কংশ কেশী নিধনকারী
সীতাপতি নন্দদুলাল,
মাতাপিতা তুঁহি সাধনসাথী
সুর নর তুঁহু জপে দিনরাতি
শরণ তিঁহারী বালক গোপাল।

কথা—শ্রীননী মিত্র　　সুর—কুমারী প্রতিমা দে　　স্বরলিপি—কুমারী তপতী চৌধুরী

\+ o + o
II হ্মপা -ধনা ধপা হ্মপা । গা -মা গা গা I সা রা গা -া । পা পা -গা -া I
কৃ০ ০০ পা০ ক০ রু ০ মো হী প র ম ০ দ য়া ০ ল্

\+ o + o
ধা ধা ধা ধা । ধা -ণা ধপা হ্মপা I পমা -গরা গা গা । মা -মা পা -া I
তুঁ হু. জ গ পা ০ ল০ ন০ তুঁ০ ০০ হি বি শা ০ ল ০

\+ o + o
পহ্মা -পা পা -া । নধা -না -া না I র্সনা -র্সা র্সা র্সা । র্সা -র্রা র্সা নর্সা I
তুঁ০ ০ হি ০ কৃ০ ০ ষ্ ণ ন০ ০ র না রা ০ য় ণ০

\+ o + o
না -র্গা র্রা -া । না -র্রা -া র্সা I ধা -না র্সা না । ধা -না ধপা হ্মপা I
গি ০ রি ০ ধা ০ ০ রী শ্রী ০ ম ধু সূ ০ দ ন০

\+ o + o
র্সা -র্গা র্রা -া । না -র্রা র্সা -া I না -া না না । ধা -র্সা না -া I
কং ০ শ ০ কে ০ শী ০ নি ০ ধ ন কা ০ রী ০

\+ 0 + 0
গা -পা গা -পা | রা -গা সা -া I না -ধা না না | র্সনা -ধপা -া -া I
সী ০ তা ০ প ০ তি ০ ন ০ ন্দ ছ্ লা০ ০০ ০ ল্

\+ 0 + 0
সা -ন্া প্া ন্া | -সা রা সা ন্সা I সরা -গমা গা গা | রগা -মগা গা -গা I
মা ০ তা পি ০ তা তু ছ০ সা০ ০০ ধ ন সা০ ০০ থী ০

\+ 0 + 0
ধা ধা ধা ধা | পধা -পধা ধা -ধা I পধা পধা পা পা | ন্ধপা -ন্ধপা পা -পা I
সু র ন র তুঁ০ ০০ হি ০ জ০ পে০ দি ন রা০ ০০ তি ০

\+ 0 + 0
র্সর্রা র্গা র্গা র্গা | র্সর্রা -র্গর্মা র্গর্রা -র্সা I র্সা না ধা -না | র্সা না -ধা পা II
শ০ র ণ তিঁ হা০ ০০ রী০ ০ বা ল ক ০ গো পা ০ ল্

শ্রীরাগ সম্বন্ধে যৎকিঞ্চিৎ

শ্রীদুর্গাপ্রসন্ন স্মৃতিভারতী

দেখা যায় শ্রীরাগকে ভারতীয় সঙ্গীতশাস্ত্রে প্রথম রাগ বলিয়া অভিহিত করা হইয়াছে। এই রাগের স্বরূপ বর্ণনা করিতে গিয়া কিঞ্চিৎ অবান্তর লিখিতে বাধ্য হইলাম। রাগ জিনিষটীই গীতের শ্রেষ্ঠ উপাদান। এই উপাদান-মণ্ডিত গীতটী প্রকৃত রস উৎপাদনে সমর্থ হয়। রাগবিধিতে হইলে অনেক বিষয়াবতারণ না করিলে চলে না। রাগ কাহাকে বলে? এই প্রশ্নোত্তরে দেখিতে পাই প্রকৃত বিকৃত ভেদে ষড়জাদি ঊনবিংশ স্বর ও বর্ণে* অলঙ্কৃত যে ধ্বনি বিশেষ মানুষের মনোরঞ্জন করে তাহাই রাগ নামে খ্যাত। ভরতাদির মতে যাহা শ্রবণ মাত্র মনোরঞ্জন করে তাহাই রাগ নামে খ্যাত। সঙ্গীতদামোদরের মতে—ব্রজলীলায় ষোল হাজার গোপীগণ এক এক রাগ সৃষ্টি করিয়াছিল। কৃষ্ণলীলাত্মক গ্রন্থে ইহার ভিত্তি পাওয়া কঠিন মনে হয়। শ্রীরাগ মহাদেবের সদ্যোজাত মুখ হইতে উদ্ভব হইয়াছে এরূপ সঙ্গীত-দর্পণকার বলিয়াছেন। শ্রীরাগ গ্রহাংশান্যাস ষড়জে ভূষিত সম্পূর্ণ জাতীয়। নানা গুণযুক্ত প্রথম (উত্তরমন্দ্রা) মূর্চ্ছনা বিশিষ্ট। কেহ গ্রহাদির বদলে ঋষভের নাম উল্লেখ করিয়া গিয়াছেন। স রি গ ম প ধ নি স রি গ ম প ধ নি স রি। মূর্ত্তি—দিব্যমূর্ত্তিধারী বিলাস বেশী শ্রীরাগ স্ত্রীগণ সহ প্রমোদ কাননে বিহারার্থ প্রসূন চয়ন করিতেছেন। প্রত্যেকটী স্ত্রীর বর্ণনা তত্তৎ নামের সহিত প্রকাশ করিতেছি—দর্পণ বলেন—মালশ্রী, ত্রিবণী, গৌরী, কেদারী, মধুমাধবী।

* স্থায়ী, আরোহী, অবরোহী ও সঞ্চারীকে বর্ণ কহে।

ততঃ পাহাড়িকা জ্ঞেয়াশ্রীরাগস্য বরাঙ্গণাঃ। মালশ্রী রাগিণী ষড়জ গ্রহাংশন্যাসা, রাগাঙ্গে পরিপূর্ণা। উত্তরমন্দ্রা মূর্চ্ছনা যুক্তা, শৃঙ্গাররসমণ্ডিতা ও উক্ত রসে গেয়া। স রি গ ম প ধ নি স। মূর্ত্তি—ক্ষীণাঙ্গী আম্রবৃক্ষমূলে উপবিষ্ট হইয়া রক্তপদ্ম হাতে লইয়া ঘুরাইতেছে এবং অল্প অল্প হাসিতেছে।

ত্রিবণী—ঋষভ ও পঞ্চমহীন ঔড়ব জাতীয়। ইহার গ্রহাংশ ন্যাস স্বর ধৈবত জাতীয়। ধ নি স গ ম ধ, মূর্ত্তি—অতি পীতবর্ণা কৃশাঙ্গী হারশোভিতা নিজ কান্তসহ রম্ভা-তরুতলে উপবিষ্ট আছে।

গৌরী—ঋষভ ও পঞ্চমহীন ঔড়ব জাতীয়। ইহার গ্রহ অংশ ন্যাস স্বর ষড়জ। ইহাও উত্তরমন্দ্রা মূর্চ্ছনা প্রযুক্ত হয়। স গ ম ধ নি স। মূর্ত্তি—পূর্ণেন্দুবক্ত্রা ও অতি সৌভাগ্যবতী গৌরী গজমুক্তাহার ও প্রফুল্ল কুসুম মালায় সুশোভিতা ময়ূরপুচ্ছ নির্ম্মিত অলঙ্কারে অলঙ্কৃতা ও নানা অনুলেপন দ্রব্যে বিলিপ্ত হইয়া মনোজ্ঞ বেশ ধারণ করিয়াছে।

কেদারী—ঋষভ ও ধৈবত বর্জ্জিত ঔড়ব জাতীয়। নিষাদ গ্রহ অংশ ন্যাস যুক্ত, কাকলী স্বরযুক্ত, মার্গী মূর্চ্ছনা বিশিষ্ট। স গ ম প নি স। মূর্ত্তি—মস্তকে জটাভার, কপালে চন্দ্রখণ্ড, গলে সর্প-উত্তরীয় যোগপীঠে বসিয়া মহাদেবের ধ্যানে নিযুক্ত।

মধুমাধবী—গ্রহাংশান্যাস ষড়জ ইহাতে উত্তরমন্দ্রা মূর্চ্ছনা। গা ও ধা হীন, ঔড়ব জাতি, স রি ম প নি স। মূর্ত্তি—চক্ষু দুইটী প্রস্ফুটিত নীল পদ্মতুল্য, কৃশাঙ্গী, পরিধানে নীল বস্ত্র, পতিব্রতা তমাল তরুতলে বেদিকা উপরে অবস্থিত।

পাহাড়ী—ঋষভ ও পা বর্জ্জিত ঔড়ব। গ্রহাংশন্যাস স্বর ষড়জ। ইহা কতক তৈলঙ্গদেশীয় রাগের মত। রি গ ম ধ নি স। মূর্ত্তি—অতি গৌরাঙ্গী মনোহরা শুকপক্ষীর পুচ্ছ নির্ম্মিত বস্ত্র পরিধান, সর্ব্বদা রসপূর্ণ চিত্ত, সুরতোৎসুক হইয়া নিদ্রাগত কান্তকে নানা ছলে প্রবুদ্ধ করিতেছে।

দর্পণের মত লিখিত হইল। ইহা আমাদের মনে রাখা উচিত যে, রাগ-বর্ণনায় মতবৈষম্যে এবং শাস্ত্র ও কার্য্যে অত্যন্ত বেমিল দেখিতে পাই। ইহার সম্বন্ধে পরে আলোচনা করিবার ইচ্ছা আছে।

হনুমানের মতে—মালশ্রী, মারবা বা মালবা, ধানশ্রী, বসন্ত রাগিণী ও আশাবরী এই পাঁচটী শ্রীরাগের পত্নী। ইহাদের বর্ণনা, যথা—

মালশ্রী—জাতি সম্পূর্ণ। স ঋ গ ম প ধ নি গ্রহ ষড়জ স্বর। হিম ঋতুতে দিবা দ্বিপ্রহরে গেয়। ধ্যান—রাগমালা গ্রন্থে। মূর্ত্তি—রক্তবর্ণ, কোমালঙ্গী, পীতবস্ত্র পরিহিত, কৌতুকজন্য ভ্রমণশীল বলিয়া নায়ক হইতে দূরে সখীগণ সহ হাস্যরসযুক্ত ও আম্রতরুতলে উপবিষ্ট।

মারবা বা মালবা—জাতি ষাড়ব। স প গ ম ধ নি। গ্রহ ষড়জ, হিম ঋতুর শেষ বেলায় গেয়। ধ্যান—রাগমালা গ্রন্থে। মূর্ত্তি—স্বর্ণবস্ত্র পরিহিত, পুষ্পমাল্যধারিণী নায়কের সহিত মিলন-কামনায় সঙ্কেত স্থানে একাকিনী উপবিষ্টা।

বসন্ত রাগিণী—জাতি সম্পূর্ণ, স ঋ গ ম প ধ নি। উহা হিমের মধ্যাহ্ন এবং বসন্ত ঋতুর সকল দিবাভাগে গেয়। ধ্যান—রাগমালা গ্রন্থে। মূর্ত্তি—সুঠাম পুরুষের মত আকৃতি। রক্তবসনা, শিখায় ময়ূর পুচ্ছ, হাতে আম্রমুকুল, যৌবন-মদোন্মত্তা, গলে পুষ্পমাল্য, পুষ্পোদ্যানে সুনর্ত্তকী ও সুস্বর গায়কীগণের সহিত রঙ্গরাগযুক্তা, বাম হস্তে তাম্বুল, সখিগণসহ হাস্যকৌতুক, ক্রীড়া, নৃত্য, গীতবাদ্য প্রভৃতিতে নিতান্ত আসক্ত। কোন রাগমালা গ্রন্থে শ্রীকৃষ্ণ মূর্ত্তি বিশিষ্ট বলিয়া বর্ণিত। অন্য কারো মতে শ্যামবর্ণা।

আশাবরী—জাতি ঔড়ব, ধ নি স ম প। গ্রহ ধৈবত হিমে দ্বিপ্রহরে গেয়। রাগমালায় ধ্যান-মূর্ত্তি—শ্যামবর্ণ কোমলাঙ্গী, শ্বেত সাড়ী পরিধানা, কর্পূরানুলেপনা। হস্ত

টিপ্পনী—এই প্রবন্ধে রাগিণীর ধ্যানগুলির সংস্কৃত শ্লোকাদির কেবল যথারীতি বঙ্গানুবাদ করিয়া প্রকাশ করিলাম।

দে সর্পবেষ্টিত চূড়াবদ্ধ মস্তক, জল মধ্যস্থ পর্ব্বতগুহায় পবিষ্ট। অন্য গ্রন্থে দেখা যায় উক্ত গুণযুক্তা কটিতে ক্ষপত্র নিবদ্ধাবস্থায় উলঙ্গিনী। ইহার সিন্ধুমালব, গৌড়, ণসাগর, কুম্ভ, গম্ভীর, শঙ্কর বা আগড় ও বিহাগড় নামক াটটি পুত্র। গৌড়স্থানে কেহ কেহ কল্যাণ কেহবা হাম্বীর লেন।

কল্লিনাথ শ্রীরাগকে প্রথম রাগ বলিয়াছেন। ইহার গৌরী, গৌণাহলী, ধবলী, রুদ্রাণী, মালকোষ বা কৌশিকী, বগান্ধারী এই ছয়টি স্ত্রী। ইহার মতেও হনুমন্ত মতের ত আট পুত্র।

সোমেশ্বর মতেও এই রাগ প্রথম। এই মতেও ছয় স্ত্রী যথা—মালবী বা মারবী, ত্রিবেণী বা তিরবল্লী, গৌরী, কেদারা, মধুমাধবী, পাহাড়িকা বা পাহাড়ী এবং পূর্ব্বোক্ত মতদ্বয়ের মত আট পুত্র নির্দ্দিষ্ট হইয়াছে।

ভরতের মতে উক্ত রাগ পঞ্চম এবং তাহার পাঁচ স্ত্রী আছে। * পুত্র যথা—শ্রীরমণ, কোলাহল, সামন্ত, শঙ্করণ, রাকেশ্বর, খট, বড়হংস, দেশকার এই আট পুত্র।

সঙ্গীততরঙ্গকার একজন শ্রেষ্ঠ সংগ্রাহক। তিনি নানা দেশীয় সঙ্গীতশাস্ত্রের সামঞ্জস্য করিয়া উক্ত গ্রন্থে সন্নিবেশ করিয়াছেন। অন্যান্য গ্রন্থকারের মতাবলম্বনে আগামীবারে বাকি অংশটুক প্রকাশ করিয়া এই প্রবন্ধ শেষ করিবার ইচ্ছা রহিল।

টিপ্পনী—তথাহি সঙ্গীতদর্পণে—স্থায্যারোহী অবরোহীচ ঞ্চারীত্বথ লক্ষণং।

সারঙ্গদেবের মতে এই রাগ শুদ্ধ, ছায়ালগ ও সঙ্কীর্ণ ভদে তিন প্রকার। বিশুদ্ধ ভাবে গেয়কে শুদ্ধ বলে। ন্য রাগের ছায়াযুক্ত হইলে ছায়ালগ এবং বহু রাগের শ্রণে যে রাগ উৎপত্তি হয় তাহাকে সঙ্কীর্ণ বলে। এই তনের পুনরায় ঔড়ব, খাড়ব ও সম্পুর্ণ ভেদে তিন প্রকার র্ণিত হইয়াছে। পাঁচ, ছয় ও সাত স্বরের সমবায়ে এই কল পৃথক্ নামকরণ হইয়াছে।

রাগের (গীতের) প্রথম স্থাপিত স্বরকে গ্রহ বলে। মাপ্তি স্বরকে ন্যাস এবং বহুল ভাবে প্রযুক্ত স্বর অংশ ামে খ্যাত।

রাগের ছায়ামাত্র অনুকরণ করাকে রাগাঙ্গ কহে। াষার ছায়া আশ্রয় করাকে ভাষাঙ্গ এবং রাগাদির গান রার উৎসাহকে ক্রিয়াঙ্গ কহে।

উক্ত অঙ্গ তিনটির সামান্য অনুকরণ করাকে উপাঙ্গ কহে। রাগাঙ্গাদি রাগের বিশেষ পরিচায়ক।

সঙ্গীত তরঙ্গের মতে—

শ্রীরাগ পৃথিবীর নাভী হইতে সৃজন
শ্রীরাগ তাহার গৌর-বরণ।
পদ্মরাগমণি স্ফটিকের হার—
এক পরে এক গাঁথনি তার।
চিত্রময় সিংহাসন উপরে
কমল কুসুম দক্ষিণ করে।
শোভিত নির্ম্মল শ্বেত বসন
আনন্দে মগন হাস্য বদন।
সমুখে সকল গায়কগণ
নানা মতে করে মনোরঞ্জন।
কেহ আলাপিছে রাগের অঙ্গ
কেহ বাজায় মধুর মৃদঙ্গ।
বাজায় রবাব তাম্বুর বীণ
মন্দিরা বাজে ঠিনি ঠিনি ঠিন্।
দর দর দর বাজয়ে দারা
বাজে সারিঙ্গী মোচঙ্গ সেতারা।
সম্পূরণ গ্রহে খরজ ধ্বনি
স্বরাবলি স রি গ ম প ধ নি।
হিম আদি ষড় ঋতুতে বিধান
দিবা শেষ ভাগে করিবে গান।

* পাঁচ স্ত্রী যথা—সিন্ধুরী, কাফী, ঠুমরী, বিচিত্রা, শিরহটি বা সৌরটী।

সেতার ও স্বরদের গৎ

কেদারা—দ্রুত-ত্রিতাল

প্রাপ্ত—ওস্তাদ আলাউদ্দিন খাঁ সাহেব (মাইহার ষ্টেট্) স্বরলিপি—শ্রীকৃষ্ণকিশোর দাস

স্থায়ী

\+ ৩ ০ ১
II সা ন্‌ন্‌া সা মা । -া মা মা গগা । মা পা -া পা । ধা ধপা -হ্মা পা I
ডা ডিরি ডা ডার্ ০ ডা ডা ডিরি ডা ডা র্ ডা ডা ডার্ ০ ডা

\+ ৩ ০ ১
মা -া -া হ্মা । -া পা র্সা -া । র্সা র্রা র্সর্সা ননা । ধা ধপা -হ্মা পা I
ডা ০ ০ ডার্ ০ ডা ডা ০ ডা রা ডিরি ডিরি ডা ডার্ ০ ডা

\+ ৩ ০ ১
মা গগা পা হ্মা । -া ধা হ্মহ্মা পপা । মা গা -া পপা । সা গগা রা সা II
ডা ডিরি ডা রা ০ ডা ডিরি ডিরি ডা রা ০ ডিরি ডা ডিরি ডা রা

অন্তরা

\+ ৩ ০ ১
II হ্মা পপা পা র্সা । -া র্রা না র্সা । র্সা র্গা র্রর্রা র্সর্সা । র্সনা ধা -া পা I
ডা ডিরি ডা ডার্ ০ ডা ডা রা ডা রা ডিরি ডিরি ডার্ ডা র্ ডা

\+ ৩ ০ ১
পহ্মা ধপা মা -া । পা হ্মা পা -া । র্সা না ধধা পপা । মগা রা -া সা II
ডা০ রা০ ডা ০ ডা রা ডা ০ ডা রা ডিরি ডিরি ডা০ ডা র্ ডা

সমালোচনা

Lectures on Indian Music—by N. Shanti, B. A. Published by Gur Das Kapur & Sons, Educational Publishers, Lahore. Price Rs. 3/8.

এই সঙ্গীতের বইখানি ইংরাজীতে, ডবল ক্রাউন সাইজের ১৩২ পৃষ্ঠা। ইহার ভূমিকা লিখেছেন বাবু গোপাল দাস এবং তিনি বলেছেন—"I welcome * *, commend this book written by Mr. N. Shanti to all beginners in this domain. * * There is a scarcity of good books on the subject, especially by Punjabi authors. Our province unfortunately, is far behind certain other parts of India in the sphere of classical music." (P. VII). অবশ্য ভূমিকা লেখক পাঞ্জাব প্রদেশের উপযোগী হিসাবে এ বইয়ের উল্লেখ করলেও শিল্পীসাধারণের প্রয়োজনীয় ব'লেই প্রশংসা করেছেন।

বইখানি Sub-title দিয়েছে গ্রন্থকার An Outline of Theory and Historical Survey. Theory বা ঔপপত্তিকাংশের রীতি, বিভাগ ও আলোচনা তিনি স্বর্গীয় পণ্ডিত ভাতখণ্ডেজীর প্রবর্ত্তিত নিয়মকেই সম্পূর্ণ অনুসরণ করেছেন। সমস্ত আলোচনার বিষয়কে তিনি বক্তৃতার আকারেই সাজিয়েছেন এবং সেজন্যে ১৪টি পরিচ্ছেদে তিনি তাঁর বক্তব্যকে ভাগ করেছেন। প্রথম বক্তৃতায় তাঁর আলোচনার বিষয় হ'ল শব্দ, নাদ ও শ্রুতির কথা নিয়ে। দ্বিতীয় বক্তৃতায় ভারতীয় সপ্তক বা পর্দ্দার উৎপত্তি ও বিকাশ, বর্ণ, অলঙ্কার, তান, গমক, পকড় ও মীড়। তৃতীয় বক্তৃতায় ঠাট। চতুর্থ বক্তৃতায় রাগ, প্রাচীন রাগ-বিভাগ-পদ্ধতি; শুদ্ধ, ছায়ালগ ও সংকীর্ণ-রাগ; বাদী ও সম্বাদীর বিচার; স্থায়ী অন্তরা প্রভৃতির আলোচনা; গ্রহ, ন্যাস, অংশ ও বক্র স্বর; পকড়; আশ্রয় রাগ, পূর্ব্ব ও উত্তর রাগ, রাগের কাল এবং সন্ধিপ্রকাশ, রাগের আলোচনা। পঞ্চম বক্তৃতায় তাল, লয়, সম ও তালের প্রকারভেদের কথা। ষষ্ঠ বক্তৃতায় সঙ্গীত রচনার পদ্ধতি ও খেয়াল প্রভৃতির আলোচনা। সপ্তম ও অষ্টম বক্তৃতায় ঐতিহাসিক অভিব্যক্তির কথা আলোচনা করেছেন যদিও তা অসম্পূর্ণ ও অত্যন্ত সামান্য। নবম বক্তৃতায় প্রসিদ্ধ কয়েকজন সঙ্গীতসেবীর সংক্ষেপ জীবনী। একাদশ বক্তৃতায় রাগের বিবরণ। দ্বাদশ বক্তৃতায় ভারতীয় যন্ত্রসঙ্গীতের কথা। ত্রয়োদশ বক্তৃতায় স্বরলিপি এবং চতুর্দ্দশ বক্তৃতায় শিল্পীদের গুণাগুণ, মার্গ ও দেশী-সঙ্গীত, বিভিন্ন মতের রাগ-রাগিণী এবং গ্রাম, মূর্চ্ছনা ও জাতির আলোচনা করা হয়েছে। শেষের দিকে ছোট একটি Bibliography সন্নিবিষ্ট করা হয়েছে।

রাগ রাগিণীদের কথা ও ঠাটের বিভাগ তিনি স্বর্গীয় ভাতখণ্ডেজীর পদ্ধতি অনুসারেই করেছেন। ঐতিহাসিক আলোচনা বা অভিব্যক্তির বক্তৃতা দুটি খুবই সংক্ষেপ ও সাধারণ হয়েছে। স্থানে স্থানে তাঁর আলোচনা নামোল্লেখেই মাত্র শেষ করা হয়েছে। নাট্যশাস্ত্রের আলোচনা তিনি করেছেন, কিন্তু ঐতিহাসিক বিকাশভঙ্গীর তিনি কোন কথাই বলেন নি। মোট কথা ঐতিহাসিক বিকাশের কথা যতটুকু তিনি আলোচনা করেছেন তা একেবারেই সামান্য বা আলোচনা অপূর্ণই বল্‌তে হবে। এই আলোচনায় তাঁর বৈশিষ্ট্য বিন্দুমাত্রও নাই। গ্রন্থকারের এই দিক দিয়ে কিছু Systematic আলোচনা করা উচিৎ ছিল। Detailed Exposition of Ragas বক্তৃতাটী তাঁর ভালই হয়েছে অন্ততঃ শিক্ষার্থীদের কাছে। যন্ত্রসঙ্গীতের আলোচনায় গ্রন্থকারের কোন নূতনত্ব নাই। তত বাদ্যের ভাগ ও বীণার বিভাগ তিনি দিয়েছেন। সিতারের সংক্ষিপ্ত আলোচনাও করেছেন। তাছাড়া সারেঙ্গী, দিলরুবা, তবলা ও বাঁশী প্রভৃতিরও কিছু কিছু উল্লেখ করেছেন।

মার্গ ও দেশী সঙ্গীতের আলোচনায় গ্রন্থকার কিছু নূতনত্বের পরিচয় দিয়েছেন। রত্নাকরের পরবর্ত্তী সকল গ্রন্থকারই যে রত্নাকরের পদ্ধতিকেই অনুসরণ করেছেন একথা ঠিকই, মার্গ দেশীর বেলায়ও তাই। গ্রন্থকারের "We call Vedic Music as the Märga Music" এম. এস্. রামস্বামী আয়ারেরই সিদ্ধান্তকে সমর্থন কর্ছে। মার্গকে বৈদিক সঙ্গীত কেন বল্ব?—তারও সংক্ষেপে তিনি কারণ দিয়েছেন।

পুস্তকের ২৮পৃষ্ঠায় চারিটী মতের রাগ-বিভাগের কথা বল্‌তে গিয়ে ভরত মতের অনুযায়ী রাগের ভাগ তিনি কোথায় পেলেন? এই ভরত কে? এই ছয় রাগের ভাগকারী ভরতের বই তিনি পেলেন কোথা থেকে? মোট কথা বই সাধারণ শিল্পী ও শিক্ষার্থীর বেশ উপযোগী হয়েছে। গ্রন্থকারের প্রচেষ্টার আমরা বিশেষ প্রশংসা করি।

—স্বামী প্রজ্ঞানানন্দ

— সংবাদ —

'উন্মোচনী'র সূর্য্য-প্রণাম

বালীগঞ্জ ফার্ণ রোডের 'উন্মোচনী' সংস্কৃতি-কেন্দ্রে গত ২৫শে বৈশাখ কবিগুরু রবীন্দ্রনাথের জন্মতিথি পূজা সাড়ম্বরে অনুষ্ঠিত হইয়াছে। এই মহতী সভার অধিনায়কত্ব করেন ডাক্তার শৈলেন্দ্রনাথ সিংহ। বিশিষ্ট সুরশিল্পী-বৃন্দের সঙ্গীতাঞ্জলির পর 'উন্মোচনী'র সভ্যেরা 'সূর্য্য-প্রণাম' নৃত্যনাট্যের ভিতর দিয়া তাঁহাদের অন্তরের গভীর শ্রদ্ধা নিবেদন করেন। সূর্য্য-প্রণাম-এর মন্ত্র রচনা ও তার পৌরোহিত্য করেন কবি রমেন চৌধুরী। শ্রীযুক্ত রবিন রায় সুর-সঙ্গতিতে, শিল্পী ও, সি, গাঙ্গুলি ও তিলক বন্দ্যোপাধ্যায় রূপাঙ্কনে এবং নৃত্যশিল্পী গৌরমোহন সমুদয় নৃত্যের পরিকল্পনায় বিশেষ মৌলিকতা প্রকাশ করেন। অভিনয়ে মীরা মুখার্জ্জি, বাণী ঘোষ, পূর্ণিমা বোস, তৃপ্তি সরকার, মায়া বোস প্রভৃতি কুশলতা দেখান। সম্পাদিকা ধীরা ঘোষ 'উন্মোচনী'র উদ্দেশ্য বিবৃত করেন। মিণ্টু বোস ও ললিতা মুখার্জ্জি অতিথিবৃন্দের আপ্যায়নে অক্লান্ত পরিশ্রম করেন। অভিনয় শেষে কবি বিনয়ভূষণ দাশগুপ্ত রবীন্দ্রনাথের প্রতিকৃতির পাদমূলে কুসুমাঞ্জলি প্রদান করেন। শ্রীযুক্ত অমিয় বসু ও সচি সেন মজুমদার মঞ্চ অধ্যক্ষতা করেন।

সুগায়িকার শুভ-বিবাহ

গত ২৯শে বৈশাখ কলিকাতা গ্রে ষ্ট্রীট নিবাসী শ্রীযুক্ত নরেন্দ্রনাথ রায় মহাশয়ের কন্যা সঙ্গীতকুশলা শ্রীমতী বেলা রায়ের সহিত বালীগঞ্জ রাসবিহারী এভেনিউ নিবাসী ৺শচীন্দ্রনাথ সেন মহাশয়ের পুত্র শ্রীযুক্ত অহীন্দ্রনাথ সেন বি. এ., আর. এ-র শুভ পরিণয় সম্পন্ন হইয়া গিয়াছে। এতদুপলক্ষে কলিকাতার বহু বিশিষ্ট ভদ্র মহোদয় ও মহিলা বিবাহ-সভায় যোগদান করিয়াছিলেন। ঈশ্বর সমীপে আমরা এই নব-দম্পতির শুভ-কামনা করিতেছি।

রবীন্দ্র জন্মোৎসব

গত ২৯শে বৈশাখ হুগলী ডানকুনি মনোহরপুর গ্রামে কবি বিনয়ভূষণ দাশগুপ্তের উদ্যোগে রবীন্দ্র-জন্মোৎসব পালিত হয়। এই উপলক্ষে প্রবীণ সাহিত্যিক শ্রীযুক্ত শৈলেশ বিশী মহোদয় পৌরোহিত্য করেন। কবি বিনয়-ভূষণ দাশগুপ্ত রবীন্দ্রনাথের 'জন্মদিনে' কবিতাটি আবৃত্তি করিবার পর কলিকাতার বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীতকুশলী শ্রীযুক্ত শচীন্দ্রনাথ মিত্র বি. এস্‌সি, শ্রীযুক্ত সুভাষ রায়চৌধুরী একাধিক রবীন্দ্র সঙ্গীত করেন। স্থানীয় সুগায়ক শ্রীযুক্ত বীরেশ্বর চক্রবর্ত্তী, শ্রীযুক্ত বনোয়ারীলাল বন্দ্যোপাধ্যায়

প্রভৃতিও সঙ্গীতাদি করেন। ইঁহাদের সহিত শ্রীযুক্ত পশুপতি মুখোপাধ্যায় তবলা সঙ্গত করিয়াছিলেন। পরিশেষে প্রত্নতত্ত্ববিদ্‌ শ্রীযুক্ত অজিত ঘোষ মহাশয় রবীন্দ্রসঙ্গীত

কবিগুরু রবীন্দ্রনাথ

সম্বন্ধে এক নাতিদীর্ঘ বক্তৃতা করেন। সভাপতি মহাশয় "বাংলার গীতিকাব্যে মাতৃসাধনা ও রবীন্দ্রনাথ" শীর্ষক একটি সুলিখিত অভিভাষণ পাঠ করেন। সভান্তে গৃহস্বামী শ্রীযুক্ত কালীপদ দাশগুপ্ত মহাশয় সকলকে জলযোগে আপ্যায়িত করেন। অনুষ্ঠানে বহু বিশিষ্ট ভদ্রমহোদয় ও মহিলা যোগদান করিয়াছিলেন।

লালগোলা সঙ্গীত বিদ্যালয়ে রবীন্দ্র-জন্মোৎসব ও বিদ্যালয়ের বার্ষিকী

গত ২৫শে বৈশাখ "বাণী-মন্দিরে" লালগোলা সঙ্গীত বিদ্যালয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক সঙ্গীতবিশারদ শ্রীযুক্ত সুধাংশুকুমার মিত্র লালগোলা-রাজসভা-গায়কের ঐকান্তিক প্রচেষ্টায় অন্যান্য বৎসরের ন্যায় এবারও কবিগুরুর জন্মতিথি উৎসব সমারোহের সহিত অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে উক্ত বিদ্যালয়ের কর্তৃপক্ষ রবীন্দ্র-সপ্তাহ পালন করেন ও রবীন্দ্র-স্মৃতি ভাণ্ডারের জন্য অর্থ সংগ্রহান্তে নিখিল ভারত রবীন্দ্র-স্মৃতি ভাণ্ডারে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও অর্থ প্রেরণ করিয়া দেশবাসীর ধন্যবাদভাজন হইয়াছেন। সুখের বিষয়, এই উপলক্ষে ৩০শে (ভদ্রমহোদয়দিগের জন্য) ও ৩১শে বৈশাখ (ভদ্রমহিলাদিগের জন্য) রবীন্দ্রনাথের "মুকুট" নাটকখানি বিদ্যালয়ের ছাত্রীগণ কর্তৃক অভিনীত হয়। দর্শকমণ্ডলী অভিনয় দর্শনে মুগ্ধ হন ও উচ্ছ্বসিত প্রশংসা করেন।

সঙ্গীতবিশারদ শ্রীযুক্ত সুধাংশুকুমার মিত্রের ঐকান্তিক প্রচেষ্টায় সুসাহিত্যিক রাজা রাও ধীরেন্দ্রনারায়ণ রায় বাহাদুরের দানে ও পৃষ্ঠপোষকতায় এবং স্থানীয় কতিপয় ভদ্রমহোদয়ের সহায়তায় ১৩৪৬ সালে এই বিদ্যালয়টি দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করে। গত ১০ই নভেম্বর ১৯৩৫ তারিখে কাশিমবাজারের মহারাজা বাহাদুর এই বিদ্যালয়

সঙ্গীতবিশারদ শ্রীযুক্ত সুধাংশুকুমার মিত্র

পরিদর্শন করিয়া অত্যন্ত আনন্দিত হন। অত্যন্ত আনন্দের বিষয় এই যে, সম্প্রতি এই বিদ্যালয়ের ছাত্রী

কুমারী মুকুল ব্যানার্জ্জি কলিকাতা সঙ্গীত সম্মিলনী কর্ত্তৃক গীতশ্রী পরীক্ষায় সুনামের সহিত উত্তীর্ণা হইয়া গীতশ্রী উপাধি লাভ করেন এবং গীতশ্রীর পরীক্ষক

গীতশ্রী মুকুল ব্যানার্জ্জি

ওস্তাদ আলাউদ্দিন খাঁ, ওস্তাদ দবীর খাঁ সাহেব, কুমার বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী প্রভৃতির উচ্ছ্বসিত প্রশংসা অর্জ্জন করিয়াছেন। ওস্তাদগণ সুধাংশুবাবুর শিক্ষাপ্রণালীর ভূয়সী প্রসংশা করেন। এ বৎসরের মুর্শিদাবাদ জেলা সঙ্গীত প্রতিযোগিতায় প্রতিযোগিতা কমিটি সুধাংশুবাবুকে একজন বিচারক নির্ব্বাচন করিয়া সত্যকারের গুণগ্রাহিতার পরিচয় প্রদানে দেশবাসীর ধন্যবাদার্হ হইয়াছেন। আমরাও দেশবাসীর সঙ্গে পরম মঙ্গলময়ের শ্রীচরণে সুধাংশুবাবুর উত্তরোত্তর খ্যাতি কামনা করিতেছি।

"কুমার সম্ভব" নৃত্য-নাট্য

সম্প্রতি আর্ট সেণ্টার অফ দি ওরিয়েণ্টের বিশিষ্ট ছাত্রছাত্রীগণ কর্ত্তৃক নিউ এম্পায়ার রঙ্গমঞ্চে 'কুমার সম্ভব', 'কল অফ দি নেশন' ও 'মহুয়া' এই তিনটি নৃত্যনাট্যের অভিনয় বিশেষ সাফল্যের সহিত অনুষ্ঠিত হইয়া গিয়াছে। এতদুপলক্ষে যে সমস্ত ছাত্রছাত্রী অভিনয়ে অংশ গ্রহণ করিয়াছিলেন তাঁহারা সকলেই বিশেষ কৃতিত্ব প্রদর্শন করিয়াছেন। ইহাদের সাজসজ্জা ও নৃত্যপরিকল্পনায় উচ্চাঙ্গ রসবোধের পরিচয় পাওয়া যায়। এই অভিনয়-লব্ধ অর্থ জাতীয় কল্যাণার্থে ব্যয়িত হইবে জানিয়া আমরা আর্ট সেণ্টার অফ দি ওরিয়েণ্টের কর্ত্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী।
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২৩শ বর্ষ } জ্যৈষ্ঠ, ১৩৫৩ সাল { ২য় সংখ্যা

দাদরা তাল

শ্রীহরেন্দ্রকিশোর রায়চৌধুরী

বর্ত্তমান কালে দাদরা তালের পরিচয় সঙ্গীতপ্রিয়দের নিকট দিবার আবশ্যক হয় না। যেহেতু সকলেরই ইহার ধারণা আছে। ঠেকার রূপ এবং তাহার মাত্রা ও তাল-সংখ্যার ধারণাও তাহাদের আছে। আমি সেই পরিচিত রূপ নিম্নে লিখিতেছি, যথা:—

+			১		
।	।	।	।	।	।
ধিন	ধিন	ধা	ধা	দিন	তা।

প্রচলিত রীতি অনুযায়ী মাত্রা, তাল এবং বোল লিখিলাম। ইহাতে ফাঁকের ব্যবহার দৃষ্ট হয় না। ইহাকেই দাদরার ঠেকা বলে। কেহ বলিতে পারেন যে, এই প্রকার ঠেকা সুশ্রাব্য নহে, তৎস্থলে—

+			১		
।	।	।	।	।	।
ধিন	ধিন	তাগ	ধা	দিন	তাগ

অধিকতর সুশ্রাব্য হয়। তদুত্তরে বলা যায় যে, ঠেকা পদার্থ ছন্দের উলঙ্গ মূর্ত্তি প্রকাশক হইবে। প্রথম যে রূপ লিখিয়াছি তাহাতে দেখা যাবে যে, প্রতি মাত্রায় একটি করিয়া ধ্বনি যোগ করা হইয়াছে। ধিন্ বা ধা, উভয় হস্তের সাধ্য ধ্বনি হইলেও, একত্রীভূত হইয়া একটী ধ্বনি মাত্র প্রকাশ করিতেছে। দ্বিতীয় রূপটী প্রথমটীর সৌন্দর্য্য বৃদ্ধির নিমিত্ত রচনা করা হইল অর্থাৎ পূর্ব্বটির কোন কোন ধ্বনির পরিবর্ত্তে অন্যপ্রকার ধ্বনি ব্যবহার করা হইয়াছে। ইহাকেই অলঙ্কার যোজনা বলে। মার্দ্দঙ্গিক নিজ বিদ্যার বল অনুযায়ী অসংখ্য প্রকার ভূষণ যোজনা করিতে পারেন। ইহাকেই হিন্দি ভাষায় 'বল্' দেওয়া বলা হইয়া থাকে। ঠেকা হইতে আমরা লক্ষ্য করিতে পারিতেছি যে, দুই আঘাত দ্বারা ছয়টী মাত্রাকে দুই ভাগে বিভক্ত করিয়া তিন মাত্রার বা ত্রৈমাত্রিক ছন্দ পাইতেছি। কিন্তু গ্রন্থান্তরে ভিন্ন প্রকার মতবাদ পাওয়া যায়, যদিও ইহা ব্যবহারিক সত্য যে, দাদরা তালের উপরিলিখিত রূপ হিন্দুস্থানে ও বঙ্গে প্রসিদ্ধ।

স্বর্গীয় রাজা শৌরীন্দ্রমোহন ঠাকুর (Mus. Doc.) তাঁহার প্রসিদ্ধ 'মৃদঙ্গ-মঞ্জরী' গ্রন্থে লিখিয়াছেন যে, 'দাদ্‌ড়া' তাল আড়াই মাত্রা যুক্ত। মার্দ্দঙ্গিক গোবিন্দ রাওজি তাঁহার 'মৃদঙ্গ-তবলা বাদন সুবোধ' গ্রন্থে দাদরার রূপ দিয়াছেন:—

+		১		০	
।	।	।	।	।	।
ধা	দিন্	ধা	ধা	তু	না।

ইহাতে দেখা যায় গ্রন্থকার দুইটি আঘাত ও একটি ফাঁক যোজনা দ্বারা ছয় মাত্রাকে ত্রিখণ্ডিত করিয়া দ্বিমাত্রিক ছন্দ প্রকাশ করিয়াছেন। এই মতবাদ দুইটী বহুজন-মতবিরোধী হইলেও, ভ্রান্ত বলিবার অধিকার আমার নাই। কারণ (১) পরম্পরাগত হইতে পারে। (২) কোন যুক্তির আশ্রয়ে হইতে পারে।

গোবিন্দ রাওজীর মতের সহিত 'খয়রা' তালের অনেক সাদৃশ্য রহিয়াছে। জনৈক গ্রন্থকার খয়রা তালকে ৬ মাত্রা ও ৩ তালযুক্ত বলিয়াছেন, যথা:—

+ ১ ১
। । । । । ।

পার্থক্য মাত্র শেষের ফাঁকে আঘাত। 'খয়রা'র অন্য মতবাদ অদ্যাপি পাই নাই। কোন গ্রন্থকার দাদ্‌রার সহিত শাস্ত্রীয় তালের সাদৃশ্য অনুসন্ধান করিতে গিয়া বলিয়াছেন যে, 'সঙ্গীতদামোদর' ও 'সঙ্গীতরত্নাবলী' ধৃত 'দর্পণ তাল'ই দাদরা, কারণ দর্পণ তালের রূপ:—'বিন্দু দ্বয়ং গুরুশ্চৈব ভবেদ্ যত্র স দর্পণঃ'—দুই দ্রুত, এক গুরু —OOS—।।। মাত্রা। শ্রীকাশীনাথ অপাতুলসী তাঁহার 'অভিনব তালমঞ্জরী' গ্রন্থে বলিয়াছেন—'ভাষায়মিত্ব দাদরেতি বিদিতং স্তালোস্তি যঃ ষটকলঃ সঃ স্পষ্টং যতিলস্ম ইত্যভিধয়া রত্নাকরে বর্ত্ততে। পূর্ব্বং যত্র নভস্ততশ্চ সরলো দ্বাবেব ঘাতৌ স্মৃতৌ। গীতেষু প্রচলনস্তু যেতি মধুরং মার্দংদিকৈ র্বাদ্যতে। তালাঙ্গ—০।, মাত্রা—৬, ঘাতাঃ—২। অর্থাৎ এক দ্রুত ও এক লঘু মাত্রাযুক্ত —১½ মাত্রাযুক্ত। সুতরাং শাস্ত্রপ্রমাণানুযায়ী দর্পণ তাল ৩ মাত্রাগত এবং যতিলগ্নতাল ১½ মাত্রাগত, এতদুভয় ক্ষেত্রে মাত্রা সংখ্যাকে গুণিত করিয়া তাহাতে দুইটী আঘাত স্থাপন করা হইয়াছে। বক্তাদের উদ্দেশ্য দাদরার সহিত সাদৃশ্য স্থাপন করা অনুমিত হয়। কিন্তু প্রশ্ন করা যায়, শাস্ত্রীয় মাত্রা সংখ্যাকে গুণিত করার কোন বিধি শাস্ত্রে আছে কিনা? বোধ হয় ইহার কোন সদুত্তর নাই। যদি গুণিত করার বিধি শাস্ত্রে থাকে তবে সংখ্যা প্রদানের সার্থকথা থাকে না। পরন্তু আধুনিক এবম্বিধ চেষ্টার উদ্দেশ্য দেখা যায় যে, শাস্ত্রীয় নানাবিধ মাত্রাকে গুণিত করিয়া সবগুলিকে লঘু মাত্রায় পর্য্যবসিত করা। ফল ইহাতে দাঁড়ায় যে, শাস্ত্রীয় মাত্রায় তাহার গুণধর্ম্মচ্যুত হইয়া ভিন্নধর্ম্ম গ্রহণ করে। ভিন্ন ধর্ম্মকে প্রাপ্ত হইলে, ছন্দের গণ পরিবর্জ্জিত হইয়া শাস্ত্রীয় মাত্রার ধর্ম্মানুযায়ী ঘাত (তাল) শূন্য (ফাঁক) ও হস্তপাঠ (বোল)-কে প্রাপ্ত হইবে না। এরূপ চেষ্টা দ্বারা আমরা প্রকৃতপক্ষে শাস্ত্রীয় তালের স্বরূপ প্রকাশ না করিয়া বিরূপ প্রকাশ করি না কি? এই প্রচেষ্টা আমার নিকট শ্লাঘ্য বোধ না হওয়ায় আমি উহা সমর্থনে পরাঙ্মুখ। কারণ নানা শাস্ত্রগ্রন্থে দেড়, তিন ও ছয় মাত্রার অনেক তাল দৃষ্ট হয়।

দাদরা পদের ব্যুৎপত্তি আমি অদ্যাপি পাই নাই এবং ইহা বঙ্গভাষাগত শব্দও নহে। সুতরাং এই পদ ভিন্ন স্থান হইতে বঙ্গে আগত হইয়াছে, কিন্তু এই তাল বঙ্গে অবিদিত ছিল না। পূর্ব্বে ইহা বঙ্গে 'কাশ্মিরী খেমটা' নামে পরিচিত ছিল। এই সংজ্ঞা গ্রহণের কারণ একটা অনুমান করা যায় যে, বঙ্গে ১২ অথবা ৬ মাত্রা, ৩ আঘাত ও ১ ফাঁকযুক্ত 'খেমটা তাল' প্রচলিত ছিল এবং এখনও আছে। দাদরার রূপ তাহারই অর্দ্ধাংশের কতক অনুরূপ হওয়ায়, কাশ্মিরী শব্দ দ্বারা বিশোষিত হইয়াছে। কাশ্মীর দেশের সহিত কোন সংযোগ আছে কিনা জানি না। বঙ্গে কাশ্মিরী খেমটা পরে নাম পরিবর্ত্তন করিয়া 'আদ্ধা' নাম গ্রহণ করিয়াছিল। ইহার কারণ অনুমিত হয় যে, বঙ্গে একতালা ১২ মাত্রা, ৩ তাল ও ১ ফাঁক যুক্ত বিদিত ছিল, তাহার অর্দ্ধাংশ দ্বারা অর্থাৎ একতালার ঠেকার পূর্ব্বার্দ্ধ গ্রহণ করিলে দাদরার রূপের সদৃষ্ট হয় বলিয়া আদ্ধা নাম লাভ করিয়াছিল। দাদরা হিন্দুস্থানের একপ্রকার দেহাতি গান। সঙ্গীতকল্পদ্রুমেও ইহা লিখিত আছে। দেহাতি অর্থাৎ গ্রাম্য একপ্রকার নৃত্য-সম্বলিত গানে যে বিশিষ্ট প্রকার তাল ব্যবহৃত হইত তাহাই কাহেরুয়ার ন্যায় দাদরা নামে খ্যাতি লাভ করিয়াছে। সঙ্গীতে বঙ্গদেশ হিন্দুস্থানের অনুবর্ত্তী বিধায় ঐ আখ্যা বর্ত্তমান বঙ্গে প্রতিষ্ঠা লাভ করিয়াছে। কিছুদিন পূর্ব্বেও সঙ্গীতকলাবিদগণ, হিন্দুস্থানী বা বাঙ্গালী এই তালের গান সভাতে গাহিতেন না, উহা সভাসঙ্গীতে হেয় বিবেচিত হইত। কিন্তু বর্ত্তমানে দাদরা তাহার সম্মোহনী শাস্ত্রবলে সভাতে স্থান লাভ করিয়াছে। এই তালের গানে ছোট ছোট ঠুংরী ও খেয়ালের তালযুক্ত হইয়া

আদৃত ভাবে গীত হয় এবং তবলাবাদকও নানাবিধ বোল প্রদর্শন করিয়া থাকেন। তজ্জন্য সাধারণের রুক্তি লাভে ইহার যথেষ্ট ক্ষমতা দৃষ্ট হয়। ইহাতে নৃত্য ও ভাব প্রদর্শনের ক্ষেত্র প্রশস্ত দেখা যায়। ৺কাশীধাম অঞ্চলে দাদরা তাল 'নাকৃটা' নামেও পরিচিত। ইহার চলন মধ্য ও দ্রুত-গতিশীল, ধীর গতিতে ইহার ব্যবহার দৃষ্ট হয় না। বোধ হয় তাহাতে ইহার আকর্ষণী রস বিকশিত হয় না।

শ্রীগোবিন্দ রাওজী "ভারতীয় তালমঞ্জরী" গ্রন্থে 'রূপক' তালের রূপ দিয়াছেন:—

```
+           ১           ০
।     ।     ।     ।     ।     ।
ধা   দিন্   ধা   ধা    তু    না।
```

গোবিন্দ রাওজীর 'দাদরা' ও 'রূপক' তাল একরূপগত হওয়ায় তাঁহার মতবাদ আলোচনার সার্থকতা বোধ হয় না।

স্বরলিপি

মিশ্র বৃন্দাবনী সারং—ত্রিতাল

রহো, রহো গো ক্ষণিক
ওগো চঞ্চল ফাগুনের চপল পথিক।
এখনো থামেনি সুর তান
হয়নি গানের অবসান,
ধরণীর সাধ ভরা প্রাণ
চেয়ে অনিমিখ, রহো গো পথিক।
ঝরেনিকো ফুলদল বনপথে হায়
ডাকেনিকো পাখি ঐ আকাশের গায়।
মালাখানি করতলে
জড়ানো যে শতদলে,
জ্যোছনার দীপ জ্বলে রাতেরপ্রতীক।

কথা—শ্রীনরেন্দ্র বসু

সুর ও স্বরলিপি—শ্রীসতীশ পাত্র

```
   +                  ৩                  ০                   ১
II                    |                  |রা  মরা -মা -রা |সা  রা  মা  পা   I
                                          র   হো   ০   ০   র   হো  গো  ক্ষ

   +                  ৩                  ০                   ১
  না  -া  -া  -া |-র্সা -া  না  র্সা |পনা -র্সর্রা র্সা র্সা |পা  ণা  পা  -মা   I
  ণি   ০   ০   ০   কৃ   ০   ও   গো   চন্  ০০   চ   ল   ফা  গু  নে   র্

   +                  ৩                  ০                   ১
  রা  পা  মা  রা |সরা -ন্া -া  -সা |"রা  মরা -মা -রা |সা  রা  মা  পা"  II
  চ   প   ল   প   থি০  ০   ০   কৃ   র   হো   ০   ০   র   হো  গো  ক্ষ
```

\+ ৩ ০ ১
II | | রা মা পা ণণা | মা পা না না I
এ খ নো থা০ মে নি স্থ র

\+ ৩ ০ ১
সঁা -া -া -া | -সঁা -া -া -া | না -সঁা রঁা মঁা | রঁা সঁা না রসঁা I
তা ০ ০ ০ ন্ ০ ০ ০ হ য়্ নি গা নে র অ ব

\+ ৩ ০ ১
ণা -পা -া -া | -মা -রা -া -া | রা মা মা -া | সা -রা মা পা I
সা ০ ০ ০ ০ ০ ন্ ০ ধ র ণী র্ সা ধ্ ভ রা

\+ ৩ ০ ১
ণণা -মা -পা -পা | -া -া -া -া | মা পা না সঁা | রঁা -া -া -া I
প্রা০ ০ ০ ০ ০ ০ ণ্ ০ চে য়ে অ নি মি ০ ০ খ্

\+ ৩ ০ ১
সঁা ণা পা মা | রা -া -া -া | "রা মরা -মা -রা | সা রা মা পা" II
র হো গো প থি ০ ০ ক্ র হো ০ ০ র হো গো ক্ষ

\+ ৩ ০ ১
II | | রা মা রা রা | ন্া ন্া সা -া I
ঝ রে নি কো ফু ল দ ল্

\+ ৩ ০ ১
রা মা রা পা | পা -া -া -া | রা মা পা ণা | ণা ণা ণসঁা -ণা I
ব ন প থে হা ০ য়্ ০ ডা কে নি কো পা খি ঐ ০

\+ ৩ ০ ১
মা পা না না | সঁা -সঁা -া -া | না সঁা রঁা মঁা | রঁা রঁা সঁা সঁা I
আ কা শে র গা ০ য়্ ০ মা লা খা নি ক র ত লে

\+ ৩ ০ ১
না সঁা রঁা সঁা | না সঁা ণা পা | রা মা মা -া | মা -া মা মা I
জ ড়া নো যে শ ত দ লে জ্যো ছ না র্ দী প্ জ্ব লে

\+ ৩ ০ ১
সা রা মা পা | না -া -া -া | "রা মরা -মা -রা | সা রা মা পা" II
রা তে র প্র তী ০ ০ ক্ র হো ০ ০ র হো গো ক্ষ

স্বরলিপি

রেবা—ত্রিতাল (মধ্যলয়)

পানি ঘটরা নাহি যাউ সখি
শুনো সখি এ বিনতি।
ছিপ রহত নিত শঠ কাহ্নাই
রণদ কহত হস মুরখ মোসে অতি॥

ইহা পূরবী ঠাটের রাগ। জাতি—ঔড়ব-ঔড়ব, মা ও নি বর্জ্জিত। রে বাদী, কেহ কেহ গান্ধার বাদী করিয়াও গাহিয়া থাকেন। এর স্বরূপ কতকটা ভৈরব ঠাটের বিভাষের মত। রেবা পূর্ব্বরাগ প্রধান এবং উপরোক্ত বিভাষ উত্তররাগ প্রধান। সায়ংকালে গেয়।

রচনা ও স্বরলিপি—রণদ

স্থায়ী

২´
II | পা -দা। -র্সা -া -া -া। -া পা -া দা I
পা ০ নি ০ ০ ০ ০ ঘ ০ ট

২´ ৩ ০ ১
পা -া -া -া। -া গা -া পা। -ঋা -া -া -া। -া গা -া ঋা I
রা ০ ০ ০ ০ না ০ হি যা ০ ০ ০ ০ উ ০ স

২´ ৩ ০ ১
সা -া -া -া। -া দ্‌া -া -প্‌া। ঋা -া -া -া। ঋা গা -া ঋা I
খি ০ ০ ০ ০ শু ০ ০ নো ০ ০ ০ এ বি ০ ন

২´ ৩ ০ ১
সা -া -া -া। -া -া "পা -দা। -র্সা -া -া -া। -া পা -া দা" II
তি ০ ০ ০ ০ ০ পা ০ নি ০ ০ ০ ০ ঘ ০ ট

অন্তরা

২´ ৩ ০ ১
II | পা -দা। র্সা -া -া -া। র্সা ঋর্া র্সা দা I
ছি ০ প ০ ০ ০ র হ ত নি

২´ ৩ ০ ১
-র্সা -া -া -া। -া -া র্সা -ঋর্া। গর্া -া -া -া। -া র্সা -া ঋর্া I
ত ০ ০ ০ ০ ০ শ ০ ঠ ০ ০ ০ ০ কা ০ হ্না

২´ ৩ ০ ১
র্সা -া -া -া | -া -া পা দা | র্সা -া -া -া | দা পা গা ঋা I
ই ০ ০ ০ ০ ০ র ণ দ ০ ০ ০ ক হ ত হ

২´ ৩ ০ ১
গা -া -া -া | -া -া সা ঋা | গা -া -া -া | পা -গা গঋা গঋা I
স ০ ০ ০ ০ ০ মু র থ ০ ০ ০ মো ০ সে অ

২´ ৩ ০ ১
সা -া -া -া | -া -া "পা -দা | -র্সা -া -া -া | -া পা -া দা" II
তি ০ ০ ০ ০ ০ পা ০ নি ০ ০ ০ ০ ঘ ০ ট

উত্তর ভারতীয় সঙ্গীতকলা

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

গান্ধার গ্রামকে সঙ্গীতরত্নাকর প্রভৃতি শাস্ত্র, স্বর্গীয় গ্রাম বলে উল্লেখ করেছেন।

"গান্ধার গ্রামমাচষ্টে তদা তং নারদো মুনিঃ।

প্রবর্ত্ততে স্বর্গলোকে গ্রামোঽসৌ ন মহীতলে॥

ধরাতলে এর প্রচলন নেই বলা হয়েছে। তার মানে এই যে, মার্গ ও দেশী কোনও সঙ্গীতেই গান্ধার গ্রামের স্থান নেই। বৈদিক সঙ্গীত, মার্গ ও দেশী উভয়বিধ সঙ্গীতেরই আদি। বৈদিক সঙ্গীতেও গান্ধার গ্রামের চলন নেই। কেননা বৈদিক-সঙ্গীতও মর্ত্ত্যলোকে প্রচলিত,—পক্ষান্তরে গান্ধার গ্রামের চলন শুধু স্বর্গলোকে—মর্ত্ত্যে নয়।

মধ্যযুগে, শাস্ত্রীয় সকল বিবৃতি, ব্যাখ্যান ও উপাখ্যানের মধ্যে, প্রতীক ও সূক্ষ্মকল্পনার মধ্য দিয়ে সূক্ষ্মতত্ত্ব প্রকাশ করবার রীতি ছিল। মধ্যযুগের লোকেরা ছিলেন কবিত্বস্বভাবপূর্ণ ও কল্পনাপ্রিয়। আধুনিক যুগ হচ্ছে যুক্তিবাদী। তাই মধ্যযুগের লোকেরা প্রতীক্, কল্পনা ও উপমার মধ্য দিয়ে সূক্ষ্মতত্ত্ব বুঝতেন ও বোঝাতেন। আজকাল সে সব সূক্ষ্মতত্ত্ব যুক্তিবিচারের ক্ষেত্রে এনে বোঝাতে হয়। প্রাচীনপন্থীরা তাই পুরানো সমাজকে আস্তিক ও আধুনিককে নাস্তিক বলে থাকেন। কিন্তু সরাসরিভাবে আধুনিককে শুধু গালি দেওয়া সুবুদ্ধির কথা নয়। কল্পনার, প্রতীকের মধ্য দিয়ে যে সব তত্ত্বকে প্রাচীনেরা ধারণা করতেন—ক্রমে সে সব তত্ত্ব, উপলব্ধির পরিবর্ত্তে শুধু মজ্জাগত সংস্কারে পরিণত করাই লক্ষ্য হয়ে দাঁড়াল। সেই সব সংস্কার বজায় রইল সমাজ শাসনের বলে। কিন্তু রাষ্ট্রীয় বা সামাজিক শাসনে কতকগুলি সংস্কারকে কায়েম রাখলে—সত্য উপলব্ধির পথ কখনও পরিষ্কার হতে পারে না। প্রকৃতি থেকে তার অনিবার্য্য প্রতিক্রিয়া আসবেই। ফলে আধুনিক যুক্তিবাদী যুগ অতীত সকল সংস্কার সমূলে ঝেড়ে ফেলতে চেয়েছে। প্রকৃতিদেবীও সমাজের হাত থেকে সকল ক্ষমতা কেড়ে নিয়েছেন। উপলব্ধির যাহা বিষয় তাকে শাসন দ্বারা সংস্কারের গণ্ডীতে ফেলতে যাবার অপরাধ প্রকৃতি ক্ষমা করেন না। যাই হোক, আধুনিক যুক্তিবাদীর যুগ অন্ধ কুসংস্কার অনেক ছেঁটে দিয়েছে—কিন্তু তবু এ যুগও সত্য-

উপলব্ধির আলো এখনও পায়নি। শিকল কেটে মুক্ত হলেও মুক্তির নিশ্বাস প্রাণে নেওয়া চাই—নইলে শুধু বিদ্রোহই হয় সার—আসল যা জিনিষ—মুক্তি, জীবনীশক্তি ও সত্য—এসবই দুর্লভ হয়ে ওঠে। ফলে, আধুনিক যুক্তিবাদী মনকেও সত্যের সন্ধানে, জীবনের সন্ধানে সাধনায় বস্‌তে হবে। প্রাচীনের অন্ধ সংস্কার কাটাতে হবে, কিন্তু প্রাচীনের সত্যকে বিস্মৃত হওয়া চলে না। উপমা-প্রতীকের মধ্যে নিহিত যে সব সেইগুলিকে পুনরায় আবিষ্কার কর্‌তে হবে—যার শুধু বাহ্য খোলসের জন্য সামাজিক পুলিশ এতদিন লাঠি চালিয়েছে। খোলস পরিত্যাগ করে আমাদের আবিষ্কার কর্‌তে হবে—সনাতন সত্য—যা আবার চির নবীন—চিরদিন যা নব কলেবর ধারণ করে হয়ে ওঠে অক্ষয় ও অমর।

এ সব অপ্রাসঙ্গিক কথা হলেও অবান্তর নয়—কেননা ভারতীয় সঙ্গীতের যথার্থ দিগ্দর্শন এখনও ঠিক্ ঠিক্ ভাবে হয়ে ওঠে নি—তাই এত কথা বল্‌তে হয়। শাস্ত্রকে দেখ্‌তে হবে তার অন্তর্নিহিত সত্য উপলব্ধি করার জন্য—শুধু তার বাহ্যরূপ নিয়ে মাথা ঘামালে চল্‌বে না।

সঙ্গীত, চিত্র ও কবিতা প্রভৃতি সুকুমারকলার এক-দিক্ হচ্ছে তার বৈজ্ঞানিক দিক্ বা বিধি বিধানের দিক্—কিন্তু এইটিই বাহ্য দিক্—এই দিক্-এর উপরে তার অন্তর্নিহিত সত্য নির্ভর করে না। পরন্তু অন্তর্নিহিত সত্যের উপরই এ সব বাহ্য বিধি বিধান, নিয়ম বা রূপ নির্ভর করে। কলাবিদ্যার অন্তর্নিহিত সত্য হচ্ছে রসবস্তু "রসো বৈ সঃ"। আর এই রস হচ্ছে ভাবগম্য। নিয়মের উপরে ভাব নির্ভর করে না—ভাবের উপরই নির্ভর করে।

কথা হচ্ছিল গান্ধার গ্রাম স্বর্গেই শুধু গেয়; তার মানে এই নয় যে, গান্ধার গ্রামের কোন রাগ গাইলে, পৃথিবীতে অনাবৃষ্টি বা ভূমিকম্প উপস্থিত হবে।

এক সময় সমাজশাসকগণ এরূপ ভয় দেখাতেন। বস্তুতঃ গান্ধার গ্রামের রাগ ধরাতলে প্রচলিত ছিল না—এ কথা থেকে বোঝা যায় যে, কোনো সময়, দেশে এ সকল রাগের চল্‌তি ছিল না। অথচ গান্ধার গ্রাম স্বর্গীয়। সূক্ষ্মভাবের দিক্ দিয়ে অনুভূত এই হয় যে, ষড়জ গ্রাম ও মধ্যম গ্রামের রাগসমূহ মর্ত্ত্য মানবীয় ভাবের উপযোগী আর গান্ধার গ্রামীয় রাগ দিব্যভাবোপযোগী। অবশ্য বৈদিক ও গান্ধর্ব্ব মার্গ রাগসকলও দিব্যভাবোপযোগী; তবে বৈদিক সাধনা ও বৈদিক ভাবের প্রধান উদ্দেশ্য—দিব্যকে মর্ত্ত্যেই আবাহন করা। মার্গ গান্ধর্ব্ব সঙ্গীতও মর্ত্ত্য মানবেরই অন্তর্নিহিত দিব্যভাবের প্রকাশ। ষড়্‌জ ও মধ্যম গ্রামের রাগসকল তাই মানবের সকল দিব্য আস্পৃহা ও উপলব্ধির সূচক। পক্ষান্তরে, গান্ধার গ্রামের রাগসকল এমন স্বর্গীয় ভাব ও রসসৃষ্টি করে যার সঙ্গে মর্ত্ত্যমানবের অবস্থার কোনও সম্পর্ক নেই। তাই বলে মানব যে সে রসগ্রহণে অসমর্থ, সে কথা মনে করার কোনো সার্থকতা নেই।

গান্ধার গ্রাম বিশ্লেষণে আমরা দেখি—ইহাতে সা ত্রিশ্রুতি, রে দুইশ্রুতিযুক্ত, গা চতুঃশ্রুতি, মা ত্রিশ্রুতি, পা ত্রিশ্রুতি, ধা ত্রিশ্রুতি, নি চতুঃশ্রুতি।

সা হ'তে সুরু কর্‌লে এর ঠাট্ অনেকটা পূর্‌বী ঠাটের অনুরূপ হয়।

স, ঋ, গ, হ্ম, প, দ, ন, র্স।

আবার গা হ'তে সুরু কর্‌লে—অথবা গা-কে সা রূপে রূপান্তরিত কর্‌লে এ থেকেই আবার তোড়ি ও আশাবরী ঠাটের অন্তর্গত রাগসকল পাই।

সংস্কৃত যুগে—কাফি, ভৈরোঁ, বিলাবল প্রভৃতি ঠাট্ যত প্রচলিত ছিল তোড়ি, আশাবরী, প্রভৃতি ঠাটের তত চলন ছিল না। কিন্তু আশাবরী, তোড়ি ঠাট্ যে কতটা বৈরাগ্যব্যঞ্জক তা সকল শ্রোতারাই জানেন—মর্ত্ত্য-মানবীয় বিষয়ে বৈরাগ্য এনে, এ সব ঠাট্-এর রাগ মানুষকে কোন্ লোকান্তরের দিকে, পরপারের দিকেই উন্মুখী করে না কি? (ক্রমশঃ)

স্বরলিপি

(খেয়াল)

কেদারা—ত্রিতাল

চমকে বিজুরী ঘন গরজে মেহারবা
মোর জিয়ারা অব তরসন লাগি।
চলত পবন ছুম ছন নন নন নন
ঝিঙ্গুরবা বোলত ঝুম ঝন নন নন নন।
বনমে মৌর বোলই ঘন ঘন
ক্যায়সে কাটুঙ্গি সারি রয়না॥

কথা ও সুর—সঙ্গীতশিক্ষক শ্রীপ্রাণতোষ চক্রবর্ত্তী

স্বরলিপি—কুমারী নিয়তিরাণী দাস

স্থায়ী

\+ ৩ ০ ১
II | | ধা ধা পা মা | রা রা সন্া সা I
চ ম কে বি জু রী ঘ০ ন

\+ ৩ ॥ ০ ১
মা গা পা হ্মা | পা -পা ধা পা | র্সা -র্সা ধা পা | হ্মা পা ধা পা I
গ র জে মে হা ০ র বা মো ০ র জি য়া রা অ ব

\+ ৩ ০ ১
মা রা পা পা | মা -রা সন্া -সা | "ধা ধা পা মা | রা রা সন্া সা" II
ত র স ন লা ০ গি০ ০ চ ম কে বি জু রী ঘ০ ন

অন্তরা

\+ ৩ ০ ১
II | | পা পা র্সা ধা | র্সা র্সা র্সা র্সা I
চ ল ত প ব ন ছু ম

\+ ৩ ০ ১
র্সা না ধা ধা | না র্সা র্সা র্সা | র্সা না ধা না | র্সা র্সা র্রা র্রা I
ছ ন ন ন ন ন ন ন ঝি ঙ্গুর বা বো ল ত ঝু ম

\+ ৩ ০ ১
র্সা র্সা র্সা র্সা | ধা ধা পা পা | মা রা পা -হ্মা | ধা -না পা -পা I
ঝ ন ন ন ন ন ন ন ব ন মে ০ মৌ ০ র ০

\+ ৩ ০ ১
মা -রা পা পা | মা রা সন্‌া সা | সা -া মা গা | পা পা হ্মা পা I
বো ০ ল ই ব ন ঘ০ ন ক্যা য় সে কা ট্‌ ঙ্গি সা রি

\+ ৩ ০ ১
পা পা হ্মপধা -নর্সর্রা | -র্সনধা -পমগা -রসা -ন্‌সা | "ধা ধা পা মা | রা রা সন্‌া সা" II
র য় না০০ ০০০ ০০০ ০০০ ০০ ০০ চ ম কে বি জু রী ঘ০ ন

স্বরলিপি

কামোদ-মিশ্র—ত্রিতাল

পূজিতে তোমারে আসি বারে বারে
তুমি প্রভু থাক মম অন্তরে।

তব পূজা বেদীকা মম দেহ-দেউলে
সাজায়ে রাখি আঁখি-প্রদীপ জ্বেলে
নয়ন ভরিয়া দেখি আরতি ছলে
মম হৃদয় বীণা বাজে ঝঙ্কারে।

নাচি আমি মধুর ছন্দে
চন্দন ধূপ কুসুম গন্ধে
তিলক পরাই তব ঐ মুখ চন্দে
চমকি' উঠি তব বাঁশীর সুরে।

সুর ও স্বরলিপি—গীত-সরস্বতী শ্রীমতী বাসন্তী দেবী

\+ ৩ ০ ১
II | | হ্মা পা হ্মপধা হ্মা | রা সা সন্‌া সা I
পূ জি তে০০ তো মা রে আ০ সি

\+ ৩ ০ ১
মা রা গমপা হ্মা | পা -া -া -া | পা না র্সা র্রা | র্সর্রা র্সণা ধা পা I
বা ০ রে০০ বা রে ০ ০ ০ তু মি প্র ভু থা০ ক০ ম ম

\+ ৩ ০ ১
পণা -ধপা মা গা | রগা -রগা মধা ধপা | "হ্মা পা হ্মপধা হ্মা | রা সা সন্‌া সা" II
অ০ ০ন্‌ ত রে অ০ ০ন্‌ ত০ রে০ পূ জি তে০০ তো মা রে আ০ সি

\+ ৩ ০ ১
II | | পা পণা ধা পা | মপমা রজ্ঞরা সা সা I
ত ব০ পূ জা বে০০ দী০০ কা ম

\+ ৩ ০ ১
র্রা মা পা র্সা | ণর্সণা ধা -পা -া | পা ধা র্সা র্রা | র্সর্রা -র্গর্মা র্গর্রা র্সনা I
ম দে হ দে উ০০ লে ০ ০ সা জা য়ে রা খি০ ০০ আঁ০ খি০

\+ ৩ ০ ১
-র্সা র্সর্রা র্সণা পজ্ঞা | র্রা র্সর্রর্সা -নর্সা -া | র্সা ণর্রা র্সা ণা | পা মণা পা পা I
০ প্র০ দী০ প০ জ্বে লে০০ ০০ ০ ন য়০ ন ভ রি য়া০ দে খি

\+ ৩ ০ ১
সা জ্ঞা মপা মপমা | রজ্ঞরা -সরসা -ন্সা মা | পা না র্সা জ্ঞর্রা | র্সর্রর্সা -ণর্সণা ধা পা I
আ র তি০ ছ০০ লে০০ ০০০ ০০ মম হৃ দ য় বী০ ণা০০ ০০০ বা জে

\+ ৩ ০ ১
পণা -ধপা মা গা | রগা -রগা মধা ধপা | "হ্মা পা হ্মপধা হ্মা | রা সা সন্া সা" II
ঝ০ ০ঃ কা রে ঝ০ ০ঃ কা০ রে পূ জি তে০০ তো মা রে আ০ সি

\+ ৩ ০ ১
II | | পহ্মা পা ণদা পা | হ্মপা -জ্ঞা পহ্মা পা I
না০ চি আ০ মি ম০ ০ ধু০ র

\+ ৩ ০ ১
পা দা র্সনা -র্সা | পদা -র্সনা র্ঋর্সা -া | না -র্সা র্রা র্রা | র্সর্রা -র্মর্গা র্রর্সা -া I
ছ ন্ দে০ ০ ছ০ ০ন্ দে০ ০ চ ন্ দ ন ধূ০ ০০ প০ ০

\+ ৩ ০ ১
র্সা -র্রর্সা ণধা ণা | জ্ঞর্সা -র্রণা র্সা -া | র্সা ণর্রা র্রর্সর্সা ণা | পমা ণা পা পা I
কু ০০ সু০ ম গ০ ০ন্ ধে ০ তি ল০ ক০০ প রা০ ই ত ব

\+ ৩ ০ ১
সা -জ্ঞা মা দপা | জ্ঞসা -রন্া সা -া | পা না র্সা জ্ঞর্রা | র্সধা -র্সণা ধা পা I
ঐ ০ মু খ০ চ০ ০ন্ দে ০ চ ম কি উ০ ঠি০ ০০ ত ব

\+ ৩ ০ ১
রমা গরা গমা ণধা | পধহ্মা -পা -া হ্মপা | "হ্মা পা হ্মপধা হ্মা | রা সা সন্া সা" II
বাঁ০ শী০ র০ সু০ রে০০ ০ ০ আমি পূ জি তে০০ তো মা রে আ০ মি

স্বরলিপি

পাহাড়ী মিশ্র—কাহার্‌বা

মোহি লাগি লগন গুরু চরণনকি
চরণ বিনা কছু য়ে নাহি ভায়ে
জগ মায়া সব স্বপনন কি।

ভবসাগর শুখ গয়ো হয়
ফিকর্ নাহি মোহি তরণন কি
মীরাকে প্রভু গিরধর নাগর
আশ বোহি গুরু শরণন কি।

—মীরাবাঈ

স্বর—শ্রীবিভূতি দত্ত, বি. এস্‌সি

স্বরলিপি—শ্রীরণেন দাস

\+ ০ + ০
সধ্া সা II গা -া গা রা | গপা পধা পমা মা I গা গা রা গা | রঋা -গরা -সধ্া -সা I
মো০ হি লা ০ গি ল গ ০ ন ০ গু রু চ র ণ ন কি০ ০ ০০০ ০

\+ ০ + ০
সা সা গা মা | গমা -পা পা পা I ঋা ঋপা গরা রা | ন্রা -গপমা গা -া I
চ র ণ বি না০ ০ ক ছু য়ে ০০ না০ হি ভা০ ০ ০ য়ে ০

\+ ০ + ০
-া গা গা মা | গরা -ঋগরা সা সা I ন্া ন্া প্া ধ্া | সা -া "সধ্া সা" II
০ জ গ মা য়া০ ০ ০ ০ স ব স্ব প ন ন কি ০ মো০ হি

\+ ০ + ০
II -া গা -জ্ঞা গা | ধা -না ধপা পা I -া গা গা পা | গপা -গরা সা -া I
০ ভ ০ ব সা ০ গ র ০ শু খ গ য়ো০ ০ ০ হ য়্

\+ ০ + ০
-া মা মা মা | গমপধা -নর্র্সা ধা ধা I গা মগা রসা সা | সগা -জ্ঞমা -গা -া I
০ ফি কর্ না হি০০০ ০ ০ মো হি ত র ণ ন কি০ ০০ ০ ০

\+ ০ + ০
-া পা -গা পা | ঋপা -ধা ধা ধা I -া গপা ধা না | পধা -না ধপা পা I
০ মী ০ রা কে০ ০ ০ প্র ভু ০ গি র ধ র না০ ০ গ র

\+ ০ + ০
-া গা গা মা | রা -া সা সা I ন্া ন্া প্া ধা | সা -া "সধ্া সা" II
০ আ শ বো হি ০ গু রু শ র ণ ন কি ০ মো০ হি

স্বরলিপি

(আধুনিক)

জৌনপুরী মিশ্র—দাদ্‌রা

বনের তাপসী উদাসিনী তুমি
সাঁঝের বিরহী মেয়ে
কিশোর চাঁদের প্রণয়িনী তুমি
কার পানে রও চেয়ে।
উদাস উতলা সুরভিতে তব
মধুময় হ'ল কত উৎসব
হারানো দিনের কত স্মৃতি জাগে
তোমার পরশ পেয়ে।

সন্ধ্যার ক্ষণে যবে জাগো তুমি
হে মাধবী মধুছন্দা
মেঘ-পরীদল ডাকে ফিরে এস
এসগো রজনীগন্ধা।
শ্রাবণের ধারা তব আঁখি হ'তে
ঝরে ঝরে যায় নিরজন পথে
তোমার বিরহে কবি রচে গান
পাখী উঠে গান গেয়ে।

কথা—শ্রীরমেন মৈত্র   সুর—শ্রীশৈলেন গাঙ্গুলী   স্বরলিপি—কুমারী পারুল দাস

+ ০ + ০
II সা পা পা । পা পা পদা I মা দা পদপা । মপমা ঋজ্ঞঋা সা I
ব নে র তা প সী০ উ দা সি০০ নী০০ তু০০ মি

+ ০ + ০
সা মা মা । গমা মপা পদা I মপা -ণদা পদা । -মপা -পা -া I
সাঁ ঝে র বি০ র০ হী০ মে০ ০০ য়ে০ ০০ ০ ০

+ ০ + ০
পা পদা -মা । পর্সা নর্সনর্রা র্সা I ণধা র্সণা পণা । ণর্সণা দা পা I
কি শো০ র চাঁ০ দে০০০ র প্র০ ণ০ য়ি০ নী০০ তু মি

+ ০ + ০
সজ্ঞা -মপা মজ্ঞা । জ্ঞপমা জ্ঞা জ্ঞা I জ্ঞরা -সরা -মপা । জ্ঞা -া -া II
কা০ ০র্ পা০ নে০০ র ও চে০ ০০ ০০ য়ে ০ ০

সাঁঝের বিরহী মেয়ে

+ ০ + ০
II মা পদা -ণর্সা | র্সা র্সা র্রর্সা I ণা ণা ণধা | পধা মণা -পা I
উ দা০ ০স উ ত লা০ সু র ভি০ তে০ ত০ ০

+ ০ + ০
র্মা -া -া | -া -া -া I পা দা র্সর্রা | -র্সর্রর্মর্জ্ঞা র্রা র্সা I
ব ০ ০ ০ ০ ০ ম ধু ম০ ০০০য়্ হ ল

+ ০ + ০
ণর্সা র্সরা দণা | -দণা পা পা I পা র্রা র্রা | র্সর্রা র্রর্মর্জ্ঞা র্জ্ঞা I
ক০ ত০ উ০ ০ত্ স ব হা রা নো দি০ নে০০ র

+ ০ + ০
র্সা র্সর্রা ণা | র্রা র্সা র্সা I র্সা র্পা র্পা | পা পদা মা I
ক ত০ স্মৃ তি জা গে তো মা র্ প র০ শ

+ ০
পদা -ণর্সা -পদা | মপা -পা -া II
পে০ ০০ ০০ য়ে০ ০ ০

সাঁঝের বিরহী মেয়ে

+ ০ + ০
II সা -সা সঋা | ণ্সা দ্া ণ্া I সা জ্ঞা জ্ঞা | জ্ঞা জ্ঞরা -সরা I
সন্ ০ ধ্যা০ র০ ক্ষ ণে য বে জা গো তু০ ০০

+ ০ + ০
মজ্ঞা -জ্ঞা -া | -া -া -া I সা জ্ঞা মঋা | মা জ্ঞা সা I
মি০ ০ ০ ০ ০ ০ হে মা ধ০ বী ম ধু

+ ০ + ০
ণ্া -সা রমজ্ঞা | -জ্ঞা -া -া I পা ণা পা | র্সণা -পা -া I
ছ ন্ দা০০ ০ ০ ০ মে ঘ প রী০ দ ল্

+ ০ + ০
ঋা পা জ্ঞা | পা জ্ঞা জ্ঞা I জ্ঞা ঋা জ্ঞঋদা | ঋা জ্ঞা ঋা I
ডা কে ফি রে এ স এ সো গো০০ র জ নী

+ ০
জ্ঞা -ঋা সা | -া -া -া II
গন্ ০ ধা ০ ০ ০

\+ ০ + ০
II মা মা পদা | -ণর্সা র্সা র্রর্সা I ণা ণা ণধা | পধা মণা -পা I
শ্রা ব ণে০ ০র ধা রা০ ত ব আঁ০ খি০ হ০ ০

\+ ০ + ০
র্সা -া -া | -া -া -া I পা দা র্সর্রা | র্সর্রর্মজ্ঞা র্রর্সা -া I
তে ০ ০ ০ ০ ০ ঝ রে ঝ০ রে০০০ যা০ য়্

\+ ০ + ০
ণর্সা র্সর্রা দণা | দণা পা পা I পা র্রা র্রা | র্সা জ্ঞা র্রর্সা I
নি০ র০ জ০ ন০ প থে তো মা র বি র হে০

\+ ০ + ০
ণা ধা মা | পা পণদা -া I সা পা পা | পদা মা -া I
ক বি র চে গা০০ ন্ পা খী উ ঠে০ গা ন্

\+ ০
পদা -ণর্সা -পদা | মপা -পা -া II
গে০ ০০ ০০ য়ে০ ০ ০

সাঁঝের বিরহী মেয়ে

গান

শ্রীসুধীরকুমার সেনগুপ্ত

ওগো ক্লান্ত বলাকা।
তুমি অস্ত গগনে যাও চ'লে ধীরে
বিদায় বারতা আঁকা॥
অরুণ উষায় ফুটেছিল ফুল
পেয়েছিল বাণী সেত' নহে ভুল,
তবু কেন হায় লভিলে বিদায়
রাখিলেনা কোন রেখা॥

সুদূর আকাশে সীমারেখা টানি
তুমি চ'লে যাও যবে,
গোধূলির ছায়া নেমে আসে ধীরে
চাঁদ শুধু জেগে রবে।
মেঘে মেঘে আজ ক'রে কানাকানি
কলতানে তব কি ছিল যে বাণী!
তুমি গেলে তবু মরতের দ্বারে
রচে মধু অলকা॥

স্বরলিপি

ঝুমুর—দাদ্‌রা (দ্রুতলয়)

নীল পাহাড়ের কোলে আর
মহুয়া বনের ধারে গো
মন ভুলানো বংশী কেগো
বাজায় বারে বারে বারে গো।
মৌশুমি ফুল খোঁপায় গুঁজে
বঁধুরে মোর বেড়াই খুঁজে,
ঘর ছেড়ে হায় বিজন পথে
পাবো কি আর তারে।

ঘেঁচি কড়ির পৈঁছা যে আর
গলার বকুল মালা
দেখ্‌ল না হায় দোসর আমার
সই যে তারি জ্বালা গো।
বনের ডালে ডাক্‌ছে পাখী
ব্যথায় আমার ভিজ্‌ছে আঁখি
ভিন্ পাহাড়ী বঁধু আমার
দেখা দিলনা রে!

কথা—শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

সুর ও স্বরলিপি—কুমারী উষা দাশগুপ্তা

স্থায়ী

II ধা -া ণা | ধা পা -া I ধা -ধা -ণা | ধা পা -া I
নী ল্ পা হা ড়ে র্ কো ০ ০ লে আ র্

ধা ধা ণা | ধা পা -া I মা গা -গা | রা -সা -া I
ম হু য়া ব নে র্ ধা রে ০ গো ০ ০

সা -া গা | গা গা -া I গা -গা মা | পা -মা -পা I
ম ন্ ভু লা নো ০ বং ০ শী কে ০ ০

গা -া -া | -া -া -া I গা -া -া | -া -া -া I
গো ০ ০ ০ ০ ০ ও ০ ০ ০ ০ ০

গা গা -া | মা পা -পা I মা গা -গা | রা -সা -া I
বা জা য়্ বা রে ০ বা রে ০ গো ০ ০

গা গা গা | রা সা -া I রা -া -া | সা -া -া II
ম হু য়া ব নে র্ ধা ০ ০ রে ০ ০

অন্তরা ও আভোগ

II ধা -ধা ণা | ধা পা -া I ধা ধা -র্সা | র্সা -র্সা -র্সা I
মৌ ০ শু মী ফু ল্ খোঁ পা য়্ গুঁ ০ ০
ব নে র ডা লে ০ ডা ক্ ছে ০ ০ পা

র্রা -র্সা -র্সা | -া -া -া I -া -া -া | -া -া -া I
ঞ্জে ০ ০ ০ ০ ০ এ ০ ০ ০ ০ ০
খী ০ ০ ০ ০ ০ ই ০ ০ ০ ০ ০

র্রা -র্সা -র্সা | র্রা -র্সা -া I র্রা -র্সা -া | -র্সা -া -া I
এ ০ ০ এ ০ ০ এ ০ ০ ০ ০ ০
ই ০ ০ ই ০ ০ ই ০ ০ ০ ০ ০

র্সা র্রা -র্রা | র্রা র্রা -া I র্সা -র্সা ণা | -ণা ধা -ধা I
বঁ ধু ০ রে মো র্ বে ০ ড়া ই খুঁ ০
ব্য থা য়্ আ মা র্ ভি জ্ লো ০ আঁ ০

ণা -ণা -ণা | -পা -া -া I -া -া -া | -া -া -া I
ঞ্জে ০ ০ ০ ০ ০ এ ০ ০ ০ ০ ০
খি ০ ০ ০ ০ ০ ই ০ ০ ০ ০ ০

মা -পা পা | পা পা -ণা I ণা ণা -ণা | ধা পা -পা I
ঘ র্ ছে ড়ে হা য়্ বি জ ন্ প থে ০
ভি ন্ পা হা ড়ী ০ বঁ ধু ০ আ মা র্

পা ধা -পা | মা গা -গা I গা -গা -মা | পা -পা -পা II
পা বো ০ কি আ র্ তা ০ ০ রে ০ ০
দে খা ০ দি লো ০ না ০ ০ রে ০ ০

মহুয়া বনের ধারে

ভোগ

II সা -সা -মা | মা মা -া I মা -পা পা | মা গা -া I
ঘেঁ চি ০ ক ড়ি র্ পৈঁ ০ ছা যে আ র্

গা গা -মা | মা পা -ধা I মা পা -পা | -ধা -ণা -া I
গ লা র্ ব কু ল্ মা লা ০ ০ ০ ০

-ধা -ধা -পা | -পা -া -া I -া -া -া | -া -া -া I
০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০

পা পা ধা | -ধা ধা -ধা I ধা -ধা -ধা | ধা -ণা -ণা I
দে খ্ লো ০ না ০ হা ০ ০ য্ ০ ০

পা -পা ণা | পা ধা -পা I পা -মা -মা | -মা -া -া I
দো ০ স র আ ০ মা ০ ০ ০ ০ র্

পা পা ণা | ধা পা -পা I মা গা -গা | মা -পা -পা I
স ই যে তা রি ০ জ্বা লা ০ লো ০ ০

গা গা গা | রা রা -রা I সা -া া | -া -া -া II
স ই যে তা রি ০ জ্বা লা ০ ০ ০ ০

সর্গম্

ইমন-কল্যাণ—ত্রিতাল

প্রাপ্ত—ওস্তাদ আলাউদ্দিন খাঁ (মাইহার ষ্টেট্) স্বরলিপি—শ্রীকৃষ্ণকিশোর দাস

\+ ৩ ০ ১
II | | পা হ্মা গা রা | সা ন্‌া -া রা I

\+ ৩ ০ ১
গা -া গা হ্মা | গা রা গা -া | ন্‌া রা গা রা | সা ন্‌া ধ্‌া প্‌া I

\+ ৩ ০ ১
ধ্‌া ন্‌া রা ন্‌া | রা গা হ্মা গা | হ্মা পা না ধা | পা হ্মা গা হ্মা I

\+ ৩ ০ ১
না ধা -া জ্ঞা | -া ধা গা জ্ঞা | পা জ্ঞা গা রা | গা জ্ঞা পা গা I

\+ ৩ ০ ১
জ্ঞা পা না ধা | পা জ্ঞা গা রা | গা মা গা রা | সা ন্‌া ধ্‌া ন্‌া I

\+ ৩ ০ ১
রা ধ্‌া ন্‌া ধ্‌া | ন্‌া ধ্‌া প্‌া -া | ধ্‌া ন্‌া রা ধ্‌া | ন্‌া রা গা ন্‌া I

\+ ৩ ০ ১
রা গা জ্ঞা গা | জ্ঞা ধা না র্রা | র্গা -া র্জ্ঞা র্জ্ঞা | র্রা না জ্ঞা -া I

\+ ৩ ০ ১
ধা না ধা জ্ঞা | গা রা সা -া | "পা জ্ঞা গা রা | সা ন্‌া -া রা" II

\+ ৩ ০ ১
II | | পা জ্ঞা গা মা | গা রা গা জ্ঞা I

\+ ৩ ০ ১
না ধা না র্রা | র্সা -া ধা না | র্সা র্রা র্গা র্জ্ঞা | পা জ্ঞা গা জ্ঞা I

\+ ৩ ০ ১
র্গা র্রা র্সা না | ধা পা জ্ঞা -া | না ধা র্রা ধা | -া না জ্ঞা ধা I

\+ ৩ ০ ১
না ধা পা জ্ঞা | গা রা গা -া | ন্‌া রা গা ন্‌া | রা গা জ্ঞা রা I

\+ ৩ ০ ১
গা জ্ঞা ধা গা | জ্ঞা ধা না জ্ঞা | ধা না র্রা জ্ঞা | ধা না র্রা র্গা I

\+ ৩ ০ ১
র্জ্ঞা র্গা র্রা না | ধা জ্ঞা গা রা | গা জ্ঞা গা রা | সা ন্‌া ধ্‌া ন্‌া I

\+ ৩ ০ ১
জ্ঞ্‌া ধ্‌া ন্‌া রা | গা রা সা -া | "পা জ্ঞা গা রা | সা ন্‌া -া রা" II

স্বরলিপি

(খেয়াল)

বেহাগ—ত্রিতাল

ছোড়ি গৈলা মধুবন গিরিধারী
কা করুঁ উন বিন জিয়া ন মানরী।
বাঁশরী বাজায়ে অত খেলত শ্যামরী
দাস "শৈ" কহে এইসোঁ দুখ দেতরী।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীশৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

স্থায়ী

II + | ৩ | ০ সা মা -গা মা | ১ -পা -া না -ধা I
ছো ড়ি ০ গৈ ০ ০ লা ০

+ না র্সা নধা পন্ধা | ৩ গা মা গা রসা | ০ সরা -সা -া ন্‌া | ১ প্‌া ন্‌া সা গা I
ম ধু ব০ ন০ গি রি ধা রী০ কা০ ০ ক রুঁ উ ন বি ন

+ পা -া ন্ধা -গা | ৩ মা -া গা রসা | ০ "সা মা -গা মা | ১ -পা -া না -ধা" II
জি য়া ন ০ মা ০ ন রী০ ছো ড়ি ০ গৈ ০ ০ লা ০

II + | ৩ | ০ গা মা পা না | ১ না না র্সা র্সা I
বাঁ শ রী বা জা য়ে অ ত

+ নর্সা -র্গা র্রা র্সা | ৩ না -ধপা র্সা না | ০ ধপা -পা পা -া | ১ ন্ধা -গা মা গা I
খে০ ০ ল ত শ্যা ০০ ম রী দা০ ০ স ০ "শৈ" ০ ক হে

+ না সা গা মা | ৩ মপা -মমা গা রসা | ০ "সা মা -গা মা | ১ -পা -া না -ধা" II
এই সোঁ দু খ দে০ ০০ ত রী০ ছো ড়ি ০ গৈ ০ ০ লা ০

— সংবাদ —

গোপেশ্বর জয়ন্তী

স্বনামধন্য গুনিপ্রবর সঙ্গীতনায়ক শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জয়ন্তী উৎসব গত ২০শে মে সোমবার অপরাহ্নে ইউনিভারসিটি ইনস্টিটুট হলে অনুষ্ঠিত হয়। নাটোরের মহারাজা যোগীন্দ্রনাথ রায় বাহাদুর এই অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। প্রথমে পণ্ডিত অশোকনাথ শাস্ত্রী স্বস্তি-বাচন পাঠ করেন এবং তৎপরে সুরেশচন্দ্র সাংখ্যবেদান্ততীর্থ মঙ্গলাচরণ করেন। জয়ন্তী উপলক্ষে সঙ্গীতনায়ক মহাশয়কে একটি মানপত্র দেওয়া হয়। মহারাজ যোগীন্দ্রনাথ রায় অভিভাষণে বলেন যে, "শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় শৈশব হইতে আরম্ভ করিয়া পরিণত বয়স পর্য্যন্ত বাস্তব জগতের বহুবিধ প্রলোভনকে তুচ্ছ করিয়া কঠোর তপস্বীর মত সঙ্গীত-সাধনা করিয়াছেন।" অভ্যর্থনা-সমিতির সভাপতি কুমার বিমলচন্দ্র সিংহ তাঁহার অভিভাষণে বলেন, "সঙ্গীতনায়ক মহাশয় আমাদের প্রণম্য। তাঁর দান রস সৃষ্টির ভাণ্ডারে অক্ষয় হয়ে রইল। ডাঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, অধ্যাপক মন্মথমোহন বসু, শ্রীযুক্ত দামোদর দাস খান্না প্রভৃতি বহু বিশিষ্ট ব্যক্তি, শ্রীযুক্ত বন্দোপাধ্যায়কে সম্বর্দ্ধনা জানাইয়া তাঁহাকে সম্মানিত করেন ও তাঁহার দীর্ঘ জীবন কামনা করেন। সম্বর্দ্ধনার উত্তরে শ্রীযুক্ত বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেন যে, "সঙ্গীত সেবাই তাঁহার ধর্ম্ম, সঙ্গীত প্রচার ও শিক্ষা বিস্তারে তাঁহার যৎসামান্য দান দেশবাসী যে সাদরে গ্রহণ করিয়াছেন ইহাতে তিনি গৌরবান্বিত।"

শ্রীযুক্ত রামকিষণ মিশ্র, শ্রীমোহিনীমোহন মিশ্র, শ্রীসুধীন মজুমদার, শ্রীযামিনীনাথ গাঙ্গুলী, শ্রীমান্ চন্দ্রকান্ত আপ্তে, শ্রীযুক্ত যোগেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীমতী বলুরাণী বর্ম্মণ, শ্রীঅরুণপ্রকাশ অধিকারী, শ্রীপ্রতাপনারায়ণ মিত্র, শ্রীবীরু পাল, সোফিউল্লা খাঁ সাহেব, শ্রীসুবোধচন্দ্র নন্দী প্রভৃতি সঙ্গীতানুষ্ঠানে যোগদান করিয়াছিলেন।

শোক সংবাদ

৮ই চৈত্র শুক্রবার স্বর্গীয় কাশিমবাজারাধিপতি মহারাজ মণীন্দ্রচন্দ্র নন্দী মহাশয়ের সভা-বাদক প্রফেসার. বসন্তকুমার মুখোপাধ্যায় মহাশয় লাভপুর বড়পোলা নিজাবাসে ৬৫ বৎসর বয়সে স্ত্রী, দুই পুত্র, তিন কন্যা, দুই নাতী ও অগণিত ছাত্রবৃন্দকে শোক সাগরে ভাসাইয়া বেলা ১২॥টার সময় সাধনোচিৎধামে-গমন করিয়াছেন।

তিনি শুধু ধ্রুপদ ও খেয়াল বাদ্যে বিশারদ ছিলেন এমন নহে, ম্যাজিক ও ধনুর্বিদ্যায়ও বিশেষ কৃতিত্ব অর্জ্জন করিয়াছিলেন। তাঁহার ধনুর্বিদ্যা সন্দর্শনে মোহিত হইয়া স্বর্গীয় কাশিমরাজারাধিপতি তাঁহাকে "কলির অর্জ্জুন" আখ্যায় ভূষিত করেন।

তাঁহার তিরোধানে গান্ধর্ব্ব ও নরজগতের একটী বিশিষ্ট স্থান শূন্য হইল। তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গকে সান্ত্বনা দিবার ভাষা নাই। সাধকের আত্মার সৎগতি হউক। ইহাই কামনা করি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী।

পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

২৩শ বর্ষ } আষাঢ়, ১৩৫৩ সাল { ৩য় সংখ্যা

বাহাত্তর ঠাট

শ্রীবিমল রায়

২৬। তিলক কামোদ

ভূমিকা। প্রাচীন সংস্কৃত গ্রন্থে এ নাম নেই, প্রাচীনেতর গ্রন্থে নাম আছে রূপ নেই। তিলক নামটি বরং প্রাচীন, কেননা সঙ্গীতরত্নাকরে শকতিলক নামে রাগ আছে। রাগতরঙ্গিণীতেও তিলক ব'লে রাগ আছে। তিলক কামোদ নামটি ভাবভট্টের গ্রন্থে পাই, সে হিসাবে একে ২০০ বছরের পুরাতন রাগ বলা চলে। প্যার খাঁর সৃষ্ট ব'লে একে বলা হয় কিন্তু কে বেশী প্রাচীন সেইটাই প্রথম সমস্যা। হয়তো তাঁর ঘরানায় এ রাগ প্রচলিত ছিল, তিনি এর মনোহর রূপ দিয়ে লোকসমক্ষে প্রচার করেন। মজা এই যে, এই ক' বছরের মধ্যেই তার মূর্ত্তির রদ্-বদল হ'য়ে গেল।

অর্ব্বাচীন তথ্য। কেউ বলেন এটি একটি স্বতন্ত্র রাগ, কেউ বলেন এটি তিলক + কামোদ, কেউ বা বলেন তিল্ অর্থাৎ কনমাত্র কামোদ। কামোদ হিসাবে এমন কি বিকৃত মধ্যমও এতে ব্যবহৃত হ'তে দেখা যায়। এটি দেস অঙ্গের রাগ, তাই বলে দেস মিশ্রণে উৎপন্ন নয়, কারণ আমার ধারণা এই যে, রাগ সৃষ্টি হয় ক্ষণিকের প্রেরণায়, দুটি তিনটি রাগ মিলিয়ে নয়। ভেবে চিন্তে রাগ তৈরী যাঁরা করেন, তাঁরা স্রষ্টা নন্ মোটেই। গান শুন্‌লে যেমন গেয়ে উঠ্‌তে ইচ্ছে করে, তার মধ্যে টোকার প্রবৃত্তি থাকে না, রাগ শুন্‌লে সেই রকম ভাবাবেশে নতুন রাগ তৈরী কর্‌তে ইচ্ছে করে, তাতে নকলের প্রবৃত্তি থাকে না, কিন্তু অজ্ঞাতসারে হয়তো অন্য রাগটির খোঁচখাচ্ মিলে যায়, তাতেই ব'লে মিশ্রণ। যাই হ'ক, এই রাগের মূর্ত্তি দু' রকম—

১। শুদ্ধ ২। ণ ন। দুটির তফাৎ শুধু কোমল নিখাদ ব্যবহারে।

রূপ। ১। ঠাট বেলাবল, সম্পূরণ, উপজাতি খাড়ব-খাড়ব, গতি বক্র, বর্গ—প ন্‌সরগমপনর্স পধমগরগসন্।

দূর পথে ফেলে আসা ক্ষণিকের পরিচয়
তব সনে হ'য়েছিল এই শুধু মনে হয়।
সেদিনের মালাখানি ম্লান হ'য়ে গেছে জানি
তাহার সুরভি তবু আজো কেন মনে রয়।
সেদিন আঙিনা ভরে ফুটেছিল ফুলদল
চাঁদের আলোক ল'য়ে ঝরেছিল আঁখি জল।
আজি তার স্মৃতি ল'য়ে রহিব নীরব হ'য়ে
কহিব না কোন কথা যে কথা মনের নয়।

কথা—শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

সুর ও স্বরলিপি—শ্রীবিমল চক্রবর্ত্তী

+ ০ + ০
II ধ্‌া -সা রা জ্ঞা | রা জ্ঞা গপা -গা I জ্ঞা -া রা সা | রা -া গা ধা I
দূ র্ প থে ফে লে আ০ ০ সা ০ ক্ষ ণি কে র্ প রি

+ ০ + ০
সা -া -া -া | -া -া -া -া I সা পা পা পা | পা পা পধা -পমা I
চ ০ ০ য়্ ০ ০ ০ ০ ত ব স নে হ য়ে ছি০ ০০

+ ০ + ০
মপা -া -া -া | সা রা সসা ণ্‌া I -া -া ণ্‌া ণ্‌া | সা -া -জ্ঞা -া I
ল০ ০ ০ ০ এ ই শু০ ধু ০ ০ ম নে হ ০ ০ ০

+ ০
-মা -া -পা -া | রা জ্ঞা জ্ঞা -া II
০ ০ ০ য়্ ম নে হ য়্

অন্তরা

II পা ণা র্রা -া । পা ণা পণা -র্সরা I র্সরা -র্মজ্ঞর্রজ্ঞা -র্জ্ঞা -া । -া -া -া -া I
সে দি নে র্ মা লা খা০ ০০ নি০ ০০০০ ০ ০ ০ ০ ০ ০

র্রা -র্মা র্জ্ঞর্জ্ঞা র্রা । র্সা ণা পণা -র্রা I র্রর্রা -র্সা -া -া । -ণর্সা -ণণা -পা -া I
ম্লা ন্ হ০ য়ে গে ছে জা০ ০ নি০ ০ ০০ ০০ ০০ ০ ০

পা র্সা -ণণা পা । পা মজ্ঞা সা -জ্ঞা I পা -া -া -া । সা রা সসা ণ্া I
তা হা ০র্ সু র ভি০ ত ০ বু ০ ০ ০ আ জো কে০ ন

-া -া ণ্া ণ্া । সা -সা -জ্ঞা -া I -মা -া -পা -া । রা জ্ঞা জ্ঞা -সা II
০ ০ ম নে র ০ ০ ০ ০ ০ ০ য় ম নে র য়্

সঞ্চারী

II প্া রা -া রা । গমা গরা সা সা I সা মা মা মা । -গা -সা রা মা I
সে দি ন্ আ ঙি০ না০ ভ রে ফু টে ছি ল ০ ০ ফু ল

গা -া -া -া । -া -া -া -া I গা পা পা পা । পা ণা ণধা -পধা I
দ ল্ ০ ০ ০ ০ ০ ০ চাঁ দে র আ লো ক ল০ ০০

পা -া -া -া । -গমা -রগা -া -া I গা পা ক্ষা পা । -সা রা -ন্া সা I
য়ে ০ ০ ০ ০০ ০০ ০ ০ ঝ রে ছি ল ০ আঁ ০ খি

সা -া -া -া । -া -া -া -া II
জ ল্ ০ ০ ০ ০ ০ ০

আভোগ

II পা ণা র্রা -া । পা ণা পণা -র্সর্রা I স র্রা -র্মজ্ঞ র্রজ্ঞা -া -া । -া -া -া -া I
আ জি তা র্ স্ম তি ল০ ০০ য়ে০ ০০০০ ০ ০ ০ ০ ০ ০

র্রা র্মা জ্ঞর্জ্ঞা র্রা । র্সা ণা পণা -র্রা I র্রা -র্সা -া -া । -ণর্সা -ণণা -পা -পা I
র হি ব০ নী র ব হ০ ০ য়ে ০ ০ ০ ০০ ০০ ০ ০

পা র্সা ণণা পা । -পা পা মজ্ঞা সজ্ঞা I পা -া -া -া । -া -া -া -া I
ক হি ব০ না ০ কো ন০ ক০ থা ০ ০ ০ ০ ০ ০ ০

সা রা সসা ণ্া । -া -া ণ্া -া I সা -া -জ্ঞা -া । -মা -া -পা -া I
যে ক থা০ ম ০ ০ নে র্ ন ০ য়্ ০ ০ ০ ০ ০

রা জ্ঞা জ্ঞা -সা । -া -া -া -া II
ম নে র য়্ ০ ০ ০ ০

সর্গম্

তিলক-কামোদ—ত্রিতাল

প্রাপ্ত—ওস্তাদ আলাউদ্দিন খাঁ সাহেব (মাইহার) স্বরলিপি—শ্রীকৃষ্ণকিশোর দাস

স্থায়ী

II প্া ন্া সা রা । গা সা ধা পা । মা গা সা রা । পা সা ন্া -া I

রা মা পা ধা । মা পা না র্সা । র্সা পা ধা মা । গা সা ন্া -া II

অন্তরা

II মা পা না র্সা । র্রা র্গা র্সা র্রা । র্পা র্মা র্গা র্সা । র্রা র্গা র্সা না I

পা না র্সা র্রা । র্গা র্সা পা না । র্সা পা ধা মা । গা সা ন্া -া II

স্বরলিপি

ভজন—কাহারবা

মন কর্‌লে প্রভুসে প্রীত্ ।
অ্যায়্‌সো সময় বহোরি নেহি পাইয়ো
যাঁই হ্যায় অবসর বীত্ ।
ত্যন সুন্দর ছবি দেখা না ভুলো
বালুকি হ্যায় ভীত্
সুখ সম্পদ স্বপ্‌নেকি বাতিয়া
য্যয়্‌সে তৃণপর শীত্ ।
যাঁহা করম্ পরম্ সুখ পারে
সোই করম্ করো মিত্
শরণ আরে সো সবহি উবারে
ইয়ে হি প্রভুকে রীত্,
কহত কবীর শুনো ভাই সাধো
চলি হুঁ ম্যয়্ দলজিত্ ॥

সুর—৺অনিল ভট্টাচার্য্য

স্বরলিপি—শ্রীসৌরেন মিত্র, বি. এস্‌সি

+ ০ + ০
মা মা I I মপা -র্সা ণা -া । ধা পধা -ণধা ধপা I পমা -া -া -া । -া -া মা পা I
ম ন ক র্ লে ০ প্র ভু০ ০০ সে প্রী ০ ০ ০ ০ ত্ ম ন

+ ০ + ০
গা -মা জ্ঞা -রা । রা রজ্ঞা -মা জ্ঞা I জ্ঞমা -া -া -া । -া -া মা মা I
ক র্ লে ০ প্র ভু০ ০ সে প্রী ০ ০ ০ ০ ত্ ম ন

+ ০ + ০
{মধা -া ধা -মা । মপা পা -া পা I (মধা -পধা -াঃ -পঃ । পমা -া রা মা)} I
ক র্ লে ০ প্র০ ভু ০ সে প্রী০ ০০ ০ ত্ রে ০ ম ন

+ ০ + ০
সরা -রমা -মাঃ -পঃ । মপা -ধা -মপা -মা I পা -র্সা ণা -া । ধা পধা -ণধা পা I
প্রী০ ০০ ০ ত্ রে০ ০ ০০ ০ ক র্ লে ০ প্র ভু০ ০০ সে

পমা -া -া -া । -া -া -া -া I {মগা -গা গা মা । মপা -া -া পা I
প্রী ০ ০ ০ ০ ত্ ০ ০ আ্যা০ য়্ সো স ম য়্ ০ ব

পা পা -মধা -পধা । পধা -পধা পমা -াপম} I ধা -া ধা -া । ধা ণা র্সা র্রা I
হো রি নে০ হি০ পাই ০০ য়ো ০ যাঁ ই হা য়্ অ ব স র

সর্রর্সা -ণা -া -ণর্সা । -ধণা -ধা -পা -মা I মপা -র্সা ণা -া । ধা পধা -ণধা ধপা I
বী ০ ০ ০ ০ ০০ ০ ০ ত্ ক র্ লে ০ প্র ভু০ ০০ সে

পমা -া -া -া । -া -া মা মা II
প্রী ০ ০ ০ ০ ত্ ম ন

-া -া II {ণা পা ণা -া । ণর্সা র্সা র্সা র্সা I সর্সা -া সর্রা রর্মা । র্জ্ঞা -র্রা র্সা -া I
০ ০ ত ন স্থন্ ০ দ র ছ বি দে ০ খা না ভু ০ লো ০

-া র্সা -া সর্সা । সর্সা -ণা র্সা -র্রা I সর্রর্সা -ণা -া -া । [-া -া -া -া] -ধণা -ধা -পা -মা} I
০ বা ০ লু কি ০ হা য়্ ভি ০ ত্ ০ ০ ০০ ০ ০ ০

ণা ণা ণা -া । ণা ণা ণা ধা I পধা -ণধা -পপা -মা । জ্ঞা রা রমা -া I
সু খ স ম্ প দ স্ব প্ নে০ ০০ ০কি ০ বা তি য়া ০

মর্সা সর্রা রসা -া । ণা ণা ণা ণা I পণা -সর্রা র্সা -ণা । ধণা ধপা মা -া I
সু খ স ম্ প দ স্ব প্ নে০ ০০ কি ০ বা০ তি য়া ০

মা -া পণা -সর্রা । রর্সা সণা ণপা মা I মণা -পা -র্সা -া । -া -া মা মা II
যা য়্ সে০ ০০ তৃ ণ প র শী ০ ০ ০ ০ ত্ ম ন

+ o + o

-া -া II {র্মা -গা মা মপা | মগা -মা -রা জ্ঞা I জ্ঞমা -া পা ণা | দণা -দপা মা -া} I

০ ০ যাঁ ০ হা ক র০ ম্ ০ প র ম্ সু খ পা০ ০ও য়ে ০

+ o + o

{-া মর্সা -া র্সা | র্সা -া র্সা র্সা I ণর্সা -র্রা -া -া | -র্সা -ণা -পা -মা} I

০ সো ই ক র ম্ ক রো মি০ ০ ০ ০ ০ ০ ০ ত্

+ o + o [-া]

{মর্রা র্রা র্রর্রা র্রা | -া র্রা ণর্সর্রা -র্মজ্ঞা I জ্ঞা জ্ঞা র্রা র্রা | র্রজ্ঞা -া র্সা -ণা} I

শ র ণ আ ০ রে সো০০ ০ ০ স ব হি উ বা ০ রে ০

+ o + o

-া মাঃ র্সাঃ | র্সণাঃ ণপাঃ পমা I ণা -পা -র্সা -া | -া -া -া -া I

০ ইয়ে হি প্র ভু কে রী ০ ০ ০ ০ ত্ ০ ০

+ o + o

পা পা পা দপা | পা -মা -া মা I ণা -পা ণা -া | ণর্সা -া র্সা -া I

ক হ ত ক০ বী ০ র্ গু নো ০ ভা ই সা ০ ধো ০

+ o + o

-া পা পা দপা | পা -মা -া মা I ণা -পা ণা -া | ণর্সা -া র্সা -া I

০ কহ ত ক০ বী ০ র্ গু নো ০ ভা ই সা ০ ধো ০

+ o + o

-া র্সা র্সা র্সা | র্সা -ণা র্সা র্রা I র্সর্রর্সা -া -া -া | -ধণা -ধা -পা -মা I

০ চ শি হু ম্য য়্ দ ল ঞ্জি ০ ০ ০ ০ ০০ ০ ০ ত্

+ o + o

দপা র্সা -ণা -া | ধা পধা -ণধা ধপা I পমা -া -া -া | -া -া মা মা II II

ক র লে ০ প্র ভু০ ০০ সে প্রী ০ ০ ০ ০ ০ ত্ ম ন

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী।

পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

২৩শ বর্ষ } কার্ত্তিক, ১৩৫৩ সাল { ৭ম সংখ্যা

বাহাত্তর ঠাট

শ্রীবিমল রায়

৩০। দেস

ভূমিকা। এই একটি রাগ, যার কোনও পরিচয় প্রাচীন গ্রন্থে আমি পাই নি। গ্রন্থে দেশী পাই, দেশী-অমুক পাই, কিন্তু দেশ পাই না। দেশী বা দেশীযুক্ত যে কোনও রাগ আছে, তাদের মধ্যে কেউ কেউ অবশ্য সা রে মা পা এই ভাবে আরোহণ করে, কিন্তু তার বেশী কোনও মিলই পাওয়া যায় না। যদি কেউ কল্পনা করে' নিতে পারেন যে, দেশী মল্লার বা দেশী সোরঠি ব'লে কিছু ছিল, তা হ'লে তার অপভ্রংশ দেশ ধরা যেতে পারে, অথবা দেশীর অনুকরণে তার পুংলিঙ্গ দেশ, এ ভাবেও ভেবে নেওয়া যায়, কিংবা দেশাখ্যীর অপভ্রংশ দেশ মনে করা কষ্টকর নয়। যাই করি না কেন, এর নাম এবং মূর্ত্তি কবেকার তা বলা সম্ভব নয়। এর গান পাওয়া যায় বহু পুরাতন, সে হিসাবে একে অর্ব্বাচীন রাগ মনে করা শক্ত, অথচ গ্রন্থে নাম না পাওয়ায় খট্‌কা লাগে। ছয় রাগ, ছত্রিশ রাগিণীর কেদারী, কামোদী যেমন ক'রে কেদার কামোদ হ'লো, সে ভাবে দেশীর দেশ উচ্চারণ এবং পরিবর্ত্তন কল্পনা কর্‌লেও মুস্কিল এই যে, প্রথমগুলির বেলায় পুং-নামগুলি পাওয়া যায়, দ্বিতীয়টির বেলায় তাও পাই না। দেশকার বা দেশাখ্য থেকে দেশ ভেবে নেওয়া গেলেও রাগ দুটি বেঁচে থাকার ফলে কল্পনাটা জোরালো হ'য়ে ওঠে না। অন্যান্য জ্ঞানীরা কি বলেন, জান্‌তে উৎসুক রইলাম।

অর্ব্বাচীন তথ্য। আধুনিক দেশ উচ্চারিত হয় দেস্ ব'লে, তাই বানান্‌ও দেস লিখ্‌লাম। রাগটির সাধারণ চলনে বা বৈশিষ্ট্যে মতভেদ বিশেষ কিছু না থাকলেও, স্বর-প্রয়োগে তফাৎ আছে। সে হিসাবে চার রকম মূর্ত্তি এর পাই, যথা,—

১। ক। ণন সরল গতি এবং বক্র গতি মেশানো।

খ। ণন বক্র গতি, সাধারণতঃ তারার চাল।

গ। ণন মল্লার বৈশিষ্ট্য যুক্ত

২। জ্ঞগণন

রূপ। ১ ক। উপঠাট খাম্মাচ, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ব-সম্পূরণ, গতি মিশ্র, বর্গ—সরগমপমগরমপনর্স ণধপধ-মগরগসা, উপবর্গ—সরপমগরা রগমপমগরা রমপনা র্সা র্রণধপধা মগরা গা সা। বাদী রেখাব। চাল সকল অঙ্গেই। গগমপ, রমপ, রণ্ধণধপ, ধপমগর, পর্র ইত্যাদি ব্যবহার চলে।

১ খ। উপজাতি ওড়ব-সম্পূরণ, গতি বক্র, বর্গ—সরম-পনর্সণধপধমগরগসা, উপবর্গ—সরমপা না র্সা র্রণধপা ধা মগরগসা। বাদী পঞ্চম, চাল তারার।

১ গ। উপজাতি ওড়ব-সম্পূরণ, গতি বক্র, বর্গ—সরমপণপমপনর্সণধপমরপণধপমগরগসা, উপবর্গ—সরমরা মপা ণপমপনা র্সা ণধপা মপণা পমরা পণধপমগরগসা ণধনর্সা, মরগসরন্‌সা, মধণধপ ইত্যাদি পাওয়া যায়।

২। উপঠাট জয়জয়ন্তী, স্বর-ব্যবহার জ্ঞগণন, জাতি সম্পূরণ, উপজাতি খাড়ব-সম্পূরণ, গতি বক্র ও মিশ্র।

বর্গ—সরজ্ঞরমপনর্সণধপধমগরগসা, উপবর্গ—সজ্ঞরা মপা না র্সা র্গা র্সা র্রণধপা ধা মগরগসরপমগরজ্ঞসরন্‌সা।

বাদী পা। জ্ঞ ব্যবহার কেউ সামান্ত করেন, কেউ বা বেশী করেন, আর তার কোন বাঁধা নিয়ম নেই, যেমন জ্ঞরমপনর্স র্রর্গর্সা, পনর্সর্রর্গর্সর্ণধপর্রা জ্ঞর্রর্সা, পমগরগসর-পমগসা রজ্ঞরসা, পমগরজ্ঞর, এই ভাবে দেওয়া যায়, কিন্তু বাদ দিয়ে গেলে কিছু দোষ নেই, কচিৎ হঠাৎ কয়েকবার লাগিয়ে ফেল্‌লেও দোষ নেই, কেননা এ স্বরটি অন্য রাগ থেকে বাঁচবার জন্যই ব্যবহৃত হয়, যেমন বিহারীতে জ্ঞ ব্যবহার হয় তিলক-কামোদ থেকে বাঁচ্‌বার জন্য, অতএব লাগানো, না লাগানো খুসীর ওপর নির্ভর করে। তবে আমার দিক্ থেকে আমি এইটুকু বল্‌তে পারি যে জ্ঞ যুক্ত দেসী বা মল্লারের সঙ্গে মিল রাখ্‌বার জন্যও এই জ্ঞ-এর প্রচলন হ'য়ে থাক্‌তে পারে, এবং আগে এর ব্যবহার ভাল রকম ছিল, কাজেই এ অলঙ্কার-স্বর বা "গ্রেস্ নোট্" মোটেই নয়; এই সঙ্গে এও জানাচ্ছি যে, জ্ঞণন-যুক্ত এক রকম সোরটি আগেকার দিনে পাওয়া যেতো, যা পরিবর্ত্তিত হ'য়ে সারংএর একটি প্রকার তৈরী করেছে, সেই সোরটির সঙ্গে সম্পর্ক রাখবার জন্যও দেসে জ্ঞ-এর উদয় হ'তে পারে। ব'লে রাখি যে, সোরট্ আর দেস সমপ্রকৃতিক, একটির থেকে আর একটিকে বাঁচানো কষ্টসাপেক্ষ, এবং আগেকার দিনে এমন অনেক গান পাওয়া যেতো, যাদের রূপ সোরট বলা হ'লেও, দেসের সঙ্গে অভিন্ন হ'য়ে পড়্‌তো। এখনও গুপ্ত গান্ধার ক'রে সোরট্‌কে বাঁচাবার চেষ্টা হ'লেও আসল বৈশিষ্ট্য দেখাবার চেষ্টা বেশীর ভাগ গুণীই করেন না। সোরটের বৈশিষ্ট্য সোরটে বল্‌বো, দেসের বৈশিষ্ট্য এইখানে বলি :—

রেখাব প্রবল, গান্ধার আরোহে দুর্ব্বল, অবরোহে মধ্যবল, বক্রভাবে প্রবল, মধ্যম আরোহে মধ্যবল, অবরোহে দুর্ব্বল, পঞ্চম আরোহে প্রবল, অবরোহে অল্প প্রবল, তবে বহুল, ধৈবত আরোহে দুর্ব্বল বা লোপ্য, অবরোহে মধ্যবল, নিখাদ যোগে অল্প প্রবল, নিখাদ প্রবল; রেখাব ন্যাস, অপন্যাস; পঞ্চম বিন্যাস, নিখাদ (শুদ্ধ) সংন্যাস।

নাম ব্যবহার।

আজকাল ১খ বেশী ব্যবহার, অতএব—

১ক। **শুধ্ দেস**—প্রাচীনকালে বেশী পাওয়া যেতো।

১খ। **দেস**

১গ। **দেস-মল্লার**—মল্লার অঙ্গ থাকায়। প্রকৃত পক্ষে দেসে মল্লার অঙ্গ সামান্যই আছে, নিজের বৈশিষ্ট্যে সে প্রতিষ্ঠ।

২। কোমল দেস।

বিস্তার। ১ক। সরগা সা, রণ্‌ধ্‌প্‌ধ্‌ন্‌প্‌ন্‌া সা, রগমপ-মগরা পমগরগসা, সরমমপা ধপমগরা রমপধা মগরগসা, রমপা ধণধপধমগরা রণধণধপমপমগরা রপমগরগসা, ররমমপা ধপগরা রপণধপধমগরা রগমপমগরগসা, মপননর্সা র্সনর্সা পনর্সা র্ণধধপা পর্রর্রা র্রর্গা র্সনর্সর্রণধপধা মগরা ণধণধপধপমগরা পমগরগসা, মরমরা মমপমপা ণধপধ-মপননর্সা র্সর্রণধপধমগরা রমপণধপা মপমগরা মগরা গসা।

১খ। সরমপা মগরগনা, ন্‌সরা পমগরগসা, রমপা ণধপা মপধা মগরগসা, রণধণধপমপনধপা ধমগরগসা, মরমপমগরমপনা নর্সা র্রণধপধমগরগসা, মপণধপধা মপা না নর্সা নর্সর্রর্গা। র্সর্রণধপমণধণধপধমগরা ণধপধমগরগসা।

১গ। সরমরা মপমরা গসরন্‌সা, রমপণধপা মরপমগ-রগসা, ণপমরপণধপধমগরগসা, মণধণধপমপমপমরপণপমগর-মরমপমগরগসরন্‌সা, রমরা মপমপণপা না নর্সা র্সর্সর্রণধ-পমণপমরণধণধপমগরগসা।

২ নং। ১খ + মাঝে মাঝে জ্ঞ ব্যবহার। আগেই ব'লেছি যে, জ্ঞ-ব্যবহারের কোনও বাঁধা-ধরা নিয়ম নেই, তবে যখনই ব্যবহার কর্‌বেন সাবধানে কর্‌বেন, কেননা জয়-জয়ন্তী, বিহারী ইত্যাদির প্রভাবযুক্ত যতটা রাখা যায় ততই ভাল। রমপমগরগসা, রমপনা র্সর্রণধপধমগরগসা চল্‌তে চল্‌তে হঠাৎ পমগরা জ্ঞরসরন্‌সা পনা র্সর্রণধপা র্রা জ্ঞর্রর্সা র্রণধপ এই ভাবে জ্ঞ ব্যবহারই যুক্তিযুক্ত।

প্রকার। ক। শ্রেণী।

১। দেস ২। শুধ্ দেস ৩। দেস-মল্লার ৪। দেস-জয়ন্ত ৫। কোমল্‌দেস।

দেস নামযুক্ত কয়েকটি রাগ আছে তাদের মধ্যে মিশ্রণেও পাওয়া যায়, যথা—১। দেসগিরি ২। দেস-কল্যাণ ৩। দেস-গৌণ্ড্ ৪। দেসকলী ৫। দেসবরারী।

৩১। ধানী

ভূমিকা। ধানী হ'লো ধন্যাসী বা ধন্নাসীর অপভ্রংশ, এবং অর্ব্বাচীন নাম। প্রাচীন রাগটিকে চটুল ও ঠুংরী জাতীয় কর্‌বার ইচ্ছা থেকেই এর জন্ম ব'লে কারো কারো ধারণা। অবশ্য, একথাও বলা যায় যে, ধন্যাসীর সরগম এবং গতি রেখে তার চাল বা রূপ বদ্‌লে ফেলে এই রাগ তৈরী কেউ করেছিলেন ব'লে একে ধন্যাসীর কাছাকাছি নাম ধানী ব'লেই অভিহিত করা হ'লো। শেষতঃ, ধানী একটি মৌলিক রাগ নাম হ'তে পারে, যা দৈবাৎ নাম হিসাবে ও মূর্ত্তি হিসাবে ধন্যাসীর সঙ্গে খুব বেশী মিলে গিয়েছে। কারো মতে প্রাচীন ধন্যাসী হ'লো ধনাশ্রী আর আধুনিক ধন্যাসী হ'লো ধানী। ধানীর প্রাচীন কোনও তথ্য আমার জানা নেই এবং আমি একে অর্ব্বাচীন ও দেশজজাতীয় মনে করি।

অর্ব্বাচীন তথ্য। ধন্যাসীও যেমন প্রাচীনকালে তিন প্রকার ছিল, অধুনা ধানীও সেই রকম তিন প্রকার—সম্পূর্ণ, খাড়ব, ঔড়ব। হোলির গানে ও যন্ত্রে ব্যবহৃত হ'তেই একে বেশী দেখা যায় এবং চটুল মূর্ত্তিটি বেশী রংদার ব'লে ওড়ব রূপটিই এর চলে বেশী। স্থান বিশেষ ও ঘরানা বিশেষে এর উৎপত্তি কল্পনা কর্‌লে এতো প্রকার মূর্ত্তি পাওয়া আশ্চর্য্যের কিছু নয়। তবে এখন এদের পৃথক নাম দিয়েই চালাতে হবে। সব শুদ্ধ কতো রকম মূর্ত্তি ধানীর আমরা পাচ্ছি, তাই দেখা যাক্ :—

১। জ্ঞণ

ক। সম্পূরণ খ। খাড়ব গ। ওড়ব

২। জ্ঞণন

৩। জ্ঞগণ

৪। জ্ঞদধণ

রূপ। ১ক। ঠাট সিন্ধ্‌বী, স্বর-ব্যবহার জ্ঞণ, জাতি সম্পূরণ, উপজাতি ওড়ব-সম্পূরণ, গতি সিধা, রেখাব-ধৈবত বিবাদীপ্রায় অল্প ব্যবহার, বর্গ—ণ্সজ্ঞমপণসর্ণধপ-মজ্ঞরসরণ্সা, উপবর্গ—ণ্সজ্ঞা মপণর্সা ণা পমজ্ঞা মপণধপ-মজ্ঞা সজ্ঞা রসরণ্সা। বাদী—জ্ঞা; অনেকের মতে কোমল স্বর বাদী হয় না, কিন্তু সে মত সব সময়ে যুক্তিসহ নয় এবং প্রাচীন গ্রন্থও তা বলে না। মধ্যযুগের কতক-গুলি মত যাচাই কর্‌বার সময় এসেছে। ধানীতে জ্ঞা ছাড়া অন্য কিছু বাদী হ'তে পারে না, কারণ তার বৈশিষ্ট্যই এই গান্ধার-প্রয়োগে।

১খ। জাতি খাড়ব, উপজাতি ওড়ব-খাড়ব, ধৈবত বর্জ্জিত, রেখাব বিবাদীপ্রায়, বর্গ—ণ্সজ্ঞমপণসর্ণপমজ্ঞরসা উপবর্গ—ণ্সজ্ঞা মপণর্সা ণা পমজ্ঞা সজ্ঞা রসরণ্সা। বিবাদীপ্রায় ধৈবতযুক্ত আর রেখাব বর্জ্জিত এক রকম খাড়ব ধানী হ'তে পারে, যথা—ণ্সজ্ঞা মপণা র্সা ণপমজ্ঞা মপণধপমজ্ঞা সণ্সজ্ঞা সা।

১গ। উপজাতি ওড়ব-ওড়ব রেখাব-ধৈবত বর্জ্জিত, উপবর্গ—ণ্সজ্ঞা মপণর্সা ণপমজ্ঞা সণ্সজ্ঞা সা। জ্ঞা-কে সা ব'লে ধর্‌লে এটি ভূপালীর মতো শোনাবে।

২। এটি ১ক-এর মতো, শুধু আরোহে অন্তরার সময়ে সামান্য শুদ্ধ নিখাদ ব্যবহৃত হয়। অবশ্য এই শুদ্ধ নিখাদ কেউ কেউ কোমল নিখাদের উচ্চ শ্রুতি হিসাবে ধরেন। সজ্ঞা মপণর্সা ণপমজ্ঞা মপণর্সা ণধপমজ্ঞা সজ্ঞা রসা।

৩। উপঠাট ভীম, জাতি সম্পূরণ, উপজাতি ওড়ব-সম্পূরণ, গতি বক্র বা মিশ্র, "রে ধা" কমজোরী, বর্গ—ণ্সগমপণর্সণধপমজ্ঞসজ্ঞরসা, উপবর্গ—ণ্সগা মপা ণা র্সা ণধপমগা মপমজ্ঞা সজ্ঞা রসা, বাদী—জ্ঞা; অবশ্য এটিতে

গা, পা প্রবল, সে হিসাবে খড়জ্ বাদী বলা ভাল। এক রকম ধন্যাসীর ঠিক এইরূপ তবে তাতে জ্ঞ দুর্ব্বল এইটুকু যা প্রভেদ; এর থেকে ভূমিকার শেষেরটুকুই প্রমাণিত হয়, যথা—ধন্যাসী ও ধনাশ্রী এক রাগ হ'লেও কোনও কোনও ঘরাণায় ধনাশ্রী ঋষভ, আর ধন্যাসী—ধানী, অর্থাৎ তাঁরা ধন্যাসী নামটা ব্যবহার করেন না। বিশদ আলোচনা ধন্যাসীতে করবো।

৪। ঠাট কানরা, উপঠাট শুধ্ আহীর (আমার গ্রন্থের পরিবর্ত্তিত নিয়মানুসারে নতুন নাম দিলাম), স্বর-ব্যবহার জ্ঞদধণ, জাতি সম্পূরণ, উপজাতি ওড়ব-সম্পূরণ, গতি মিশ্র বর্গ—১ক এর মতো শুধু বক্রগতিতে কোমল ধৈবত প্রয়োগ—ণ্সজ্ঞমপণর্সণধপমজ্ঞমপণদপমজ্ঞরসা। উপবর্গ—ণ্সজ্ঞা মপণর্সা ণপমজ্ঞা মপণধপমজ্ঞা মপণদপমজ্ঞা রসা। বাদী—জ্ঞা। সিধা কোমল ধৈবত প্রয়োগও হয়।

প্রত্যেকটি আরোহী এই যে নিখাদ দিয়ে আরম্ভ হ'য়েছে, এটা শুধু তার রাগটির সাধারণ চলন দেখাবার জন্য, না হ'লে সজ্ঞা সজ্ঞমপ, সজ্ঞা মপ ইত্যাদি করেও আরোহী হ'তে পারবেন।

নাম ব্যবহার।

১গ-ই বেশী ব্যবহৃত হয়, যদিও খেয়ালে ১খ বেশ পাওয়া যায়।

১ক। ধানী সম্পূরণ বল্‌বো

১খ Ṫ। শুধ্ ধানী

১খ ṪṪ। খাড়ব ধানী

১গ। ধানী

২। তীব্র ধানী

৩। দেস্ত ধানী গ্রাম্য জাতীয় ধানীর অনুকরণে সৃষ্ট, এই হিসাবে দেস্ত।

৪। পিলু ধানী সামান্য পিলু অংশ লক্ষ্য করা যায়, তবে ঠিক মিশ্রণ বলা চলে না।

বিস্তার। ১ক। সরসণ্সজ্ঞা সা জ্ঞমজ্ঞা রসণ্সা, সজ্ঞা সজ্ঞমপা মজ্ঞা মজ্ঞা সা, জ্ঞা মপজ্ঞা সণ্সজ্ঞরসরণ্সা প্ণ্সজ্ঞা ণ্সজ্ঞা মপমজ্ঞা সা, জ্ঞা মপণপমপমজ্ঞা মপণধপমজ্ঞা মজ্ঞা রসা, জ্ঞা মপমপণপণর্সা র্সর্রণর্সা র্জ্ঞা র্সণপমজ্ঞা মপণর্সণধপগজ্ঞা মজ্ঞা রসণ্সা।

১খ Ṫ। ১ক থেকে ধৈবত বাদ।

১খ ṪṪ। সণ্সজ্ঞা সা ণ্সণ্পণ্সজ্ঞা মজ্ঞা সজ্ঞা ণ্সা, জ্ঞা মপমজ্ঞা সণসপ্ণ্সজ্ঞা সজ্ঞমপমপমজ্ঞা সজ্ঞা মজ্ঞসণ্সা, সজ্ঞমপমপণপমজ্ঞা মপণধপমজ্ঞা মজ্ঞা ণ্সা, মপণপমজ্ঞা মপণর্সণধপা পণর্সর্সর্জ্ঞা র্সণপমজ্ঞা জ্ঞসণ্সা, জ্ঞমপণপণর্সর্জ্ঞা র্সা ণধপমজ্ঞা মপণা পমজ্ঞমপণধপমজ্ঞা সা।

১গ। ১খ ṪṪ থেকে ধৈবত বাদ।

২। ১ক+অন্তরায় শুদ্ধ নিখাদ বা শ্রুতিযুক্ত কোমল নিখাদ আরোহে।

৩। সজ্ঞা রসণ্সজ্ঞা মজ্ঞরসগা মপমজ্ঞা সজ্ঞরণ্সা, সগমপা মপমগমা পণধপমজ্ঞা মজ্ঞা রসা, জ্ঞরজ্ঞসগা মপমগা মজ্ঞা রর্সণ্প্ণ্সজ্ঞা সা গা মপণা ধপমজ্ঞা ণপমজ্ঞা রসা, গমপণধপমপণা র্সা ণর্সর্জ্ঞা র্রর্সণধপা মগা গমপা মপা মগা মজ্ঞা সণ্সা। আগেই বলেছি, এই রূপটির সামান্য এধার-ওধার করলে অন্য রকম রাগ হ'য়ে যাবে, যথা ধন্যাসী একপ্রকার, পটমঞ্জরী একপ্রকার ইত্যাদি, কাজেই বিস্তার সাবধানে করতে হবে। অবশ্য অনেকেই ধুন ব'লে এ সাবধানতা রাখেন না।

৪। ণ্সজ্ঞা সণ্প্ণ্সজ্ঞমপণপমপমজ্ঞরসা, জ্ঞা সজ্ঞা মপা পণধপমজ্ঞা মপণধদপমজ্ঞা সরণ্সা, জ্ঞা মপণদা পমজ্ঞা মজ্ঞা রসজ্ঞমপণপণর্সর্রর্সণধপমজ্ঞরসা, মপণপণর্সর্জ্ঞা র্সা ণপমপণর্সর্জ্ঞা র্রর্সণর্সণধদপমজ্ঞা সজ্ঞার সা॥

ধানীর এই কয়টি রূপই ধানীর প্রকার। এর অন্য কোনও মিশ্রণ সাধারণ হিসাবে নেই, তবে তৈরী করা সহজ।

হিন্দুস্থানী রাগ-সঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

খেয়াল

সারঙ্গী-কল্যাণ—ঢিমা-ত্রিতাল

এরি মোরা মান না জানে
কারে: করু ম্যয়,
সদারঙ্গ পিয়া কছু নাহি মানে
কোন যতন করু ম্যয়।

স্থায়ী

+ ৩ ০ ১
II | | | সন্‌রসন্‌সা ধপা গরা সা I
এ০০০০০ রি০ মো০ রা

+ ৩ ০ ১
পগা -া পগপা -ধপা | গরা সা সন্‌ধ্‌া সা | রগা পগপা -ধপা -গরসা | "সন্‌রসন্‌সা ধপা গরা সা" II
মান ০ না০০ ০০ জা ০ নে কা০০ রে করু ম্য০০ ০০ ০০য় এ০০০০০ রি০ মো০ রা

অন্তরা

+ ৩ ০ ১
II | | | গপা নধা না র্সা I
সদা রঙ্গ পি য়া

+ ৩ ০ ১
র্গর্রা র্গা র্পর্ধর্পা র্গর্রনর্সা|নধা পা পপা গরা|সরগপা -ধনর্সনা -ধপগরা সা|"সন্‌রসন্‌সা ধপা গরা সা" II
কছু না হি০০ মা০নে০ কোন্ য তন ক০ রু০০০ ০০০০ ০০০০ ম্যয় এ০০০০০ রি০ মো০ রা

খেয়াল

সারঙ্গী-কল্যাণ—দ্রুত-ত্রিতাল

এরি মোরি মানে লে
বিনতি পিহাররা,
সদারঙ্গ পিয়া পঁইয়া লাগু
তুহাররা।

স্থায়ী

+ ৩ ০ ১
II | | |সন্া ধ্া সা রা I
এ০ রি মো রি

+ ৩ ০ ১
গা -া গা গা | পা গা পা পা | রগা -া রা সা | "সন্া ধ্া সা রা" II
মা ০ নে লে বি ন তি পি হা০ ০ র রা এ০ রি মো রি

অন্তরা

+ ৩ ০ ১
II | | |গা পা না ধা I
স দা র

+ ৩ ০ ১
না র্সা র্সা -া | র্গা র্রা র্সা না | পা গা রা সা | "সন্া ধ্া সা রা" II
পি ০ য়া ০ পঁই য়া লা গু তু হা র রা এ০ রি মো রি

গান

শ্রীরমেন্দ্রসুন্দর চট্টোপাধ্যায়

তোমারে বুঝিনি প্রিয়
যবে কাছে এসেছিলে হায়;
বুঝেছি সে ভুল মম
আজি দিন শেষে অবেলায়।
ভাবিনি চাহিব তারে,
আজ বিদায় দিয়েছি যারে;
আমি কুড়াব যতনে তায়
প্রিয় যে ফুল ফেলেছি হেলায়।

গোধূলি আকাশে মিছে ওঠে চাঁদ,
মিছে ফোটে ফুল কাননে;
প্রিয়তর নহ, প্রিয়তম তুমি
আমার জীবনে মরণে।
প্রিয় যেদিন গিয়াছ চলি',
মোর ফাগুনের দিনগুলি
চৈত্রদিনের ঝরাপাতা বনে
লুকাল অসহ বেদনায়॥

স্বরলিপি

(আধুনিক)

মিশ্র—দাদ্‌রা

যে গান লেগেছে ভালো
সে কি তব মনে নাই,
অনাহত বীণা ধূলায় মলিনা
পড়ে আছে প্রিয় তাই।
সেদিন সে রাতে মোর বাতায়ন পাশে
হেনার গন্ধ বাতাসে ভাসিয়া আসে,
আধো রাতে আজিও তার
মধুর সুরভি পাই।

সে কি শুধু মোর ক্ষণ-বসন্ত বুঝি
আকাশ তাহারে পায় না
আজিকে খুঁজি'—
ঝরে গেছে ফুল থেমে গেছে সুর
কাছে থেকে মন আছে কোন দূর
মানে না কো মন তবু অকারণ
তোমারি সে গান গাই।

কথা ও সুর—৺অনিল ভট্টাচার্য্য
স্বরলিপি—শ্রীসৌরেন মিত্র, বি. এস্‌সি

```
    +                 o                    +                  o
II  পা  পণা  -ধণা  |  ধপা  পা  মজ্ঞা  I  সা  -জ্ঞা  জ্ঞপা  |  মপা  -া  -া  I
    যে  গা০  ০ন্      লে০  গে  ছে০        ভা  ০   লো০        ০   ০   ০

    +                 o                    +                  o
    সা  গা  মা  |  পা  মজ্ঞা  রা  I  রজ্ঞা  -সা  -া  |  সরা  -ণা  -া  I
    সে  কি  ত      ব   ম০   নে        না   ০   ই      গো০   ০   ০

    +                 o                    +                  o
    সা  রা  জ্ঞা  |  মা  জ্ঞমজ্ঞা  রা  I  রজ্ঞা  -সা  -া  |  -া  -া  -া  I
    সে  কি  ত       ব   ম০০    নে        না   ০   ই      ০   ০   ০

    +                 o
    [গা  মা  পা  |  পণা]                  +                  o
    {পা  পা  ণা  |  ণা  ণা  ণা  I  ধণা  ণর্সা  -ণর্সা  |  ণা  ধা  পা}  I
    অ   না  হ      ত   বী  ণা      ধূ০  লা০   ০য়্      ম   লি  না

    +                 o                    +                  o
    পা  দা  ণপা  |  পা  দা  ণপা  I  পদা  -ন্ধপা  -া  |  -া  -া  -া  II
    প   ড়ে  আ০     ছে  প্রি  য়০      তা০  ০ই   ০      ০   ০   ০
```

সে কি তব মনে নাই···

\+ o + o
II {পা পণা -ধা | পা গা মা I পা -ধা না | র্সা র্রর্সা না I
সে দি০ ন্ সে ছি ল মো র্ বা তা য়০ ন

\+ o + o
নর্সা -ধনা না | -র্সা -া -ণা I ধা ধা ণা | ধা -ণা ণর্সা I
পা০ ০০ শে ০ ০ ০ হে না র গ ন্ ধ

\+ o + o
র্সা র্সা র্সা | ণা ণা -ধা I পধা -া পা | -া -া -া} I
বা তা সে ভা সি য়া আ০ ০ সে ০ ০ ০

\+ o + o
পা পণা ধা | ণা -া -জ্ঞা I জ্ঞা মা জ্ঞণধণা | ধপা -া -া I
আ খো০ রা তে ০ ০ আ জি ও০০০ তা ০ র্

o + o
সা সা গা | গমা রগা গপা I ধপা -মা -া | -া -া -া II
হে না র সু০ র০ ভি পা ০ ই ০ ০ ০

সে কি তব মনে নাই···

\+ o + o
II {সা জ্ঞা রা | সা ধ্া -ণা I সা রা গা | মা -পা দা I
সে কি শু ধু মো র্ ক্ষ ণ ব স ন্ ত

\+ o + o
দণা পা -া | -া -া -া I পা পা -জ্ঞা | জ্ঞা জ্ঞা পা I
বু ঝি ০ ০ ০ ০ আ কা শ তা হা রে

\+ o + o
সা -া সজ্ঞা | মা পা মপণা I গদা পা -া | -া -া -া} I
পা য় না আ জি কে০০ খু জি ০ ০ ০ ০

\+ ০ + ০
{না না নর্সা | নর্সা র্সপা -া I পা না সর্রা | র্সনা র্সা -াণ I
ঝ রে গে০ ছে০ ফু ল্ থে মে গে০ ছে০ সু র্

\+ ০ + ০
ণা ণা ণা | ণা ধণা -ণর্রা I র্সা র্সা ণধা | -পধা ধপা -া} I
কা ছে থে কে কে০ ০ন আ ছে কো০ ০ন্ দূ র্

\+ ০ + ০
পা পা -ণা | ধা ণা -া I -জ্ঞা মা জ্ঞণা | ধণা ধপা -া I
মা নে না কো ম ন্ ত বু অ০ কা০ র ণ্

\+ ০ + ০
সা সা গা | গমা রগা -পা I ধপা -মা -া | -া -া -া II II
তো মা রি সে০ গা০ ন্ গা ০ ই ০ ০ ০

সে কি তব মনে নাই…

গান

শ্রীরবি গঙ্গোপাধ্যায়

হে মোর অপরিচিতা, ওগো চিরবিস্ময়!
স্মৃতির সায়রে আজও মোছে নাই, মোছে নাই পরিচয়
মোর ভাঙা গান ঝরা ফুলদল
তুমি তাই দিয়ে মালা গাঁথ চঞ্চল,
স্বপনের মাঝে হে চির মধুর, তুমি চির ছায়াময়।
আমার হিয়ার বকুলের বনে
তব অভিসার মধুছন্দা,
আমার বিরহ সুরে সুরে রচে
স্বপ্ন অলকানন্দা।
তুমি স্মৃতির দুয়ারে আলিপনা টানি'
আমায় শোনালে ঘুম ভাঙানোর বাণী,
কবির কবিতা তুমি হারাসুর-ছন্দ ভুবনময়।

স্বরলিপি

আশাবরী—ত্রিতাল

আজহুঁ ন আয়ে ঘর পরে

সাগরি রতিয়া বিত গই তরসে।

বাট তকতহুঁ বালম লাগে

কাঁহা গইলা ম্যয় বোলরে॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীশৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

+ ৩ ০ ১

II | | | পদা মা পদা র্সা I

আ০ জ হুঁ০ ন

+ ৩ ০ ১

ণদা -দা পা -া | মপদা -মপা জ্ঞা -া | ঋা -া সা -া | সা ণ্‌া দ্‌া -া I

আ০ ০ য়ে ০ ঘ০০ ০০ র ০ প ০ রে ০ সা গ রি ০

+ ৩ ০ ১

প্‌া দ্‌া সা -া | সা ঋা মা পা | দদা -পমা জ্ঞঋা সা | "পদা মা পদা র্সা" I

র তি য়া ০ বি ত গ ই ত০ ০০ র০ সে আ০ জ হুঁ০ ন

অন্তরা

+ ৩ ০ ১

II | | | মা -পা দা মা I

বা ০ ট ত

+ ৩ ০ ১

পদা দা দা -া | র্সা -া র্সা র্সা | র্জ্ঞা -র্ঋা র্সা -া | র্সা -া ণা দা I

ক০ ত হুঁ ০ বা ০ ল ম লা ০ গে ০ কাঁ হা গ ই

+ ৩ ০ ১

পা -দা মা -া | মপা -দদা মপা -দদা | র্সণা -দপা -মজ্ঞা -ঋসা | "পদা মা পদা র্সা" II

লা ০ ম্য য়্‌ বো০ ০০ ল০ ০০ রে০ ০০ ০০ ০০ আ০ জ হুঁ০ ন

তান

১। + | ৩ সঋা মপা দপা মপা | ০ মজ্ঞা ঋসা ণদা ণদা | মপা দপা মজ্ঞা ঋসা I

২। + ঋমা পদা মপা দদা | ৩ মপা র্সণা দদা মপা | ০ দদা পমা জ্ঞঋা সসা | ১ র্সণা দপা মজ্ঞা ঋসা I

৩। + | ৩ | ০ | ১ মপা দর্সা মপা দর্সা I

+ ণদা পমা জ্ঞঋা সসা | ৩ সঋা মমা ঋমা পপা | ০ দপা দপা ণদা র্সণা | ১ দপা মজ্ঞা মজ্ঞা ঋসা I

স্বরলিপি

(ভজন)

মিশ্র ভীমপলশ্রী—কাহার্‌বা

রাম নাম ধন জপ অবিরাম
মন জপ অবিরাম
যৈসে যোগীজন পাওয়ল ত্রাণ
ঐহি মিঠা নাম রস নিত কর পান।
যো সাধুজন নিত নাম গাওয়ে
অন্তকালে সো ঐহি পদ পাওয়ে
তু মন চঞ্চল নিত নিত বোলো,
জয় জয় সীতারাম।

কথা—শ্রীননী মিত্র সুর—কুমারী প্রতিমা দে

স্বরলিপি—কুমারী তপতী চৌধুরী ও শ্রীমতী কুমারিকা রায় (মুখার্জ্জি)

+ ০ + ০
II সা -রা মা রা | -মা পা পদা মা I মা পা দা পা | মা জ্ঞা রা সা I
রা ০ ম না ০ ম ধ০ ন প অ বি রা ম ম ন

+ ০ + ০
সা -রা মা পা | দপা -মা পা -া I মা -মা পা পা | ণদা -ণা ণা র্সা I
জ প অ বি রা০ ০ ম ০ যৈ ০ সে যো গী০ ০ জ ন

\+ o + o
র্সা র্রর্া -র্সা র্সা । র্সা -র্রা ণা -র্সা I র্সা র্রা র্রা র্রা । র্রা -জ্ঞা -র্রা র্সা I
পা ওয় ০ ল ত্রা ০ ণ ০ ঐ হি মি ঠা না ০ ০ ম

\+ o + o
ণা র্সা র্রা র্সা । ণা র্সা দা পমা I সা রা জ্ঞা রা । জ্ঞা রা সন্‌া সা II
ঐ হি মি ঠা না ম র স০ নি ত ক র পা ন ম০ ন

জপ অবিরাম

\+ o + o
II {সা -পা পা পা । পদা মগা মা -া I গা সা গা মা । গমা পমা গা -মা I
যো ০ সা ধু জ০ ন০ ০ ০ নি ত না ম গা০ ও০ যে ০

\+ o + o
পা -র্রা র্রা র্রা । সর্রা -জ্ঞর্রা র্সনা র্সা I না র্সা র্রা র্সা । ণর্সা ণদা পা -মা} II
অ ০ ন্ত কা লে০ ০০ সো০ ০ ঐ হি প দ পা০ ও০ যে ০

\+ o + o
সা -জ্ঞা জ্ঞা জ্ঞা । রা -জ্ঞা রা জ্ঞা I জ্ঞমা -পা মা পা । -জ্ঞা রা সা সা I
তু ০ ম ন চ ন্‌ চ ল নি০ ০ ত নি ০ ত বো লো

\+ o + o
সা -র্সা -া -া । -া -া -ণা -া I সা র্রা জ্ঞা র্রা । র্সা -না র্সা -া I
জ ০ য়্‌ ০ ০ ০ ০ ০ জ য় সী তা রা ০ ম ০

\+ o + o
সা -মা মা মা । মা পা দপা মা I জ্ঞা -রা -সন্‌া সা । -া -া সা -া II
জ য় জ য় জ য় সী০ তা রা ০ ০০ ম ০ ০ ম ন্‌

জপ অবিরাম

স্বরলিপি

মিশ্র—কাহার্‌বা

রজনীগন্ধা প্রিয়
কেন দিয়েছিলে হাতে মোর,
ভুলিয়া যাবে কি গো
শেষ মিলনের ফুল ডোর ?
প্রথম দেখার সেই বাণী
কেন দিয়েছিলে নাহি জানি,
নতমুখে গেয়েছিলে গান
মোর হৃদিরে করি বিভোর !

ফাগুন দিনের গোপন বাণী
যবে বলেছিলে মোর কানে
তুলেছিল হায় শত বসন্ত
আমার প্রাণে।
সরমে নত করিয়া আঁখি
এসেছিলে প্রিয় আমারে ডাকি'
তব কম্পিত প্রেমের বাণী
মোর দুখনিশি করেছিল ভোর।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীচণ্ডীদাস বসু

II সা পা পা পা | -দা পা মা -গমা I পা -া -া -া | সা ণ্‌া সা দা I
র জ নী গ ন্‌ ধা প্রি ০০ য় ০ ০ ০ কে ন দি য়ে

পা মা গা -মা | -গা ঋা সা -া I -া -া পা র্সা | র্সা র্সা র্সা -ণা I
ছি লে হা ০ ০ তে মো ০ ০ র্‌ ভু লি য়া যা বে ০

-া র্রা র্সা -া | -ণর্সণা -ধণপা -া -া I পা -া পা দা | পা মা -া পা I
০ কি গো ০ ০০০ ০০০ ০ ০ শে ষ্‌ মি ল নে র ০ ফু

গা মা -া -া | -মা সা ণ্‌া সা I দা পা মা গা | -া ঋা সা -া II
ল ডো ০ ০ র্‌ কে ন দি য়ে ছি লে হা ০ তে মো র্‌

II পা র্সা র্সা র্সা | র্সা -ণা -া র্রা I র্সা -া ণা -ধপা | -পধা ণা -া -া I
প্র থ ম দে খা ০ র্‌ সে ই ০ বা ০০ ০০ ণী ০ ০

ণা ণা ণা -র্সা | ণদা দা -ণা পা I জ্ঞা -মা পদা -া | -া -া -া -া I
কে ন দি ০ য়েছি লে ০ নাহি জা ০ নি০ ০ ০ ০ ০ ০

পা দা পা মা । জ্ঞা রা সা রা I সরগা -রগমা -া -া । -া -া -া -া I
ন ত মু খে গে য়ে ছি লে গা০০ ০০০ ন্ ০ ০ ০ ০ ০

মা -জ্ঞা মা র্সা । র্সা -া ণা র্রা I র্সা -া -ণর্সণা -ধণপা । -া -া -া -া I
মো র্ হৃ দি রে ০ করি বি ভো ০ ০০০ ০০র্ ০ ০ ০ ০

সা ণ্‌া সা দা । পা মা গা -ম I -গা ঋা সা -া । -া -া -া -া II
কে ন দি য়ে ছি লে হা ০ ০ তে মো ০ ০ র্ ০ ০

II পা -দা পমা জ্ঞা । সা -রা জ্ঞা জ্ঞা I সা দা সরা সরজ্ঞা । জ্ঞা জ্ঞা রা জ্ঞা I
ফা ০ গু০ ন দি ০ নে র গো প . ন বা ণী০০ য বে ব লে

রা সা -া -া । রা -জ্ঞা দা পা I ণা ধা ণা র্সা । ণদা -দপা -া -া I
ছি লে ০ ০ মো র্ স নে ছু লে ছি ল হা০ ০য়্ ০ ০

পা ণা -া ণা । দা পা -া -া I পা দা মা -া । জ্ঞা -পা মজ্ঞা -জ্ঞা I
শ ত ০ ব সন্ ত ০ ০ আ মা র ০ প্রা ০ ণে০ ০

পা র্রা র্রা র্সা । র্রা -া -া -া I পা পা পা ণা । ণর্সর্রা -র্রা -া -া I
স র মে ন ত ০ ০ ০ ক রি য়া আঁ খি০০ ০ ০ ০

র্রা র্জ্ঞা র্রা র্সা । র্সা -র্রা র্সণা -ণা I পা পা জ্ঞা মা । মপদা -দা -া -া I
এ সে ছি লে প্রি ০ য়০ ০ আ মা রে ডা কি০০ ০ ০ ০

দা দা পা -দা । পা মা জ্ঞা রা I সা রা রগা -গমা । -মা -া -া -া I
ত ব ক ম্ পি ত প্রে মে র বা ণী০ ০০ ০ ০ ০ ০

জ্ঞমা পা র্সা র্সা । র্সা র্সণা র্সা র্রা I র্সা -া -া -া । -ণর্সণা -ধণপা -া -া I
মোর্ দু খ নি শি করে ছি ল ভো ০ ০ র্ ০০০ ০০০ ০ ০

সা ণ্‌া সা দা । পা মা গা -মা I -গা ঋা সা -া । -া -া -া -া II II
কে ন দি য়ে ছি লে হা ০ ০ তে মো ০ ০ র্ ০ ০

সেতার শিক্ষা

সেতারের গৎ

শ্রীরাগ—ঢিমা-ত্রিতাল

রচনা—শ্রীসুশীলকুমার ভঞ্জচৌধুরী, বি-এ   স্বরলিপি—কুমারী কল্যাণী গুপ্তা, বি-এ

স্থায়ী

+ ৩ ০ ১

II পা পা পা হ্মপা | হ্মপদা হ্মগা ঋা গঋগঋা | ন্সা সঋা ঃপহ্মঃ দপহ্মপা | হ্মগা গঋা সা সঋা II

দা দা রা দেরে দা ০ ০ দেরে দা দে রে দা দেরে দা ০ দা ০ রা ০ দা দা রা দেরে

অন্তরা

+ ৩ ০ ১

II পা হ্মপা র্সা র্সা | ঋা গঋা র্সা নর্সা | ঋা ঋর্গা ঋা র্সঋা | নঋা নদা পা র্পর্পা I

দা দেরে দা রা দা দা রা দেরে দা দা ০ রা দেরে দা ০ দেরে দা দেরে

+ ৩ ০ ১

হ্মর্গা ঋর্ঋা র্সা নর্সা নর্সঋর্সা না দা পপাহ্মা পা র্সনা দপাঃর্সনঃ দপপহ্মপা হ্মগগঋঋা সঃ সঋঃ II

দা ০ দেরে দা দেরে দা ০ ০ ০ দা রা দেরে দা রা দেরে দেরে দারা দাদিরিদারা দাদিরিদারা দা ০ দেরে

তোড়া

+ ৩ ০

১। | ননদপা হ্মপননা দপহ্মগা ঋঋঃসঃ | ন্সঋসা হ্মপদপা নর্সঋর্সা নদঃপঃ |

১ +

হ্মপনর্সা র্গর্গঋর্সা নদপহ্মা গঋসঋা I পা

+ ৩
২। পা পঃহ্মপঃ র্সনদপা হ্মগঋসা। সঋঋসা ঋঋসঋা হ্মপপহ্মা পপহ্মপা।

০ ১
নর্সর্না র্সর্নর্সা র্ঋর্ঋর্সনা দপহ্মপা। হ্মগঋঋা সঃসঋঃ পঃসঋঃ পঃসঋঃ I পা

+ ৩
৩। সঋহ্মপা দপহ্মপা দপহ্মগা ঋ°সঃঋ°। পা -া হ্মপনর্সা র্ঋর্ঋর্সনা।

০ ১
দপহ্মগা ঋ°সঃঋ° পা -া। র্সর্ঋর্পর্হ্মা র্গর্ঋর্সনা দপহ্মগা ঋসঃঋঃ I পা

+ ৩
৪। র্পর্হ্মর্গর্ঋা র্সনদপা হ্মগঋসা ন্দ্ঃপ্ঃ। হ্ম্প্দ্প্া হ্ম্প্ঃসঃ ন্সঋসা ন্সঃপঃ।

০ ১
হ্মপদপা হ্মপঃর্সঃ নর্সর্ঋর্সা নর্সঃর্পঃ। র্পর্হ্মর্গর্ঋা র্সনদপা হ্মগঋঋা সা I

+ ৩
র্স°নঃদ° পঃহ্মগঃ °ঋ°সঃ ঋ°সঃঋ°। পা -া র্স°নঃদ° পঃহ্মগঃ।

০ ১
°ঋ°সঃ ঋ°সঃঋ° পা -া। র্স°নঃদ° পঃহ্মগঃ °ঋ°সঃ ঋ°সঃঋ° I পা

+ ৩
৫। ঋঋসঋা ঋসন্সা হ্মপননা দপহ্মপা। ননদপা হ্মগঋসা ঃসঋঃ পা।

০ ১
সঋঃপঃ ঃসঋঃ পা, দদপদা। দপহ্মপা নর্সর্ঋর্ঋা র্সনদপা ননদপা I

+ ৩
হ্মগঋসা ঃসঋঃ পা সঋঃপঃ। ঃসঋঃ পা, র্ঋর্ঋর্সর্ঋা র্ঋর্সনর্সা।

০ ১
র্হ্মর্হ্মর্গর্ঋা র্সনদপা ননদপা হ্মগঋসা। ঃসঋঃ পা সঋঃপঃ ঃসঋঃ I পা

স্বরলিপি

(আধুনিক)

মিশ্র—দাদ্‌রা

কে মোরে ডাক দিয়ে যায়
এ মধু চৈতী রাতে
শুনি কা'র চরণ ধ্বনি
আমার এ আঙিনাতে।
বুঝি তা'র পরশ লাগি'
নিশি মোর যায় গো জাগি'
নয়নে অশ্রু ভরি'
নীরব বেদনাতে।

রেখেছি দীপ জ্বালি'
খোলা মোর বাতায়নে
যদি সে আসে ফিরে
আমার এ মনোবনে।
আজি কোন্ পথভোলা
দিল মোর প্রাণে দোলা
সে কি মোর চির-চাওয়া
স্বপন আঁখিপাতে।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীমোহিতকুমার সরকার

II রা রমা মা | -া পা -র্সা I ণা পা মগা | -মপমা -া মা I
কে মো০ রে ০ ডা ক্ দি য়ে যা০ ০ ০ ০ য়্

রা পা মা | -া রা -জ্ঞরা I -সণ্া সা রা | -া -া -া I
এ ম ধু ০ চৈ ০ ০তী রা তে ০ ০ ০

গা মা গমপা | -দা দা দা I -দা পা ণদা | -পা -মা -া I
শু নি কা০০ র্ চ র ণ্ ধ্ব নি০ ০ ০ ০

মা মপা মা | -া গমগা -া I রসা রা মা | -া -া -া II
আ মার এ ০ আ০০ ০ ঙি না তে ০ ০ ০

অন্তরা ও আভোগ

II মা পা র্রা | -র্রা র্সা ণা I পা ণা র্সা | -র্রা -া -া I
বু ঝি তা র্ প র শ লা গি ০ ০ ০
আ জি কো ন্ প ০ থ ভো লা ০ ০ ০

র্রা র্গা র্মা | -র্রা র্গা -র্মা I র্রর্গর্রা র্সা ণা | -া -া -া I
নি শি মো র্ যা য়্ গো ০ জা গি ০ ০ ০
দি ল মো র্ প্রা ০ ণে ০ দো লা ০ ০ ০

গা গা ধপা | -মা পা -ধপা I মা গা রা | -া -া -া I

ন য় নে০ ০ অ ০ শ্রু ভ রি ০ ০ ০

সে কি মো০ র্ চি ০ র চা ওয়া ০ ০ ০

ণ্া সা রা | -পা মপমা -রা I ণ্া সা রা | -া -া -া II

নী র ব ০ বে০ ০ দ না তে ০ ০ ০

স্ব প ন ০ আঁ০ ০ পি পা তে ০ ০ ০

সঞ্চারী

II রা রা রা | -সা সা -রসা I ণ্া ধ্া প্া | -া -া -া I

রে খে ছি ০ দী ০ প জ্বা লি ০ ০ ০

প্া সা সা | -সা রা -পা I মপমা রা সণ্া | -া -া -া I

খো লা মো র্ বা ০ তা০ য় নে০ ০ ০ ০

ণ্া ণ্া রা | -া রা -মা I মা গা মা | -া -া -া I

য দি সে ০ আ ০ সে ফি রে ০ ০ ০

পা পপা পধপা | -মা পা -ধপা I মা গা রা | -া -া -া II II

আ মার এ০০ ০ ম ০০ নো ব নে ০ ০ ০

গান

শ্রীচুণীলাল মণ্ডল

জীবনে চলার পথে

তোমার সাথে

যে পরিচয়—তাকি

ভুলতে পারি—ভুলতে পারি ?

হাওয়ার ওই দোলন নাচে

প্রাণের কাছে

আসে ভেসে গন্ধ তারি !

তাকি ভুলতে পারি,

ভুলতে পারি ?

মনের ওই মণিকোঠায়

স্বর-বালিকার যে বেদনা—

মরুতে পায় কভু কেউ

তার চেতনা ?

ছড়িয়ে তাই চলেছ

আলোর পথে

জানতে পারি—জানতে পারি।

করি যে ডাকছে তোমায়

কুঞ্জে তারি।

স্বরলিপি

কল্যাণ—দাদ্‌রা (বিলম্বিত)

মায়ের আরতি আজি, নামিল ভুবন মাঝে।
চলে আয় চলে আয়, কেনরে ভিখারী সাজে।
দুঃখ দৈন্য মাখিয়া, কেন বা ফিরিস কাঁদিয়া
মা এসেছে তব দ্বারে, কুড়ায়ে করুণা নেরে।
চলে আয় চলে আয়, কেনরে ভিখারী সাজে॥

কথা—স্বামী প্রজ্ঞানানন্দ

সুর ও স্বরলিপি—সঙ্গীতাচার্য্য শ্রীপাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়

স্থায়ী

	+				o				+				o			
II	সা	রা	গা	।	সা	রা	-পা	I	ন্ধা	গা	-া	।	-া	-া	-া	I
	মা	য়ে	র		আ	র	তি		আ	জি	o		o	o	o	

+				o				+				o			
রা	গা	রা	।	সা	সা	-ধ্া	I	সা	সা	-া	।	-া	-া	-া	I
না	মি	ল		ভু	ব	ন		মা	ঝে	o		o	o	o	

+				o				+				o			
সা	সা	সর্সা	।	-র্সা	র্সা	না	I	ধা	-না	-া	।	-া	-া	-ধপা	I
চ	লে	আo		য়্	চ	লে		আ	o	য়্		o	o	oo	

+				o				+				o			
পা	না	ধা	।	পা	পা	-গা	I	পা	পা	-া	।	-া	-গা	-রসা	II
কে	ন	রে		ভি	খা	রী		সা	জে	o		o	o	oo	

অন্তরা

\+   0   +   0
II {পা -া গা | পা -া ধা I র্সা -না -র্রা | র্সা -া -া I
দুঃ খ দৈ ০ ন্য মা ০ খি য়া

\+   0   +   0
না র্সা না | ধা পা -পগা I পা না ধা | -া -া -া} I
কে বা ফি রি ০স্ কাঁ দি য়া

\+   0   +   0
সা রা গা | পা -ধা পা I না ধা -া | -পা -া -গা I
মা এ সে ছে ০ তব দ্বা রে ০ ০ ০ ০

\+   0   +   0
সা রা গা | সা রা -পা I হ্মা গা -া | -া -া -া I
কু ড়া য়ে ক রু ণা নে রে ০ ০ ০ ০

\+   0   +   0
সা সা সর্সা | -র্সা র্সা না I ধা -না -া | -া -া -ধপা I
চ লে আ০ য়্ চ লে আ ০ য়্ ০ ০ ০০

\+   0   +   0
পা না ধা | পা পা -পা I পা পা -া | -া -গা -রসা II
কে ন রে ভি খা রী সা জে ০ ০ ০ ০০

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী।

পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা

২৩শ বর্ষ } অগ্রহায়ণ, ১৩৫৩ সাল { ৮ম সংখ্যা

হিন্দুস্থানী রাগ-সঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

কল্যাণ-মেল—মালশ্রী

প্রচলিত রাগ-তালিকায় দুই প্রকার মালশ্রী দেখা যায়। এক কল্যাণ মেলের অন্তর্গত এবং দ্বিতীয় পূর্ব্বী মেলের অন্তর্গত। আজ আমরা কল্যাণ মেলের মালশ্রী সম্বন্ধেই আলোচনা করিতেছি। সর্ব্ববাদিসম্মত রূপে এই রাগে রেখাব ও ধৈবত বর্জ্জিত স্বর। সুতরাং ইহা ঔড়ব+ঔড়ব রাগ। ইহার বাদী স্বর পঞ্চম ও সম্বাদী স্বর ষড়্জ বলিয়া সকলেই মানিয়া থাকেন। গ্রহ পঞ্চম, ন্যাস ষড়্জ। মধ্যম ও নিখাদ স্বর অতি গৌণ বা অল্পপ্রায় এবং অধিকাংশ স্থলেই কনুরূপে লাগে। কেহ কেহ বলেন যে, মালশ্রী রাগটি স, গ ও প এই তিন স্বরেই পাওয়া যায়। পাঁচটি স্বর না হইলে শাস্ত্রমত রাগ আখ্যা দেওয়া যায় না বলিয়াই ইহার সহিত মধ্যম ও নিখাদ যোগ করা হয়। পঞ্চম, গান্ধার ও ষড়জে বেশ জোড় দেওয়া হয় এবং ইহাতেই মালশ্রী রাগ খোলে। গাহিবার সময় বেলা তৃতীয় প্রহর—৺ভাতখণ্ডেজী সন্ধ্যাকাল বলিয়াছেন।

আরোহাবরোহ

স গ ক্ষপ ন র্স, র্স নপ ক্ষগ স।

পকড়

সা গা ·গা ·পা গা -া না পা পা ক্ষগা
পা পা গা গা সা -া।

আচার

১। সা গা গা পা, সা -া ন্া প্া সা -া,
গা গা পা গা, পা -া ক্ষগা -া পা -া
সা -া সা -া পা গা পা -া নপা পা
পা গা -া ক্ষগা পা -া গা গা -া সা -া।

২। সা সা ন্প্া প্া -া প্া -া ন্প্া প্া
ক্ষগ্া -া, প্া প্া সা -া, সা গা গা পা
গা -া, সা সা -া, গা পা নপা না পা
-া গা গা পা গা -া, গা -া সা -া।

৩। পা পা পা র্সা -া র্সা -া র্গা র্গা র্সা
নপা -া, না পা গা পা র্সা -া, র্সা র্গা
র্গা র্সা -া না পা গা পা ক্ষগা গা পা
গা -া সা -া।

৪। সা গা -া গা গা -া, পা পা ক্ষগা পা
পা -া গা গা সা সা -া, পা গা পা
পা না পা পা পা ক্ষগা গা সা -া সা
গা পা গা পা সা -া।

৫। পা গা পা পা র্সা -া র্সা া, র্গা র্গা
র্সা র্পা র্গা র্সা না পা পা, গা -া ক্ষা
গা গা পা পা র্সা -া র্সা -া র্পা র্গা
-া র্পা র্গা -া র্সা -া র্সা না পা -া
না পা -া গা -া পা গা -া সা -া।

সরগম্

মালশ্রী—ঢিমা-ত্রিতাল

৺বাহাদুর সেন

স্থায়ী

+ ৩ ০ ১

II | | | সা সা পা গা I

পা পা না পা | গা পা ঋগা পা | নপা গা পগা সা | প্‌া প্‌া ন্‌া প্‌া I

+ ৩ ০ ১

সা সা সঋগা সা | ঋগা পা গা সঋগা | পা গপা গা সা | "সা সা পা গা" II

অন্তরা

+ ৩ ০ ১

II | | | পগা পগা পা পা I

+ ৩ ০ ১

র্সা র্সা র্গা র্সা | পনা পা গা পা | ঋগা পগা গা সা | র্সা র্গা র্পা র্গা I

+ ৩ ০ ১

পা নপা গপা র্সা | র্সা র্সা র্সা পগা | নপা ঋগা পগা সা | "সা সা পা গা" II

সরগম্

মালশ্রী—দ্রুত-ত্রিতাল

৺বাহাদুর সেন

স্থায়ী

+ ৩ ০ ১

II | | | সা সা গা গা I

+ ৩ ০ ১

পা -া পা -া | পমা গা -া পা | গা -া সা -া | প্‌া প্‌া ন্‌া ন্‌া I

+ ৩ ০ ১

প্‌া প্‌া সা সা | গা গা পা পা | র্সনা পা গা সা | "সা সা গা গা" II

অন্তরা

+				৩				০				১			
II												গপা	গা	পগা	পা I
র্সা	-া	র্সা	-া	ঋর্গা	-া	র্গা	র্পা	র্গা	-া	র্সা	-া	পনা	পা	গপা	গা I
পঋা	গা	-া	পা	না	-া	পা	-া	গা	পা	পঋা	গা	গা	-া	পপা	গপা I
গা	-া	সা	-া	পনা	পা	গা	পা	ঋগা	পা	গা	সা	"সা	সা	গা	গা" II

রাগ বাহার

ব্যবহার—কোমল গান্ধার ও দুই নিখাদ।

বাদী—মা, সংবাদী—সা।

আরোহণ—সা মা পা জ্ঞা মা ধা না র্সা।

অবরোহণ—র্সা ণা পা মা জ্ঞা মা রা সা।

রূপ—মা পা জ্ঞা মা ধা না র্সা -া ণা -া পা মা -া পা জ্ঞা -া মা রা সা -া সা মা জ্ঞা মা -া ণা ধা না র্সা না র্সা ধা না সা ণা -া -া ধা না -া -া র্সা -া -া।

আলাপ—

স্থায়ী: সা -া -া -া, মা -া -া, জ্ঞা -া, মপা, জ্ঞা -া মা, ধা -া -া -া না -া -া র্সা -া -া ণা -া পা -া মা -া ণা, -া ণা -া -া ধা -া না র্সা -া -া -া। ণা -া পা -া মা পা জ্ঞা -া মা -া রা -া সা -া -া, সা -া মা -া মপা জ্ঞা -া মা ণা -া -া ধা -া না -া র্সা -া -া -া নর্সা র্রসা নর্সা ণপা -া মপা জ্ঞা -া মা রা সা -া -া ণ্‌া ধ্‌া -া ন্‌া সা -া -া -া॥

অন্তরা: সা মা মা ণা -া -া ণা ধা -া ণা -া পা -া মা পা ধা না র্সা -া র্সা -া -া -া, না র্সা র্রা র্সা ণা পা ণা -া ধা -া -া মা -া ণা -া ধা -া -া না র্সা র্সা র্মা র্গা র্মা র্রা র্সা না র্সা মপা ধা না র্সা -া -া র্গা র্রা র্সা ণা -া ধা না র্সা -া -া ণা ধা -া, নর্সা নর্সা ণণা পমা -া জ্ঞা -া মা -া রা সা -া -া -া॥

খেয়াল

বাহার—ত্রিতাল (মধ্যলয়)

ক্যায়্সে নিকস চাঁদনী
সারদ রাত মদমাত বিকল ভয়ি
পিয়ূ পিয়ূ উঠরত ভামিনী।
ছিন অঙ্গন ছিন যাত ভবনমে
ছিন বৈঠত ছিন য়্যাদ হো দোরত
কলন পড়ত তড়পত বিরহ কুল
চমকত যো দুখ-দামিনী॥

প্রাপ্ত—শ্রীরামশঙ্কর বন্দ্যোপাধ্যায় স্বরলিপি—শ্রীপশুপতিনাথ সুর

স্থায়ী

+ ৩ ০ ১
II | | ণা -া পা -া | মা পা জ্ঞা -মা I
ক্যা য়্ সে ০ নি ক স ০

+ ৩ ০ ১
মা -ণা -ধা না | র্সা -া -া -া | ণণা পা ণা -া | -পা -া মা পা I
চাঁ ০ ০ দ নী ০ ০ ০ সর দ রা ০ ত ০ ম দ

+ ৩ ০ ১
মজ্ঞা -া মা মা | রা রা সা সা | সা মা মা মা | মা পা জ্ঞা মা I
মা ০ ০ ত বি ক ল ভ য়ি পি য়ু পি য়ূ উ ঠ র ত

+ ৩ ০ ১
মা -ণা -ধা না | র্সা -নর্সা -র্রর্সা -নর্সা | "ণা -া পা -া | মা পা জ্ঞা -মা" II
ভা ০ ০ মি নী ০০ ০০ ০০ ক্যা য়্ সে ০ নি ক স ০

অন্তরা

+ ৩ ০ ১
II | | মা মা ণা -া | ধা ধা না না I
ছি ন অ ০ ঙ্গ ন ছি ন

+ ৩ ০ ১
র্সা -া র্সা র্সা | র্সা নর্রা র্সা র্সা | র্সা র্সা ণা -া | পা পা মা পা I
যা ০ ত ভ ব ন০ মে ০ ছি ন বৈ ০ ঠ ত ছি ন

+ ৩ ০ ১
মজ্ঞা -া মা মা | রা -া স সা | সা মা মা মা | মা পা জ্ঞা মা I
য্যা০ ০ দে হো দো ০ র ত ক ল ন ড় ত ত ড়

+ ৩ ০ ১
-ণা ধা মা পা | মপা -ধা -পা জ্ঞমা | মা মা মা মা | মপা -জ্ঞা মা পা I
প ত বি র হ০ ০ ০ কল ম ক ত যো০ ০ দু খ

+ ৩ ০ ১
মা -ণা ধা -না | র্সা -া -া -া | "ণা -া পা -া | মা পা জ্ঞা -মা" II
দা ০ ০ মি নী ০ ০ ০ শ্যা য় সে ০ নি ক স ০

তান

১। | | জ্ঞমা ধনা র্সা নর্সা | ণধা নর্সা ণণা ধপা I

২। | নর্সা র্রজ্ঞা র্রর্সা নর্সা | ণধা পমা জ্ঞমা পধা | নর্সা ণণা ধপা মপা I

৩। | | মমা জ্ঞমা রসা পপা | মপা মজ্ঞা মজ্ঞা রসা I

সজ্ঞা মধা নর্সা ণধা | নর্সা ধনা র্সা নর্সা | "জ্ঞমা ধনা র্সা ণর্সা | ণধা নর্সা ণণা ধপা" I

৪। নসা জ্ঞমা পধা নসা | র্রজ্ঞা র্রর্সা নর্সা র্রর্সা | র্রজ্ঞা র্রর্সা র্রর্সা নর্সা | ণধা ণধা পধা নর্সা I

৫। সসা মমা জ্ঞমা রসা | নসা মমা গমা পপা | মপা ণণা ধনা র্সা | র্সর্রা নর্সা ণধা নর্সা I

৬। | | মপা জ্ঞমা জ্ঞমা রসা | নসা জ্ঞজ্ঞা জ্ঞমা পপা I

মপা ণধা নসা ধনা | -র্সা র্সর্সা নরা র্সা | ণধা ণর্সা ণণা পা | মপা জ্ঞা মমা ররা I

৭। মমা রসা পপা মজ্ঞা | ণণা পমা র্সর্সা নর্সা | র্রর্রা র্সর্রা নর্সা ধণা | পধা মপা ণধা নর্সা I

র্সর্রর্রা নর্সর্সা মণণা পধধা | মপপা জ্ঞমমা রসা নসা | "জ্ঞমা ধনা র্সা ণর্সা | ণধা নর্সা..."

গানটি প্রথমে মধ্যলয়ে গাহিয়া বিস্তার করিয়া পরে দ্রুতলয়ে গান গাহিয়া তানগুলি পরে পরে গাহিলে শ্রুতি-মধুর হইবে। আলাপটী বিস্তারের কাজ করিয়া গানের সহিত গাওয়া চলিবে।

স্বরলিপি

শ্যামা-সঙ্গীত

দুঃখহরা মাগো আমার
দুঃখের কবে হবে শেষ ?
দীনের দুঃখ এ দিন শেষে
এখনো কি রবে অবশেষ ?
দুঃখহরা কে বলে মা—
দুঃখ যদি দিলে শ্যামা ;
দয়াময়ী নাম তব, হায় !
নাই তবু দয়ার লেশ ॥

অনল-দহনে যদি বা কভু
পাষাণ আপনি গ'লে যায়,
এ দুঃখ-অনলে ও পাষাণ হিয়া
একটু কি গলিবে না হায় !
কেহ না ল'বে ও-নাম তোমার
পাষাণী মা'য়ে কে ডাকিবে আর ?
সন্তানে জননী এমন—
দেয় যদি দুঃখ অশেষ ॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীজগৎ ঘটক

II সা -সন্‌া সা সা । সরা -া -া -া । রা -সা রা রপা । মা -জ্ঞা -া -া I
দুঃ ০০ খ হ রা ০ ০ ০ মা ০ গো আ মা ০ ০ র্

ন্‌সা -রমা রা সা । ণ্‌া প্‌া ন্‌া ন্‌া । সা -া -া -া । -া -া -া -া I
দুঃ০ ০০ খে র ক বে হ বে শে ০ ০ ০ ০ ষ্ ০ ০

রা রমা -া মা । মপা -া -া পা । মা -পা মপধা পা । মা -জ্ঞা -া -া I
দী নে০ র্ দুঃ খ ০ ০ এ দি ০ ন০০ শে ষে ০ ০ ০

জ্ঞা জ্ঞণা ণা ধা । ণা পা ধা না । নর্সা -া -া -া । -া -া -া -া I
এ খ০ নো কি র বে অ ব শে ০ ০ ০ ০ ষ্ ০ ০

"দুঃখের কবে হবে শেষ" II

II মা -পা পা পা । ণদা -া -া -া । ণা -র্সা র্রা ণা । র্সা -া -া -া I
দুঃ ০ খ হ রা ০ ০ ০ কে ০ ব লে মা ০ ০ ০

মা -র্রা র্রা র্রা । র্সর্রা -া -র্সা -ণা । ণা -র্সা র্রা ণর্সা । ণা -দা -পা -া I
দুঃ ০ খ য দি ০ ০ ০ দি ০ লে শ্যা মা ০ ০ ০

পা -া পজ্ঞর্া জ্ঞর্া | জ্ঞর্া -া -া -া | র্া -া র্া রা | র্সা -া -া -া I
দ ০ য়া০ ম য়ী ০ ০ ০ না মৃ ত ব হা ০ ০ য়্

ণা ণা পা পা | মা -পা জ্ঞা -জ্ঞা | মা -পা -মপা -ধা | -পধা -ণা -ধণা -র্সা I
না ই ত বু দ ০ য়া র লে ০ ০০ ০ ০০ ০ ০০ শ্

"দুঃখের কবে হবে শেষ" II

II সা সপা পা পা | পা -া পা -মা | পা ধা ণা -র্সা | ণা -র্সণা ধা -পা I
অ ন ল দ হ ০ নে ০ য দি বা ০ ক ০ ভু ০

পা পদা -ণা দা | পা জ্ঞা মা দা | পা -মপা -া -া | -া -া -া -া I
পা ষা০ ণ্ আ প নি গ' লে যা ০ ০ ০ ০ য় ০ ০

পা পা পর্সা র্সা | ণর্সা -র্রা জ্ঞর্রা -র্সা | ণা ধা ণা র্সা | ণদা -া পা -া I
এ দুঃ খ০ অ ন০ ০ লে ০ ও পা ষা ণ হি ০ য়া ০

পা -ণা দা পা | মা জ্ঞা রা জ্ঞা | মা -া -সা -া | -া -া -া -া I
এ কৃ টু কি গ' লি বে না হা ০ ০ ০ ০ য়্ ০ ০

মা পা পা পা | ণদা -া -ণা -া | র্সা র্রা -া ণা | ণর্সা -া -া -া I
কে হ না ল' বে ০ ০ ০ ও না মৃ তো মা ০ ০ র্

পা পর্রা র্রা র্রা | র্সর্রা -া -র্সা -ণা | ণা সা র্রা ণর্সা | ণদা -া -পা -া I
পা ষা ণী মা য়ে ০ ০ ০ কে ডা কি বে আ ০ ০ র্

পা -জ্ঞর্া -া জ্ঞর্া | জ্ঞর্া -া -া -া | র্রা মজ্ঞর্া র্রা র্রা | র্সা -া -র্সা -া I
স ০ ন্ তা নে ০ ০ ০ জ ন নী এ ম ০ ০ ন্

ণা -ণা পা পা | মা -পা জ্ঞা জ্ঞা | মা -পা -মপা -ধা | -পধা -ণা -ধণা -র্সা I
দে ৻ য়্ য দি দুঃ ০ খ অ শে ০ ০০ ০ ০০ ০ ০০ ষ্

"দুঃখের কবে হবে শেষ" II II

স্বরলিপি

মিশ্র ভীমপলশ্রী—কার্ফা

মনের দেউলে একা, নিশিদিন যারে পূজি
পাষাণ দেবতা সম, সাড়া সে দেবে না বুঝি।
ব্যথার আঁধার ঠেলে—
সে কি দাঁড়াবে না আঁখি মেলে?
আমার ভুবন হ'তে আলোক যাবে কি মুছি'?

পিছে ফেলে আসা কত হারা দিনগুলি লাগি'—
হিয়ার গহনে তবু আজো প্রেম আছে জাগি'।
কঠিন পাষাণ তলে
যে জীবন-ধারা চলে
বাহির ভুবনে তারে সে কি গো লবে না খুঁজি'।

কথা—শ্রীঅমিয়কৃষ্ণ রায়চৌধুরী

সুর ও স্বরলিপি—শ্রীপ্রমথনাথ মুখোপাধ্যায়, সুরকণ্ঠ

স্থায়ী

\+ ০ + ০
II পা দা মা মা। পা পা জ্ঞা -সা I পা -া -া -া। -জ্ঞা -মা -জ্ঞা -া I
ম নে র দে উ লে এ ০ কা ০ ০ ০ ০ ০ ০ ০

\+ [ণা ধা পা দা পা -া -া -া পা -া -া -া]
{সা জ্ঞা মা -পা। জ্ঞা রা সা -সা I সা -া -া -া। -সা -া -া -া} I
নি শি দি ন্ যা রে পূ ০ জি ০ ০ ০ ০ ০ ০ ০

\+ ০ + ০ [পা ধা ণা র্সা]
{সা ণা -া ণা। ণা ণা ণধা -পধা I পা -া -া -া। -া -া -া -া} I
পা ষা ণ্ দে ব তা স০ ০০ ম ০ ০ ০ ০ ০ ০ ০

\+ ০ + ০
সা জ্ঞা পা -া। -পা -া -া -া I সা জ্ঞা মা পা। ণা ধা না -া I
সা ড়া সে ০ ০ ০ ০ ০ সা ড়া সে দে বে না বু ০

\+ ০
র্সা -া -া -া। -া -া -া -া II
ঝি ০ ০ ০ ০ ০ ০ ০

অন্তরা ও আভোগ

+ 0 + 0
II মপা র্সা -ণা পা । র্সা -া -া না I র্সা -া -া -া । -র্সা -া র্সা র্সা I
ব্যo থা র্ আঁ ধা o র্ ঠে লে o o o o o সে কি
কo ঠি ন্ পা ষা o ণ ত লে o o o o o o o

+ 0 + 0
ণা র্সা র্জ্ঞা র্জ্ঞা । র্রা -া র্সা -া I ণর্সর্রর্সা -ণর্সর্রর্সা ণধা -পা । -পা -া -া -া I
দাঁ ড়া বে না আঁ o খি o মেooo oooo লেo o o o o o
যে জী ব ন ধা o রা o চooo oooo লেo o o o o o

+ 0 + 0
পা দা মা মা । পা পা জ্ঞা -সা I পা -া -া -া । -জ্ঞমা -জ্ঞা -া -া I
আ মা র ভু ব ন হ o তে o o o oo o o o
বা হি র ভু ব নে তা o রে o o o oo o o o

+ 0 + 0
সা জ্ঞা মা পা । ণা ধা না -া I র্সা -া -া -া । -া -া -া -া II
আ লো ক্ যা বে কি মু o ছি o o o o o o o
সে কি গো ল বে না খুঁ o জি o o o o o o o

সঞ্চারী

+ 0 + 0
II ন্া সা ণ্া ধ্া । ধ্া ণ্া সরা -জ্ঞা I রা -া -া -া । -া -া -া -া I
পি ছে ফে লে আ সা কo o ত o o o o o o o

+ 0 + 0
রা গা গা -মা । মা মা মগা -রগা I মা -া -া -া । -মা -গা -রা -া I
হা রা দি ন্ গু লি লাo oo গি o o o o o o o

+ 0 + 0
রা মা পা ণা । ণা ণা ণধা -পধা I পা -া -া -া । -পা -া না র্সা I
হি য়া র গ হ নে তo oo বু o o o o o আ জো

+ 0 + 0
র্সণা -র্সণা ধা পা । মগা -রজ্ঞা রা -া I -সা -া -া -া । -া -া -া -া II
প্রেo oম আ ছে জাo oo গি o o o o o o o o o

* স্থায়ী এবং অন্তরার কলি পূর্ণ হইয়া গেলে শেষের লাইন গাহিয়া গোড়ার শেষ লাইন গাহিতে হইবে। যথা :—"নিশিদিন যারে পূজি।"

চয়ন

ভারতীয় সঙ্গীতে গ্রাম

স্বামী প্রজ্ঞানানন্দ

সঙ্গীতে গ্রাম সম্বন্ধে আলোচনার সার্থকতা অবশ্যই আছে। সঙ্গীতে স্বরসৃষ্টির ইতিহাস এখনো আবিষ্কৃত হয়নি, অথবা সঙ্গীতের সাহিত্যে লুকানো থাকলেও তা মানুষের কাছে এখনো ধরা পড়ে নি এ কথাই আমাদের স্বীকার করতে হবে। সঙ্গীতে গ্রামের সার্থকতা এই যে, স্বরকে অবলম্বন ক'রেই গ্রামের উৎপত্তি। তাতে যতগুলি আদি স্বরের সন্ধান পাওয়া যাবে ততগুলি গ্রামের অস্তিত্বও প্রমাণিত হবে।

সঙ্গীতশাস্ত্রে গ্রামের উল্লেখ পাই আমরা সাধারণতঃ তিনটী: ষড়্‌জ, মধ্যম ও গান্ধার। ভরতমুনি এদের পরিচয় দিয়েছেন যদিও নিজে তিনি স্বীকার করেছেন গ্রাম দুটী মাত্র ব'লে; কিন্তু তার আগেও[1] নারদ তাঁর নারদীশিক্ষায় উল্লেখ করেছেন: "ষড়্‌জমধ্যমগান্ধারাস্ত্রয়ো গ্রামাঃ।"

গ্রাম হল স্বরসমষ্টির সমাবেশ। ক্রমতান, অলঙ্কার ও মূর্চ্ছনাও থাকে তার অঙ্গরূপে। সঙ্গীত-রত্নাকরে শার্ঙ্গদেব উল্লেখ করেছেন: "গ্রামঃ স্বরসমূহঃ স্যান্মূর্চ্ছনাদেঃ সমাশ্রয়ঃ (বা মূর্চ্ছনাদিসমাশ্রয়ঃ)।" টীকাকার কল্লিনাথ তাকে আরো পরিষ্কার ক'রে বলেছেন: "গ্রামবদ্ গ্রামঃ। যথা লোকে জনসমূহো গ্রাম ইত্যেতাবত্যুচ্যমানে * *।"

এই গ্রামের প্রচলন সম্বন্ধে সঙ্গীতশাস্ত্রকারদের সিদ্ধান্ত হল: "তৌ দ্বৌ ধরাতলে।" অথবা "দ্বৌ গ্রামৌ বিশ্রুতৌ লোকে ষড়্‌জমধ্যমসংজ্ঞকৌ।" রত্নাকরের পরবর্ত্তী সমস্ত গ্রন্থকারেরা এই এক কথাই উল্লেখ করেছেন। কেবল দেখা যায়, নারদী-শিক্ষাকারের বর্ণনা হল একটু ভিন্ন রকমের, যেমন: "ভূর্লোকাজ্জায়তে ষড়্‌জো ভুবর্লোকাচ্চ মধ্যমঃ।"[2] এখানে 'জায়তে' ক্রিয়া থেকে উৎপত্তি স্থান ও প্রচলনরীতিরও ইঙ্গিত পাওয়া যায়। তবে গান্ধার-গ্রাম সম্বন্ধে সকলেরই মত এক; আর নারদও এর পরিচয় দিয়েছেন এই ব'লে "স্বর্গান্নান্যত্র গান্ধারো * *।" শার্ঙ্গদেবও "প্রবর্ত্ততে স্বর্গলোকে গ্রামোঽসৌ ন মহীতলে" ব'লে নারদকেই সমর্থন করেছেন। তবে আশ্চর্য্যের বিষয় এই যে, সামবেদের শিক্ষা নারদী এই গ্রাম তিনটী সম্বন্ধে পরিচয় দিলেও অথর্ব্ববেদের শিক্ষা 'মাণ্ডুকী', যজুঃশাখীয় শিক্ষা 'যাজ্ঞবল্ক্য' বা এমন কি সামবেদীয় 'গৌতমীশিক্ষা'ও এই গ্রাম সম্বন্ধে কোন আভাসই দেয় নি; অথচ মন্দ্র, মধ্য, তার ও সপ্তস্বর সম্বন্ধে পরিচয় তাঁরা দিয়েছেন।

আমরা আগেই কিন্তু আশঙ্কা করেছি যে, প্রকৃতপক্ষে গ্রাম ছিল তিনটী মাত্রই, কি তিনটীরও বেশী? অবশ্য এ আশঙ্কা শুধু আমাদেরি মধ্যে ওঠে নি, রত্নাকরটীকাকার চতুর কল্লিনাথ নিজেও তা তুলেছেন। তবে সিংহভূপাল কি জানি কেন এ প্রশ্ন নিয়ে মাথা ঘামাতে মোটেই চেষ্টা

---

১ এখনও পণ্ডিতদের ভেতর মতদ্বৈধ আছে যে, নারদীশিক্ষাকার নারদ নাট্যশাস্ত্রকার ভরতের আগে কি পরে। আমরা কিন্তু এ সম্বন্ধে নিশ্চিত যে, শিক্ষাকার নারদ ভরতের যথেষ্ট আগেকারই লোক।

২ পুরাণকারদের ভেতর অনেকেই কিন্তু তিন গ্রামের কথাই স্বীকার করেছেন।

করেন নি। সঙ্গীতসময়কার পার্শ্বদেব এবং বৃহদ্দেশীকার মতঙ্গও তাই। আধুনিক সঙ্গীতগ্রন্থকারদের কথাও সেই একই রকমের। দু'একজন ছাড়া এসব নিয়ে পরিশ্রম কর্‌তে তাঁরা অনেকেই নারাজ।

কল্লিনাথ উল্লেখ করেছেন: "নন্থ সমূহিত্বা-বিশেষেণ সপ্তানামপি গ্রামব্যপদেশকত্বসংভবে কথং ধরাতলে দ্বাবিত্যবধারণমিতি চেত্তত্রোচ্যতে—শুদ্ধবিকৃতরূপেণ দ্বিবিধ স্বররূপেণ দ্বিবিধস্বরপ্রয়োগবশাৎ * * শুদ্ধাশ্রয়ত্বাৎ ষড়্‌জগ্রাম আদিমো বিকৃতাশ্রয়ত্বাদ্দ্বিতীয়ো মধ্যমগ্রাম ইত্যুপপদ্যত ইতি।" এখানে কল্লিনাথ দু'টী মাত্র গ্রামেরই নামোল্লেখ কর্‌ছেন কেবল তাদের শুদ্ধত্ব ও বিকৃতত্ব কারণ দেখিয়ে, দুয়ের বেশী কোন গ্রামের অস্তিত্বের কথা তিনি বলেন নি। কিন্তু তাঁর আশঙ্কা বা পূর্ব্বপক্ষের "সমূহিত্বাবিশেষণে সপ্তানামপি গ্রামব্যপদেশকত্ব সংভবে" কথা কয়টীর ইঙ্গিতকে একেবারে বাদ দিলেও চল্‌বে না। কেননা আশঙ্কা সর্ব্বদাই সন্দিগ্ধ (doubt) ও সম্ভাবনা (probability)-কে অপেক্ষা ক'রেই ওঠে। সুতরাং এখানেও আশঙ্কার তাই 'may be' (হ'তে পারে) বা 'may not be' (না হ'তে পারে) এই উভয়কোটির ভেতর 'may be'-র ('হ'তে পারে'-এর) পর্য্যায়কে বাদ দেওয়া সঙ্গত হবে না। তাছাড়া একথাও অতি সত্যি যে, আদি স্বরসংখ্যা নির্ণয়ের সঙ্গে সঙ্গে সপ্তস্বরসমন্বিত গ্রাম-মূর্ত্তিদের সাতটী রূপেরও তাহলে সন্ধান পাওয়া যাবে। স্বরসমষ্টিযুক্ত ষড়্‌জ, মধ্যম ও গান্ধার গ্রামের মতন ঋষভ, পঞ্চম, ধৈবত ও নিষাদ গ্রামের প্রচলনও যে সমাজে ছিল না—তা কে বল্‌তে পারে? কাজেই মিঃ হুলুগার কৃষ্ণচারিয়ারের মতন আমরাও নানান্ প্রমাণপঞ্জীর নজির থেকে বল্‌তে বাধ্য যে: "* but the selection of 7 scales (4 from *Sadaja-grāma*) to replace the 7 *Grāmas* of the prior period, which scales were now to be known as 7 *Jātis* bearing the same names as the *initial notes of the scales.* * * *It was* with a view to adopt the more satisfactory of these, to replace the old 7 *Grāmas*, that Bharata's *Grāmas* were mainly adopted and for not getting new modes."[৩]

বাস্তবিক সুক্ষ্মভাবে বিচার ক'রে দেখলে এ কথাই কিন্তু আমাদের বল্‌তে হয় যে, তিনটীর বেশীও গ্রামের প্রচলন প্রাচীন ভারতীয় সমাজে অবশ্যই ছিল। তারপর নানা কারণে সাতটি গ্রামের ভেতর তিনটী মাত্র গ্রামই প্রচলিত রইল, আর গান্ধারগ্রামও আবার দেবলোকের জন্যই নির্দ্দিষ্ট থেকে গেল।[৪] অবশিষ্ট রইল কেবল ষড়্‌জ ও মধ্যম গ্রাম। মধ্যমগ্রামও আবার কালে লোপ পেয়ে গেল; থাকল একমাত্র ষড়্‌জ গ্রাম—যা এখনও প্রচলিত রয়েছে।

নানান্ প্রমাণপঞ্জী দিয়ে বিশ্লেষণ ক'রে দেখ্‌লে আবার একথা একেবারে অস্বীকার করাও যাবে না যে, প্রাচীন সাতটী গ্রামকেই ভরতমুনি সুসংস্কৃত ক'রে পরে সাতটী 'শুদ্ধজাতি' নামে প্রচার করেছিলেন। অবশ্য বিকৃত জাতিও তাঁর সাতটী। শুদ্ধজাতি ষড়্‌জগ্রামেরই আর বিকৃত জাতি মধ্যমগ্রামের। ভরত তাঁর নাট্যশাস্ত্রের ২৮শ অধ্যায়ে[৫] "জাতয়ো দ্বিবিধা শুদ্ধা বিকৃতাশ্চ" বলেছেন। শার্ঙ্গদেবও তাঁর রত্নাকরে[৬] ভরতকেই অনুসরণ করেছেন

৩ Vide *The Journal of Music Academy, Vol. I*, July, 1930, p. 164.

৪ শার্ঙ্গদেবও বলেছেন: "স্বর্গে প্রয়োক্তব্যা।" কিন্তু মহাভারতের হরিবংশপর্ব্বে আবার দেখা যায়, কোন এক রাজা তাঁর সভাগায়কের মুখে গান্ধারগ্রামের গান শুনে মুগ্ধ হয়েছিলেন। Fox Strangways-ও এ কথা তাঁর বইয়ে উল্লেখ করেছেন।

৫ নাট্যশাস্ত্র (কাশী সংস্করণ), পৃঃ ৩২২

৬ Adyar Ed. Vol. I, পৃঃ ১৬৯

এবং রত্নাকরের পরবর্ত্তী সমস্ত শাস্ত্রকাররাই প্রায় শার্ঙ্গদেবকে সমর্থন করেছেন। রত্নাকরের টীকাকার কল্লিনাথও আবার জাতি সংজ্ঞা নির্দ্দেশ করতে গিয়ে উল্লেখ করেছেন: "যথাযোগং গ্রামদ্বয়াজ্জায়ন্ত ইতি জাতয়ঃ।" অবশ্য 'জাতি' গ্রাম থেকেই উৎপন্ন হয়েছে, অথচ সাতটী স্বর ও সাতটী অলঙ্কার-যুক্ত গ্রামের পূর্ণরূপই হল আবার সাতটী জাতিকে ছেড়ে নয়। তবে ভরত বলেছেন: "* * গ্রামাশ্রয়া হেতো বিজ্ঞেয়াঃ সপ্ত জাতয়ঃ।"

শুদ্ধ ও বিকৃত জাতিদের নাম করতে গিয়ে নাট্য-শাস্ত্রকার ভরত ষড়্জগ্রামের জাতিদের পরিচয় দিয়েছেন; যেমন, ষাড়্জী, আর্ষভী, গান্ধারী, মধ্যমা, পঞ্চমী, ধৈবতী ও নৈষাদী। মোটকথা সাতটী স্বরের নামানুযায়ীই শুদ্ধ জাতিদের নাম রাখা হয়েছে, আর সংখ্যায়ও তারা সাতটীই।

আগে কিন্তু আমরা উল্লেখ করেছি যে, অলঙ্কারও সাতগ্রামের সাতটী ক'রে। এজন্যে মিঃ কৃষ্ণচারিয়ারও মন্তব্য করেছেন:—"The old term *Grama* was adopted with a new sense and the old *Gramas* were re-named the *Jatis*."[৭] অবশ্য জাতি হিসাবে ভরত ও তার পরবর্ত্তী শাস্ত্রকারেরা সম্পূর্ণ ওড়ব, ষাড়বাদিকেও অন্তর্ভুক্ত করেছেন, যদিও সেখানে জাতির অর্থ স্বরসংখ্যার ভেতরই সীমাবদ্ধ। তাছাড়া আরো একটী বিষয় লক্ষ্য করবার আছে যে, তিনটী গ্রামের কথা সঙ্গীতশাস্ত্রে উল্লেখ থাকলেও ষড়্জগ্রামই যে তাদের মধ্যে আদি ও মুখ্য সে বিষয়ে কোন সন্দেহ নেই। যেমন কল্লিনাথ বলেছেন: "শুদ্ধাশ্রয়ত্বাৎ ষড়্জগ্রাম আদিমঃ" এবং সিংহভূপাল মতঙ্গের মত তুলে দেখিয়েছেন: "ষড়্জস্যৈব হি মুখ্যত্বং।" শার্ঙ্গদেব নিজেও রত্নাকরে তার প্রধানত্বের কারণ দেখিয়ে বলেছেন: "ষড়্জঃ প্রধানমাস্যত্বাদমাত্যাধিক্যতঃ"; অথবা কল্লিনাথের কথায় বলতে হয়: "ষড়্জঃ প্রধানমিতি। অমাত্যাধিক্যতঃ, সংবাদিস্বরবাহুল্যাদিত্যর্থঃ।" তবে আরো এক কথা যে, সাতটী স্বরের নামানুযায়ীই কিন্তু সাতটী জাতির নামকরণ করা হয়েছে; আর এই সাতটী জাতি যে সাতটী গ্রামেরই নামান্তর, এদের নাম ও রূপের বিশুদ্ধতাই তার আর একটী প্রমাণ।

তাছাড়া আর একটি লক্ষ্য করবার বিষয়—ষড়্জ ও মধ্যম গ্রামের মূর্চ্ছনা সম্বন্ধে। সাতটী স্বরের যথাক্রমে আরোহণ ও অবরোহণকে মূর্চ্ছনা বলে: "সপ্তানাং স্বরাণামারোহশ্চাবরোহণম্।" মতঙ্গ বৃহদ্দেশীতে আবার বারটী অর্থাৎ শুদ্ধ সাতটী ও বিকৃত পাঁচটী স্বরের মূর্চ্ছনা স্বীকার করেছেন। এই মূর্চ্ছনাগুলির প্রকৃতি ও গঠন লক্ষ্য করলে এদের ছদ্মবেশী সাতটী গ্রাম ব'লেই কিন্তু ধারণা হয়। তারপর ষড়্জগ্রামের প্রথম মূর্চ্ছনা 'উত্তর-মন্দ্রা'-র আরোহণ ও অবরোহণ এবং মধ্যমগ্রামের 'শুদ্ধ-মধ্যা'-র রূপ একই রকমের, মাত্র শ্রুতিসংখ্যায়ই যা কেবল পার্থক্য দেখা যায়। তারপর প্রত্যেকের প্রথম মূর্চ্ছনা 'উত্তরমন্দ্রা ও সৌবীরী'-র গঠনও আবার গ্রামলক্ষণকে সম্পূর্ণ বজায় রেখেছে। ষড়্জগ্রামের উত্তরমন্দ্রার গঠন—স রি গ ম প ধ নি। রজনী, উত্তরায়তা প্রভৃতির রূপ ক্রমাগতই মন্দ্র বা খাদের দিক থেকে তারের দিকে, যেমন রজনী—নি্ স রি গ ম প ধ। উত্তরায়তা—ধ্ নি্ স রি গ ম প। শুদ্ধ ষড়্জা—প্ ধ্ নি্ স রি গ ম ইত্যাদি। তারপর মধ্যমগ্রামের সৌবীরীর গঠন—ম প ধ নি সঁ রিঁ গঁ-এর পর থেকে অপর ছ'টী মূর্চ্ছনার গতি আবার মধ্য থেকে তারের দিকে; যেমন হারিণাশ্বা—গ ম ধ নি সঁ রিঁ। কলোপনতা—রি গ ম প ধ নি সঁ ইত্যাদি।[৮] এদের শ্রুতিসংখ্যাও সমান, যেমন প্রত্যেকের

৭ *Journal Music Academy*, Vol. 1. July 1930. p. 164

৮ নারদীশিক্ষার মতে মূর্চ্ছনাদের নাম আবার ভিন্ন রকমের।

বাইশটী ক'রেই; পার্থক্য কেবল আরম্ভ বা প্রথম আরোহণ-শ্রুতি নিয়ে। যেমন, ষড়্জগ্রামের প্রথম আরোহণ-শ্রুতি 'ছন্দোবতী' মধ্যমগ্রামেরও 'ছন্দোবতী' এবং গান্ধারগ্রামের 'তীব্রা'। এদিক দিয়ে ষড়্জ ও মধ্যম-গ্রামের শ্রুতি-সংস্থানের স্বর প্রায় সমান, পার্থক্য হল কেবল পঞ্চম ও ধৈবতে। কিন্তু তাহলেও সকলের মূর্চ্ছনার গঠন কিন্তু সাতটী স্বর নিয়েই এবং এরা যে সাতটী গ্রামেরই প্রচ্ছন্ন মূর্ত্তি এ বিষয়ে কোন সন্দেহ নাই।

শাস্ত্রকারেরা সব কিছুকেই বর্ণনা করতে গিয়ে দেখা যায় দর্শনের ভিত্তিতেই পরিশেষে সকলকে দাঁড় করাতে চেষ্টা করেছেন। সঙ্গীতের বেলায়ও তাই। স্বরের উৎপত্তি হল আর্চ্চিক, গাথিক, সামিক, স্বরান্তর, ওড়ব, ষাড়ব ও সম্পূর্ণকে নিয়ে। ক্রমবিকাশের ধারা দেখাবার জন্যে প্রাকৃতিক বস্তুর সঙ্গে মিল রেখে তাকে অবশেষে সম্পর্কযুক্ত করলেন সকলেই নাদের সঙ্গে। সঙ্গে সঙ্গে এল ষট্‌চক্র, প্রাণায়াম, ঋষি, দেবতা, রঙ্, ঋতু প্রভৃতি। নাদের পরাকাষ্ঠাও দেখালেন অবশেষে শব্দব্রহ্মে। পাণিনীয় দর্শনের চরম সিদ্ধান্তমণি সঙ্গীতের ললাটেও সুশোভিত হল তার চরম পরিণতিরূপ মুক্তিকে দেখাবার জন্যে। ভারতবর্ষের এটাই হল আদর্শ ও বৈশিষ্ট্য যে, সে তার আধ্যাত্মিকতার চোখ দিয়েই সব-কিছুকে দেখ্‌বার ও দেখাবার চেষ্টা ক'রে থাকে।

ভারতীয় সঙ্গীতের তিনটী গ্রামের বেলায়ও তাই। যেমন শার্ঙ্গদেব দেখিয়েছেন :

"ক্রমাদ্ গ্রামত্রয়ে দেবা ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।
হেমন্তগ্রীষ্মবর্ষাসু গাতব্যাস্তে যথাক্রমম্।
পূর্বাহ্নকালে মধ্যাহ্নেঽপরাহ্নেঽভ্যুদয়ার্থিভিঃ॥"

সমস্ত ইঙ্গিতই কোন না কোন একটি রহস্য ও সত্য বস্তুকে অপেক্ষা ক'রেই করা হয়। এখানে গ্রাম তিনটীর প্রথম তিনটী স্বর ষড়্জ, মধ্যম ও গান্ধার বা সা-মা-গা নিশ্চিতভাবে 'সামিক'-যুগেরই (Sāmic period) ইঙ্গিত দিচ্ছে। 'সামিক' হল তিন স্বরের গান। সাম-গানের মধ্যযুগেই হল সামিক গানের পরিণতি। তবে কারো কারো মতে আবার সা-মা-গা-এর জায়গায় সা-মা-পা-ই হল সামিক স্বর। অবশ্য এটাও হল সম্পূর্ণ বিস্তৃতভাবে আলোচনা ক'রে দেখার বিষয়। তবে এ তিনটীমাত্র স্বর থেকেই যে সঙ্গীতের জন্ম ও আদি কথার ইতিহাস পাওয়া যায় এ বিষয়ে কোন সন্দেহ নেই, আর সেজন্যেই এই গ্রাম তিনটী পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা ও অনুশীলন করা সকলের পক্ষেই একান্ত দরকার। [উদ্বোধন—বৈশাখ '৫৩]

গান

শ্রীদেবগুরু চট্টোপাধ্যায়

শ্রান্ত দিনের শেষে ওরে ক্লান্ত বনের পাখী
এই জীবনে এখনো তোর রইলো অনেক বাকী।
আছে রে তোর আঁধার নিশা
ধরার ধূলির সাথে মিশা—
মিছেই চাওয়া পাওয়ার তৃষা, বিফল মিলন-রাখী।

সবুজ বনের নিবিড় ছায়ায় ঘুমায় কাহার বাণী
(তার) মৌন মুখের নীরব কথায় আকুল পরাণখানি।
মধুর তাহার হৃদয় সুধা
মিটাবে তোর সকল ক্ষুধা,
অচিন দেশে দেখাবে পথ সাথেই রে তোর থাকি'!

স্বরলিপি

গীত—কাহার্‌বা

তুম্‌হো মেরে খোয়াব কী ঝর্‌ণা
খোয়াব কী দুনিয়ামেঁ তুম্ ঝর্‌ণা।
জাহাঁ হায় খিল্‌তী ভাবোঁ কী কলিয়াঁ
জাহাঁ হায় মেরী প্যারীয়োঁ কী টোলিয়াঁ ;
ওহী জগ্‌মেঁ সজ্‌নী মেরী ধুম ম্যচাকে বহেনা।
মেরী রাত্‌কী স্বপ্নোমেঁ সজনী
ছল্‌কাকে আনা আপ্‌নী জওয়ানী ;
মুঝে লে যানা আপ্‌নে দেশ্‌মেঁ
সাগর প্রীতম্ বন্‌জাউ যোশ্‌মেঁ ;
পন্‌ছিকে গীত স্নুন্‌তে স্নুন্‌তে মেরে দিল্‌সে মিল্ যানা।

কথা ও স্থর—চন্দনকুমার — স্বরলিপি—শ্রীস্থষমারাণী দত্ত

II পা পা -া মা | জ্ঞা -া সা -ন্‌া I সা জ্ঞা -জ্ঞা সা | জ্ঞা -মা পা -া I
০ তু ম্ হো মে ০ রে ০ খো য়া ব কী ঝ র্ ণা ০

পা ণা -ণা ধা | ণা ণা ণা -া I ধা -ণা ধা -ণা | পা -দা পা -া I
খো য়া ব্ কী দু নি য়া ০ মেঁ ০ তু ম্ ঝ র্ ণা ০

সা জ্ঞা জ্ঞা -া | জ্ঞা -া জ্ঞা -া I সা মা -া মা | মা মা মা -া I
জা হাঁ হ য় খি ল্ তী ০ ভা বোঁ ০ কী ক লি য়াঁ ০

জ্ঞা পা পা -া | পা -া পা -া I পা দা ণা দা | পা জ্ঞা পা -া I
জা হাঁ হ য় মে ০ রী ০ প্য রী য়োঁ কী টো লি য়াঁ ০

-পা পা -র্া র্া | র্া র্া র্া -া I র্সা জ্ঞা র্া -র্সা | ণা -পা -মা -পা I
০ ও ০ হী জ গ মেঁ ০ স জ্ নী ০ মে ০ ০ ০

• র্সা -া -া -া | -া -া -া -া I র্সা -া -না র্সা | র্রা -া র্সা -া I
রী ০ ০ ০ ০ ০ ০ ০ ধ্ ০ ম ম্য চা ০ কে ০

না˝ র্সা পা -া | -া -া -া -া II
ব হে না ০ ০ ০ ০ ০

II পা পা -া পা | মা -া জ্ঞা জ্ঞা I ঋা ঋা -া সা | ন্া -ন্া সা -া I
০ মে ০ রী রা ০ ত কী স্ব প্নো ০ মে স জ্ নী ০

সা -সা পা হ্মা | পা -দা পা -া I পা -দা ণা দা | পা -জ্ঞা পা -া I
ছ ল্ কা কে আ ০ না ০ তো ০ রী জ ওয়া ০ নী ০

-পা পা র্সা -া | না -া র্সা র্সা I র্সা -র্সা না -া | র্সা ঋর্া র্সা -া I
০ বু ঝে ০ লে ০ জা না অ প্ নে ০ দে শ মে ০

পা -া দা দা | ণা -া র্সা -া I ণা -া দা পা | জ্ঞা -জ্ঞা পা -া I
সা ০ গ র প্রী ০ ত ম্ ব ন্ জা উঁ যো শ্ মে ০

পা -া রা -া | -া -া -া -া I -র্সা -জ্ঞর্া -র্রা -র্সা | -ণা -পা -মা -পা I
প ন্ ছী ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০

-র্সা -া -া -া | -া -া -া -া I -র্সা পা -র্রা র্রা | র্রা -া র্রা -া I
০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ প ন্ ছী কে ০ গী ত্

র্সা -জ্ঞর্া র্রা -র্সা | ণা -ধা পা -া I -পা পা -ণা ণা | ধা -পা -মজ্ঞা -রা I
সু ন্ তে ০ সু ন্ তে ০ ০ মে ০ রে দি ল্ সে০ ০

জ্ঞা মা -দা -া | পা -া -া -া II II
মি ল্ জা ০ না ০ ০ ০

স্বরলিপি

আলাহিয়া—ত্রিতাল

বরষ বরষ ভুল গ্যই ম্যয়কো
কগয়া বোলত শ্যাম আবে ঘরকো।
নিশদিন বিত গ্যই রোতে রোতে
জিয়া ন মানে রাধা কহে ননদকে ॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীশৈলেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

স্থায়ী

\+   ৩   ০   ১
II ধা ণা ধা পা | মপা -মা গা -া | রগা মমা রা সা | ধ্ ন্ -সরা সা -া I
ব র ষ ব র০ ০ য ০ ভু০ ল০ গ্য ই ম্য০ য়্০ কো ০

\+   ৩   ০   ১
সা রা গা -মা | গা -পা পা পা | ধণা ধপা মা গা | রা গা পা -া II
ক গ য়া ০ বো ০ ল ত শ্যা০ ম০ আ বে ঘ র কো ০

অন্তরা

\+   ৩   ০   ১
II ধা ধা ণা ণা | গপা ধনা র্সা -া | র্সর্রা -র্গর্মা র্রা -র্সা | ধনা -র্সর্রা সা -া I
নি শ দি ন বি০ ত০ গ্য ই রো০ ০০ তে ০ রো০ ০০ তে ০

\+   ৩   ০   ১
র্সা র্সা না -া | ধা -ণা ধা -পা | রগা -মমা রা সা | ন্ ধ্ ন্ সা II
জি য়া ন ০ মা ০ নে ০ রা০ ০০ ধা ক হে ন নদ্ কে

স্বরলিপি

বাহার—একতাল

আজি কুঞ্জে কুঞ্জে নব বসন্ত এল হায়
অলি-গুঞ্জনে বাজে বীণা কার ব্যাকুল বনছায়।
বাজিছে বাহারে গীতিকা-ছন্দ
দখিনা পবনে কুসুম-গন্ধ,
অন্ধ হৃদয় মাতে আজি কোন্ সুন্দরেরি বন্দনায়।
আকাশে অসীম আলোকের গীতি
কাননে কাননে শ্যামলের প্রীতি,
নব অনুরাগে প্রাণ আজি জাগে যামিনীর মধু জ্যোছনায়।

কথা—শ্রীনিত্যানন্দ সেনগুপ্ত, কাব্যতীর্থ

সুর—"সদারঙ্গ" একটি খেয়ালের অনুসরণে

স্বরলিপি—কুমারী গায়ত্রী ঘোষ

+ ৩ ০ ১
না না II র্সা -া ধা | পা -া পা | মা পা ধপা | মজ্ঞা -া মা I
আ জি কু ন্ জে কু ন্ জে ন ব ব০ স০ ন্ ত

+ ৩ ০ ১
পা -না না | র্সা -া -া | নর্সা -র্রর্সা -ণধা | -পধা না না I
এ ০ ল হা ০ য়্ হা০ ০০ ০০ ০য়্ "আ জি"

+ ৩ ০ ১
র্সা র্সা -ধা | -ধা পা পা | মা পা ধপা | -মজ্ঞা রা -জ্ঞরসা I
অ লি গু ন্ জ নে বা জে বী০ ০ণা কা ০০র্

+ ৩ ০ ১
সা র্রা জ্ঞর্রা | -জ্ঞর্রা র্সনা র্সা | নর্সা -র্রর্সা -ণধা | -পধা না না II
ব্যা কু ল০ ০০ ব০ ন ছা০ ০০ ০০ ০য়্ "আ জি"

\+ ৩ ০ ১

II মা পা পা | না ধা না | র্সা র্সা র্সা | র্সা -র্সা র্সা I

বা জি ছে বা হা রে গী তি কা ছ ন্ দ

আ কা শে অ সী ম আ লো কে র গী তি

\+ ৩ ০ ১

না র্সা র্রা | -র্মর্জ্জা র্রা র্সা | ন্সা র্সা -ণা | ধা -ধপা ধা I

দ খি না প০ ব নে কু সু ম গ ০ন্ ধ

কা ন নে কা০ ন নে শ্যা ম লে র ০প্রী তি

\+ ৩ ০ ১

মা -পা পা | মা পা পা | পা -র্রা র্রা | র্সা র্সনা র্সা I

অ ন্ ধ হৃ দ য় মা তে আ জি কো ন্

ন ব অ নু রা গে প্রা ণ আ জি জা গে

\+ ৩ ০ ১

না না র্সা | নর্সা -নর্সা -র্রর্সা | -ণা -ধা পা | -না -না -া II

সু ন্ দ রে০ ০০ ০রি ব ন্ দ না ০ য়্

যা মি নী ০০ ০র্ মধু জ্যো ছ ০ না ০ য়্

গ্রন্থ-সমালোচনা

The Origin of Raga : A Short Historical Sketch of Indian Music—শ্রীশ্রীপদ বন্দ্যোপাধ্যায়, বি-মাস্ প্রণীত। প্রকাশক : সরকার ব্রাদার্স, এডুকেশনাল্ পাব্লিসার্স্, ৪, দরয়গঞ্জ, দিল্লী। মূল্য : চারি টাকা।

'The Origin of Rāga' বল্‌তে আমরা মনে করেছিলাম গ্রন্থকার বেদের যুগ থেকে ঠিক বৈজ্ঞানিক ভাবে ক্রমবিকাশের অনুযায়ী (evolutional phase) ইতিহাসের একটা পরিচয় দেবেন, কেননা তিনি বইয়ের গোড়াতেও তাই উল্লেখ করেছেন 'A short historical sketch' ব'লে। অবশ্য সে-জাতির পুস্তক এটা নয়, কিন্তু তাহ'লেও গ্রন্থকার বিভিন্ন মতের উল্লেখ ক'রে সে রকমের দেখাবারই চেষ্টা করেছেন। ঐতিহাসিক ও বৈজ্ঞানিক যুক্তিযুক্ত বিচারের চেয়ে বিভিন্ন মতের সমাবেশ করাতেই তার বিশিষ্টতা বেশীর ভাগ ফুটে উঠেছে। তবে বিভিন্ন মতগুলির পর পর আলোচনা থাকার জন্যে ঐতিহাসিক উপাদানও অনেক অংশে পরিস্ফুট হয়েছে, যদিও 'The Origin of Rāga' এই বিষয়-বস্তুর তুলনায় এগুলি বিশেষ কিছু নয়। তা'হলেও এই ধরণের বইয়ের আমরা সমাদরই করব, কেননা গ্রন্থকার সঙ্গীত সম্বন্ধে জানার আগ্রহকে সকলের মধ্যে জাগাবার একটা চেষ্টা করেছেন। শিক্ষার্থীদের পক্ষে ভিন্ন ভিন্ন মতের সংস্কৃত উদ্ধৃতিগুলি বেশ কাজেই লাগ্‌বে ব'লে আমরা আশা করি। তবে

গ্রন্থকার এই বইটীর অর্থাৎ বিষয়টীর আলোচনা আরও একটু critical করলে ভাল করতেন। কারণ সঙ্গীতের দিক দিয়ে practical আলোচনার আগ্রহ ও চাহিদা আজকাল বাড়লেও তার ঐতিহাসিক ও ঔপপত্তিকের সত্যিকার আলোচনার আগ্রহ খুবই কম জেগেছে ব'লে আমাদের অন্ততঃ ধারণা। গতানুগতিক আলোচনা ত্যাগ ক'রে গুণীদের অন্তত এখন উচিত সঙ্গীতের বৈকাশিক ও বৈজ্ঞানিক একটা আলোচনার প্রবৃত্তি সাধারণের ভেতর পরিশন করা, কারণ সঙ্গীত-জগতের বহু জিনিসই এখনও সাধারণভাবে আলোচনা হ'লেও সত্যিকার ভাবে আলোচনা একেবারে হয়নি বললেও চলে।

সঙ্গীত শিক্ষার্থী মাত্রকেই এই বইখানি সংগ্রহ করবার জন্যে আমরা অনুরোধ করতে পারি, কেননা ভবিষ্যৎ সঙ্গীতের ইতিহাস তৈরী করবার পক্ষে এই বইটীও কতকাংশে যে সাহায্য করবে তাতে কোন সন্দেহ নেই। বইটীতে প্রায় ৭।৮ খানি রাগ-রাগিণীর চিত্র দেওয়া হয়েছে, তাতে রাগরূপের বিশ্বাসকেও সকলের মনে পরিস্ফুট ক'রে তুলবে।

—স্বামী প্রজ্ঞানানন্দ

সরগম্

ইমন—ত্রিতাল

প্রাপ্ত—ওস্তাদ আলাউদ্দিন খাঁ (মাইহার)

স্বরলিপি—শ্রীকৃষ্ণকিশোর দাস

স্থায়ী

```
   +                 ৩                 ০                 ১
II                  |                 |গা  রা  ন্া  রা |ন্া  ধ্া  ন্া  রা I
   +                 ৩                 ০                 ১
   গা  -া  গা  রা |গা  হ্মা  পা  ধা |না  ধা  -া  হ্মা |-া  না  ধা  পা I
   +                 ৩                 ০                 ১
   হ্মা  গা  রা  -া |পা  হ্মা  গা  রা |সা  -া  ন্া  রা |সা  ন্া  ধ্া  প্া I
   +                 ৩                 ০                 ১
   ধ্া  ন্া  -া  রা |গা  রা  মা  -া |"গা  রা  ন্া  রা |ন্া  ধ্া  ন্া  রা" II
```

অন্তরা

```
   +                 ৩                 ০                 ১
II গা  হ্মা  পা  হ্মা |গা  রা  গা  হ্মা |না  ধা  -া  না |-া  র্রা  র্সা  -া I
   +                 ৩                 ০                 ১
   ধা  না  র্সা  র্রা |র্গা  র্রা  র্গা  র্হ্মা |র্রা  -া  র্গা  র্রা |র্সা  না  ধা  পা I
   +                 ৩                 ০                 ১
   গা  হ্মা  না  ধা |পা  হ্মা  গা  রা |ধ্া  ন্া  রা  গা |-া  রা  গা  হ্মা I
   +                 ৩                 ০                 ১
   গা  রা  -া  গা |রা  রা  সা  -া |"গা  রা  ন্া  রা |ন্া  ধ্া  ন্া  রা" II
```

— সংবাদ —

পরলোকে বিখ্যাত গায়ক ও চিত্রাভিনেতা কুন্দনলাল সায়গল

ভারতের বিখ্যাত গায়ক ও চিত্রাভিনেতা কুন্দনলাল সায়গল সম্প্রতি জলন্ধর সহরে পরলোকগমন করিয়াছেন। তিনি প্রথমে কলিকাতা আসিয়া রেমিংটন কোম্পানীর প্রতিনিধি হিসাবে চাকুরী গ্রহণ করেন। তারপর হিন্দুস্থান মিউজিক্যাল প্রডাক্টস্ এণ্ড ভ্যারাইটিজ্ সিণ্ডিকেট

লিমিটেড-কৃত গ্রামোফোন রেকর্ডের শিল্পী হিসাবে কয়েকখানি হিন্দী গান রেকর্ড করিয়া স্বল্পকালের মধ্যে প্রভূত প্রশংসা অর্জ্জন করিয়াছিলেন। তাঁহার এই সুমিষ্ট কণ্ঠস্বর ও নটসুলভ আকৃতির জন্য নিউ থিয়েটার্স লিমিটেড কর্ত্তৃক তিনি অভিনেতা হিসাবে নিযুক্ত হন। প্রথমে তিনি উক্ত থিয়েটার্সের হিন্দী চণ্ডীদাস নামক চিত্রের নাম-ভূমিকায় অভিনয় করিয়া ভারতের চলচ্চিত্র দর্শককে বিশেষভাবে মুগ্ধ করেন। ইহার পর মৃত্যুর কিছুকাল পূর্ব্ব পর্য্যন্ত তিনি বহু হিন্দী, উর্দ্দু ও তামিল চিত্রে অবতীর্ণ হইয়া স্বীয় গৌরব অক্ষুণ্ণ রাখিয়াছিলেন।

বলা বাহুল্য তিনি অল্পকালের মধ্যে বাংলা ভাষা আয়ত্ত করেন এবং বাংলা-চিত্রনাট্যে নায়কের ভূমিকায় অভিনয় করিয়াও প্রভূত যশ অর্জ্জন করেন। এতদ্ব্যতীত তিনি বহু বাংলা গানও গ্রামোফোন রেকর্ডে গাহিয়াছেন।

মৃত্যুকালে তাঁহার বয়স মাত্র ৪৫ হইয়াছিল। তাঁহার ন্যায় একজন বিখ্যাত গায়কের অকাল প্রয়াণে ভারতীয় সঙ্গীত ও চলচ্চিত্রের যে ক্ষতি হইল তাহা অপূরণীয়। আমরা তাঁহার পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাইয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

আওয়ার অর্কেষ্ট্রা

সম্প্রতি ষ্টার থিয়েটার হলে রায় বাহাদুর শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহোদয়ের পৌরোহিত্যে সঙ্গীতাচার্য্য ৺সুরেন্দ্রলাল দাসের স্মৃতিপূজানুষ্ঠান সম্পন্ন হইয়া গিয়াছে। এতদুপলক্ষে আওয়ার অর্কেষ্ট্রা কর্ত্তৃক যে ঐক্যতান, যন্ত্রসঙ্গীত, কণ্ঠসঙ্গীত ও নৃত্যের আয়োজন হইয়াছিল তাহা প্রকৃতই মনোমুগ্ধকর। প্রথমে ঐক্যতান সমাবেশে যে জাতীয় সঙ্গীতগুলি গীত হয় ও বিখ্যাত নট শ্রীযুক্ত বিপিন গুপ্ত তাঁহার উদাত্ত কণ্ঠে ও আবেগময়ী ভাষায় তাহার ব্যঞ্জনা করেন, তাহা দর্শকচিত্তে অবিস্মরণীয় হইয়া রহিবে। আওয়ার অর্কেষ্ট্রা এইরূপ সঙ্গীতাদির দ্বারা সুরেন্দ্র স্মৃতিপূজার যোগ্য আয়োজন করিয়াছেন দেখিয়া আমরা তাঁহাদিগকে আন্তরিক শুভেচ্ছা জানাইয়া সুরেন্দ্রলালের প্রতি গভীর শ্রদ্ধা-নিবেদন করিতেছি।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী।
পরিচালক—অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

২৩শ বর্ষ } পৌষ, ১৩৫৩ সাল { ৯ম সংখ্যা

বাহাত্তর ঠাট

শ্রীবিমল রায়

৩২। নট-মল্লার

ভূমিকা। নট-মল্লার ৪০০।৫০০ বছর আগেকার রাগ, খুব সম্ভবতঃ ঘরানা রাগ হওয়ার দরুণ, প্রাচীন গ্রন্থে বিশেষ স্থান পায়নি। নাট-মল্লার নামটি সাধারণতঃ এই বোঝায় যে, নট+মল্লার যোগে এটী সৃষ্টি; অন্যান্য মিশ্র নাম সম্বন্ধেও সকলের একই ধারণা। আমি বল্‌তে চাই যে, এই ধারণা সম্পূর্ণ ঠিক নয়। বেশীর ভাগ ক্ষেত্রেই রাগটি সৃষ্ট হয় আগে, পরে নামকরণের সময়ে সামান্য এর -ওর-তার অঙ্গের উদয় দেখে কোথাও মিশ্র নাম রাখা হয়, কোথাও প্রকার ভেদ নাম রাখা হয় ইত্যাদি; খুব কম ক্ষেত্রেই নামকরণ আগে হয়। নট-মল্লার সম্বন্ধেও প্রথম মত খাটে, অর্থাৎ রাগটি তৈরী হবার পর দেখা গেল যে, এটি গৌড় নয়, ছায়ানট নয় অথচ তাদের স্পর্শ রয়েছে, নট প্রকার নয়, মল্লার প্রকার নয় অথচ তাদের প্রভাব রয়েছে, বেলাবল প্রকার নয় অথচ তার অংশও উঁকি দিচ্ছে, তখন যে দুটির বেশী প্রভাব দেখা যাচ্ছে তাদের নামে, নট-মল্লার নাম রাখা হ'লো। এই রকম আর একটা উদাহরণ হ'লো **ইমন-কল্যাণ**। কাজেই দেখা যাচ্ছে যে, নট-মল্লার ব'ললেই যে খাঁটি নট আর খাঁটি মল্লারের মিশ্রণ হ'তে হবে, এ কথা ঠিক নয়। আর একটি কথা, প্রকার বল্‌তে শ্রেণী, গোত্র, মিশ্রণ তিনটিই বুঝিয়েছি। মিশ্র নাম যে কোনওটিতে হ'তে পারে, কিন্তু এদের মধ্যে তফাৎ হ'চ্ছে অঙ্গের প্রাবল্যের। শ্রেণীতে দ্বিতীয়টি প্রবল যথা চন্দ্রকান্ত কল্যাণ, জয়েৎ কল্যাণ ইত্যাদি, গোত্রে দ্বিতীয়টি অতি দুর্ব্বল, যথা শ্যামকল্যাণ, কেদার কল্যাণ, গোমতীকল্যাণ, আর মিশ্রণে দুটি প্রায় সমান সমান। আমার মতে, এই মিশ্রণে **যে রাগটির অঙ্গ প্রবল থাক্‌বে তার নাম দিতে হবে পরে**, যেমন, নটমল্লার রাগে নট অঙ্গ বেশী থাকলে মল্লার নট বল্‌বো। এতে রাগটির রূপ বুঝবার সুবিধা হবে।

প্রাচীন তথ্য। ৪। নটমল্লারী শুদ্ধ

অর্ব্বাচীন তথ্য। নটমল্লারের উৎপত্তির নানাপ্রকার মতবাদের জন্য এর অনেক রকম মূর্ত্তি তৈরী হ'য়েছে, তবে সাধারণভাবে রাগ-বিবোধের রূপটিই অনুসৃত হ'তে দেখা যায়। কোনও গুণী এতে মল্লারের অঙ্গ বেশী দেন, কেউ বা নট অঙ্গ দেন, কেউবা একে স্বাধীন রাগ রূপ দিয়ে মল্লার বা নটের অংশ যোগ করেন। এখন এর মূর্ত্তি পাই পাঁচ রকম—

১। গন।

ক। মল্লার অঙ্গ বেশী খ। নট অঙ্গ বেশী

গ। স্বাধীন অঙ্গ বেশী

২। গজ্ঞণন

৩। শুদ্ধ

এছাড়া সোরট দেস অঙ্গ নিয়ে যেতে দেখা যায়; আর গৌড়ের প্রবল স্বর ব্যবহার ক'রে যেতে দেখা যায়।

রূপ। ১ক। উপঠাট খাম্বাচ, স্বর ব্যবহার গন,

জাতি সম্পূরণ উপজাতি মিশ্র সম্পূরণ (খাড়ব বা সম্পূরণ দুইপ্রকার আরোহীই পাওয়া যায়) গতি মিশ্র

বর্গ—সরগমরমরপমপনর্সধনপমগমরসা। সাধারণভাবে এই রকম হলেও পণধনর্স, পনধনর্স, পধর্স উঠবে কখনও কখনও, (যদিও তা না দিলেও ক্ষতি নেই) সেই কারণেই মিশ্র-সম্পূরণ লিখ্‌লাম। র্সণধপ দেওয়া গান ক্বচিৎ দেখতে পাওয়া যায়, তবে না দেওয়াই ভাল মনে হয়, বেশীর ভাগ গুণীর মতে মত দিয়ে।

উপবর্গ—সরা গমরা মরপা মর্পন র্সা ধা ণপমা-গা মরসা; এর সঙ্গে কখনও কখনও যোগ হবে রগমপম, রপম, পধর্স, পণধনস, মরস ইত্যাদি।

পধর্স বেশী দেওয়া চলে না, কারণ গৌড়মল্লারেরও এই আরোহী পাই। যাঁরা বলেন পধর্স মল্লার অঙ্গ তাঁরা ভুলে যান যে, পনর্স ও মল্লার অঙ্গ অতএব নটমল্লারে পধর্স দিতে হবে এমন কোনও মানে নেই। বাদী রেখাব।

১খ। উপজাতি মিশ্র-সম্পূরণ গতি মিশ্র।

বর্গ—সরগমরপমপধনর্সধণপমগরগমপমগমরসা এর সঙ্গে গমরগমপ, পরগম, সগম, পরগমধপ, গমপধন, মপ-র্সনর্স, র্সধপ, মণধপ, মণধণপ, গমপগমরস, গপমগমরস, মরস, মরন্‌স, মরমরসন্‌সা, মধপ, ধমপ ইত্যাদি চলবে।

উপবর্গ—সরগমারপামপধনর্সধণপমাগমরগমপমাগমরম-রসণসা। বাদী মধ্যম।

আরোহে রেখাব বর্জ্জিত করেও ওঠা যায়। নট-অঙ্গ হিসাবে পরগমা উঠ্‌লেও ছায়ানটের মতো পরাগমপ উঠ্‌তে দেওয়া উচিত হবে না। পরগমধপ করাই সমীচীন হবে, তবে গরগসপ, গমা রগমপ চ'লবে। মপর্স, মপর্সনর্স নট অঙ্গ, কিন্তু মপধনর্স বেলাবলের অংশ নট-মল্লারে আছে, তা আগেই বলেছি।

১গ। এর মধ্যে তিন রকম মূর্ত্তি পাওয়া যায়, তার মধ্যে দুটি গৌড়-মল্লারের দুটি প্রকারের মতো, সামান্যই প্রভেদ—কারণ আর কিছুই নয়, অন্য ঘরের গৌড়মল্লারকে নট মল্লার বলে চালিয়ে দেওয়া, যেহেতু এঁদের ঘরের গৌড়-মল্লার অন্য। যে যাই হোক্‌।

প্রথমটি (Ṫ) হ'লো, বর্গ—সরগমগরপমপধর্সনধনর্স-ধণপমপধপমগরগসন্‌সা অবরোহণে র্সধপ আসে, আরোহণে নধপনধনস, নধপধনর্স, পধনর্স যায়।

রেখাব ও মধ্যম সমান প্রবল, তবু রেখাব বাদী, বৈশিষ্ট্যের জন্য, উপবর্গ—সগরা গমধপমা গমরা রপা মপধর্সা নধনা র্সা ধা ণপা মপধপমা গা মরগা সন্‌সা। ক্বচিৎ গরসা আসে।

দ্বিতীয়টি (ṪṪ) হ'লো, বর্গ—সরগরমগপমরপমপ-নর্সধণধনর্সধপমপমগমরসন্‌সা, আরোহে ণধনর্স চলে অল্প পনর্স বেশী, রপমর, ধপমর, ধমগমর, গপধমরমরস, রমগমর ব্যবহার চলে, বাদী রেখাব,

উপবর্গ—সরা গরমপপা মা গমরপা মপনা র্সা ধা-ণধনর্সা ধপমপমা গমরপমগধা মগমরমরসন্‌সা।

তৃতীয়টি (ṪṪṪ) হ'লো, বর্গ—সরগমধপমণধনর্স-ধণপমধপমগরগরসা, বাদী মধ্যম, ধৈবত প্রবল, রপ, রগরগ, ণমপ, চলবে, মণধাপ ও হয়,

উপবর্গ—সরগরগমধা পমা ণধনর্সা ধা ণপমধা পমা-গা রগরসা (রপা মপণমপর্সা ধণপমণধা পমগমর গরসা) ক্বচিৎ মরা গমপ ব্যবহার হয়। মণধর্স, মধনর্স চলে।

এগুলি ছাড়া, আরও কয়েকটি মিশ্র মূর্ত্তি পাই, যাতে ১ক-এর সঙ্গে ১খ মেশানো, কিংবা ১গ দুটি মূর্ত্তি এক সঙ্গে ব্যবহৃত হয় ইত্যাদি; উদাহরণ দেখুন:—সরগমধপমগম-গমা রপমপধনর্সনর্সা ধণপধপমপমগরসা, অথবা সরা মগ-রগমপা মপধর্সধণধপমপমা রগরসা এগুলিতে বৈশিষ্ট্য আছে তবে তা সামান্যই। ১ম উদাহরণ ১গ Ṫ এর মতো ১খ, ২য় উদাহরণ ১ক+১খ তবে বৈচিত্র্য আছে রমগরগ, ধণধপ, মরগ ইত্যাদি ব্যবহার আছে যা সোরট দেস অঙ্গের।

কোনও কোনও ক্ষেত্রে গমপধনর্স আরোহণ পাওয়া যায়। এমনি ভাবে কতো রকম মূর্ত্তিই যে তৈরী হয়েছে বলবার নয়। তার কারণ, কেউ মল্লার, কেউ নট, কেউ ছায়ানট, কেউ বেলাবল যার যে রকম খুসী এবং যতটা খুসী ব্যবহার করেছেন।

১গ ṪṪ ও ṪṪṪ গৌড়মল্লারের প্রকারের মতো, যদি ও সামান্য তফাৎ করার চেষ্টা আছে : রগম, মণধন ব্যবহার একটু ঘুরিয়ে করলেই যে আর গৌড়মল্লার থাকেনা বা এগুলি যে গৌড়মল্লারের একচেটে নয়, এই সব নট-মল্লারের প্রকারের মধ্যে তা প্রমাণ করবার চেষ্টা দেখা যাচ্ছে, কিন্তু যার যা সাধারণ বৈশিষ্ট্য তা না রাখলে রাগের মূর্ত্তি অস্পষ্ট হ'য়ে পড়ে, এ কথা প্রত্যেকের মনে রাখা উচিত।

২। উপঠাট জয়জয়ন্তী, স্বর ব্যবহার জ্ঞগণন, জাতি সম্পূরণ, উপজাতি মিশ্র সম্পূরণ, গতি মিশ্র, জ্ঞ সামান্য ব্যবহার, বর্গ—সরগরগমরপমপণধনর্সধপমজ্ঞগমরসন্সা,

উপবর্গ—সরা গরগমরপমা পণধনর্সা ধা পমা জ্ঞমগমরমরসন্সা। পমরপ, রপমজ্ঞা, গপম, ণধর্স, ক্বচিৎ রমপ ব্যবহার আছে, অর্থাৎ এটি ১ক+জ্ঞ+সামান্য ১খ।

৩। ঠাট বেলাবল, সমস্তই ১ক বা ১খ এর মতো শুধু কোমল নিখাদ বর্জ্জিত। তবে ১ক এর মতোই বেশী দেখা যায়, সামান্য ১খ যুক্ত হয়ে, কারণ না হ'লে বেলাবল ঠাটের অনেক রাগের সঙ্গে কিছু কিছু মিশবার ভয় থাকে।

কেউ কেউ শুধু জ্ঞণন যুক্ত নট মল্লার তৈরী করার চেষ্টা করেছিলেন, যদিও গান পাওয়া যায়নি, এবং ৺ভাতখণ্ডেজীও সাধারণ মতের বিরুদ্ধে সেই রূপটির দিকে ঝোঁক দিয়েছিলেন ব'লে মনে হয়। লক্ষ্য ক'রলে দেখতে পাওয়া যায় যে, ৺পণ্ডিতজী অনেক ক্ষেত্রে বেশী চালু দিকে আমোল দিতে চাননি, এবং অন্যান্য স্থলে কর্ণাটিক দিকে প্রাধান্য দিয়েছেন। কেউ কেউ দেস সোরট অংশ নিয়ে নট মল্লার গেয়ে থাকেন যথা—সরমরমপমা মপনর্সা-ধা ণমপমা গপমরনসা, মধ্যম বাদী, রমপ, পমর, ধণপ, র্সধপ, গপম, রপম, মপর্সনর্স, ণমপর্স ব্যবহার হয়।

কেউ কেউ গৌড় মল্লারের প্রবল স্বর গান্ধারকে প্রবল ক'রে, মধ্যম দুর্ব্বল ক'রে নট মল্লার গেয়ে থাকেন (অবশ্য কাউকে নটেও এ রকম ভাবে স্বর ব্যবহার করতে শোনা যায়) যথা, সরা রগা পগমরা রপা না র্সা ধণপা গমরগা রসা। এইখানে ব'লে রাখি যে, রমপ বা রমা-প গতি কেউ কেউ নটেও দিয়ে থাকেন, অতএব সে দিক দিয়ে নট-মল্লারে রমপ হ'তে পারে। এতো প্রকার মতভেদের অন্তরালে অবশ্য কতকগুলি জায়গায় নট-মল্লারের বৈশিষ্ট্য ঠিক একই রকম খুঁজে পাওয়া যায়, সেগুলি হ'লো—

১। মরপা, ২। সরা ৩। পমা অর্থাৎ রূপ অন্বয় রেখাবে স্থিতি ও বিন্যাস, অবরোহণে মধ্যমে স্থিতি। এই রকম অন্য কোনও রাগে নেই। গৌড়মল্লারে রেখাবে স্থিতি বা বিন্যাস নেই, অবরোহণে মধ্যমে স্থিতি নেই। তাছড়া গৌড়মল্লারে আরোহে গান্ধার প্রবল, অবরোহে দুর্ব্বল, ধৈবত আরোহে প্রবল, অবরোহে দুর্ব্বল—নট-মল্লারে ঠিক উল্টো।

নাম ব্যবহার। এতোগুলি ওস্তাদী নমুনা থেকে নাম বেছে নেওয়া একটু কষ্টকর বটে, তবে চেষ্টা ক'রে দেখি। সব চেয়ে বেশী ব্যবহার হ'তে দেখা যায় ১ক-কে তবে ১খ সমান সমানই যায়, অতএব বিপদে পড়ে আমি মত প্রকাশ করছি যে, **প্রবল অঙ্গ রাগটির নাম পরে ব্যবহার করবো।** সে হিসাবে

১ক হ'লো **নটমল্লার**

১খ হ'লো **মল্লার নট** যেমন ছায়ানট, নটছায়া

১গṪ হ'লো **শুধ্ নট-মল্লার** কারণ প্রাচীন অনেক ঘরানায় এইরূপ প্রচলিত দেখা যায়।

১গ ṪṪ হ'লো **নট গৌড়** কেননা গৌড়ের বৈশিষ্ট্য সামান্য এতে পাওয়া যায়।

১গ ṪṪṪ হ'লো **বঙ্ক্ নট-গৌড়** কেননা **বঙ্ক গৌড়ের** অংশ এতে আছে।

২ নং হ'লো **নট-মল্লারী,** এর প্রচলন অতি সামান্য।

৩নং হ'লো **আদ বা প্রথম নট-মল্লার** কারণ প্রাচীন শাস্ত্রে এই রকমই প্রায় রূপ ছিল।

অন্যান্যগুলি সম্বন্ধে বলি :—জ্ঞণন আমরা বাদ দেব-সাধারণ মতবিরোধী ব'লে।

৪নং দেস সোরট অংশ যুক্তটিকে **দেস নট** বলা ভাল কেননা নটেরও খানিকটা এই ধরণের রূপ পাওয়া যায়।

৫নং গান্ধার প্রবল যুক্তিটিকে নটমল্লার ভাবা একটু শক্ত, কেননা এতে মধ্যম অতি দুর্ব্বল যা বেলাবলের বৈশিষ্ট্য অতএব একে **দেও নটমল্লার** বা **দেও মল্লার** বলা উচিত।

বিস্তার। ১ক। সরা রগমরমরন্সা, গরা রগগমাররপা মা গা মরসগরা ন্সা, মরসন্সরপা মপমা গা মরসা, সরগরা গমরপমরগমরসন্সা, সরসধ্া ণ্প্া ন্া সগরা মরপা ধপমা গমপমগা মরসা, রমরা পা মপধণপমা পণমপমগমরগমপমা গমরমরন্সা, মপনর্সা ধপমপধপমা গা মরপা মপর্সা র্রা র্সধা ণপমপমগা মরা সা।

১খ। সরগমপমা গমরপমা গমরসা, মরসন্সরগমরগ-মপমা গমরসা, গমধপমা গা মরগমা ররপা মণধণপা মপমা গমরসন্সা, সরগমা রপধা ণপধপমা গমপমগমরসা, সরগম-রগমপমা মপধনর্সা ধপমা গমরসা, মপধনর্সর্র্সা ণধনর্সধা ণপধা মা পমগমরপমা গমরসা।

১গ Ṫ। সরগসা ন্সগরা রগমপমা রা ররপা মগা মরগসা গরা রগমধপা মপধপমা গা মরা রপমগমরপা সন্সা, ধা ণপধপমপমা গা মরা পমপধপমা গা মরসা, মরমপা মপধপমা গা মরগমপমা মপধর্সা ধপা মপধপমা গা মরা গসন্সা, নাধ পধনা নর্সা র্র্সনধনা র্সা র্সধা ণপমপধর্সা ধপমপধপমা গা মরা পমপা মা গমরগা সা।

১গ ṪṪ। সরা মগপা মপমগমরসা, গপমরা সন্সা রমগপা মা গমরপা মপমগমরমরসন্সা, সরা গরমগপা মা গমরা পা ধপমপমা রসা, ধা ধপমরপা মপনর্সা ধা ণধনা র্সা ধপমপমা গমরপমপধা মগমরা মগপা মা রমগমরসন্সা।

১গ ṪṪṪ। সরগরগা রপমা গা মরা গমপমা গা রগরসা, গমধা পমা মপণধণমপধপমপমা গা রগরসা, সরগরসা ধ্া ণ্প্া ম্ণ্ধ্সা ররগরগপমা গমধা পমণধা পমা গাম রগরসা, মরা গমপমা পণমপর্সধা ণপমপধা পমা গা ররপা মণধণপমগরগরসা, মণধনর্সা নর্সর্র্সা ধা ণপমধা পমা গরগরসা, গমধা পমা ণধর্সা র্র্সধণপণা মপনর্সা ধপমধা পমা গা রগরসা।

২নং। ১ক এর মতো, শুধু অবরোহে ক্বচিৎ মজ্ঞমগমর ব্যবহার। অবশ্য মাঝে মাঝে সামান্য রগমপমা ইত্যাদি ১খ-এর ব্যবহার আছে।

৩নং। কোমল নিখাদ বর্জ্জিত ১ক, ক্বচিৎ ১খ।

৪নং। সরমরমপধপমা গপমরন্সা, রমপণমপমা গপম-রসন্সা, ণপণমপধপমা গপমরন্রসরমপমরপমপা র্সা ধপমা গমরসা, মপনর্সা রর্মর্র্সা ধণমপর্সা ণধণমপধপমা গমরসন্সা।

৫নং। সরা রগা পা গমরা সন্সা, গা গমরপা ধণপা গমরগা রসা, পা গমরপা গমরা গা পা ণধণপনা র্সা ধণপা গমরগা রসা।

হিন্দুস্থানী রাগ-সঙ্গীতের ব্যাকরণ

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

তারাণা

মালশ্রী—ঢিমা-ত্রিতাল

৺বাহাদুর সেন

স্থায়ী

```
   +                 ৩                 ০                  ১
II                 |                 |                  |সা   সা   পক্ষা  গা I
                                                          ও   দের্  তা০   না

 +                  ৩                  ০                   ১
 পা  -া  পা  পা | গা  গা  পা  পা | ক্ষগা গা  সা  সা | সন্‌া  প্‌া  -া  সা I
 দি  ম্  তা  না   দে  রে  দা  নি    দা  রে  দা  নি   দ্রা   দি   ইম্  তা

 +                  ৩                   ০                   ১
 গগা -া  পা  পা | পক্ষা গা  -া  পা | গা  গা  সা  সা | "সা  সা  পক্ষা  গা" II
 ত্রি০ ইম্ তা  না   দেরে  না  ০   তে    দা  রে  দা  নি    ও   দের্  তা০   না
```

অন্তরা

```
   +                 ৩                 ০                  ১
II                 |                 |                  |পপা  গগা  পা  পা I
                                                          দেরে  দেরে  তা  না

 +                   ৩                       ০                  ১
 র্সা  র্সা  র্গা  -া | র্পর্পা র্পর্পা র্গা র্পা | র্গা  র্গা  র্সা  -া | পা  র্সা  -া  র্সা I
 দে   রে   না   ০    দেরে   দেরে   তা  না    দে   রে   না   ০    দ্রা  দি   ইম্  তা

 +                    ৩                  ০                  ১
 র্সা  র্সা  র্গা  র্সা | পপা  গা  -া  পা | গগা  -া  সা  সা | পা  র্সা  -া  র্সা I
 ত্রি  ইম্  তা   না    দ্রা০  দি  ইম্ তা   ত্রি০ ইম্ তা  না   ত্রি  ই   ই   ম্

 +                  ৩                   ০                  ১
 র্সা  -া  পা  -া | পনা  পা  -া  গা | পা  ক্ষগা -া  সা | "সা  সা  পক্ষা  গা" II
 ত্রি  ই   ই   ম্   তে০  দা  ০   রে   দা   ০    ০   নি    ও   দের  তা০   না
```

তারাণা

মালশ্রী—দ্রুত-ত্রিতাল

৺বাহাদুর হোসেন

স্থায়ী

+	৩	০	১
II	|	|	| গা গগা পা পা I
			ও দের্ তা না
র্সা -া -া -া	পা পা গা পা	গা -া সা -া	সন্‌া প্‌া -া সা I
দি ০ ০ ম্	তা না দে রে	দা ০ নি ০	তা দ্রি ইম্ তা
গা -া গা সা	পজ্ঞা গা গা পা	গা গা সা -া	"গা গগা পা পা" II
দ্রি ইম্ তা না	তা০ না না	তন্ না না না	০ ও দের্ তা না

অন্তরা

+	৩	০	১
II পপা পপা গগা পপা	র্সা -া র্সা র্সা	ননা পপা জ্ঞগা পপা	জ্ঞগা -া সা সা I
দেরে দেরে দেরে দেরে	দি ইম্ তা না	দেরে দেরে দেরে দেরে	দি ইম্ তা না
র্পা র্পা র্গা র্সা	পা পা গা সা	র্পর্পা -র্গা র্সা ননা	-পা গা গগা -পা I র্সা
তা না না না	তা না না না	ধাক্রা আন্‌তা ধা ধাক্রা	আন্‌তা ধা ধাক্রা আন্‌তা ধা

খেয়াল

মালশ্রী—ঢিমা-ত্রিতাল

এরি মোরি মনমে নয়ি নয়ি
ঠান ঠানি।
সদারঙ্গ পিয়া বিনা কছু না
সোহানি।

স্থায়ী

+	৩	০	১
II	|	|	| সা সা পগা গা I
			এ রি মো০ রি
পা পা পনা -পা	জ্ঞগা গা পা পা	পগা পা জ্ঞগা সা	"সা সা পগা গা" II
ম ন মে০ ০	ন য়ি ন য়ি	ঠা ন ঠা নি	এ রি মো০ রি

অন্তরা

```
   +                 ৩                 ০                 ১
II                 |                 |                 | পগা  পা  র্সা  র্সা I
                                                          স   দা   র    ঙ্গ

   +                      ৩                       ০                      ১
   র্পর্গা  র্গা  র্সা  র্সা | র্সনা  পা  ঋগা  পা | সপা  -গপা  গা  -সা | "সা  সা  পগা  গা" II
   পি     য়া   বি   না    ক    ছু   না০  সো   হা০   ০০   নি   ০    এ   রি   মো০  রি
```

খেয়াল

মালশ্রী—দ্রুত-ত্রিতাল

আজহু না আয়ে পিয়া
প্যারে রাজদুলারী।
সদারঙ্গ পিয়া বিন ক্যায়সে
জিউ ম্যয় উন বিন
মোহে না সোহাবে।

স্থায়ী

```
   +                 ৩                 ০                 ১
II                 |                 |                 | সা  সা  ঋা  গা I
                                                         আ   জ   হু   না

   +                 ৩                 ০                 ১
   পা  -া  পা  -া | না  -া  পা  -া | গা  -া  সা  -া | "সা  সা  ঋা  গা" II
   আ   ০   য়ে  ০    পি  ০   য়া  ০    প্যা ০   রে   ০    আ   জ   হু   না

   +                 ৩                 ০                 ১
II                 |                 |                 | নপা  -া  র্সা  -া I
                                                         মে   ০   রে    ০

   +                 ৩                      ০                 ১
   গা  -া  গা  -া | পঋা  -গা  -গা  পা | ঋগা  -া  সা  -া | "সা  সা  ঋা  গা" II
   রা  ০   জ   ০    দু০   ০    ০    ০    লা০  ০   রী   ০    আ   জ   হু   না
```

অন্তরা

\+ ৩ ০ ১
II | | | পা গা পা পা I
স দা র ঙ্গ

\+ ৩ ০ ১
র্সা র্সা র্সা র্সা | র্গা -া র্গা র্পা | র্গা -া র্সা -া | র্সনা পা পা পা I
পি য়া বি ন ক্যা য়্ সে জি উ ০ ম্য য়্ উ০ ন বি ন

\+ ৩ ০ ১
গা -া পা -া | গা -পা -না পা | গা -া সা -া | "সা সা জ্ঞা গা" II
মো ০ হে ০ না ০ ০ সো হা ০ বে ০ আ ঙ্গ ছু না

স্বরলিপি

মিশ্র—দাদ্‌রা

যে মালা দিয়েছি কণ্ঠে তোমার সেদিন সোনার প্রাতে
ছিঁড়িয়া ফেলো না অভিমান ভরে' আজি এ নীরব রাতে।
বন্ধু আমার রাখ এ মিনতি
মুছিয়া ফেলো না ক্ষণিকের স্মৃতি
ভুলিয়ো না প্রিয় যবে ছিনু পাশে হাতখানি ছিল হাতে।
ক্ষণিক তিয়াষা মিটিয়াছে কি গো ক্ষণিক মিলন মানি'
ক্ষণ-বসন্ত জ্বালায়েছে বুকে কামনার দীপখানি।
সুরু হ'তে কেন বিদায়ের বাঁশী
হয়নি তো শেষ পূর্ণিমা নিশি,
ঘুমায়ে রয়েছে নীড়ে দুটি পাখী স্বপন মগ্ন মায়াতে।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীরবীন নাগ, বি-এ

II পা র্সা র্সা | র্সা র্ঋা র্সা I পা -ণা ণা | দা পা -পা I
যে মা লা দি য়ে ছি ক ন্ ঠে তো মা র্

জ্ঞা পা -পা | পা মপা -দণা I পা দা -া | -া -া -া I
সে দি ন্ সো না০ ০র্ প্রা তে ০ ০ ০ ০

মা দা দা | পা পা মা I জ্ঞা পা মা | -জ্ঞমা ঋা সা I
ছিঁ ড়ি য়া ফে লো না অ ভি মা ন্০ ভ রে

দ্‌া ণ্‌া সা | জ্ঞা রা -মজ্ঞা I ঋা সা -জ্ঞা | -পা -া -া II
আ জি এ নী র ০ব রা তে ০ ০ ০ ০

-া -া | -া -া -া II মা -পা দা | র্সা র্সা -া I দা ণা র্সা | র্জ্ঞা র্ঋা র্সা I
০ ০ ০ ০ ০ ব ন্ ধু আ মা র্ রা খ এ মি ন তি

র্সা র্রা র্জ্ঞা | র্সা র্মা র্মা I র্জ্ঞা র্মা র্জ্ঞা | -র্ঋর্জ্ঞা র্ঋা র্সা I
মু ছি য়া ফে লো না ক্ষ ণি কে ০র্ স্মৃ তি

র্সা র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞা র্ঋা র্সা I পা ণা ণা | দা দা পা I
ভু লি য়ো না প্রি য় য বে ছি নু পা শে

পা -ণা ণা | দা পা জ্ঞা I সা -জ্ঞা পমপা | -া -া -া I
হা ত্ খা নি ছি ল হা ০ তে০০ ০ ০ ০

দ্‌া ণ্‌া সা | জ্ঞা রা -মজ্ঞা I ঋা সা -জ্ঞা | -পা -া -া II
আ জি এ নী র ০ব রা তে ০ ০ ০ ০

-া -া -া | -া -া -া II সা মা -মা | মা মা মা I জ্ঞা মা পা | -মা জ্ঞা সা I
০ ০ ০ ০ ০ ০ ক্ষ ণি ক্ তি য়া ষা মি টি য়া ছে কি গো

সা পা -পা | পদা মা জ্ঞা I মা -দা পা | -া -া -া I
ক্ষ ণি ক্ মি০ ল ন মা ০ নি ০ ০ ০

জ্ঞা পা ধা | ণা -ণা ণা I পা ণা র্সা | ণা দা দা I
ক্ষ ণ ব স ন্ ত জ্বা লা য়ে ছে বু কে

পা দা পা | -পা জ্ঞা -মা I পা পা -া | -া -া -া I
কা ম না ব্ দী প্ খা নি ০ ০ ০ ০

মা পা দা | র্সা র্সা র্সা I দা ণা র্সা | -র্জ্ঞা র্ঋা র্সা I
সু রু হ তে কে ন বি দা য়ে ব্ বাঁ শী

র্সা -র্রা র্জ্ঞা | র্মা র্মা -র্মা I র্জ্ঞা -র্মা র্জ্ঞা | র্ঋর্জ্ঞা র্ঋা র্সা I
হ য়্ নি তো শে য্ পূ ব্ ণি মা ০ নি শি

র্সা র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞা র্ঋা র্সা I পা ণা ণা | দা দা পা I
ঘু মা য়ে র য়ে ছে নী ড়ে দু টি পা খী

পা ণা ণা | দা -পা জ্ঞা I সা জ্ঞা পমপা | -া -া -া I
স্ব প ন ম গ্ ন মা য়া তে০০ ০ ০ ০

দ্‌া ণ্‌া সা | জ্ঞা রা -মজ্ঞা I ঋা সা -জ্ঞা | -পা -া -া II II
আ জি এ নী র ০ব রা তে ০ ০ ০ ০

স্বরলিপি

(ভজন)

কৃষ্ণ মুরারি, কৃষ্ণ মুরারি
বন্‌শীধারী মেরে গিরিধারী
কভী নারায়ণ হো
কভী রামচন্দ্র হো।
কভী সৃষ্টি কভী প্রলয়
ত্রিলোককে দুখহারি।

প্রেমময় তুম্ পালনকারী হো—
রাধা-প্যারে তুম্ সুখদায়ি হো ;
তেরে সিওয়া মেরে কওন সাহারা?
চরণোঁমেঁ তেরা ভালা হুঁ ডেরা।
পার ক্যর দো দুখকী নইয়া
লাজ রাখো তুম্ চতুর খিলাড়ী॥

কথা—চন্দনকুমার   সুর—শ্রীশরদিন্দু ভট্টাচার্য্য   স্বরলিপি—সুষমারাণী দত্ত

II সা -পা পা মা | পা -ধা ণা -র্সা | ধা -ণা পা দা | পা -জ্ঞা -পা -া I
ক্ব ইষ্ ণ মু রা ০ রি ০ ক্ব ইষ্ ণ মু রা ০ রী ০

-সা সা -জ্ঞা জ্ঞা | সা -জ্ঞা · মা -পা | রা মা জ্ঞা রা | সা -ন্‌া সা -সা I
০ ব ন্ শী ধা ০ রী ০ মে রে গি রি ধা ০ রী ০

র্সা র্সা -া র্রা | র্সা -ণা পা দা | র্সা -া -া -া | -া -া র্সা র্সা I
ক ভী ০ না রা ০ য় ণ হো ০ ০ ০ ০ ০ ক ভী

-র্সা ধা -র্সা র্সা | র্রা -র্রা র্সা -র্জ্ঞা | র্রা -া -া -া | -া -া -া -া I
০ রা ০ ম চ ন্ দ্র ০ হো ০ ০ ০ ০ ০ ০ ০

-র্রা র্জ্ঞা র্জ্ঞা -া | র্জ্ঞা -র্জ্ঞা র্জ্ঞা -া | -া র্মা র্মা র্রা | র্সা -ধা র্সা -া I
০ ক ভী ০ সৃ ইষ্ টি ০ ০ ক ভী প্র ল ০ য় ০

-র্সা পা ণা ণা | পা -া মা জ্ঞা | মপা -ণা পণা -র্সর্রা | -র্সা -া -া -া I
০ ত্রি লো ক কে ০ দু খ হা০ ০ রি০ ০০ ০ ০ ০ ০

পা ণা ণা -া | পা -া মা জ্ঞা | জ্ঞমা পা -া -মজ্ঞা | -রা -জ্ঞা -সা -া II
ত্রি লো ক ০ কে ০ দু খ হা০ রি ০ ০০ ০ ০ ০ ০

II সা সা -জ্ঞা জ্ঞা | জ্ঞা -া জ্ঞা জ্ঞা | -জ্ঞা রা রা সা | ধা জ্ঞা রা -া I
০ প্রে ০ ম ম য় তু ম ০ পা ল ন কা রি হো ০

-রা রা -পা পা | পণা ধা পা -া | -পা পা -ধা পা | পা মা পা -া I
০ রা ০ ধা পা০ রে তু ম্ ০ সু ০ খ দা য়ি গো ০

র্সা -া র্সা র্রা | র্সা ণা ধা পা | ধা র্সা র্সা র্রা | র্সর্রা -র্জ্ঞা র্রা -া I
তে ০ রে সি ও য়া মে রে ক ও ন সা হা০ ০ রা ০

-র্রা র্সা র্জ্ঞা র্জ্ঞা | র্রা -া র্সা র্সা | -র্সা পা দা র্সা | পদা -ণদা পা -া I
০ চ র ণোঁ মেঁ ০ তে রা ০ ভা লা হুঁ ডে০ ০০ রা ০

পা -ণা -া ণা | ণা -ণা ণা -া | পা দা র্সা -া | দা -পদ্ধা পা -া I
পা ০ ০ র ক্য ব্ দো ০ দু খ কী ০ ন ই০ য়া ০

সা -জ্ঞা -া জ্ঞা | সা -জ্ঞা মা পা | পা ণা ণা র্সা | ণর্সা -র্রজ্ঞা -র্রর্সা -া II II
লা ০ ০ জ রা ০ খ তুম্ চ তু র খি লা০ ০০ ০ড়ী ০

এর পর "বন্শীধারী মেরে গিরিধারী" গাহিয়া স্থায়ীতে ফিরিতে হইবে।

স্বরলিপি

মিশ্র—দাদ্‌রা

অলকে তোমার দিই যদি ফুল অলস ফাগুন রাতে
ওগো প্রিয়া মোর সরমে তাহারে ফিরায়ে দিওনা হাতে।
নয়নে লুকানো যত কথা আছে
মিনতি ভরিয়া কহি তব কাছে,
ভীরু প্রণয়ের বাঁধন টুটিয়া বাঁধা রহি দু'জনাতে।
পৃথিবী ঘুমায় চাঁদ জেগে রয়, বকুল সুরভি ঝরে
দূর বনতলে কোন্ পাখী হায় কাঁদিছে প্রিয়ার তরে।
রাতের ক্লান্ত বাঁশি থেমে গেলে
এই স্মৃতি কিগো দেবে মুছে ফেলে—
এ মধু-মিলন করোনা গো ম্লান আঁখিজলে বেদনাতে।

কথা—শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

সুর ও স্বরলিপি—শ্রীবিমল চক্রবর্ত্তী

স্থায়ী

	+				o				+				o			
II	{রা	মা	পা	|	ধণধা	পা	-মা	I	গা	মগা	সা	|	গরা	সা	-ণ্‌া	I
	অ	ল	কে		তো০০	মা	র্		দি	ই০	য		দি০	ফু	ল্	

	+				o				+				o			
	ধ্‌া	সা	সা	|	রা	গমগা	রসা	I	সা	-সা	সা	|	-া	-া	-া}	I
	অ	ল	স		ফা	গু০০	ন০		রা	০	তে		০	০	০	

	+				o				+				o			
	জ্ঞা	জ্ঞা	রা	|	মা	জ্ঞা	-া	I	রা	জ্ঞা	পা	|	জ্ঞাপজ্ঞা	জ্ঞা	রা	I
	ও	গো	প্রি		য়া	মো	র্		স	র	মে		তা০০	হা	রে	

	+				o				+				o			
	জ্ঞা	জ্ঞা	রসা	|	র্সা	সরা	সণ্‌া	I	ণ্‌া	-সা	সা	|	-া	-া	-া	II
	ফি	রা	য়ে০		দি	ও০	না০		হা	০	তে		০	০	০	

অন্তরা

	+				o				+				o			
II	পা	পা	পমজ্ঞা	|	সা	সা	সা	I	সা	মা	মপা	|	গমপা	পা	পা	I
	ন	য়	নে০০		লু	কা	নো		য	ত	ক০		থা০০	আ	ছে	
	+				o				+				o			
	পা	ণা	র্সর্রা	|	র্সজ্ঞা	র্রা	র্সা	I	ণা	ণা	র্সা	|	ণর্সণা	ধা	পা	I
	মি	ন	তি০		ভ০	রি	য়া		ক	হি	ত		ব০০	কা	ছে	
	+				o				+				o			
	না	না	নর্সা	|	নর্সা	ননা	-পা	I	পা	মধা	পা	|	মা	পা	মজ্ঞা	I
	ভী	রু	প্র০		ণ০	য়ে০	রু		বাঁ	ধ০	ন		টু	টি	য়া০	
	+				o				+				o			
	সা	জ্ঞা	মা	|	পমা	জ্ঞা	মজ্ঞা	I	সা	-সা	সা	|	-া	-া	-া	II
	বাঁ	ধা	র		হি০	ড়	জ০		না	০	হে		০	০	০	

সঞ্চারী

	+				o				+				o			
II	সা	রা	জ্ঞা	|	পা	পা	-া	I	পধা	-সণা	পা	|	পা	জ্ঞা	-া	I
	পৃ	থি	বী		ঘু	মা	য়্		চাঁ০	দ্০	জে		গে	র	য়্	
	+				o				+				o			
	জ্ঞা	জ্ঞপা	জ্ঞা	|	রা	সা	ধ্সা	I	রা	সরা	-মজ্ঞা	|	-া	-া	-া	I
	ব	কু০	ল		সু	র	ভি০		ঝ	রে০	০০		০	০	০	
	+				o				+				o			
	জ্ঞপা	-ধণা	ণা	|	ণা	ণা	ণা	I	ণা	-ণর্রা	র্সা	|	ণর্সণা	পা	-া	I
	দূ০	র্০	ব		ন	ত	লে		কো	০ন্	পা		খী০০	হা	য়্	
	+				o				+				o			
	পা	ধা	ণা	|	দদা	পা	-া	I	মপা	-মপদা	পা	|	-া	-া	-া	II
	কাঁ	দি	ছে		প্রি০	য়া	র্		ত০	০০০	রে		০	০	০	

আভোগ

\+ ০ + ০

II পণা পণর্সর্রা -া | র্রা -া র্রা I সর্রা সণা ণা | পণর্রা র্সা র্সা I

রা০ তে০০০ র্ ক্লা ন্ ত বাঁ০ শী০ থে মে০০ গে লে

\+ ০ + ০

না না নর্সা | র্সা র্সা র্সর্র্সা I না র্সা না | পদা পা পা I

এ ই স্ব০ তি কি গো০০ দে বে মু ছে০ ফে লে

\+ ০ + ০

পা পা মজ্ঞরা | দা পা -া I জ্ঞা রা সা | ণ্া জ্ঞা -া I

এ ম ধু০০ মি ল ন্ ক র না গো ম্লা ন্

\+ ০ + ০

সা রা গা | মা ধা পা I জ্ঞা -জ্ঞা -জ্ঞমজ্ঞা | রা -া -া II II

আঁ খি জ লে বে দ না ০ ০০০ তে ০ ০

গান

শ্রীশক্তিচরণ চট্টরাজ

তুমি যবে চাও ছল ছল চোখে
ব্যথা জাগে মোর মনে
মনে ভাবি হায় তোমায় আমায়
কেন দেখা হল এ জীবনে।
তুলিতে তোমার কাননের ফুল
জানাও মিনতি হইয়া আকুল
জানিগো আমার নাহি অধিকার
সে কুসুম-চয়নে ॥

আকাশের চাঁদ হয়ে এলে তুমি
আমি যে নদীর জল
তোমার ছবির ছায়া লয়ে বুকে
বয়ে যাই অবিরল।
নয়নে তোমার ঘুম নাই জানি
আমারো হয়েছে ব্যথা ভরা বাণী
তুমি বসে কাঁদ আমি চেয়ে থাকি
ফুল ঝরে তব বনে ॥

শ্রীখোল বাদ্য

তাল বোল—কীর্ত্তনাচার্য্য শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র ব্রজবাসী মহাশয়ের নিকট প্রাপ্ত

লেখা ও অঙ্কপাত—উক্ত ব্রজবাসী মহাশয়ের ছাত্র শ্রীরমণীমোহন পালের চেষ্টায়

পঞ্চতাল—১২ মাত্রা—(২ মাত্রা, ২ মাত্রা, ৪ মাত্রা, ২ মাত্রা ও ২ মাত্রা)

ইহার রূপ—	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
(পংক্তাকারে)	+	০	।	০	।	।	।	০	।	০	।	০

(স্তম্ভাকারে) যথা—

	লয় :—	পরণ :—		লয় :—	পরণ :—
১—+	ঝাঁ	দাদা	৭—।	তা—	ধেই
২—০	খেটা	ঘেনা	৮—০	খেটা	য়াত্তা
৩—।	ধেই	ঘেনা	৯—।	ধেই	খুর্‌খুর্‌
৪—০	য়া—	দাদা	১০—০	য়া	খুর্‌খুর্‌
৫—।	তা—	ঘেনা	১১—।	গুর্‌গুর্‌	তা তা
৬—।	তা—	ঘেনা	১২—০	গুর্‌গুর্‌	গুর্‌গুর্‌

পরিমাণ তাল—১০ মাত্রা—(৪ মাত্রা, ২ মাত্রা ও ৪ মাত্রা)

ইহার রূপ—	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
(পংক্তাকারে)	+	০	০	০	।	০	।	০	০	০

(স্তম্ভাকারে) যথা—

	লয় :—		লয় :—
১—+	তা— — — —	৬—০	গুর্‌গুর্‌ গুর্‌গুর্‌ গুর্‌গুর্‌ গুর্‌গুর্‌
২—০	তে—হে—নি— —	৭—।	ঝাঁ—খি—তা— — —
৩—০	তে—হে—নি— —	৮-০	তে—হে—নি— — —
৪—০	তাগুর গুরধে নাগ ধেনা	৯—০	তে—হে-নি— — —
৫—।	ঝাঁ খি খিখি খিখি খিখি	১০—০	তে—হে--নি— — —

—ক্রমশঃ

স্বরলিপি

(ভাব-গীতি)

মিশ্র—দাদ্‌রা

তোমায় শোনাব মোর গানখানি
আধ-চাঁদ-জাগা রাতে,
মনের বাসনা প্রেম হ'য়ে ঝরে
সুর ভরা বেণুকাতে।
কতদিন গেছে মিলনের মোহে,
ভালবাসা ল'য়ে খেলেছিনু দোঁহে,
সেই স্মৃতি-গাঁথা সুরে সুরে আমি
বলে যাই নিরালাতে।

আমার কাহিনী শোন বসি' তুমি
কোন কিছু মিছে নয়,
তোমার ধরণী ক্ষণিকের লাগি'
করেছিনু মধুময়।
তব দীপাধারে দীপশিখা হয়ে,
আলো জ্বেলেছিনু আপনারে দহে,
অভিমানে যবে ফিরায়েছ মুখ
কাঁদিয়াছি বেদনাতে।

কথা—শ্রীসোমনাথ মিত্র   সুর—শ্রীপূর্ণেন্দু মুখোপাধ্যায়   স্বরলিপি—শ্রীঅসিত বন্দ্যোপাধ্যায়

স্থায়ী

II সা সজ্ঞা -মপা | মা জ্ঞা সা I সা -রা ণ্‌া | -সা রা রা I
তো মা০ ০য়্ শো না ব মো র্ ৹গা ন্ খা নি

জ্ঞা মা পা | -রা সা ণ্‌া I ণ্‌সা -রা -া | সরা -জ্ঞা -া I
আ ধ চাঁ দ্ জা গা রা০ ০ ০ তে০ ০ ০

জ্ঞা মা পা | -রা সা ন্‌া I রা -া সা | -া -া -া I
আ ধ চাঁ দ্ জা গা রা ০ তে ০ ০ ০

পা পজ্ঞপা -মপা | জ্ঞরজ্ঞা জ্ঞা সা I সরা ণ্‌া সা | মা মা মা I
ম নে০০ ০র বা০০ স না প্রে০ ম হ য়ে ঝ রে

মা ধা ণর্সা | ণর্সা ণদা দা I পদা -মপা জ্ঞমা | পা -া -া II
সু র ভ০ রা০ বে০ ণু কা০ ০০ ০০ তে ০ ০

২২½—২½

অন্তরা

II {মা পা র্সা | র্সা র্সা র্সা I ণা ণা ণধা | -পধা পা মা I
ক ত 'দি ন গে ছে মি ল নে০ ০র মো হে

সা দা দা | দণা ণপা পা I পা -মা -জ্ঞা | জ্ঞমা মপা পা} I
ভা ল বা সা০ ল য়ে খে লে ছি সু০ দোঁ০ হে

পা -া দা | র্সা র্সা র্সা I র্সা সর্রর্সা ণধা | ণা দা পা I
সে ই স্মৃ তি গাঁ থা সু রে০০ সু০ রে আ মি

সা দা দা | দা ণা পা I পন্ধা -পদা পন্ধা | -পা -া -া II
ব লে যা ই নি রা লা০ ০০ লে০ ০ ০ ০

এর পর "আধ-চাঁদ-জাগা রাতে" হইবে।

সঞ্চারী

II {সা সরা -া | প্‌া ধ্‌া সা I ধ্‌া সা রা | সরজ্ঞা জ্ঞা জ্ঞা I
আ মা০ ০ কা হি নী শো ন ব সি০০ তু মি

জ্ঞা মা পা | রা সা ন্‌া I রা -া -সা | -া -া -া I
কো ন কি ছু মি ছে ন ০ য়্ ০ ০ ০

সা ণ্‌া দ্‌া | দ্‌ণ্‌া ণ্‌া প্‌া I প্‌া জ্ঞা জ্ঞা | জ্ঞা মা রা I
তো মা র ধ০ র ণী ক্ষ ণি কে র লা গি

রা মা পধা | -মপা মজ্ঞা রসা I রা -মা -া | -া -া -া} II
ক বে ছি০ সু০ ম০ ধু০ ম য়্ ০ ০ ০ ০

আভোগ

II {মপা পা র্সা । র্সা র্সা র্সা I র্সণা দা ণা । র্সর্রা র্রা র্রা I
তo ব দী পা ধা রে দীo প শি খাo হ য়ে

পা জ্ঞা জ্ঞা । জ্ঞা জ্ঞা জ্ঞা I মা র্রা র্সণা । নর্সা র্রা র্রা I
আ লো জ্বে লে ছি নু আ প নাo বেo দ হে

পা পা দা । ণর্সা র্সা র্সা I র্সা র্সর্রর্সা ণধা । ণা দা পা I
অ ভি মা নেo য বে ফি রাoo যেo ছ নু

সা দা দা । দা ণা পা I পজ্ঞা পা -া । -পমজ্ঞা -মপা -মজ্ঞা} II
কাঁ দি য়া ছি বে দ নাo তে o ooo oo oo

এর পর "আধ-চাঁদ জাগা রাতে" হইবে।

শ্যামা সঙ্গীত

শ্রীরমেন্দ্রসুন্দর চট্টোপাধ্যায়

শ্যামা মায়ের চরণ পেলে
হৃদয় আমার করবো উজল ;
জীবন ভরে পূজ্‌বো মায়ের
ও দুটী রাঙা চরণ কমল।
সবাই তোরে দেয় মা জানি,
কত জবার মালা আনি ;
আমি তোরে পূজবো মাগো
দিয়ে হৃদয় মোর শতদল।

জানি নে মা মন্ত্র আমি,
কেমন করে' পূজ্‌বো তোরে ;
তুই যদি মা অন্তরযামী
রাখ্‌গো মোরে চরণ পরে।
সাধ যদি তোর জবার মালা,
সাজিয়ে দেবো বরণ ডালা ;
লুটিয়ে দেবো এ দেহ মোর্
ধর্‌বো বুকে তোর্ চরণ তল।

— সংবাদ —

বেতার শিল্পী বিমল চক্রবর্ত্তী

কলিকাতা বেতার প্রতিষ্ঠানের গায়ক-শিল্পী শ্রীযুক্ত বিমল চক্রবর্ত্তীর পরিচয় অনাবশ্যক। অতি অল্পকালের মধ্যে স্বীয় প্রতিভার দ্বারা তিনি বেতার অনুষ্ঠানে সুনাম অর্জ্জন করিয়াছেন।

বাংলার স্বনামখ্যাত সঙ্গীতরত্ন শ্রীযুক্ত অমরনাথ ভট্টাচার্য্য মহাশয়ের নিকট দীর্ঘকাল যাবৎ তিনি ধ্রুপদ, ধামার প্রভৃতি শিক্ষা করিয়াছিলেন, তৎপরে প্রায় ৯ বৎসর কাল একাদিক্রমে সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত তারাপদ চক্রবর্ত্তী (নাকুবাবু) মহাশয়ের নিকট উচ্চাঙ্গের খেয়াল, ঠুংরী, ভজন গান শিখিতেছেন। বলা বাহুল্য, তিনি এই উচ্চাঙ্গ সঙ্গীতের একনিষ্ঠ ভক্ত হইয়াও আধুনিক বাংলা গানেও তাঁহার বিশেষ কৃতিত্ব আছে। সম্প্রতি এই বাংলা গানের জন্য তিনি হিন্দুস্থান মিউজিক্যাল ভ্যারাইটিজ্ সিণ্ডিকেট লিমিটেডের অন্যতম সুরশিল্পী ও গায়করূপে নিযুক্ত হইয়াছেন। অদূরকালের মধ্যেই তাঁহার গ্রামোফোন রেকর্ডে সুকণ্ঠের পরিচয় পাওয়া যাইবে। আমরা এই প্রতিভাধর গায়কের সুপ্রতিষ্ঠা কামনা করিতেছি।

বালীগঞ্জ সঙ্গীত সংসদ

সম্প্রতি কলিকাতা বালীগঞ্জ সঙ্গীত সংসদের উদ্যোগে সঙ্গীত প্রতিযোগিতার পারিতোষিক বিতরণী উৎসব ও সঙ্গীত সম্মেলন অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে নাটোরের মহারাজকুমার শ্রীযুক্ত জয়ন্তনাথ রায় ও পাথুরিয়াঘাটার জমিদার শ্রীযুক্ত মন্মথনাথ ঘোষ এম. এ., বি. এল. মহোদয় যথাক্রমে সভাপতি ও প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। প্রথম দিবস পুরস্কার বিতরণী উৎসব নানা বক্তৃতা ও সঙ্গীতাদির মধ্য দিয়া অনুষ্ঠিত হয় এবং দ্বিতীয় দিবস কলিকাতার প্রখ্যাতনামা সঙ্গীতশিল্পীদের দ্বারা যে সঙ্গীত সম্মেলন হয় তাহা সত্যই অনবদ্য হইয়াছিল। ইহার সাফল্যের জন্য আমরা এই সম্মেলনের উদ্যোক্তা শ্রীযুক্ত পাঁচুগোপাল চট্টোপাধ্যায় প্রমুখ সদস্যবর্গকে আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

মুরারি সম্মেলন

প্রতি বর্ষের ন্যায় এ বৎসরও স্বনামধন্য মৃদঙ্গাচার্য্য স্বর্গত মুরারিমোহন গুপ্ত মহোদয়ের স্মৃতিপূজানুষ্ঠান তাঁহার ভক্ত শিষ্যবৃন্দদের দ্বারা পাথুরিয়াঘাটার ৺ভূপেন্দ্রকৃষ্ণ ঘোষ মহাশয়ের ভবনে অনুষ্ঠিত হইয়া গিয়াছে। এতদুপলক্ষে কলিকাতার বহু বিশিষ্ট ধ্রুপদী, মৃদঙ্গীর সমাবেশ হইয়াছিল এবং তাঁহারা স্বীয় সঙ্গীতাদি দ্বারা স্বর্গতের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন।

সম্পাদক—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, সঙ্গীতবিশারদ শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী ও শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী।
পরিচালক--অধ্যাপক শ্রীমন্মথমোহন বসু, এম-এ।

ত্রয়োবিংশ বর্ষ } মাঘ, ফাল্গুন ও চৈত্র—১৩৫৩ সাল {১০, ১১ ও ১২শ সংখ্যা

শুক্লযজুপ্রাতিশাখ্যে সঙ্গীত

স্বামী প্রজ্ঞানানন্দ

প্রাতিশাখ্যগুলিতে প্রাচীন সাঙ্গীতিক রূপের পরিচয় পাওয়া যায়। শিক্ষা, ছন্দ ও ব্যাকরণ ছাড়াও বেদের প্রতিশাখার এক একটি বিধিবদ্ধ নিয়মগ্রন্থ ছিল, আর স্বর, বর্ণ, ভাষা ও মন্ত্র প্রভৃতির উচ্চারণভঙ্গী, ছন্দ, মাত্রা এই সব দেখাবার জন্যে প্রাতিশাখ্যগুলির সৃষ্টি হয়েছিল (১)। বর্তমান প্রবন্ধে আমরা শুধু দেখাবার চেষ্টা করব যে, শুক্লযজুপ্রাতিশাখ্যে ভারতীয় সঙ্গীতের রূপ কিভাবে নিহিত ছিল যদিও সঙ্গীত এই পরিভাষাটির ঠিক তখনও সৃষ্টি হয় নি।

শুক্লযজুর প্রথম অধ্যায়ের প্রথম সূত্রেই স্বরের উল্লেখ আছে, কিন্তু সে স্বর ষড়্জাদি স্বর নয়, টীকাকার মহর্ষি কাত্যায়ন তাকে "স্বর উদাত্তানুদাত্তস্বরিতপ্রচিতলক্ষণঃ" বলেছেন। কি প্রাতিশাখ্যগুলিতে বা শিক্ষায় স্বর বলতে উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত এই তিনটী প্রধান স্বরের কথাই বলা হয়েছে। উদাত্তাদি তিনটী স্বরই কিন্তু প্রধান, এই প্রধান স্বরকে অবলম্বন ক'রেই কারো কারো মতে জাত্য, অভিনিহিত প্রভৃতি সাতটী স্বরের, আবার কারো বা মতে ষড়্জাদি সাত স্বরের সৃষ্টি হয়েছিল।

স্বরের উৎপত্তির কারণ কিন্তু 'বায়ু' অর্থাৎ বাতাস। এজন্যে ষষ্ঠ সূত্রে "বায়ুঃ স্থাৎ" এই কথাই প্রাতিশাখ্যকার বলেছেন। বাস্তবিক শব্দ বায়ু বা আকাশেরই গুণ—"শব্দগুণমাকাশঃ" একথা ভারতীয় দার্শনিক ও বর্তমান বৈজ্ঞানিক জগৎও নিঃসংশয়ে স্বীকার করে।

শুক্লযজুপ্রাতিশাখ্যের টীকাকার কাত্যায়নও বলেছেন: "বায়ুঃ কারণভূতঃ শব্দস্য স চ খাদাকাশাদুৎপদ্যতে।" এজন্যে প্রাতিশাখ্যকারও ৭ম সূত্রে বলেছেন "শব্দস্তৎ"। অর্থাৎ শব্দ বায়ুরই অভেদ রূপ—[illegible] কিন্তু এই [illegible] থেকে কেমন [illegible] বর্ণ ও শব্দ উৎপত্তি হয় তারও পরিচয় দিতে প্রাতিশাখ্যকার কার্পণ্য বোধ করেন

১। বাস্তবিক প্রাতিশাখ্যের প্রয়োজন কি তা ঋগ্বেদপ্রাতিশাখ্যের ভাষ্যকার উবট বলেছেন: "এবং শিক্ষাচ্ছন্দোব্যাকরণৈর্যৎসর্বাসু শাখাসু সামান্যেন লক্ষণমুক্তে তদেবাস্যাং শাখায়ামনেন ব্যবস্থাপ্যতে ইত্যেতৎ প্রয়োজনমস্যাঙ্গস্য। * * সামান্যেন লক্ষণেন যদ্বিকল্পপ্রাপ্তং তদেবমস্যাং শাখায়াং ব্যবস্থিতং ভবতীতি প্রাতিশাখ্যপ্রয়োজনমুক্তম্।" অর্থাৎ ভাষ্যকার উবট আগেই নিজে আশঙ্কা তুলেছেন যে, শিক্ষা, ছন্দ ও ব্যাকরণে তো সামান্যভাবে বেদের নিয়ম-পদ্ধতি আলোচনা করা হয়েছে, সুতরাং পৃথক আর একটি প্রাতিশাখ্যের দরকার কি? তার উত্তরে তিনি বলেছেন: "সামান্যলক্ষণানুবাদেনৈব বিশেষলক্ষণং বিধাতুং শক্যতে" অর্থাৎ শিক্ষা, ছন্দ ও ব্যাকরণে সামান্যভাবে লক্ষণ বলা হলেও তার অনুবাদ ক'রে আরো ভালভাবে বোঝাবার জন্যে বিশেষ লক্ষণের আবশ্যকতা আছে, আর এজন্যেই বেদের প্রতিশাখার জন্যে এক একটি "প্রাতিশাখ্যের সৃষ্টি করা হয়েছে। পণ্ডিতরত্ন কস্তুরিরঙ্গাচার্য বলেছেন: "শাখায়াং শাখায়াং প্রতিশাখম। প্রতিশাখং ভব প্রাতিশাখ্যম্।"

নি। তিনি বলেছেন: "সসজ্যাতাদীন্ বাক্ (২); অর্থাৎ মানুষের ইচ্ছায় শব্দ যখন শরীরের বিভিন্ন স্থান দিয়ে অতিক্রম করে তখন ঐ স্থান ও বাতাসের পরস্পর সংস্পর্শ বা সজ্যাতের জন্যে "বাক্" বা শব্দময় হ'য়ে বর্ণের উৎপত্তি হয়। টীকায় কাত্যায়নও বলেছেন: 'যো বায়ুঃ সম্যক্করণৈরুপহিতো বেণুশঙ্খাদিভিঃ শব্দো এব ভবতি স এব সজ্যাতাদীন্ প্রাপ্য বাগ্ ভবতি সজ্যাতঃ পুরুষপ্রযত্নঃ স আদৌ যেষাং স্থানাদীনাং তে সজ্যাতাদয়ঃ তান্ প্রাপ্য বাগ্‌ভবতি বর্ণো ভবতীত্যর্থঃ" বেণু ও শঙ্খ প্রভৃতির শব্দও এই রীতিতেই উৎপন্ন হয়।

এখন বাতাস শরীরের বিভিন্ন স্থানে সংহত হয় ব'লেই শব্দ বা "বাক্" উৎপন্ন হয়, কিন্তু স্থান কি ও কটী—সে সম্বন্ধে প্রাতিশাখ্যকার বলেছেন: "ত্রীণি স্থানানি।" (৩); অর্থাৎ স্থান তিনটী: "উরঃকণ্ঠশিরাস্বকানি শরীরে" —উরঃ, কণ্ঠ ও শির বা মস্তক। এই শব্দ সংবৃত ও বিবৃত এই দু'রকম বায়ুর গতি বা বিস্তৃতি অনুযায়ী সৃষ্টি হয় (৪)।

বায়ু বা শব্দ সৃষ্টির পর সঙ্গীতের দিক দিয়ে আমরা মাত্রার প্রয়োজনীয়তাই বেশী বুঝি। মাত্রার সংখ্যা তিনটী:—হ্রস্ব, দীর্ঘ ও প্লুত (৫)। সঙ্গীতে স্বরের সঙ্গে বর্ণের সম্বন্ধ অবশ্যই থাকবে, কেননা স্বর বা সুর ও বাণীর সমন্বিত মূর্তিই সঙ্গীত। শুক্লযজুপ্রাতিশাখ্য বর্ণোচ্চারণের তিন রকম রীতি বা ভঙ্গীর পরিচয় দিতে গিয়ে বলেছে: "অমাত্র স্বরো হ্রস্বঃ (৬)।" অর্থাৎ অকারমাত্র স্বরই হ্রস্ব হয়, যেমন অ, ই, উ, ঋ, ৯। মহর্ষি কাত্যায়নও ঐ কথাই বলেছেন। অনুস্বারও অর্দ্ধমাত্রাযুক্ত হবে। তার পরেকার সূত্রে (৭) বলা হয়েছে: "মাত্রা চ;" অর্থাৎ অ-কার বলতে যতটুকু সময় লাগে তাকেই ঠিক ঠিক 'মাত্রাস্বর' বলে। এই মাত্রাস্বরের স্থায়িত্ব নিয়েই অর্ধমাত্রা, একমাত্রা, দুইমাত্রা ইত্যাদি শব্দ ব্যবহার করা হয়। যেমন "দ্বিস্তাবান্ দীর্ঘঃ" (৮); অর্থাৎ হ্রস্বের চেয়ে দ্বিগুণকাল স্থায়ী বর্ণোচ্চারণ হ'লেই তাকে "দীর্ঘ" মাত্রা বলে, যেমন আ, ঈ, ঊ, ৠ, ৡ, এ, ঐ, ও, ঔ ইত্যাদি। "প্লুতাস্ত্রিঃ" (৯) অর্থাৎ হ্রস্বের তিনগুণকাল স্থায়ী বর্ণোচ্চারণ হলেই "প্লুত স্বর" বলে, যেমন আ-া-া, ঈ-ই-ই, উ-উ-উ। তারপর "হ্রস্বগ্রহণে দীর্ঘপ্লুতৌ প্রতীয়াৎ (১০), অর্থাৎ হ্রস্ব স্বর ব্যবহার হ'লেই বুঝতে হবে দীর্ঘ বা প্লুত স্বরেরও অপেক্ষা আছে। বর্ণ যখন উচ্চারণ ছাড়া প্রকাশ করা যায় না, বর্ণ ও শব্দের নিত্য মিতালী, তখন সঙ্গীতেও এই উচ্চারণ-রীতিগুলির আবশ্যকতা আছে। আর সেজন্যেই সেগুলি জানা আমাদের উচিত।

এরপর উদাত্ত, অনুদাত্ত ও স্বরিতের প্রকৃতি ও পরিচয় আমাদের জানা উচিত। শুক্লযজুপ্রাতিশাখ্যেও এগুলির বিষয় বলা হয়েছে। যেমন, "উচ্চৈরুদাত্ত" (১১) "নীচৈরনুদাত্তঃ" (১২), "উভয়বাস্তস্বরিত" (১৩)। টীকাকার কাত্যায়ন (ক) "আয়ামেনোর্দ্ধগমনেন গাত্রাণাং স্বরো নিষ্পদ্যতে স উদাত্তসংজ্ঞো ভবতি;" (খ) "নীচৈ-

২। শুক্লযজুপ্রাতিশাখ্য ১।৯

৩। ঐ ১।১০

৪। "দ্বে করণে" (১।১১)। টীকা: 'সংবৃতবিবৃতাখ্যো বায়োর্ভবতঃ॥"

৫। "তৈত্তিরীয়প্রাতিশাখ্যে "অষ্টোস্থানানি" আর শিক্ষায় "সপ্ত বাচঃ স্থানানি" কথার উল্লেখ দেখা যায়। তিন স্থানই পরে সাত বা আট স্থানে পরিণত হয়েছে। 'স্থান' অর্থে ঋক্‌প্রাতিশাখ্যের ভাষ্যকার উবট বলেছেন: "অধিকরণং বর্ণানাং স্থানশব্দেনোচ্যতে", অর্থাৎ বর্ণের অধিকরণই স্থান।

৬। শুক্লযজুপ্রাতিশাখ্য ১।৫৫।

৭। ঐ ১।৫৬

৮। ঐ ১।৫৮

৯। ঐ ১।৩

১০ ঐ ১।৬৩

১১ ঐ ১।১০৮

১২ ঐ ১।১০৯

১৩ ঐ ১।১১০

স্বাদবেধোগমনেন গাত্রাণাং যঃ স্বরো নিষ্পদ্যতে সোঽনুদাত্তসংজ্ঞো ভবতি;" (গ) উদাত্তস্যোর্দ্ধগমনং গাত্রাণাং প্রযত্ন অনুদাত্তস্যাধোগমনং গাত্রাণাং প্রযত্ন আভ্যাং প্রযত্নাভ্যাং সমাহারীভূতাভ্যাং যঃ স্বর উচ্চার্যতে স স্বরিত-সংজ্ঞো ভবতি।" সংক্ষেপে উচ্চ বা তার শব্দকে আর্যরা 'উদাত্ত', নীচ বা মন্দ্র (খাদ)-কে 'অনুদাত্ত' ও মধ্য স্বরকে 'স্বরিত' বলে। প্রাতিশাখ্যকার বলেছেন: এই উদাত্তটি তিনটী স্বরই পরে অর্থাৎ পরবর্ত্তীকালে সাত স্বরে পরিণত হয়েছে। শিক্ষাকার যাজ্ঞবল্ক্য, নারদ এঁরাও এই কথায় সায় দিয়েছেন। ঋক্, সাম, অথর্ব ও এমন কি ঋকৃতন্ত্র, সামতন্ত্র, তৈত্তিরীয় ও ঐতরেয় প্রভৃতি প্রাতিশাখ্যও এই কথা সমর্থন করেছে, তবে কিছু কিছু ভিন্ন মতও আছে। শুক্লযজুপ্রাতিশাখ্যে এ সম্বন্ধে বলা হয়েছে: "উদাত্তাদয়ঃ পরে সপ্ত" (১৪), অর্থাৎ উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত এই প্রধান তিনটী স্বর পরবর্তীকালে অভিনিহিত, ক্ষৈপ্র, প্রশ্লিষ্ট, তৈরোব্যঞ্জন, তৈরোবিরাম, পাদবৃত্ত ও তাথাভাব্য এই সাত স্বরে পরিবর্তিত হয়েছে। যাজ্ঞবল্ক্য, মাধ্যন্দিন, বর্ণরত্নপ্রদীপিকা, প্রাতিশাখ্যপ্রদীপ, মাণ্ডুকী, নারদী প্রভৃতি শিক্ষায়ও এই স্বরের নাম স্বীকার করা হয়েছে, তবে কারো কারো মতে "অষ্টৌ স্বরান্", আর তাথাভাব্যের জায়গায় 'জাত্য' এই স্বরের নাম করা হয়েছে মাত্র। বর্ণরত্নপ্রদীপিকা-শিক্ষার মতেই স্বর আটটাই। যেমন বলা হয়েছে:

"জাত্যোঽভিনিহিতঃ ক্ষৈপ্রঃ প্রশ্লিষ্টস্তদনন্তরম্।
তৈরোব্যঞ্জনঽএবাথ তৈরোবিরাম এব চ॥
পাদবৃত্তস্তস্তদ্বত্তাথাভাব্যস্তাথাঽষ্টমং॥" (১৫)

